


বাংলা দেখে কেউ করিসনে ভয় বন্ধনীতে ইংরেজী আছে

সিপিপি পরিগণনা

c++ programming



নিউটন মু. আ. হাকিম

সূচীপত্র

| | | |
|-----|---|----|
| ১ | সিপিপি ক্রমলেখ বিকাশ (Developing c++ Programs) | ১ |
| ১.১ | হয়মান সম্পাদনা সংকলন (Online Editing Compilation) | ১ |
| ১.২ | নয়মান সম্পাদনা সংকলন (Offline Editing Compilation) | ৮ |
| ২ | ক্রমলেখের কাঠামো (Program Structure) | ৭ |
| ২.১ | শুভেচ্ছা বার্তার ক্রমলেখ (Wishing Program) | ৭ |
| ২.২ | নাম-ধার-বৃত্তান্তের ক্রমলেখ (Detailing Program) | ৯ |
| ২.৩ | ক্রমলেখতে টাকা লিখন (Writing Program Comments) | ১০ |
| ২.৪ | ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing and Indentation) | ১২ |
| ২.৫ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ১৪ |
| ২.৬ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ১৭ |
| ৩ | চলক ও ধ্রুবক (Variables and Constants) | ১৯ |
| ৩.১ | চলকের ব্যবহার (Using Variables) | ১৯ |
| ৩.২ | ধ্রুবকের ব্যবহার (Using Constants) | ২২ |
| ৩.৩ | চলক ঘোষনা (Variable Declarations) | ২৪ |
| ৩.৪ | আদিমান আরোপণ (Initial Assignment) | ২৫ |
| ৩.৫ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ২৭ |
| ৩.৬ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ৩০ |
| ৪ | শনাক্তকের নামকরণ (Naming Identifiers) | ৩১ |
| ৪.১ | সুগঠিত নাম (Well-formed Names) | ৩১ |
| ৪.২ | অর্থবোধক নাম (Meaningful Names) | ৩২ |
| ৪.৩ | লিপি সংবেদনশীলতা (Case Sensitivity) | ৩৩ |
| ৪.৪ | সংরক্ষিত ও চাবি শব্দ (Reserved & Key Words) | ৩৪ |
| ৪.৫ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ৩৬ |
| ৪.৬ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ৩৮ |
| ৫ | যোগান ও আরোপণ (Input and Assignment) | ৩৯ |
| ৫.১ | উপাত্ত যোগান (Data Input) | ৩৯ |
| ৫.২ | যোগান যাচনা (Input Prompt) | ৪২ |
| ৫.৩ | মান আরোপণ (Value Assignment) | ৪৪ |
| ৫.৪ | মান অন্দল-বদল (Value Swapping) | ৪৫ |

| | | |
|----------|---|-----------|
| ৫.৫ | আরোপণের বাম ও ডান (Assignment Left and Right) | ৪৭ |
| ৫.৬ | আত্ম-শরন আরোপণ (Self-Referential Assignment) | ৪৮ |
| ৫.৭ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ৪৯ |
| ৫.৮ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ৫২ |
| ৬ | গাণিতিক প্রক্রিয়াকরণ (Mathematical Processing) | ৫৩ |
| ৬.১ | একিক অগুক্রিয়া (Unary Operators) | ৫৩ |
| ৬.২ | দুয়িক অগুক্রিয়া (Binary Operators) | ৫৪ |
| ৬.৩ | ভাগফল ও ভাগশেষ (Division and Remainder) | ৫৫ |
| ৬.৪ | আরোপণ অগুক্রিয়া (Assignment Operator) | ৫৮ |
| ৬.৫ | যৌগিক আরোপণ (Compound Assignment) | ৫৯ |
| ৬.৬ | হ্রাস ও বৃদ্ধি অগুক্রিয়া (Increment and Decrement) | ৬০ |
| ৬.৭ | বির্তি অগুক্রিয়া (Comma Operator) | ৬২ |
| ৬.৮ | অগ্রগণ্যতার ক্রম (Precedence Order) | ৬৩ |
| ৬.৯ | গাণিতিক সমস্যা (Mathematical Problems) | ৬৫ |
| ৬.১০ | শির নথি cmath (Header File cmath) | ৬৬ |
| ৬.১১ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ৬৮ |
| ৬.১২ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ৭৫ |
| ৭ | শর্তালি পরিগণনা (Conditional Programming) | ৭৭ |
| ৭.১ | যদি তাহলে নাহলে (If Then Else) | ৭৭ |
| ৭.২ | অব্যয়ী অগুক্রিয়া (Relational Operators) | ৭৯ |
| ৭.৩ | যদি-নাহলে মই (If-Else Ladder) | ৮১ |
| ৭.৪ | অস্তিত্ব যদি-নাহলে (Nested If-Else) | ৮২ |
| ৭.৫ | বুলন্ত নাহলে (Dangling Else) | ৮৪ |
| ৭.৬ | যৌগিক বিবৃতি (Compound Statement) | ৮৬ |
| ৭.৭ | ক্রটি শনাক্তকরণ (Error Detection) | ৮৮ |
| ৭.৮ | বুলক সংযোজক (Boolean Connectives) | ৯২ |
| ৭.৯ | বুলক, পূর্ণক, ডগ্লক (Boolean, Integer, Float) | ৯৪ |
| ৭.১০ | বুলক বীজগণিত (Boolean Algebra) | ৯৬ |
| ৭.১১ | বুলক সমতুল (Boolean Equivalence) | ৯৮ |
| ৭.১২ | সত্যক সারণী (Truth Table) | ৯৯ |
| ৭.১৩ | বুলক সরলীকরণ (Boolean Simplification) | ১০০ |
| ৭.১৪ | মই, অস্তিত্ব, সংযোজক (Ladder, Nesting, Connectives) | ১০২ |
| ৭.১৫ | যদি-নাহলে অনুকূলায়ন (If-Else Optimisation) | ১০৫ |
| ৭.১৬ | তিনিক অগুক্রিয়া (Ternary Operator) | ১০৭ |
| ৭.১৭ | পল্টি ব্যাপার (Switch Cases) | ১০৯ |
| ৭.১৮ | অস্তিত্ব পল্টি ব্যাপার (Nested Switch Cases) | ১১১ |
| ৭.১৯ | পল্টি ব্যাপার ক্ষাতি (Switch Cases Breaks) | ১১৪ |
| ৭.২০ | পল্টি ব্যাপার যদি-নাহলে (Swtich Cases If Else) | ১১৬ |
| ৭.২১ | ব্যাপীয় ও স্থানীয় চলক (Global & Local Variables) | ১১৭ |
| ৭.২২ | অনুশীলনী সমস্যা (Exercise Problems) | ১২০ |
| ৭.২৩ | গণনা পরিভাষা (Computing Terminologies) | ১৪২ |

ফিরিস্তি তালিকা

| | | |
|------|---|----|
| ২.১ | শুভেচ্ছা জানানোর ক্রমলেখ (Wishing Program) | ৮ |
| ২.২ | নাম-ধার-বৃত্তান্তের ক্রমলেখ (Detailing Program) | ৯ |
| ২.৩ | ক্রমলেখতে টাকা লেখন (Commenting in Programs) | ১১ |
| ২.৪ | ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing in Programs) | ১২ |
| ২.৫ | অগুপ্রেরণার ক্রমলেখ (Inspiring Programming) | ১৬ |
| ২.৬ | নকশা আঁকার ক্রমলেখ (Program Drawing Designs) | ১৭ |
| ৩.১ | ক্রমলেখতে চলকের ব্যবহার (Variables in Programs) | ২০ |
| ৩.২ | ক্রমলেখতে ধ্রুবকের ব্যবহার (Constants in Programs) | ২২ |
| ৩.৩ | চলক ঘোষনার ক্রমলেখ (Program Declaring Variables) | ২৪ |
| ৩.৪ | পাটিগণিতের অগুক্রিয়ার ক্রমলেখ (Arithmetic Program) | ২৯ |
| ৩.৫ | সেলসিয়াস থেকে ফারেনহাইটে রূপান্তর (Celcius to Fahrenheit) | ২৯ |
| ৩.৬ | ফারেনহাইট থেকে সেলসিয়াসে রূপান্তর (Fahrenheit to Celcius) | ৩০ |
| ৩.৭ | সময়কে সেকেন্ডে রূপান্তর (Convert Time to Seconds) | ৩০ |
| ৫.১ | উপাত্ত যোগানের ক্রমলেখ (Programs with Data Input) | ৪০ |
| ৫.২ | যোগান যাচনার ক্রমলেখ (Program with Input Prompt) | ৪২ |
| ৫.৩ | যোগান ও ফলনের ক্রমলেখ (Input Output Program) | ৫০ |
| ৫.৪ | যোগান প্রক্রিয়ন ফলন (Input Process Output) | ৫১ |
| ৫.৫ | যোগানের সিধা ক্রম উল্টা ক্রম (Input Order Reverse Order) | ৫১ |
| ৫.৬ | ফলাফল প্রক্রিয়ার ক্রমলেখ (Result Processing Program) | ৫২ |
| ৬.১ | পাটিগণিতের ধনাত্ত্বক ও ঋণাত্ত্বক (Arithmetic Positive Negative) | ৫৩ |
| ৬.২ | পাটিগণিতের যোগ বিয়োগ গুণ (Arithmetic Plus Minus Times) | ৫৪ |
| ৬.৩ | পাটিগণিতের ভাগফল অগুক্রিয়া (Arithmetic Division Operation) | ৫৫ |
| ৬.৪ | পাটিগণিতের ভাগশেষ অগুক্রিয়া (Arithmetic Remainder Operation) | ৫৬ |
| ৬.৫ | দুটি বিন্দুর মধ্যের দূরত্ব (Distance Between Two Points) | ৬৫ |
| ৬.৬ | সমান্তর ধারার সমস্যা (Arithmetic Series Problem) | ৭০ |
| ৬.৭ | দুয়িক অগুক্রিয়ার ফলাফল (Binary Operation Results) | ৭১ |
| ৬.৮ | ত্রিভুজের বাহু হতে ক্ষেত্রফল (Triangle's Area From Sides) | ৭২ |
| ৬.৯ | সময়কে সেকেন্ডে প্রকাশ (Time in Seconds) | ৭২ |
| ৬.১০ | ত্রিভুজের বাহু হতে কোণ (Triangle's Angles From Sides) | ৭৩ |
| ৬.১১ | দুটি সময়ের যোগ (Adding Two Times) | ৭৩ |
| ৬.১২ | সহ সমীকরণ সমাধান (Simultaneous Equations) | ৭৪ |
| ৬.১৩ | গতির সমীকরণ সমাধান (Solving Motion Equations) | ৭৪ |
| ৬.১৪ | ছদ্মসংকেত থেকে ক্রমলেখ তৈরী (Program from Pseudocode) | ৭৫ |
| ৭.১ | পাশ-ফেল-তারকা নম্বর নির্ণয় (Pass Fail Star Marks) | ৭৭ |

| | | |
|------|--|-----|
| ৭.২ | অধিবর্ষ নির্ণয় (Leap Year Determination) | ৮১ |
| ৭.৩ | দ্বিঘাত সমীকরণ সমাধান (Solving Quadratic Equations) | ৯০ |
| ৭.৪ | সৌভাগ্য ও দুর্ভাগ্যের সংখ্যা (Lucky & Unlucky Numbers) | ৯৩ |
| ৭.৫ | প্রাপ্তি সহ ত্রিকোণমিতি (Trigonometry with Menu) | ১০৯ |
| ৭.৬ | অন্তর্ভুক্ত পলিট দিয়ে প্রাপ্তি (Menu with Nested Switch) | ১১১ |
| ৭.৭ | স্থানীয় ও ব্যাপীয় চলকরে ব্যবহার (Using Local & Global Variables) . | ১১৭ |
| ৭.৮ | তিনটি সংখ্যার বড়-ছোট (Small and Big of Three Numbers) | ১৩০ |
| ৭.৯ | তিনটি সংখ্যার মধ্যক (Median of Three Numbers) | ১৩১ |
| ৭.১০ | তিনটি সংখ্যার উর্ধক্রম (Three Numbers in Ascending Order) . . . | ১৩১ |
| ৭.১১ | নম্বর হতে বর্গমান (Letter Grades from Numbers) | ১৩২ |
| ৭.১২ | বিন্দুর চতুর্ভাগ নির্ণয় (Quadrant of a Point) | ১৩২ |
| ৭.১৩ | বাংলা মাসের নাম (Bengali Month Names) | ১৩৬ |
| ৭.১৪ | পাঁচটি সংখ্যার বৃহত্তম (Largest of Five Numbers) | ১৩৯ |
| ৭.১৫ | সপ্তাহের মজুরি হিসাব (Weekly Wage Calculation) | ১৪০ |

অধ্যায় ১

ক্রমলেখ বিকাশ (Developing Programs)


একজন পরিগণকের (**programmer**) কাছে **ক্রমলেখ** (**program**) একটি সন্তান তুল্য। তিল তিল করে একজন পরিগণক সময় নিয়ে একটি ক্রমলেখ গড়ে তোলে। কোন সমস্যার জন্য ক্রমলেখ তৈরী করতে হবে, সেটা জানার পরে পরিগণক প্রথমে চিন্তা ভাবনা করে কী লিখবে, তারপর সেটা ক্রমলেখ রচনার যথাযথ নিয়ম মেনে লিখে ফেলে, তারপর সেটা চালিয়ে দেখে ঠিক ঠাক কাজ করে কি না। যদি ভুল কিছু থাকে, ভুলটা বের করে, সেটা ঠিক করে, তারপর আবার ক্রমলেখ চালিয়ে দেখে। এই চলতে থাকে যতক্ষণ না মন মতো সমস্যাটির সমাধান পাওয়া যাচ্ছে। আমরা সারা বইতে পড়বো কী লিখবো আমরা ক্রমলেখতে, যথাযথ ভাবে ক্রমলেখ রচনার নিয়ম কী। তবে এইখানে আলোচনা করবো, ক্রমলেখ লিখবো কোথায় আর সেটা চালাবো কী করে।

গণিতে (**computer**) **নির্বাহ** (**execution**) করা জন্য আমরা যখন কোন একটি ক্রমলেখ (**program**) লিখতে চাই, প্রথমে আমরা সেটা রচনা ও **সম্পাদনা** (**edit**) করি সাধারণত কোন একটা **পরিগণনা ভাষায়** (**programming language**)। এই পরিগণনা ভাষা ঠিক গণিতে **নির্বাহযোগ্য** (**executable**) ভাষা নয়, আবার পুরোপুরি মানুষের স্বাভাবিক ভাষাও নয়, বরং এ দুটোর মাঝামাঝি কিছু একটা। পরিগণনা ভাষায় লিখিত আমাদের ক্রমলেখকে আমরা তাই এরপরে **সংকলন** (**compile**) করে **যন্ত্রভাষায়** (**machine language**) রূপান্তর করি যাতে গণনি সেটা বুবাতে পারে। তারপর ওই রূপান্তরিত ক্রমলেখটিকে **নির্বাহ** (**execute**) করা হয়।

১.১ হয়মান সম্পাদনা সংকলন (Online Editing Compilation)

হয়মান (**online**) সম্পাদনা ও সংকলনের (**editing and compilation**) জন্য আমরা **cpp.sh** নামক **জালপাতা** (**webpage**) ব্যবহার করবো। তুমি খুঁজলে আরো এরকম আরো অনেক জালপাতা পেতে পারো। যাই হোক তোমার আন্তর্জাল ব্রাউজকে (**internet browser**) ঠিকানা লিখবার জায়গায় **cpp.sh** লিখে তুমি উপরে উল্লেখিত ওই জালপাতায় যেতে পারো। তারপর ব্রাউজকে (**browser**) ওই জালপাতা কেমন দেখা যাবে সেটা আমরা নীচের ছবিতে দেখতে পাবো। খেয়াল করো ওই ছবিতে বিভিন্ন অংশ তীর চিহ্ন দিয়ে চিহ্নিত করা হয়েছে। যে বড় সাদা অংশে সম্পাদন খানা (**Editor Area**) লেখা হয়েছে, সেইখানেই মূলত আমরা ক্রমলেখ রচনা ও সম্পাদনা করবো। উদাহরণ হিসাবে সম্পাদন খানায় আগে থেকে কিছু থাকতে পারে, তুমি সেগুলো মুছে দিতে পারো বা তোমার ক্রমলেখয়ের জন্য দরকার মতো বদলে নিতে পারো।

১.১. হ্যামান সম্পাদনা সংকলন (Online Editing Compilation)



উপরের ছবির নীচে ডানদিকে দেখো চালাও বোতাম (run button) রয়েছে। ক্রমলেখ সম্পাদনা শেষ হলে অথবা মাঝামাঝি অবস্থাতেও পরীক্ষা করে দেখার জন্য আমরা চালাও বোতামে টিপ (click) দিবো। তাতে এক টিপেই প্রথমে ক্রমলেখ সংকলন (compile) হবে তারপর নির্বাহ (execution) হবে। যখন ক্রমলেখ সংকলন হতে থাকবে তখন সম্পাদন খানার মাঝ বরাবর দেখবে "অপেক্ষা করো সংকলন হচ্ছে" Please Wait Compiling লেখা আসবে। আর একই সাথে চালাও বোতামটি ও বদলে গিয়ে হয়ে যাবে বাতিল বোতাম (cancel button)। অনেক সময় সংকলন হতে সময় লাগে তুমি যদি কোন কারণে সংকলন বাতিল করতে চাও তাহলে বাতিল বোতামে চাপ দিলেই হবে। যখন সংকলন হতে থাকে তখন বাম দিকের পাটগুলো (tabs) খেয়াল করবে, ভেদক পাটের (options tab) বদলে সংকলন পাট (compilation tab) সামনে চলে আসবে। সংকলনের সময় কোন ত্রুটি (error) পাওয়া গেলে সংকলন পাটে দেখা যাবে। আর কোন সংকলন ত্রুটি না থাকলে সংকলন সফল Compilation successful বার্তা দেখা যাবে সংকলন পাটে আর তারপর নির্বাহ পাট (execution tab) সামনে আসবে। নির্বাহ চলাকালীন সময়ে যোগান ও ফলন (input and output) নির্বাহ পাটে চলবে আর বাতিল বোতামটি (cancel button) বদলে হয়ে যাবে থামন বোতাম (stop button), যাতে যে কোন সময় নির্বাহ থামিয়ে দেয়া যায়। থামন বোতাম চাপলে অথবা নির্বাহ শেষ হয়ে গেলে আবার ভেদক পাট (option tab) সামনে আসবে আর চালাও বোতাম (run button) ফিরে আসবে।

আমরা আপাতত ভেদক পাটে (options tab) কোন পরিবর্তন না করে একটি ক্রমলেখ সম্পাদনা (editing) ও নির্বাহ (execution) করবো। আগেই বলেছি cpp.sh জালপাতায় গেলেই

১.১. হয়মান সম্পাদনা সংকলন (Online Editing Compilation)

একটা উদাহরণ ক্রমলেখ (program) সেখানে আগে থেকেই থাকে। সাধারণত নীচে দেখানো ক্রমলেখটি সেখানে থাকে। এই ক্রমলেখটি আমাদের আপাতত বিজ্ঞারিত বুঝার দরকার নাই, আমরা পরে সেগুলো বিজ্ঞারিত শিখবো। তবে এই ক্রমলেখটি না থাকলে তুমি নিজে সেটা হ্রবহ ওইখানে লিখে নিতে পারো। সংক্ষেপে বলি এই ক্রমলেখটি প্রথমে নির্বাহ পাটে (execution tab) দেখাবে **What is your name?** তখন তুমি যদি তোমার নাম লিখে দাও **gonimia** আর তারপর ভুক্তি (enter) চাপ দাও, তাহলে পরের সারিতে দেখবে লেখা আসবে **Hello, gonimia!**। নামটুকু নেওয়ার আগে **What is your name?** দেখানোকে আমরা বলি **যোগান যাচনা (input prompt)** আর নাম **gonimia** দেওয়াটাকে আমরা বলি **যোগান (input)** দেওয়া আর পরের সারিতে **Hello, gonimia!** দেখানোকে আমরা বলি **ফলন (output)** দেওয়া।

```
// Example program
#include <iostream>
#include <string>

int main()
{
    std::string name;
    std::cout << "What is your name? ";
    getline (std::cin , name);
    std::cout << "Hello, " << name << "!\n";
}
```

তো তুমি চালাও বোতামে (run button) টিপ দিয়ে দেখো কী হয়। প্রথমে সংকলন পাট হয়ে নির্বাহ পাটে (execution tab) গিয়ে উপরে যে ভাবে বলা হলো সে রকম হয় কী না দেখো। তোমার বোঝার সুবিধার্থে নীচে নির্বাহ পাটে শেষ পর্যন্ত কী থাকবে তা নীচে দেখানো হলো।

```
What is your name? gonimia
Hello, gonimia!
```

এবার আমরা একটু দেখি সংকলনে ত্রুটি হলে কী ঘটে, আর আমাদের কী করতে হয়! এটার জন্য আমরা ইচ্ছে করে একটা ত্রুটি (error) তৈরী করে দেই। যেমন ধরো **std::string name;** লেখা রয়েছে যে সারিতে সেখানে একদম শেষ হতে দিত্তি (semicolon) ; তুমি মুছে দাও। আর তারপর চালাও বোতামে (run button) টিপ দাও। দেখবে নীচের মতো করে ত্রুটি বার্তা দেখাবে সংকলন পাটে (compilatin tab), আর সংকলন পাটই সামনে থাকবে নির্বাহ পাট (execution tab) সামনে আসবে না। দ্বিতীয় সারিতে দেখো 9 : 3 মানে বুঝাচ্ছে ৯ম সারিতে ত্রুটি আছে আর তও অক্ষরে, আর ত্রুটিটা হলো ; থাকতে হবে। আসলে ; দরকার আমাদের ৮ম সারির শেষে। সাধারণত যে সারিতে ত্রুটি আছে বলা হয়, ত্রুটি সেই সারি বা আগের সারিতে থাকে। এখানে ; থাকায় সংকলক (compiler) আসলে ঠিক ৮ম আর ৯ম সারি নিয়ে কিংবিত বিভ্রান্তিতে রয়েছে। ক্রমলেখ রচনার সময় আমরা নানান রকম ভুল ত্রুটি করি, তুমি ক্রমলেখ লেখার চর্চা করতে থাকলে এই ত্রুটিগুলোর সাথে পরিচিত হয়ে যাবে। তখন দেখা মাত্রেই বুঝতে পারবে ভুলটুকু কী আর কী করে সেটা ঠিক করতে হবে। যাইহোক ত্রুটিটুকু বুঝতে পারলে আমরা সেটি ঠিক করে আবার বোতামে চালাও চাপ দিবো, আর তখন সফল ভাবেই নির্বাহিত হবে।

```
In function 'int main()':
9:3: error: expected ';' before 'getline'
```

১.২. নয়মান সম্পাদনা সংকলন (Offline Editing Compilation)

সবশেষে আমরা ভেদক পাট (options tab) সংক্ষেপে আলোচনা করবো। সেখানে থাকা নানা ভেদন (option) গুলোর কী কাজ মূলত স্টাই জানা উদ্দেশ্য। তবে এগুলো নিয়ে আমরা আপাতত পরীক্ষা নিরীক্ষা করবো না, বরং যা আছে সে রকম অবস্থাতেই ক্রমলেখ (program) সম্পাদনা (editing), সংকলন (compile) ও নির্বাহ (execute) করবো।

১. সবচেয়ে বামের স্তন্ত্রে (column) দেখো **প্রমিত (standard)** ভেদনগুলো রয়েছে। সিপিপি ভাষার নানান সংক্রণ রয়েছে, তুমি চাইলে আগের সংক্রণ ব্যবহার করতে পারো, সাধারণত এখানে C++14 সংক্রণ নির্বাচন করা থাকে।
২. বাম থেকে দ্বিতীয় স্তন্ত্রে আছে সর্তর্কবার্তার ভেদনগুলো, অর্থাৎ সংকলন (compile) করার সময় কতটা খুঁটি নাটি ক্রটি ধরবে সংকলক (compiler) সেটা এখানে বলে দেয়া হয়। সাধারণত এখানে **সব Many (-Wall)** ভেদন নির্বাচিত থাকে।
৩. বামথেকে তৃতীয় স্তন্ত্রে আছে **অনুকূলায়নের (optimisation)** ভেদনগুলো। একই ক্রমলেখ (program) সংকলক (compiler) চাইলে এমনভাবে সংকলন (compile) করতে পারে যে ক্রমলেখটি অনেক দ্রুত নির্বাহ (execute) হবে, আবার এমনভাবে সংকলন করতে পারে যে ক্রমলেখটি অনেক আস্তে নির্বাহ হবে। দ্রুত নির্বাহ হবে এমন সংকলন করতে স্বাভাবিক ভাবেই বেশী সময় লাগে, আর আস্তে নির্বাহ হবে সেরকম সংকলন করতে সময় কম লাগে। এখানে সাধারণত **পূর্ণ Full (-O2)** ভেদন নির্বাচিত থাকে।
৪. সবচেয়ে ডানের স্তন্ত্রে আছে **প্রমিত যোগান (standard input)** ভেদন সমূহ। সাধারণত এখানে **মিথস্ক্রিয়ক (interactive)** ভেদন নির্বাচিত থাকে যার অর্থ চাপনি (keyboard) ব্যবহার করে যোগান (input) দেওয়া যাবে। তোমার ক্রমলেখতে কোন যোগান না থাকলে তুমি **কিছুনা (none)** ভেদন নির্বাচন করতে পারো। অথবা তুমি যদি আগেই যোগান দিয়ে রাখতে চাও তাহলে **পাঠনিক (text)** ভেদন নির্বাচন করে ওইখানে থাকা নীচের বাঞ্ছে আগে থেকে তোমার যোগানগুলো দিয়ে রাখতে পারো। তাতে ক্রমলেখ (program) চাপনি (keyboard) থেকে যোগান না নিয়ে ওইখান থেকে নিয়ে নিবে।

১.২ নয়মান সম্পাদনা সংকলন (Offline Editing Compilation)

আমরা codeblocks নিয়ে পরের সংক্রণে বিস্তারিত আলোচনা করবো। আপাতত নীচের সূত্রগুলো থেকে তুমি কিছু সাহায্য নিতে পারো।

- তুমি <http://www.codeblocks.org/> থেকে codeblocks পাবে।
- দরকারী মন্ত্র (software) পাবে নীচের সূত্র থেকে।

<http://www.codeblocks.org/downloads>

- ব্যবহার পুস্তিকা (user manual) পাবে নীচের সূত্র থেকে।

<http://www.codeblocks.org/user-manual>

- উন্ডেজে সংস্থাপনের (install) জন্য ছবিও (video) পাবে নীচের সূত্র থেকে।

<https://www.youtube.com/watch?v=zOGU8FC3bvU>

১.২. নয়মান সম্পাদনা সংকলন (Offline Editing Compilation)

- লিনারে সংস্থাপনের ছবিও পাবে নীচের সুত্র থেকে।

<https://www.youtube.com/watch?v=3B4hPHZNtNw>

অধ্যায় ২

ক্রমলেখয়ের কাঠামো (Program Structure)

গণনিতে (computer) নির্বাহযোগ্য (executable) একগুচ্ছ নির্দেশের (instruction) ক্রম-কে ক্রমলেখ (program) বলা হয়। আমরা সিপিপি (c++) ভাষায় ক্রমলেখ তৈরী করবো। ক্রমলেখ সাধারণত একটি সম্পাদনা (editor) মন্ত্র (software) ব্যবহার করে তৈরী করা হয়। আমরা একাজে আপাতত `cpp.sh` নামের একটি জালপাতা (webpage) ব্যবহার করবো। সিপিপি ভাষায় তৈরী ক্রমলেখকে প্রথমে একটি সংকলক (compiler) দিয়ে সংকলন (compile) করে গণনিতে নির্বাহযোগ্য সংকেত (code) তৈরী করা হয়। তারপর সেই সংকেত চালালে (run) বা নির্বাহ (execution) করলে আমরা সাধারণত যন্ত্রালয়ের (console) নজরিতে (monitor) ফলন (output) দেখতে পাই। ক্রমলেখ অনেক সময় আমাদের কাছ থেকে যন্ত্রালয়ের চাপনির (keyboard) বা টিপনির (mouse) মাধ্যমে যোগান (input) নিতে পারে। জেনে রেখো যন্ত্রালয় (console) বলতে যোগানের (input) জন্য চাপনি ও টিপনি (keyboard and mouse) আর ফলনের (output) জন্য নজরি (monitor) বুঝানো হয়। ক্রমলেখ লিখতে গেলে যন্ত্রালয় (console) থেকে যোগান (input) নেয়ার ও যন্ত্রালয়ে (console) ফলন (output) দেখানোর কথা তুমি প্রায়শই শুনতে পাবে। কাজেই এগুলো কী বুঝায় সেটা ভালো করে মনে রেখো।

২.১ শুভেচ্ছা বার্তার ক্রমলেখ (Wishing Program)

সিপিপি (c++) ভাষায় এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি চালালে (run) তোমার ক্রমলেখ ব্যবহারকারীকে শুভেচ্ছা জানাবে। আসলে এটিই হবে সিপিপি ভাষায় তোমার লেখা প্রথম ক্রমলেখ। প্রত্যেক পরিগণনা ভাষায়ই এমন একটা করে ক্রমলেখ রচনা করা হয়।

নীচে শুভেচ্ছা বার্তা দেখানোর জন্য একটি ক্রমলেখ রচনা করা হয়েছে। আর ক্রমলেখটি সংকলন (compile) করে নির্বাহ (execution) করলে বা চালালে (run) যে ফলন (output) পাওয়া যাবে তাও দেখানো হয়েছে। ওই ক্রমলেখতে মূল যে বিরতিটি (statement) আমাদের `shuvessa nin` দেখাবে সেটি হল `cout << "shuvessa nin" << endl;` এখানে `cout` হল `console out` মানে যন্ত্রালয়ের ফলন যন্ত্র (output device)। আর `endl` হল end line অর্থাৎ যেখানে `endl` বলা আছে সেখানে ফলনে ওই সারি শেষ হবে। খেয়াল করো আমরা নজরিতে যা দেখাতে চাই তা হবহু উদ্ভৃতি `""` চিহ্নের ভিতরে লেখা হয়েছে। আর `<<` দিয়ে আমরা `"shuvessa nin"` ও `endl` কথাগুলোকে `cout` এর কাছে পাঠাই দেখানোর জন্য।

২.১. শুভেচ্ছা বার্তার ক্রমলেখ (Wishing Program)

স্নাইপ রেখো **cout** এর বিবৃতিটি (statement) ছাড়া আমাদের ক্রমলেখতে আরো অন্যান্য বিবৃতি যেগুলি আছে সেগুলি আমাদের লেখা প্রায় সকল ক্রমলেখতেই থাকবে। আমরা তাই আপাতত ওগুলো একরকম জোর করে মনে রাখার চেষ্টা করবো। তারপরেও অবশ্য আমরা নীচের আলোচনা থেকে সংক্ষেপে জেনে নেব বাঁকী বিবৃতিগুলোর কোনটার কাজ মোটামুটি কী।

ফিলিস্টি ২.১: শুভেচ্ছা জানানোর ক্রমলেখ (Wishing Program)

```
#include <iostream>
using namespace std;
int main()
{
    cout << "shuvessa nin" << endl;

    return 0;
}
```

ফলন (output)

```
shuvessa nin
```

একদম শুরুতে আমরা **#include <iostream>** ব্যবহার করেছি কারণ **iostream** নামে একটা শির নথি (header file) আছে যেটা আমরা আমাদের ক্রমলেখতে অন্তর্ভুক্ত করতে চাই। ওই শির নথিতে নানান বিপাক্ত (function) আছে যেগুলো আমরা পরে জানব ও ব্যবহার করবো। আপাতত জেনে নেই, ওই নথিতে **cout** আর **endl** আছে। মূলত আমাদের ক্রমলেখতে **cout** আর **endl** ব্যবহার করার জন্যই আমরা **iostream** অন্তর্ভুক্ত করেছি। এরকম আরো শির নথির (header file) কথা আমরা পরে বিস্তারিত জানবো ও অবশ্যই ব্যবহার করবো।

using namespace std; আমরা ব্যবহার করেছি কারণ **cout** আর **endl** আসলে দুটো নাম, আর ওই নাম দুটো সিপিপিতে আগে থেকে বিদ্যমান **std** (standard বা প্রযোজন) নামাধারের (namespace) অন্তর্গত। সিপিপিতে একই নাম ভিন্ন ভিন্ন নামাধারে অন্তর্গত হতে পারে। তো কোনো নাম বললে সেটি কোন নামাধার থেকে আসবে সেটি আমরা আগেই বলে দিছি, যেমন আমাদের সকল নাম আসলে **std** নামাধার থেকে আসবে। নামাধার কী তা আর একটু পরিষ্কার করে বুবতে হলে নীচের **পরিচ্ছেদের** (para) ঢাকার বনাম বগুড়ার গাবতলি নিয়ে আলোচনা পড়ো।

গাবতলি নামে ঢাকায় একটি জায়গা আছে আবার গাবতলি নামে বগুড়ায় আরেকটি জায়গা আছে। তো গাবতলি বলতে গেলে আমাদের বলতে হবে 'বগুড়ার গাবতলি' অথবা 'ঢাকার গাবতলি', কেবল গাবতলি বললে তো বুবা যাবে না কোথাকার গাবতলি। বিকল্প হিসাবে আমরা আগেই বলে নিতে পারি যে আমরা এখন ঢাকার কথা আলোচনা করছি। তখন কেবল গাবতলি বললেই আমরা বুবব এটি ঢাকার গাবতলি। আবার যদি আগেই বলে নেই যে এখন থেকে আমরা বগুড়ার কথা আলোচনা করবো তাহলে গাবতলি বললেই আমরা বগুড়ার গাবতলি বুবব, ঢাকারটা নয়।

উপরের ক্রমলেখতে **using namespace std;** বলে আমরা আগেই বলে নিয়েছি যে এরপর থেকে আমরা **std** নামাধার (namespace) নিয়ে কাজ করবো। কাজেই পরে যখন **cout** আর **endl** ব্যবহার করেছি, তখন আর **std** এর কথা বলতে হয় নি। কিন্তু কেউ যদি তার ক্রমলেখতে **using namespace std;** না লেখে, তাহলে তাকে **cout << "shuvessa nin" << endl**; এর বদলে লিখতে হবে **std::cout << "shuvessa nin" << std::endl;** অর্থাৎ **cout** আর **endl** দুটোর পূর্বেই **std::** লাগিয়ে নিতে হবে, ঠিক যেমন গাবতলি বলার আগে ঢাকা লাগিয়ে

২.২. নাম-ধার্ম-বৃত্তান্তের ক্রমলেখ (Detailing Program)

বলতে হবে ঢাকার গাবতলি। `cout` আর `endl` এর আগে `std::` না লিখলে ক্রমলেখ সফল ভাবে সংকলন (compile) করা যাবে না, নানান ত্রুটি (error) বার্তা (message) দেখাবে। সংকলন সময়ে দেখানো ত্রুটিবার্তাগুলোকে **সংকলন কালীন (compile-time) ত্রুটি** বলা হয়।

যে কোন সিপিপি ক্রমলেখতে একটি মূল বিপাতক (function) থাকে `main` যার নাম। এই `main` বিপাতকের কোন পরামিতি (parameter) থাকবে না, কাজেই `main()` এর পরে গোল বন্ধনী দুটোর মধ্যে কিছু বলা হয় নি। আর প্রতিটি বিপাতক চাইলে একটি মান ফেরত দেয়, `main` বিপাতক সাধারণত একটি **পূর্ণক (integer)** ফেরত দেয়, যা `main` লেখার আগে `int` হিসাবে উল্লেখ করা হয়েছে। বিপাতক নিয়ে বিস্তারিত আলোচনা আমরা পরে করবো। আপাতত সংক্ষেপে এইটুকুই জেনে রাখি। তো আমাদের ক্রমলেখতে `return 0;` বিবৃতিটি আসলে বলছে যে আমাদের `main` বিপাতকটি শুন্য ফেরত পাঠাবে। কার কাছে ফেরত পাঠাবে? যে আমাদের ক্রমলেখ চালাচ্ছে তার কাছে। `main` বিপাতক ০ পাঠানো মানে হলো, এটি সফল ভাবে শেষ হয়েছে, কোন ত্রুটি বিচ্ছিন্ন ঘটে নি। ০ ছাড়া অন্যকিছু ফেরত পাঠানো নিয়েও আমরা পরে আলোচনা করবো।

সিপিপিতে দুটো বাঁকা বন্ধনির `{}` ভিতরে যা থাকে তাকে বলা হয় একটি **মহল্লা (block)**। প্রতিটি বিপাতকের একটি **শরীর (body)** থাকে যেটি মহল্লার ভিতরে থাকে। লক্ষ্য করে দেখো আমাদের `main` বিপাতকের `cout` আর `return` দিয়ে শুরু হওয়া বিবৃতিগুলোর শেষে কিন্তু একটি করে **দিতি (semicolon) ;** রয়েছে। সিপিপিতে বেশীরভাগ বিবৃতির পরেই আমরা এইরকম দিতি ; দিয়ে বিবৃতি শেষ করি। ঠিক বাংলা ভাষায় প্রতিটি বাক্যের পরে দাঁড়ি। দেয়ার মতো ব্যাপার।

সব মিলিয়ে এই হল আমাদের প্রথম ক্রমলেখ, যেটা ব্যবহারকারীকে শুভেচ্ছা জানাবে।

২.২ নাম-ধার্ম-বৃত্তান্তের ক্রমলেখ (Detailing Program)

সিপিপিতে এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি চালালে ব্যবহারকারীকে তোমার নাম-ধার্ম-বৃত্তান্ত কয়েক সারিতে **মালা (string)** আকারে বলে দেয়। সাথে **সংখ্যা (number)** হিসাবে তোমার বয়স ও তোমার ফলাফলের জিপিএও বলে দেয়।

ফিলিস্টি ২.২: নাম-ধার্ম-বৃত্তান্তের ক্রমলেখ (Detailing Program)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    cout << "amar nam goni mia" << endl;
    cout << "amar bari bogra" << endl;
    cout << "ami thaki dhakai" << endl;
    cout << "amar boyos " << 20 << " bosor" << endl;
    cout << "amar result gpa " << 3.99 << endl;

    return EXIT_SUCCESS;
}
```

২.৩. ক্রমলেখতে টীকা লিখন (Writing Program Comments)

ফলন (output)

```
amar nam goni mia
amar bari bogra
ami thaki dhakai
amar boyos 20 bosor
amar result gpa 3.99
```

উপরের ক্রমলেখতে আমরা নাম-ধাম-বৃত্তান্ত কয়েক সারিতে দেখিয়েছি। এই ক্রমলেখয়ের প্রতিটি `cout` দিয়ে শুরু বিবরিতির সাথে পরে দেখানো ফলন মিলিয়ে নাও। লক্ষ্য করো `cout` দিয়ে `" "` উদ্বৃত্তি অংশগুলোর ভিতরে আমরা যে মালাগুলো (`string`) দেখাতে বলেছি সেগুলোই ফলনে হুবহু সেভাবেই দেখানো হয়েছে। আর প্রতিবার `endl` অর্থাৎ `end line` পেলে ফলন পরের সারিতে চলে গেছে। শেষের দুটো `cout` বিবরিতিগুলো খেয়াল করো। এইদুটোতে বয়স ও জিপিএ আমরা সংখ্যা হিসাবে দেখিয়েছি। তুমি চাইলে কিন্তু সংখ্যা হিসাবে না দেখিয়ে মালার ভিতরেই দেখাতে পারতে যেমন নৌচের মতো, সেক্ষেত্রে ফলন কিন্তু দেখতে একই রকম হতো।

```
cout << "amar boyos 20 bosor" << endl;
cout << "amar result gpa 3.99" << endl;
```

সবশেষে একটা বিষয় খেয়াল করো। আমরা এই ক্রমলেখতে `return 0;` এর বদলে লিখেছি `return EXIT_SUCCESS;` আর এই `EXIT_SUCCESS` আছে `cstdlib` শির নথিতে (header file)। আমরা তাই `#include <cstdlib>` লিখে `cstdlib` শির নথিতি ও আমাদের ক্রমলেখতে অন্তর্ভুক্ত করেছি। মনে রাখবে `EXIT_SUCCESS` এর মান আসলে 0 কিন্তু 0 তো একটা সংখ্যা যেটা দেখে সরাসরি ঠিক অনুধাবন করা যায় না আমরা কী বুঝাতে চাইছি, মানে ক্রমলেখ সফল না বিফল হয়েছে। আমরা তাই স্পষ্ট করে `EXIT_SUCCESS` লিখবো যাতে চোখে দেখেই আমরা বুবতে পারি ব্যাপারটা কী। বলে রাখি গণনির (computer) জন্য কিন্তু 0 আর `EXIT_SUCCESS` একই ব্যাপার কারণ `EXIT_SUCCESS` এর মান যে 0 ওইটা তো `cstdlib` নথিতে বলা আছে, সংকলন করার পরে `EXIT_SUCCESS` আসলে 0 হয়ে যাবে, গণনি ওইটা শুন্যই দেখতে পাবে। আমরা 0 এর বদলে `EXIT_SUCCESS` আসলে লিখছি কেবল মানুষের বুকার সুবিধার জন্য, ক্রমলেখ পড়ে চোখে দেখেই যাতে সহজে বুঝা যায় ক্রমলেখটি সফল না বিফল ভাবে শেষ হচ্ছে, সেটাই আমাদের উদ্দেশ্য। তাহলে এখন থেকে ক্রমলেখয়ের `main` বিপাতকে `return 0;` না লিখে `return EXIT_SUCCESS;` লিখবে আর `cstdlib` শির নথিও অন্তর্ভুক্ত করে নেবে!

তো তোমরা এখন থেকে কয়েক সারিতে কিছু দেখানোর ক্রমলেখ রচনা করতে চাইলে এই ক্রমলেখয়ের মতো করে রচনা করবে। দরকার মতো সংখ্যা (number) ও মালা (string) মিশ্রণ করেও কিন্তু যা দেখাতে চাও তা দেখাতে পারবে। চেষ্টা করে দেখো কেমন?

২.৩ ক্রমলেখতে টীকা লিখন (Writing Program Comments)

এমন একটা ক্রমলেখ (program) রচনা করো যেটি বর্তমান সাল ২০১৫ থেকে তোমার বয়স ২০বছর বিয়োগ করে তোমার জন্ম বছর দেখায়। এই ক্রমলেখতে দরকার অনুযায়ী পর্যাপ্ত **টীকা** (comment) লিখো, যাতে অনেক দিন পরে তুমি যখন ক্রমলেখটি প্রায় ভুলে যাওয়ার মতো অবস্থায় যাবে তখন ক্রমলেখটি আবার দেখতে গিয়ে দ্রুত চোখ বুলিয়েই সহজে বুঝাতে পারো যে এটি তোমার কীসের ক্রমলেখ ছিল। ক্রমলেখতে টীকা থাকলে তুমি ছাড়া অন্য কেউও তোমার লেখা ক্রমলেখ পড়ে সহজে বুঝাতে পারবে। টীকা লেখা হয় মানুষ যে ভাষায় কথা বলে সেই ভাষায় যেমন

২.৩. ক্রমলেখতে টীকা লিখন (Writing Program Comments)

বাংলায় বা ইংরেজীতে, সিপিপি ভাষায়ও নয়, যন্ত্রের ভাষায়ও নয়, কাজেই টীকা লিখলে অনেক দিন পরেও আমাদের ক্রমলেখ বুবাতে সুবিধা হয়।

ফিরিণ্ডি ২.৩: ক্রমলেখতে টীকা লেখন (Commenting in Programs)

```
// list of header files needed for this program.

#include <iostream>
#include <cstdlib>

using namespace std; // use the std namespace

int main()
{
    // Subtract 20years from 2015 to get birthyear

    cout << "amar jonomoshal " << 2015 - 20 << endl;

    return EXIT_SUCCESS; /* return with success */
}
```

ফলন (output)

```
amar jonomoshal 1995
```

উপরের ক্রমলেখ খেয়াল করো। কঠিন কিছু নয়। আগের মতোই **iostream** আর **cstdlib** অন্তর্ভুক্ত (**include**) করা আছে। তারপর বলা হয়েছে **using namespace std;** তারপর মূল বিপাতক (**function**) হিসাবে **int main()** যেটির কোন পরামিতি (**parameter**) নাই কারণ () গোল বন্ধনীর ভিতরে কিছু নাই আর যেটি একটি পূর্ণক (**integer**) ফেরত দেয় কারণ **int** বলা আছে শুরুতে। তারপর মূল বিপাতকের শরীরে দুটো {} বাঁকাবন্ধনীর ভিতরের মহল্লায় (**block**) বলা আছে **cout << "amar jonomoshal " << 2015 - 20 << endl;** অর্থাৎ ফলনে amar jonomoshal দেখিয়ে তারপর 2015 থেকে 20 বিয়োগ করলে যে 1995 পাওয়া যায় তা দেখাবে। তারপর মহল্লার ভিতরে শেষ বিবৃতি (**statement**) আছে **return EXIT_SUCCESS;** যা আগের মতোই বলছে যে আমাদের ক্রমলেখ ওইখানে সফল ভাবে শেষে হয়ে বের হয়ে যাবে। **EXIT_SUCCESS** নিয়ে আমরা আগের পাঠে বিস্তারিত আলোচনা করেছি, ওই পাঠ থেকেই দেখে নিতে পারো, কাজেই সেটা আবার এখানে আলোচনা করছি না।

যাইহোক, খেয়াল করে দেখো ওপরে বর্ণিত বিষয়গুলো ছাড়াও উপরের ক্রমলেখতে আরো কিছু বাক্য ও সারি দেখা যাচ্ছে যেমন প্রথম সারিটি হল **// list of header files needed for this program** এই বাক্যটি আসলে আমাদের ক্রমলেখয়ের অংশ নয়, অর্থাৎ ক্রমলেখ যখন চালানো (run) হবে তখন এই বাক্যের কোন প্রভাব থাকবে না। ক্রমলেখ এমন ভাবে চলতে থাকবে যাতে মনে হবে ওই বাক্যটি যেন ওখানে নাই। এরকমের বাক্যগুলোকে বলা হয় **টীকা (comment)**। খেয়াল করো টীকার বাক্যটির একদম সামনে রয়েছে **//** অর্থাৎ সামনের দিকে হেলানো দুটো দাগ। ওই দুটো দাগ হতে শুরু করে ওই সারিতে তারপরে যাই থাকবে সব মিলিয়ে হবে একটি টীকা। এইরকম টীকা যেহেতু কেবল এক সারিতে সীমাবদ্ধ তাই একে বলা হয় **সারি টীকা (line comment)**। সিপিপি ভাষায় অধিকাংশ সময়ই সারি টীকা ব্যবহার করা হয়।

২.৪. ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing and Indentation)

সারি টীকা যদি সারির একদম শুরুতে লেখা হয় তাহলে সাধারণত এটি টীকার ঠিক নীচে যে সংকেত (code) থাকে তার জন্য লেখা হয়। যেমন // list of header files needed for this program এই টীকাটি একদম সারির শুরু থেকে লেখা হয়েছে, এটি তাই পরের দুই সারিতে #include <iostream> আর #include <cstdlib> কেন লেখা হয়েছে সেটি ব্যাখ্যা করছে। সারি টীকা অনেক সময় সারির শেষ দিকেও লেখা হয়। যেমন // we will use the std namespace টীকাটি লেখা হয়েছে using namespace std; দিয়ে শুরু হওয়া সারির শেষে। সারির শেষ দিকে লেখা এইরকম সারি টীকা সাধারণত সারির প্রথমে যে সংকেত (code) লেখা হয়েছে তা ব্যাখ্যা করতে ব্যবহার করা হয়। অনেক সময় টীকা লিখা হয় শুরুতে /* আর শেষে */ চিহ্ন দিয়ে, যেমন return EXIT_SUCCESS; এর সারিতে শেষে লেখা হয়েছে। এইরকম টীকা একাধিক সারি মিলিয়ে হতে পারে, তাই এদেরকে সারি টীকা না বলে মহল্লা টীকা (block comment) বলা হয়। সিপিপিতে আমরা অধিকাংশ সময় আসলে সারি টীকাই ব্যবহার করি।

তুমি যখন তোমার ক্রমলেখতে টীকা লিখবে তখন হয়তো ইংরেজীতেই টীকা লিখবে। অথবা ইংরেজী অক্ষরে বাংলায়ও টীকা লিখতে পারো। আজকাল অনেক সংকলক (comiler) ও সম্পাদক (editor) ইউনিকোড (unicode) সংকেত বুঝতে পারে। কাজেই টীকা বাংলায়ও লেখা সম্ভব। আমরা এরপর থেকে সিপিপিতে লেখা সকল ক্রমলেখতে টীকা বাংলায় লিখবো, যাতে আমরা আমাদের নিজের ভাষায় সহজে বুঝতে পারি। এগুলো যেহেতু নির্বাহ (execution) হবে না, কাজেই খামোকা কেন কষ্ট করে ইংরেজীতে লিখতে যাবো! আর বিদেশী কেউ তো আমাদের ক্রমলেখয়ের সংকেত দেখবে না, কাজেই আমরা আমাদের বাংলা ভাষাতেই টীকা লিখবো। তবে মনে রাখবে বিদেশী কারো পড়ার সন্তাবনা থাকলে আমাদের টীকা সহ সবকিছু ইংরেজী ভাষাতেই লিখতে হবে। তাহলে সারি টীকা আর মহল্লা টীকা শেখা হলো। এখন থেকে ক্রমলেখ লেখার সময় যথেষ্ট পরিমাণে টীকা দিবে কেমন? আমিও ক্রমলেখগুলোতে টীকা দেবো, যাতে তোমাদের বুঝতে সুবিধা হয়।

২.৪ ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing and Indentation)

সিপিপি ক্রমলেখ (program) লিখতে কখন নতুন সারি শুরু করবে? কখন ফাঁকা ফাঁকা করে লিখবে? কখন সারিতে একটু ছাড়ন দিয়ে লিখবে। একটি ক্রমলেখ লিখে এই বিষয়গুলো আলোচনা করো। চলো আমরা আমাদের শুভেচ্ছা জানানোর ছোট ক্রমলেখটি দিয়েই আলোচনা করি।

ফিরিস্তি ২.৪: ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing in Programs)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    cout << "shuvessa nin" << endl;
    return EXIT_SUCCESS;
}
```

উপরের ক্রমলেখতে আমরা আপাতত টীকা (comment) লিখি নাই। এই ক্রমলেখতে # বা কাটাকাটি (octothorpe) চিহ্ন দিয়ে শুরু হওয়া সারিগুলো তোমাকে আলাদা আলাদা সারিতে লিখতে হবে। আর এটি সারির শুরু থেকে হলেই ভালো। তুমি অবশ্য সারির শেষের দিকে চাইলে

২.৪. ক্রমলেখতে ফাঁকা দেওয়া (Spacing and Indentation)

সারির টীকা (line comment) লিখতে পারো যাতে বুবা যায় ওই সারির শুরুর দিকে তুমি আসলে কী করতে চেয়েছো। তোমার ক্রমলেখতে লেখা কাটাকাটি চিহ্ন # দিয়ে শুরু হওয়া সারিগুলো সাধারণত সংকলক (compiler) দিয়ে প্রক্রিয়া করা হয় না। আলাদা একটি মন্ত্র (software) যার নাম পূর্ব-প্রক্রিয়ক (preprocessor) সেটা দিয়ে সংকলন করারও আগে এইগুলো প্রক্রিয়া করা হয়, কাজটা বেশীর ভাগ সময়ে অবশ্য সংকলকই করিয়ে নেয়। পূর্ব-প্রক্রিয়ক (preprocessor) বিষয়ে বিস্তারিত আলোচনা আমরা পরে করবো।

```
#include <iostream> // যোগান ফলন প্রোত শির নথি অন্তর্ভুক্ত হল
```

কোন বিরুতি পূর্বপ্রক্রিয়ক (preprocessor) না সংকলক (compiler) দিয়ে প্রক্রিয়াকরণ হবে এটা বুবার আরেকটা সহজ উপায় আছে। এইরকম দির্তি ; (semicolon) আর মহল্লার (block) জন্য যে বাঁকা বন্ধনী } ব্যবহৃত হয় তা দিয়ে শেষ হওয়া বিরুতিগুলো সাধারণত সংকলক দিয়ে প্রক্রিয়াকরণ করা হবে, পূর্ব-প্রক্রিয়ক দিয়ে নয়। যাইহোক, সংকলক দিয়ে যে সংকেতগুলো (code) প্রক্রিয়া করা হয় সেগুলো যে ভিন্ন ভিন্ন সারিতেই লিখতে হবে, বা অনেক ফাঁকা ফাঁকা (space) করেই লিখতে হবে এ রকম কোন কথা নেই। তুমি চাইলে তোমার পুরো ক্রমলেখতে থাকা সকল সংকলনযোগ্য সংকেত এক সারিতে লিখতে পারো। যেমন উপরের ক্রমলেখয়ের সংকলনযোগ্য অংশটুকু আমরা চাইলে নীচের মতো করে টানা এক সারিতে লিখতে পারি।

```
#include <iostream>
#include <cstdlib>
using namespace std; int main() { cout << "shuvessa
nin" << endl; return EXIT_SUCCESS; }
```

উপরে যদি ও দুই সারিতে দেখা যাচ্ছে আমরা আসলে using থেকে শুরু করে } পর্যন্ত টানা একসাথে লিখেছি, কিন্তু এখানে পাশের দিকে স্থানের স্বল্পতার কারণে টানা সারিটি ভেঙে দুই সারি হয়ে গেছে। তোমার সম্পাদকে (editor) এ যদি পাশের দিকে অনেক জায়গা থাকে তুমি এক সারিতেই লিখতে পারবে। আসলে নুন্যতম একটি ফাঁকা (space) দেয়া বাধ্যতামূলক হয়ে যায় যখন পরপর দুটো শব্দ লেখা হয়। যেমন using, namespace, std, int, main এইরকম শব্দ পরপর দুটো থাকলে তোমাকে কমপক্ষে একটি ফাঁকা (space) দিতে হবে। দুটো চিহ্ন যেমন বন্ধনী () বা দির্তি ; বা আরো অনেক প্রতীক আছে, এইগুলো পরপর দুটো থাকলেও কোন সমস্যা নাই। অর্থাৎ একাধিক প্রতীক কোন ফাঁকা না দিয়েও তুমি একসাথে লিখতে পারবে।

এখন প্রশ্ন করতে পারো ফাঁকা দেয়া যদি ব্যাপার না হয়, তাহলে ক্রমলেখ লিখতে কেন ফাঁকা দেবো। বেশী বেশী ফাঁকা আসলে গণনির (computer) জন্য দরকার নেই কিন্তু দরকার মানুষের জন্য। আগের পাঠের কথা মনে করো। আমরা কেন টীকা (comment) লিখেছিলাম? টীকা তো আর নির্বাহিত হয় না। আমরা যাতে অনেকদিন পরে ক্রমলেখয়ের সংকেত (code) দেখে সহজে বুবাতে পারি, আমরা তাই টীকা লিখেছিলাম। তো ক্রমলেখ যদি পুরোটা একটা লম্বা সারি হয়, আমাদের মানুষের পক্ষে সেটা দেখে বুবো ওঠা খুবই কষ্টকর হবে। মূলত আমাদের মানুষের বুবার সুবিধার্থে আমরা ক্রমলেখ সারিতে সারিতে ভেঙে ভেঙে লিখি বা দরকার মতো একসাথে লিখি।

ক্রমলেখতে ফাঁকা দেয়ার ব্যাপারটি বাংলায় বা ইংরেজীতে রচনা লেখার মতোই, কখন তুমি আলাদা বাক্য করবে, কখন তুমি আলাদা পরিচ্ছেদ (para) করবে, কখন তুমি আলাদা অনুচ্ছেদ (section) করবে, এই রকম। কোন বিষয়ের সাথে বেশী সম্পর্কিত বিরুতিগুলো আমরা সাধারণত পরপর সারিতে কোন ফাঁকা (blank line) না দিয়ে লিখবো। আর দুটো বিষয়ের সারিগুলোর মাঝে হয়তো এক সারি ফাঁকা দিয়ে লিখবো, আর বিষয়গুলোর মধ্যে খুব বেশী যোগাযোগ না থাকলে হয়তো আমরা দুই বা আরো বেশী সারি ফাঁকা দিয়ে লিখবো। তাহলে এখন থেকে ক্রমলেখ লেখার সময় দরকার মতো ফাঁকা দিয়ে দিয়ে লিখবে যাতে তোমার ক্রমলেখ পড়া সহজ হয়।

২.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

সবচেয়ে উপরে যেভাবে আমরা ক্রমলেখ লিখেছি সেখানে আরো একটা ব্যাপার খেয়াল করো, আমরা **cout** বা **return** এর বিব্রতিগুলো লেখার আগে তাদের নিজ নিজ সারিতে বেশ কিছুটা ফাঁকা দিয়ে লিখেছি, একদম সারির শুরু থেকে লিখি নাই। এটি কেন করলাম? এটি করলাম এ কারণে যে ওই দুটো সারি আসলে আমাদের মহল্লার ভিতরে আছে। লক্ষ্য করো মহল্লার বাঁকা বন্ধনী দুটো কেমন দেখেই বুঝা যায় যে এরা দুজনে দুজনার। আর মহল্লার ভিতরের বিব্রতিদুটো কেমন একটু ভিতরের দিকে থাকায় পরিষ্কার বুঝা যায় যে ওরা আসলেই ওই মহল্লার ভিতরে। তো দরকার মতো কোন বিব্রতি এরকম সারির একটু ভিতরের দিকে থেকে লেখার ব্যাপারটিকে বলা হয় **ছাড়ন দেয়া (indentation)**। ক্রমলেখ লেখার সময় এখন থেকে তোমরা অবশ্যই দরকার মতো ছাড়ন দিয়ে লিখবে, তাহলে দেখবে ক্রমলেখ পড়া ও বোঝা কত সহজ হয়ে যায়।

এই পর্যায়ে জিজ্ঞেস করতে পারো, প্রত্যেক সারিতে এভাবে অতঙ্গলা করে ফাঁকা চাপবো কেমনে এইটা তো বিরক্তিকর। আসলে তোমার চাপনিমাঁচায় (keyboard) একটা লস্ফ (tab) চাপনি আছে, দেখো ওইটা চাপলে একসাথে ৪টা বা ৮টা ফাঁকা (space) এর সমপরিমাণ ফাঁকা একবারে আসে। তো দরকার মতো একবার বা দুবার লস্ফ চাপলেই হয়ে গেলো। কাজেই ক্রমলেখ লেখার সময় কখনোই এই আলসেমি টুকু করবে না। ছাড়ন দেয়া ক্রমলেখ লেখার জন্য গুরুত্বপূর্ণ ব্যাপার, সুন্দর দেখা যাওয়া আর তাড়াতাড়ি পড়ার জন্য দরকারী, ক্রমলেখতে কোন ভুল থাকলে আমরা যখন ভুল বের করতে চাই তখনও খুব খুব দরকারী, বড় বড় ক্রমলেখ যখন লিখবে তখন ব্যাপারটা খানিকটা ঠেকে ঠেকে শিখে অভিজ্ঞতা দিয়ে ভালো করে বুঝতে পারবে।

২.৫ অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে বের করবে।

১. ক্রমলেখ (program) বলতে কী বুঝো? ক্রমলেখ কি কেবল গণনিতেই নির্বাহযোগ্য?
২. সিপিপি ভাষায় ক্রমলেখ তৈরী হতে সেটার ফলাফল দেখা পর্যন্ত কী কী ঘটনা ঘটে?
৩. যন্ত্রালয় (console) কী? এর যোগান (input) ও ফলন (output) যন্ত্রগুলো কী কী?
৪. সিপিপিতে শিরনথি (header file) বলতে কী বুঝো? আমাদের ক্রমলেখগুলোতে শিরনথি **iostream** ও **cstdlib** আমরা কেন ব্যবহার করেছি?
৫. নামাধার (namespace) কী? বাস্তব জীবনে ও পরিগণনায় উদাহরণ সহ ব্যাখ্যা করো।
৬. সিপিপিতে **main** বিপাতক হতে ফেরতের সময় **return 0;** না লিখে তার বদলে **return EXIT_SUCCESS;** লিখা কেন উত্তম? ব্যাখ্যা করো।
৭. ক্রমলেখতে ছাড়ন দেয়া (indentation) মানে কী? ছাড়ন দেয়ার পক্ষে-বিপক্ষে যুক্তি লিখ। ক্রমলেখ কেন বেশ ফাঁকা ফাঁকা করে লিখা উচিত?
৮. ক্রমলেখতে টীকা (comment) লেখা কী? ক্রমলেখতে টীকা (comment) লিখার কয়েকটি কারণ ব্যাখ্যা করো? সারি (line) টীকা ও মহল্লা (block) টীকা কী?
৯. একটি সিপিপি ক্রমলেখতে (program) নীচের কোন বিপাতকটি অবশ্যই থাকতে হবে?

২.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ক) **start()** খ) **system()** গ) **main()** ঘ) **program()**

১০. ক্রমলেখ সফল ভাবে শেষ হলে **main** বিপাতক হতে সাধারণত কত ফেরত পাঠানো হয়?

ক) -1 খ) 0 গ) 1 ঘ) কিছুই না

১১. সিপিপিতে মহল্লা (block) বুঝানোর জন্য নীচের কোনগুলো ব্যবহার করা হয়?

ক) { } খ) < > গ) () ঘ) **begin end**

১২. সিপিপিতে একটি বিবৃতির (statement) শেষে সাধারণত কোন চিহ্ন ব্যবহার করা হয়?

ক) . খ) ; গ) : ঘ) ,

১৩. সিপিপিতে নীচের কোনটি সঠিক টীকা (comment)?

ক) /* টীকা */ খ) ** টীকা ** গ) /* টীকা */ ঘ) { টীকা }

পরিগণনার সমস্যা: নীচে আমরা কিছু পরিগণনার সমস্যা দেখবো। এই সমস্যাগুলো আগে দৈর্ঘ্য ধরে নিজে নিজে সমাধান করতে চেষ্টা করবে। যখন একেবারেই পারছো না বলে মনে হয় তখনই কেবল সমাধান দেখে নিতে পারো। সমাধানগুলো পরিগণনার প্রশ্নগুলোর শেষে আছে।

১. নীচের কথাগুলো ফলনে (output) দেখানোর জন্য সিপিপিতে একটি ক্রমলেখ লিখো। দেখতে সুন্দর লাগার জন্য তোমার ক্রমলেখতে দরকার মতো ফাঁকা ফাঁকা দিবে আর সহজে বুঝার জন্য দরকার মতো টীকা (comment) লিখবে।

```
tomar boyosh noy bosor.  
porigonona shikhte chao?  
porigonona ki sohoj na!
```

২. সিপিপিতে একটি ক্রমলেখ রচনা করো যেটি নীচের নকশাটির মতো নকশা তৈরী করে। খেয়াল করে দেখো নকশাটি বাংলা অক্ষ ৪ এর মতো। তুমি চাইলে আরো নানান নকশা, নানান বর্ণ বা অক্ষ নিজের মতো করে ভেবে নিয়ে সেইমতো নকশা তৈরী করতে পারো। যাইহোক দেখতে সুন্দর লাগার জন্য তোমার ক্রমলেখতে দরকার মতো ফাঁকা ফাঁকা দিবে আর সহজে বুঝার জন্য দরকার মতো টীকা (comment) লিখবে।

```
*****  
* * *  
* * *  
* * *  
*****
```

২.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

পরিগণনা সমাধান: এবার আমরা পরিগণনার সমস্যাগুলোর সমাধান দেখবো। মনে রাখবে সমাধানগুলো দেয়া হয়েছে তুমি যদি একান্তই নিজে নিজে করতে পারছোনা বলে মনে হয়, তখন যাতে একটু সহায় কেবল পেতে পারো তাই। কাজেই পারতপক্ষে সমাধান দেখবে না।

১. নীচের কথাগুলো ফলনে (output) দেখানোর জন্য সিপিপিতে একটি ক্রমলেখ লিখো। দেখতে সুন্দর লাগার জন্য তোমার ক্রমলেখতে দরকার মতো ফাঁকা ফাঁকা দিবে আর সহজে বুঝার জন্য দরকার মতো টীকা (comment) লিখবে।

```
tomar boyosh noy bosor.  
porigonona shikhte chao?  
porigonona ki sohoj na!
```

ফিরিণ্টি ২.৫: অণুপ্রেরণার ক্রমলেখ (Inspiring Programming)

```
#include <iostream> // cout ব্যবহার করার জন্য  
#include <cstdlib> // EXIT_SUCCESS এর জন্য  
  
using namespace std;// প্রমিত নামাধার ব্যবহারের জন্য  
  
int main()  
{  
    // দরকারী কথাগুলো ফলনে দেখাও  
    cout << "tomar boyosh noy bosor." << endl;  
    cout << "porigonona shikhte chao?" << endl;  
    cout << "porigonona ki sohoj na!" << endl;  
  
    return EXIT_SUCCESS; // সফল সমাপ্তি  
}
```

২. সিপিপিতে একটি ক্রমলেখ রচনা করো যেটি নীচের নকশার মতো নকশা তৈরী করে। খেয়াল করে দেখো নকশাটি বাংলা অক্ষ ৪ এর মতো। তুমি চাইলে আরো নানান নকশা, নানান বর্ণ বা অক্ষ নিজের মতো করে ভেবে নিয়ে সেইমতো নকশা তৈরী করতে পারো। যাইহোক দেখতে সুন্দর লাগার জন্য তোমার ক্রমলেখতে দরকার মতো ফাঁকা ফাঁকা দিবে আর সহজে বুঝার জন্য দরকার মতো টীকা (comment) লিখবে।

```
*****  
*   *  
* * *  
*   *  
*****
```

এই ক্রমলেখটি কিন্তু অনেক মজার তাই না। তুমি কি বর্ণমালার প্রতিটা বর্ণ আর ০-৯ দশটা অক্ষের জন্যেই একম নকশা তৈরী করতে পারবে? রাস্তাঘাটে বা বিয়ে বাড়িতে অনেক সময় ছোট ছোট বাতি দিয়ে নানান কিছু লেখা হয়, আসলে এই নকশাগুলোর মতো করে নকশা বানিয়েই সেগুলো করা হয়। গণনিতে (computer) এর নজরির (monitor) পর্দায়ও

২.৬. গণনা পরিভাষা (Computing Terminologies)

অনেক কিছু এভাবে দেখানো হয়। আসলে যে কোন ছবিই এরকম অসংখ্য বিন্দুর সমন্বয়ে তৈরী, কিছু বিন্দু জালানো, কিছু বিন্দু নেভানো। যে বিন্দুগুলো জালানো সেগুলো হলো * আর যেগুলো নেভানো সেগুলো ফাঁকা। তো চলো আমরা ক্রমলেখটি দেখি।

ফিরিণ্টি ২.৬: নকশা আঁকার ক্রমলেখ (Program Drawing Designs)

```
#include <iostream> // cout ব্যবহার করার জন্য
#include <cstdlib> // EXIT_SUCCESS এর জন্য

using namespace std;// প্রমিত নামাধার ব্যবহারের জন্য

int main()
{
    // দরকার মতো * ও ফাঁকা দিয়ে নকশা
    cout << "*****" << endl;
    cout << "*   *" << endl;
    cout << "* * *" << endl;
    cout << "*   *" << endl;
    cout << "*****" << endl;

    return EXIT_SUCCESS; // সফল সমাপ্তি
}
```

২.৬ গণনা পরিভাষা (Computing Terminologies)

- কাটাকাটি (octothorpe) #
- ক্রমলেখ (program)
- গণনি (computer)
- চাপনি (keyboard)
- চালানো (run)
- ছাড়ন দেয়া (indentation)
- জালপাতা (webpage)
- টিপনি (mouse)
- টীকা (comment)
- ত্রুটি (error)
- দিতি (semicolon) ;
- নজরি (monitor)
- নামাধার (namespace)
- নির্দেশ (instruction)
- নির্বাহ (execution)
- নির্বাহযোগ্য (executable)
- পরামিতি (parameter)
- পরিচ্ছেদ (para)
- পূর্ব-প্রক্রিয়ক (preprocessor)
- পূর্ণক (integer)
- প্রমিত (standard)
- ফলন (output)

২.৬. গণনা পরিভাষা (Computing Terminologies)

- ফলন যন্ত্র (output device)
- বার্তা (message)
- বিপাতক (function)
- বিবৃতি (statement)
- মন্ত্র (software)
- মহল্লা (block)
- মহল্লা টীকা (block comment)
- মালা (string)
- যন্ত্রালয় (console)
- যোগান (input)
- শরীর (body)
- শির নথি (header file)
- সংকলক (compiler)
- সংকলন (compile)
- সংকলন কালীন (compile-time)
- সংকেত (code)
- সংখ্যা (number)
- সম্পাদনা (editor)
- সারি টীকা (line comment)

অধ্যায় ৩

চলক ও ধ্রুবক (Variables and Constants)

চলকের (variable) মান (value) বদলানো যায় কিন্তু ধ্রুবকের (constant) মান বদলানো যায় না। ক্রমলেখতে উপাত্ত (data) সরাসরি (directly) না লিখে চলক বা ধ্রুবকের মাধ্যমে ব্যবহার করলে একরকমের পরোক্ষতা (indirection) তৈরী হয়। ফলে উপাত্ত ঠিক করতে সেটা না ভেবে উপাত্তটি কীসের আর তার প্রক্রিয়াকরণ কেমন সেটা ভেবে ক্রমলেখ তৈরী সহজ হয়ে যায়।

৩.১ চলকের ব্যবহার (Using Variables)

একটি আয়তের দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৩ মিটার। সিপিপি ভাষায় এইরূপ আয়তের ক্ষেত্রফল ও পরিসীমা বের করার ক্রমলেখ (program) রচনা করো। এই ক্রমলেখতে তোমাকে চলক (variable) ব্যবহার করতে হবে, সরাসরি সূত্র থেকে ফলন (output) দেয়া যাবে না।

আমরা আগে এই সমস্যার জন্য সংক্ষিপ্ত ক্রমলেখটা দেখি যেটাতে চলক ব্যবহার না করে একদম সরাসরি সূত্র ব্যবহার করে ক্ষেত্রফল ফলনে (output) দেখানো হবে। আমরা জানি দৈর্ঘ্য আর প্রস্থের গুণফল হল ক্ষেত্রফল আর দৈর্ঘ্য ও প্রস্থের যোগফলের দ্বিগুণ হলো পরিসীমা।

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    cout << "khetrofol holo " << 5 * 3
        << " borgometer" << endl;
    cout << "porishima holo " << 2*(5+3)
        << " meter" << endl;

    return EXIT_SUCCESS;
}
```

৩.১. চলকের ব্যবহার (Using Variables)

উপরে আমরা যে ক্রমলেখ লিখলাম আমরা কিন্তু ওইটা চাই না। ওইখানে সংখ্যাগুলো সরাসরি সুত্রে বসিয়ে হিসাব করে ফলন (output) দেখানো হয়েছে। আমরা চাই ক্ষেত্রফল আর পরিসীমার সূত্রগুলো চলকের নাম দিয়ে লিখতে আর সূত্র লিখার আগে চলকগুলোর মান দিয়ে দিতে। চলক ব্যবহারের নানান সুবিধা আছে। যেমন একটি সুবিধা হলো সুত্রে চলকের নাম থাকায় সূত্র দেখেই সহজে বুঝা যায় কীসের সূত্র, যেমন নীচের ক্রমলেখ দেখো। আর একটি সুবিধা হলো কেউ যদি বলে ৫ না দৈর্ঘ্য হবে ৬, উপরের ক্রমলেখতে কিন্তু দুইখানে ৫ বদলাইয়া ৬ করতে হবে। ছোট একটা ক্রমলেখতেই যদি দুইখানে বদলাতে হয়, তাহলে বড় একটি ক্রমলেখয়ের কথা চিন্তা করো, সেটাতে আরো কত জায়গায় যে বদলাতে হবে ইয়ন্তা নাই। আমরা এ কারণে চলক ব্যবহার করবো।

ফিরিস্তি ৩.১: ক্রমলেখতে চলকের ব্যবহার (Variables in Programs)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    int doirgho; // এই চলকে থাকবে বর্গের দৈর্ঘ্য।
    int prostho; // এই চলকে থাকবে বর্গের প্রস্থ।
    int khetrofol; // এই চলকে থাকবে বর্গের ক্ষেত্রফল।
    int porishima; // এই চলকে থাকবে বর্গের পরিসীমা।

    doirgho = 5; // দৈর্ঘ্যের এই মান বলে দেয়া আছে
    prostho = 3; // প্রস্থের এই মান বলে দেয়া আছে।

    // ক্ষেত্রফল বের করার সূত্র হল দৈর্ঘ্য আর প্রস্থের গুণফল।
    khetrofol = doirgho * prostho;

    // পরিসীমা বের করার সূত্র হল দৈর্ঘ্য ও প্রস্থের যোগফলের দ্বিগুণ
    porishima = 2*(doirgho + prostho);

    // এবার ক্ষেত্রফল আর পরিসীমা ফলন দেয়া হবে
    cout<< "khetrofol holo " << khetrofol
        << " borgometer" << endl;
    cout << "porishima holo " << porishima
        << " meter" << endl;

    return EXIT_SUCCESS;
}
```

ফলন (output)

```
khetrofol holo 15 borgometer
porishima holo 16 meter
```

৩.১. চলকের ব্যবহার (Using Variables)

উপরের ক্রমলেখতে খেয়াল করো আমরা দৈর্ঘ্য, প্রস্থ, ক্ষেত্রফল, আর পরিসীমার জন্য চারটা চলক নিয়েছি যাদের নাম হলো **doirgho**, **prostho**, **khetrofol**, **porishima**। তুমি কিন্তু চাইলে এই নামগুলো ইংরেজী শব্দেও দিতে পারতে যেমন **length**, **width**, **area**, **perimeter**। তুমি চাইলে আবার শব্দগুলোর প্রথম অক্ষর নিয়ে এক অক্ষরের নামও দিতে পারতে যেমন **l**, **w**, **a**, **p**। তবে আমরা সবসময় চাই এমন নাম দিতে যাতে নামগুলো দেখলেই বুব্বা যায় ওই চলকটা কী কাজে ব্যবহার হবে। এক অক্ষরের নাম দিলে অনেক সময় বুব্বা যায় কিন্তু একই অক্ষর দিয়ে যদি একাধিক চলকের নাম শুরু হয়, তাহলে মুশকিল হয়ে যায়। অনেকে আবার খালি **x**, **y**, **z**, অথবা **a**, **b**, **c** এই রকম নাম দেয়। ওই রকম নাম দিলে পরে ক্রমলেখ বুব্বাতে তোমার নিজের বা অন্য কেউ যে পড়বে তার খুবই সমস্যা হবে। সময় নষ্ট করে বের করতে হবে কোন চলক আসলে কী কাজে ব্যবহার করা হয়েছে। কাজেই সবসময় অর্থবোধক আর যথেষ্ট বড় নাম দিতে চেষ্টা করবে, যাতে নাম দেখেই তার উদ্দেশ্য বুব্বা যায়। সিপিপিতে চলকের অর্থবোধক (**semantic**) ও গঠনসিদ্ধ (**syntax**) নাম দেয়ার বিষয়ে আমরা পরের কোন পাঠে বিস্তারিত আলোচনা করব।

এখন একটা বিষয় খেয়াল করো আমরা এখানে চলকগুলোর নামের আগে লিখেছি **int** যেটা আসলে **integer** এর সংক্ষিপ্ত। **integer** হল পূর্ণক বা পূর্ণ সংখ্যা। আমরা চলকের নামের আগে এই রকম **int** লিখে বুব্বিয়েছি যে আমাদের এই চলকগুলোর মান হবে পূর্ণক, আমরা কোন ভগ্নাংশ ব্যবহার করবো না। তুমি যদি ভগ্নাংশ ব্যবহার করতে চাও তাহলে তোমাকে **int** এর বদলে **float** লিখতে হবে। **float** হল একরকমের ভগ্নাংশ। আমরা সেই আলোচনা পরে আরো বিস্তারিত করবো। তবে **int** এর বদলে **float** লিখলে আমাদের ক্রমলেখতে কিন্তু আর কোথাও কোন কিছু বদলাতে হবে না, ঠিক কাজ করবে। আমরা আপাতত **int** রেখেই এই পাঠের আলোচনা চালাই।

তো উপরের ক্রমলেখতে আমরা যখন লিখলাম **int doirgho**; এর মানে হলো **doirgho** নামের আমাদের একটা চলক আছে আর তার মান হবে পূর্ণক। এইযে **int doirgho**; লিখে এই বিষয়গুলো বুব্বাইলাম এটাকে বলা হয় চলক ঘোষনা (**variable declaration**)। চলক ঘোষনা করলে তারপর থেকেই চলকটি পরবর্তী যেকোন বিবৃতিতে (**statement**) ব্যবহার করা যায়, কিন্তু ঘোষনা করার সাথে সাথে ওইখানে চলকের মান কর সেইটা কিন্তু আমরা জানিনা, সাধারণত চলকে তখন একটা উল্টাপালটা মান থাকে। এইটা নিয়ে আমরা পরে আরো আলোচনা করবো। এই ক্রমলেখতে আমরা দেখছি এর পরে **doirgho = 5**; লিখে অর্থাৎ = চিহ্ন ব্যবহার করে আমরা **doirgho** চলকের মান আরোপণ (**value assign**) করেছি 5। সুতরাং এরপর থেকে **doirgho** চলকের মান হবে 5। একই ভাবে **prostho** চলকের মানও আমরা 3 আরোপণ করেছি।

এবার খেয়াল করো, চলকের মান আরোপণ শেষ হলে আমরা ক্ষেত্রফল আর পরিসীমার সুত্রগুলো লিখেছি, সেখানে কিন্তু এবার মানগুলো সরাসরি লিখি নাই, তার বদলে চলকগুলো ব্যবহার করেছি। এইখানে হিসাব করার সময় চলকের যে মান থাকবে সেইটাই আসলে ব্যবহার হবে। উপরে যদি **doirgho** চলকের মান থাকে 5 তাহলে 5 ধরে হিসাব হবে, আর যদি পরে **doirgho** এর মান 5 এর বদলে 6 করে দেয়া হয়, তাহলে 6 ব্যবহার হবে। এই পরিবর্তন কেবল মান আরোপণের ওইখানে করলেই কাজ হয়ে যাবে, সারা ক্রমলেখতে করতে হবে না। তবে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলি এখানে **doirgho** আর **prostho** চলক দুটিতে মান আরোপণ কিন্তু ক্ষেত্রফল আর পরিসীমার সুত্রের ব্যবহারের আগেই করতে হবে। না করলে সংকলন করার সময় সতর্ক বার্তা (**warning message**) আসতে পারে, আর ক্রমলেখ চালানোর সময় উল্টাপালটা ফলও আসতে পারে।

সবশেয়ে খেয়াল করো ফলন (**output**) দেওয়া হয়েছে যেখানে সেখানে উদ্ধৃতি চিহ্ন **""** এর ভিতরে যা আছে তা কিন্তু মালা (**string**)। কাজেই ওইটা কিন্তু ওইভাবেই ফলনে এসেছে এমনকি **khetrofol** কথাটাও হ্রবহ এসেছে যেটা কিনা চলকের নামের হ্রবহ একই রকম। কিন্তু **""** উদ্ধৃতির বাইরে যখন **khetrofol** লেখা হয়েছে একই সারিতে পরের দিকে সেখানে কিন্তু আর **khetrofol** ফলনে আসে নি, এসেছে সেটাকে চলক ধরলে যে মান হওয়ার কথা সেই 15। কাজেই এটা মনে রাখবে যে চলকের নাম **""** উদ্ধৃতির ভিতরে মালা আকারে থাকলে ওইটা আসলে চলকটাকে বুব্বায়

৩.২. প্রকরণের ব্যবহার (Using Constants)

না। নামটা যখন উদ্ধৃতির বাইরে থাকে তখন ওইটা একটা নাম হয়, এইক্ষেত্রে একটা চলকের নাম হয় আর ওইটার মান নিয়ে কাজ হয়। একই অবস্থা **porishima** এর ক্ষেত্রেও। উদ্ধৃতি চিহ্নের ভিতরে থাকা **porishima** কথাটি ভৱত ফলনে এসেছে কিন্তু উদ্ধৃতির বাইরে থাকা **porishima** কথাটির বদলে ওটিকে চলক ধরলে যে মান পাওয়া যাবে তা ফলনে এসেছে।

৩.২ প্রকরণের ব্যবহার (Using Constants)

একটি বৃত্তের ব্যাসার্ধ দেয়া আছে ৫ সেমি, বৃত্তির ক্ষেত্রফল নির্ণয়ের জন্য সিপিপিতে একটি ক্রম-লেখ (program) রচনা করো। তোমার ক্রমলেখতে তুমি ব্যাসার্ধের জন্য একটি পূর্ণক (integer) ব্যবহার করবে। আর ক্ষেত্রফলের জন্য প্রথমে পূর্ণক ব্যবহার করে দেখবে কী হয়, তারপর ভগ্নক (fraction) অর্থাৎ সচলবিন্দু সংখ্যা (floating-point number) বা **float** ব্যবহার করবে। তুমি তো জানো বৃত্তের ক্ষেত্রফল হিসাব করার জন্য আমাদের পাইয়ের মান লাগবে। আমরা ওইটা সরাসরি সংখ্যায় না দিয়ে একটা প্রকরণ (constant) হিসাবে ব্যবহার করবো, কারণ পাইয়ের মান তো কখনো বদলাবে না, সব সময় প্রকরণ থাকবে। পাইয়ের মান যেহেতু ভগ্নক আমাদের প্রকরণটি তাই হবে **float** প্রকরণ। চলো আমরা এবার তাহলে ক্রমলেখটি দেখি।

ফিরিস্তি ৩.২: ক্রমলেখতে প্রকরণের ব্যবহার (Constants in Programs)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    int bashardho = 5; // এটি বৃত্তের ব্যাসার্ধের জন্য চলক

    float const pai = 3.1415; // পাইয়ের মানের জন্য প্রকরণ

    // নীচে আমরা বৃত্তের ক্ষেত্রফলের সূত্র লিখছি
    int khetrofol = pai * bashardho * bashardho;

    // এবার আমরা পর্দায় ফলন দেখাবো।
    cout << "bitter khetrofol " << khetrofol
        << " borgo cm" << endl;

    return EXIT_SUCCESS;
}
```

ফলন (output)

```
bitter khetrofol 78 borgo cm
```

৩.২. প্রকরণের ব্যবহার (Using Constants)

তো হয়ে গেল আমাদের বৃত্তের ক্ষেত্রফল নির্ণয়ের ক্রমলেখ। এই রকম চলক (variable) আর প্রকরণ (constant) ব্যবহার না করেই তুমি কিন্তু ক্রমলেখ লিখতে পারতে, তাই না! আমরা কিন্তু সেটা আগের পাঠে এটা আলোচনা করেছি। সেক্ষেত্রে `main()` বিপাতকের {} বন্ধনী দুটোর মধ্যে `return EXIT_SUCCESS;` এর আগে মাত্র এক সারিতে `cout << "britter khetrofol "` `<< 3.1415 * 5 * 5 << " borgo cm" << endl;` লিখলেই আমাদের কাজ হয়ে যেতো। কিন্তু আমরা সেটা না করে কেন চলক ব্যবহার করছি সেটাও ওই একই পাঠে আলোচনা করেছি।

এবার আসি আমরা যে ক্রমলেখটি লিখলাম সেটার বিস্তারিত আলোচনায়। আমরা `#include`, `using namespace`, `int main()`, `return` ইত্যাদি সম্পর্কে ইত্যমধ্যে জেনেছি আগের পাঠগুলো থেকে, কাজেই আমাদের আলোচনা সীমাবদ্ধ থাকবে `main()` বিপাতকে আর যা যা লিখেছি সেই বিষয়গুলোতে। তো চলো আমরা এবার সারির পরে সারি ধরে আলোচনা করি।

উপরে যেমন বলা হয়েছে, সেই অনুযায়ী আমরা প্রথমে ব্যাসার্দের জন্য একটা চলক নিয়েছি `bashardho` নামে যেটি হবে `int` ধরনের অর্থাৎ পূর্ণক বা পূর্ণ সংখ্যা। বৃত্তের ব্যাসার্দ যদি তোমার ভগ্নক হয়, তুমি চাইলে `int` ব্যবহার না করে `float` ব্যবহার করতে পারো। আগের পাঠের সাথে এই পাঠে একটা বিষয় খোঝা করো, আমরা কিন্তু ব্যাসার্দ `bashardho` চলকের মান আলাদা সারিতে না দিয়ে যেখানে চলক ঘোষনা (variable declare) করেছি সেখানেই = চিহ্ন দিয়ে মান আরোপ করেছি অর্থাৎ `bashardho` এর মান সরাসরি 5 হয়ে গেছে। এটাকে বলা হয় চলকের আদি মান আরোপণ (initial value assignment)। এটা করার দুটো সুবিধা: একটা হলো আমাদের দুইটা আলাদা সারিতে দুইবার লিখতে হলো না, আরেকটা হলো চলকে উল্টাপাল্টা মান থাকার কারণে ক্রমলেখয়ে ভুল হিসাব করার সম্ভাবনা কমে গেল। জেনে রাখো চলক ঘোষনার সাথে সাথে কোন মান না দিয়ে না দিলেও ওখানে উল্টা পাল্টা একটা মান থাকে, কী মান থাকবে আমরা কিন্তু কোন ভাবেই আগে থেকে সেটা জানিনা, পুরাই উল্টাপাল্টা একটা মান হতে পারে সেটা। আর ভুলক্রমে ওই চলকে যদি পরে আর মান আরোপ (assign) করা না হয়, অথবা যদি আরোপ করার আগেই অন্য কোন হিসাবে চলকটি ব্যবহার করা হয়, তাহলে সঙ্গত কারণেই উল্টাপাল্টা মানটি কাজে লাগিয়ে একটা উল্টাপাল্টা ফলাফল আসবে, যেটা আমরা কখনোই চাই না।

ব্যাসার্দের জন্য চলক নেয়ার পরে আমরা পাইয়ের মান রাখার জন্য একটি `float const` ধরনের প্রকরণ নেবো যার নাম `pai`। পাইয়ের মান যেহেতু ভগ্ন সংখ্যা আমাদের তাই `float` নিতে হবে, আর পাইয়ের মান যেহেতু সব সময় প্রকরণ তাই আমরা `float` এর পরে `const` লিখে দিতে চাই। তুমি যদি `const` না লিখো তাহলে কিন্তু এটা একটা চলকের মতো কাজ করবে।

```
int cholok = 15; // একটা চলক ঘোষনা করে যার মান দিলাম 15
int const dhrubok = 20; // একটা প্রকরণ ঘোষনা করলাম মান 20

// এখন পর্যন্ত চলক cholok এর মান 15, নীচে নতুন মান দেবো 23
// আবার মান আরোপ না করা পর্যন্ত cholok এর মান থাকবে 23

cholok = 23; // এটা করা যাবে

// এখন পর্যন্ত প্রকরণ dhrubok এর মান 20, নীচে নতুন মান দেবো 25
// কিন্তু ক্রমলেখ সংকলন (compile) করার সময় আমরা ত্রুটিবার্তা পাবো।
// cpp.sh দিয়ে সংকলন করলে ত্রুটিবার্তাটি নিয়ন্ত্রণ হতে পারে
// error: assignment of read-only variable 'dhrubok'

dhrubok = 25; // এটা করা যাবে না, ত্রুটি বার্তা আসবে
```

৩.৩. চলক ঘোষনা (Variable Declarations)

উপরের ক্রমলেখ লক্ষ্য করো। চলক আর প্রিভেকের মধ্যে তফাও হলো চলকের (variable) মান ঘোষনার সময় একবার আরোপ করা যায়, আর তারপরেও যতবার ইচ্ছা ততবার নতুন নতুন মান আরোপ (assign) করা যায়। কিন্তু প্রিভেকে (constant) একটা মান কেবল ঘোষনা করার সময় বলে দেওয়া যায়, ক্রমলেখতে পরে আর কোথাও ওই প্রিভেকের মান বদলে নতুন মান আরোপ (assign) করা যায় না। যদি করো তাহলে সংকলক (compiler) ত্রুটি বার্তা (error message) দেখবে। তো আমরা যেহেতু জানি যে পাইয়ের মান সবসময় প্রিভেক, এটার মান আমাদের কখনো বদল হবে না, আমরা তাই এটাকে চলক হিসাবে ঘোষনা না করে প্রিভেক হিসাবে ঘোষনা করবো।

আশা করা যায় চলক আর প্রিভেকের পার্থক্য পরিষ্কার হয়েছে। এবার দেখো আমাদের বৃত্তের ক্ষেত্রফলের ক্রমলেখতে আমরা ক্ষেত্রফলের জন্য **khetrofol** নামে একটা চলক নিয়েছি, যার প্রকরণ হল **int** বা পূর্ণক। যদি ও আমরা জানি পাইয়ের মান ভগ্নক হওয়ার কারণে আমাদের ফলাফল আসলে একটি ভগ্নক হবে। এইটা আমরা মূলত পরীক্ষামূলক করছি। তো **int** নেয়ার কারণে আমরা আমাদের ক্রমলেখয়ের ফলন দেখতে পাবো 78 আসলে হওয়ার কথা 78.5375। এইটা কেন হলো কারণ হলো প্রথমে 78.5375 ঠিক মতো ভিতরে হিসাব হয়ে যাবে, কিন্তু যখন **khetrofol** চলকের মধ্যে মানটা আরোপ (assign) হবে তখন যেহেতু পূর্ণ সংখ্যা বলে ভগ্নাংশটুকু ঢুকানো যাবে না, তাই ওইটা বাদ পরে যাবে (truncation)। আর মান যেটা আরোপ হবে সেটা হলো বাঁকী পূর্ণাংশটুকু বা 78। তো ভগ্নাংশ সহ সঠিক ক্ষেত্রফল পাওয়ার জন্য **khetrofol** এর সামনে **int** না লিখে **float** লিখে দাও তাহলে দেখবে ঠিক ঠিক 78.5375 ই ফলন হিসাবে চলে আসবে।

উপরের আলোচনায় আমরা তিনটা ব্যাপার শিখলাম: ১) আমরা চলক (variable) না প্রিভেক (constant) ব্যবহার করবো সেটা; তারপর ২) ঘোষনা করার সাথে সাথে একটা আদি মান দিয়ে দেয়া যাকে বলা হয় আদি মান আরোপণ (initial assignment), আর ৩) কোন চলক বা প্রিভেকের প্রকরণ কেমন হবে, **int** না **float** হবে, পূর্ণক না ভগ্নক হবে সেটা আগে থেকে ধারনা করতে পারতে হবে, আর সেই অনুযায়ী চলক বা প্রিভেকের প্রকার বলে দিতে হবে, না হলে সঠিক ফলাফল নাও পাওয়া যেতে পারে, যেমন 78.5375 এর বদলে 78 পাওয়া যেতে পারে।

৩.৩ চলক ঘোষনা (Variable Declarations)

এই পাঠে সিপিপিতে একাধিক চলক (variable) আমরা কীভাবে সহজে ঘোষনা (declaration) করতে পারি তা আলোচনা করবো। আমরা আগে দেখেছি প্রতিটি চলক আলাদা আলাদা করে, এমনকি আলাদা আলাদা সারিতে ঘোষনা করতে। তো সুবিধার জন্য আমরা চাইলে একাধিক চলক এক সারিতেই একটা বিবৃতিতেই ঘোষনা করতে পারি, যদি তাদের সকলের উপাত্ত প্রকরণ (data type) একই হয়, যেমন ওই চলকগুলোর সবই যদি **int** ধরনের হয় অথবা **float** ধরনের হয়। উদাহরণ দিয়ে ব্যাপারগুলো পরিষ্কার করা যাক। ধরো **doirgho**, **prostho**, **porishima** নামে আমরা তিনটি চলক নির্লাম, তিনটা চলকের প্রকরণই **int** অর্থাৎ পূর্ণক বা পূর্ণসংখ্যা।

```
int doirgho; // দৈর্ঘ্যের জন্য চলক যা int ধরনের অর্থাৎ পূর্ণক  
int prostho; // প্রস্ত্রের জন্য চলক যা int ধরনের অর্থাৎ পূর্ণক  
int porishima; // পরিসীমার জন্য চলক যা int ধরনের অর্থাৎ পূর্ণক
```

উপরের তিনটি চলকই যেহেতু **int** ধরনের, কাজেই আমরা ওই তিনটি চলককে চাইলে একটি বিবৃতিতেই (statement) ঘোষনা করতে পারি। সেক্ষেত্রে আমাদের **int** একবার লিখতে হবে, আর চলকগুলোর নাম একটার পর একটা বিচ্ছিন্ন, (comma) দিয়ে লিখতে হবে।

```
int doirgho, prostho, porishima; // সবগুলোই int ধরনের
```

৩.৪. আদিমান আরোপণ (Initial Assignment)

এবার আর একটি উদাহরণ দেখি, যেখানে বৃত্তের ব্যাসার্ধ আর ক্ষেত্রফল বের করতে হবে। তো ব্যাসার্ধ যদি **int** ধরনের বা পূর্ণক হয় আর ক্ষেত্রফল তো **float** ধরনের বা ভগ্নক হবেই। কাজেই আমরা এ দুটোকে একটা বিবৃতি (statement) দিয়ে ঘোষণা করতে পারবো না।

```
int bashardho; // ব্যাসার্ধের জন্য চলক int ধরনের।  
float khetrofol; // ক্ষেত্রফলের জন্য চলক float ধরনের
```

কিন্তু যদি **porishima** এর মতো **bashardho** টাও **float** বা ভগ্নক ধরনের হতো তাহলে আমরা এক বিবৃতি দিয়েই দুটোকে এক সাথে ঘোষণা করতে পারতাম।

```
float bashardho, khetrofol; // ব্যাসার্ধ ও ক্ষেত্রফলের চলক
```

তাহলে একটা ক্রমলেখতেই (program) যদি আমরা আয়তের পরিসীমা আর বৃত্তের ক্ষেত্রফল বের করতে চাই, আমরা দরকারী সবগুলো চলক নীচের মতো করে ঘোষণা করতে পারি, যেখানে **int** চলকগুলো একটা বিবৃতিতে (statement) থাকবে আর **float** চলকগুলো আলাদা আরেকটা বিবৃতিতে থাকবে। মনে রেখো আমরা কিন্তু এই পাঁচটি চলকের প্রত্যেককে আলাদা আলাদা বিবৃতিতে লিখতেই পারতাম। এখানে আমরা সেটা না করা নিয়েই আলোচনা করছি।

```
int doirgho, prostho, porishima; // দৈর্ঘ্য, প্রস্থ, পরিসীমা  
float bashardho, khetrofol; // ব্যাসার্ধ ও ক্ষেত্রফল
```

৩.৪ আদিমান আরোপণ (Initial Assignment)

আগের পাঠে আমরা একাধিক চলক (variable) ঘোষণা (declaration) নিয়ে আলোচনা করেছি। এখন আমরা এদের আদি মান (initial value) আরোপ (assign) করার দিকে নজর দেই। আদিমান হল প্রথমবারের মতো যে মান দিয়ে দেওয়া হয় সেই মানটি। ঘোষণা দেয়ার পরে চলকে আলাদা করে আদি মান আরোপ করতে চাইলে আমরা নীচের মতো করে করবো।

```
doirgho = 6;  
prostho = 3;  
bashardho = 5;
```

অথবা চাইলে এক বিবৃতিতে এক সাথেও করা সম্ভব, বির্তি (comma) দিয়ে।

```
doirgho = 6, prostho = 3, bashardho = 5;
```

আমরা কিন্তু চাইলে আদিমানগুলো নীচের মতো ঘোষনার সাথে সাথেই দিতে পারতাম।

```
int doirgho = 6, prostho = 3, porishima;  
float bashardho = 5, khetrofol;
```

ঘোষনার সাথে সাথে চলকের আদিমান দিলে ক্রমলেখয়ের (program) দক্ষতা অল্প একটু বাড়তে পারে। কারণ ঘোষনার সাথে সাথে আদিমান না দিলেও একটা উল্টাপাল্টা মান তো ভিতরে ভিতরে দেয়াই হয়, পরে যখন আমরা আবার মান দেই, তখন আরেকবার দেওয়া হলো, প্রথমবারেই দেওয়া হলো না। আর ঘোষনার সাথে সাথে আদিমান দিলে, একদম প্রথমবারেই মানটি চলকে দেওয়া হয়ে গেলো। ধ্রবকের ক্ষেত্রে কিন্তু আদি ও একমাত্র মান ঘোষনার সাথে সাথেই দিতে হবে, পরে দেয়ার কোন সুযোগ নাই, সংকলক (compiler) ত্রুটি বার্তা দেখাবে।

৩.৪. আদিমান আরোপণ (Initial Assignment)

কোন চলক ঘোষনার সাথে সাথে তাতে কোন আদিমান না দিলেও যে উল্টাপাল্টা মান থাকে সেটা কত তা যদি জানতো চাও তবে পরীক্ষা করে দেখতে পারো। ধরো তোমার চলক **doirgho**। এখন ঘোষনার পরেই **cout << "doirgho holo "** << **doirgho** << **endl**; লিখে ক্রম-
লেখ সংকলন (compile) করে চালিয়ে (run) দেখতে পারো। কিন্তু মনে রাখবে প্রতিবার চালালে যে একই মান আসবে তার কোন নিশ্চয়তা নাই, যদি আসে সেটা নেহায়েত কাকতাল।

আমরা আগেই জানি বৃত্তের ক্ষেত্রফল নির্ণয়ের জন্য আমাদের পাইয়ের মান দরকার হবে, যেটি একটি ধ্রুবক (constant) আর পাইয়ের মান আসলেই ভগ্নক বা **float**। কিন্তু **float** হওয়া সত্ত্বেও আমরা কিন্তু পাইয়ের জন্য **pai** নামক চলকটিকে **bashardho** আর **khetrofol** এর সাথে একই বিবৃতিতে ঘোষনা করতে পারবো না। কারণ **bashardho** ও **khetrofol** হল চলক (variable) যাদের মান পরে যতবার ইচ্ছা বদলানো যাবে আর **pai** হল ধ্রুবক (constant) যার মান একবার দেওয়ার পরে আর বদলানো যাবে না। পাইয়ের মান তাই আলাদা করে ঘোষনা করতে হবে।

```
int doirgho = 6, prostho = 3, porishima;
float bashardho = 5, khetrofol;
float const pai = 3.1415; // পাইয়ের মানের জন্য ধ্রুবক
```

আমাদের যদি একাধিক **float constant** থাকে সেগুলোকে আবার এক বিবৃতিতেই ঘোষনা করতে পারবো, যেমন পাই আর জি এর মান ঘোষনা করছি নীচে। তোমরা জানো জি হল মাধ্যাকর্ষনের ত্বরণের মান, যা নির্দিষ্ট স্থানে মোটামুটি একটি ধ্রুবক।

```
float const pai = 3.1415, g = 9.81;
```

পরিসীমা আর ক্ষেত্রফলের জন্য আমাদের সুত্র লিখতে হবে, সেগুলোকে বির্তি, (comma) দিয়েই এক বিবৃতিতে লেখা সম্ভব, যেমন নীচে লিখলাম।

```
int doirgho = 6, prostho = 3
int porishima = doirgho * prostho;
float bashardho = 5;
float khetrofol = pai * bashardho * bashardho;
float const pai = 3.1415;
```

উপরে যা লিখলাম তাতে কিন্তু একটা ত্রুটি আছে, সংকলন (compile) করতে গেলেই ত্রুটি ধরা পড়বে। ত্রুটিটি হল আমরা **pai** ঘোষনা করেছি পঞ্চম বিবৃতিতে, কিন্তু **pai** ব্যবহার করেছি চতুর্থ বিবৃতিতে **khetrofol** এর সুত্র লিখতে গিয়েই। কোন চলক ঘোষনা করার আগে সেটা ব্যবহার করা যাবে না, সংকলক যখন চলে (run) তখন সে একে একে বিবৃতিগুলো উপর থেকে নীচে আর বামে থেকে ডানে পড়তে থাকে। তো কোন চলক বা ধ্রুবক ঘোষনার আগেই যদি তাদের ব্যবহারটা পড়ে ফেলে যেমন **pai**, তাহলে সে বুঝতে পারবে না **pai** টা কী জিনিস, এইটা কি চলক নাকি ধ্রুবক, এটা কি **int** ধরনের নাকি **float** ধরনের। আমাদের তাই ঘোষনা অবশ্যই আগে করতে হবে, ব্যবহার করতে হবে পরে। তো চলো নীচে আমরা ঠিক করে পাইয়ের ঘোষণা আগে লিখি।

```
int doirgho = 6, prostho = 3;
int porishima = doirgho * prostho;
float const pai = 3.1415; // ঘোষণা আগে করা হলো
float bashardho = 5;
float khetrofol = pai * bashardho * bashardho;
```

৩.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

লক্ষ্য করো **doirgho**, **prostho**, **bashardho** এর জন্য কিন্তু উপরের ওই ত্রুটি ঘটে নি, কারণ সুত্রে ব্যবহারের আগেই তো ওগুলো ঘোষনা হয়েছে, যদিও একই সারিতে কিন্তু বামের বিষয়গুলো যেহেতু ডানেরগুলোর থেকে আগে, তাই ঘোষনা আগেই হয়েছে। আমরা অবশ্য উপরের মতো করে সুত্রও একই বিক্রিতিতে না দিতে বলবো। তাতে পড়ারও সুবিধা হয়, আবার আগে লিখবো না পরে লিখবো সেই সমস্যাও দুর হয়। তাহলে পুরো ব্যাপারটি দাঁড়াচ্ছে নীচের মতো:

```
int doirgho = 6, prostho = 3, porishima;
float const pai = 3.1415;
float bashardho = 5, khetrofol;

porishima = doirgho * prostho;
khetrofol = pai * bashardho * bashardho;
```

৩.৫ অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে বের করবে।

১. ক্রমলেখতে (program) চলক ও ধ্রুবক কেন ব্যবহার করা হয়? কারণগুলো উল্লেখ করো।
২. ক্রমলেখতে (program) চলক ঘোষনা বলতে কী বুঝা, যথাযথ উদাহরণ দিয়ে দেখাও।
৩. চলকে (variable) মান আরোপণ (value assign) বলতে কী বুঝা? ব্যাখ্যা করো।
৪. কখন তুমি চলক (variable) ব্যবহার না করে ধ্রুবক (constant) ব্যবহার করবে?
৫. সিপিপিতে কী ভাবে চলক ও ধ্রুবক ঘোষনা করতে হয়। যথাযথ উদাহরণ দিয়ে দেখাও।
৬. সিপিপিতে কী ভাবে পূর্ণক ও ভগ্নক ধরনের চলক ঘোষনা করতে হয় উদাহরণ দিয়ে দেখাও।
৭. সিপিপিতে এক সারিতে কখন একাধিক চলক ঘোষনা করা যায়? উদাহরণ দিয়ে দেখাও।
৮. চলকে (variable) আদিমান আরোপণ (initial value assignment) কী?
৯. চলকে (variable) আদিমান আরোপণ না করলে সম্ভাব্য কী ফলাফল ঘটতে পারে?
১০. ধ্রুবকে (constant) কেন আদিমান আরোপ করতে হয়, কিন্তু পরে আরোপ করা যায় না?
১১. ফলাফল ভগ্নক (float) কিন্তু int ধরনের পূর্ণক চলকে আরোপ করলে কী ঘটে?

পরিগণনার সমস্যা: নীচে আমরা কিছু পরিগণনার সমস্যা দেখবো। এই সমস্যাগুলো আগে ধৈর্য ধরে নিজে নিজে সমাধান করতে চেষ্টা করবে। যখন একেবারেই পারছো না বলে মনে হয় তখনই কেবল সমাধান দেখে নিতে পারো। সমাধানগুলো পরিগণনার প্রশ্নগুলোর শেষে আছে।

১. এমন একটি ক্রমলেখ রচনা করো যেটি দুটি পূর্ণক int ধরনের, আর একটি ভগ্নক float ধরনের চলক ঘোষনা করে। ক্রমলেখটি তারপর চলক তিনটির মান যথাক্রমে 10, 15, 12.6 আরোপণ করে। পরিশেষে ক্রমলেখটি চলকগুলোর মান পর্দায় দেখায়।

৩.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

২. ধরো দুটো পূর্ণ সংখ্যা 89 আর 56। এই দুটিকে তুমি দুটো চলকে নিবে, আর তারপর দুইটি চলকে তাদের যোগফল, বিয়োগফল নির্ণয় করবে। সবশেষে সবগুলো চলকের মান ফলনে দেখবে।
৩. যদি তাপমাত্রা সেলসিয়াসে c ডিগ্রী হয় আর ফারেনহাইটে হয় f ডিগ্রী, তাহলে আমরা সূত্র লিখতে পারি $f = 9c/5 + 32$ । ধরো তাপমাত্রা 30 ডিগ্রী সেলসিয়াস, তাহলে ফারেনহাইটে এটি কত হবে? তোমার ক্রমলেখতে তুমি ভগ্নক **float** ধরনের চলক ব্যবহার করবে।
৪. যদি তাপমাত্রা ফারেনহাইটে হয় f ডিগ্রী আর সেলসিয়াসে হয় c ডিগ্রী, তাহলে আমরা সূত্র লিখতে পারি $c = 5(f - 32)/9$ । ধরো তাপমাত্রা 76 ডিগ্রী ফারেনহাইট, তাহলে সেলসিয়াসে এটি কত হবে? তোমার ক্রমলেখতে তুমি ভগ্নক **float** ধরনের চলক ব্যবহার করবে।
৫. ধরো একটা কাজ করতে তোমার 7 ঘন্টা 15 মিনিট 39 সেকেন্ড লেগেছে। এই সময়কে সেকেন্ডে রূপান্তর করো। তোমার ক্রমলেখতে তুমি 60 সেকেন্ডে এক মিনিট আর 60 মিনিটে এক ঘন্টা এই দুটি বিষয় বুঝানোর জন্য দুটো প্রুবক ব্যবহার করবে।

পরিগণনা সমাধান: এবার আমরা পরিগণনার সমস্যাগুলোর সমাধান দেখবো। মনে রাখবে সমাধানগুলো দেয়া হয়েছে তুমি যদি একান্তই নিজে নিজে করতে পারছোনা বলে মনে হয়, তখন কেবল একটু সাহায্য যাতে পেতে পারো তাই। কাজেই পারতপক্ষে সমাধান দেখবে না।

১. এমন একটি ক্রমলেখ রচনা করো যেটি দুটি পূর্ণক **int** ধরনের, আর একটি ভগ্নক **float** ধরনের চলক ঘোষনা করে। ক্রমলেখটি তারপর চলক তিনটির মান যথাক্রমে 10, 15, 12.6 আরোপণ করে। পরিশেষে ক্রমলেখটি চলকগুলোর মান পর্দায় দেখায়।

ফিরিস্তি ৩.৩: চলক ঘোষনার ক্রমলেখ (Program Declaring Variables)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    int purnok1, purnok2; // পূর্ণক দুটি এক সাথে ঘোষনা
    float vognok;        // ভগ্নকটি আলাদা ঘোষনা

    purnok1 = 10, purnok2 = 15; // পূর্ণকে মান আরোপণ
    vognok = 12.6;             // ভগ্নকে মান আরোপণ

    cout << "purnok duti ";    // এখানে endl দেই নাই
    cout << purnok1 << " " << purnok2 << endl;
    cout << "vognok holo " << vognok << endl;

    return EXIT_SUCCESS; // সফল সমাপ্তি
}
```

৩.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ফলন (output)

```
purnok duti 10 15
vognok holo 12.6
```

২. ধরো দুটো পূর্ণ সংখ্যা 89 আর 56। এই দুটিকে তুমি দুটো চলকে নিবে, আর তারপর দুইটি চলকে তাদের যোগফল, বিয়োগফল নির্ণয় করবে। সবশেষে সবগুলো চলকের মান ফলনে দেখাবে। সব মিলিয়ে একটি ক্রমলেখ রচনা করো।

আমরা এই ক্রমলেখতে কেবল দরকারী অংশটুকু দেখাচ্ছি। ধরে নিচ্ছ যে তুমি দরকারী শির নথি (header) অন্তর্ভুক্ত করা, নামাধার `std` ব্যবহার, `main` বিপাতক লেখা ও মান ফেরত দেয়া ইত্যমধ্যে ভালো করে শিখে ফেলেছো। তো তুমি যদি সত্যি নীচের লেখা ক্রমলেখাংশ সংকলন করে চাও, তোমাকে কিন্তু আগে `include`, `namespace`, `main`, `return` ওইগুলো লিখে নিতে হবে, তারপর `main` বিপাতকের ভিতরে `return` এর আগে তুমি আমাদের নীচের অংশগুলো লিখে নিবে। তারপর সংকলন করে ক্রমলেখ চালাবে।

ফিরিষ্টি ৩.৪: পাটিগণিতের অগুক্রিয়ার ক্রমলেখ (Arithmetic Program)

```
int prothom = 89, ditiyo = 56;

int jogfol = prothom + ditiyo;
int biyogfol = prothom - ditiyo;

cout << "prothom holo " << prothom;
cout << " ditiyo holo " << ditiyo;
cout << endl;

cout << "jogfol holo " << jogfol;
cout << " biyogfol holo " << biyogfol;
cout << endl;
```

৩. যদি তাপমাত্রা সেলসিয়াসে c ডিগ্রী হয় আর ফারেনহাইটে হয় f ডিগ্রী, তাহলে আমরা সূত্র লিখতে পারি $f = 9c/5 + 32$ । ধরো তাপমাত্রা 30 ডিগ্রী সেলসিয়াস, তাহলে ফারেনহাইটে এটি কত হবে? তোমার ক্রমলেখতে তুমি ভগ্নক `float` ধরনের চলক ব্যবহার করবে।

ধরে নিচ্ছ প্রথম সমস্যার সমাধান দেখে তুমি ক্রমলেখয়ের কাঠামো দাঁড় করতে পারবে।

ফিরিষ্টি ৩.৫: সেলসিয়াস থেকে ফারেনহাইটে রূপান্তর (Celcius to Fahrenheit)

```
float c = 30, f = 9 * c / 5 + 32;
```

৪. যদি তাপমাত্রা ফারেনহাইটে হয় f ডিগ্রী আর সেলসিয়াসে হয় c ডিগ্রী, তাহলে আমরা সূত্র লিখতে পারি $c = 5(f - 32)/9$ । ধরো তাপমাত্রা 76 ডিগ্রী ফারেনহাইট, তাহলে সেলসিয়াসে এটি কত হবে? তোমার ক্রমলেখতে তুমি ভগ্নক `float` ধরনের চলক ব্যবহার করবে।

ধরে নিচ্ছ প্রথম সমস্যার সমাধান দেখে তুমি ক্রমলেখয়ের কাঠামো দাঁড় করতে পারবে।

৩.৬. গণনা পরিভাষা (Computing Terminologies)

ফিরিস্তি ৩.৬: ফারেনহাইট থেকে সেলসিয়াসে রূপান্তর (Fahrenheit to Celcius)

```
float f = 76, c = 5*(f - 32) / 9;
```

৫. ধরো একটা কাজ করতে তোমার 7 ঘন্টা 15 মিনিট 39 সেকেন্ড লেগেছে। এই সময়কে সেকেন্ডে রূপান্তর করো। তোমার ক্রমলেখতে তুমি 60 সেকেন্ডে এক মিনিট আর 60 মিনিটে এক ঘন্টা এই দুটি বিষয় বুঝানোর জন্য দুটো ঋবক ব্যবহার করবে।

ধরে নিচ্ছ প্রথম সমস্যার সমাধান দেখে তুমি ক্রমলেখতের কাঠামো দাঁড় করতে পারবে।

ফিরিস্তি ৩.৭: সময়কে সেকেন্ডে রূপান্তর (Convert Time to Seconds)

```
int ghonta = 7, minit = 15, sekend = 39;
int const ghontaiMinit = 60, miniteSekend = 60;

int motMin = ghonta * ghontaiMinit + minit;
int motSek = motMin * miniteSekend + sekend;
```

৩.৬ গণনা পরিভাষা (Computing Terminologies)

- | | |
|---------------------------|-------------------------------|
| • আদি মান (initial value) | • ভগ্নক (fraction) |
| • আরোপণ (assign) | • মান (value) |
| • ঘোষনা (declaration) | • মান আরোপণ (value assign) |
| • চলক (variable) | • সচলবিন্দু (floating-point) |
| • ঋবক (constant) | • চলক ঘোষণা (var declaration) |

অধ্যায় ৪

শনাক্তকের নামকরণ (Naming Identifiers)

নামে কী আসে যায় কর্মে পরিচয়। আপনার কাজই নির্ধারণ করে দেবে আপনার পরিচয়। আপনার নাম পরিচয় হবে আপনার কাজের কারণেই। ক্রমলেখ (program) লিখতে গিয়ে আমরা তাই চলক (variable), ধ্রুবক (constant), বিপাতক (function) সহ যে কোন কিছুর নাম দেই তাদের কী কাজে লাগানো হবে সেটা মাথায় রেখে।

৪.১ সুগঠিত নাম (Well-formed Names)

সিপিপিতে চলক ও ধ্রুবকের ব্যবহার তুমি ইত্যমধ্যে শিখে ফেলেছো। আর চলকের নাম কী রকম দিতে হবে সেটাও আগে একটু জেনেছো। এখন আমরা বিজ্ঞারিত ভাবে শিখব সিপিপিতে কী ভাবে চলক বা ধ্রুবকের নাম দিতে হয়, বিশেষ করে নামের গঠনরীতি (syntax) কেমন অর্থাৎ নামে কী রকম অক্ষর থাকতে পারবে অথবা পারবে না। আমরা আপাতত কেবল **main** বিপাতক (function) নিয়ে কাজ করছি। কিন্তু ভবিষ্যতে আমরা যখন নিজেদের জন্য নানান বিপাতক তৈরী করবো, তখন বিপাতকের নামকরণের জন্যেও চলক বা ধ্রুবকের নাম তৈরীর নিয়মগুলোই কাজে লাগবে। চলক বা ধ্রুবক বা বিপাতক যাইহোক নাম কে বলা হয় **শনাক্তক** (identifier)।

সিপিপিতে কোন শনাক্তকের (identifier) নামে কেবল ১) ইংরেজী বর্ণমালার বড় হাতের অক্ষর **A-Z**, ২) ইংরেজী বর্ণমালার ছোট হাতের অক্ষর **a-z**, ৩) ইংরেজী অংক ০-৯ আর ৪) **নিম্নদাগ (underscore)** _ থাকতে পারবে। তবে শনাক্তকের নামের প্রথম অক্ষর আবার অংক ০-৯ হতে পারবে না, প্রথম অক্ষর ছাড়া অন্য যে কোন অক্ষর হিসাবে অংকগুলো ব্যবহার করা যাবে। সুতরাং বোাই যাচ্ছে প্রথম অক্ষর যে কোন বর্ণ **A-Z** বা **a-z** অথবা নিম্নদাগ (**underscore**) _ হতে পারবে। আর তারপরের যে কোন অক্ষর বর্ণ বা অংক বা নিম্নদাগ হতে পারবে। সিপিপিতে শনাক্তকের নামের দৈর্ঘ্য নিয়ে কোন বিধিনিষেধ নেই তবে ক্রমলেখ (program) সংকলনে (compile) কী সংকলক ব্যবহার করা হচ্ছে তার ওপর এটা নির্ভর করতে পারে। **cpp.sh** দিয়ে সংকলন করলে কোন বিধি নিষেধ নেই, মাইক্রোসফট C++ দিয়ে সংকলন করলে ২০৪৮ অক্ষর পর্যন্ত হতে পারে। যাইহোক আমরা এখানে গঠনরীতি অনুযায়ী বৈধ ও অবৈধ কিছু নাম দেখবো।

৪.২. অর্থবোধক নাম (Meaningful Names)

| অবৈধনাম | কারণ |
|-------------|--|
| 12 | নামের সবগুলোর অক্ষর অংক হতে পারবে না |
| 12cholok | নামের প্রথম অক্ষর অংক হতে পারবে না |
| amar cholok | নামের মাঝখানে কোন ফাঁকা (space) থাকতে পারবে না |
| ama;cho+k | বর্ণ, অংক, নিয়ন্ত্রণ ছাড়া অন্য কোন প্রতীক থাকতে পারবে না |

ক্রমলেখতে (program) অবৈধনাম ব্যবহার করলে কী হয়? করে দেখো কী হয়! সংকলক (compiler) ত্রুটিবার্তা (error message) দিবে, আর তোমাকে নামটি ঠিক করতে হবে। তাহলে এখন থেকে তোমার ক্রমলেখতে নাম দেওয়ার সময় নামের এই গঠনরীতি গুলো মেনে চলবে।

| বৈধনাম | কারণ |
|----------------|---|
| p | একটাই অক্ষর সেটি ছোট হাতের বর্ণ |
| P | একটাই অক্ষর সেট বড় হাতের বর্ণ |
| abc | তিনটা অক্ষর সব ছোট হাতের বর্ণ |
| ABC | তিনটা অক্ষর সব বড় হাতের বর্ণ |
| Abc | তিনটা অক্ষর ছোটহাতের বড়হাতের মিশানো |
| bAc | তিনটা অক্ষর ছোটহাতের বড়হাতের মিশানো |
| a1bc | তিনটা ছোটহাতের অক্ষর ও একটা অংক, অংকটি শুরুতে নয় |
| a1Bc | তিনটা ছোটবড় হাতের অক্ষর ও একটা অংক যেটি শুরুতে নয় |
| a.bc | তিনটা ছোটহাতের অক্ষর ও একটি নিয়ন্ত্রণ |
| .abc | তিনটা ছোট হাতের অক্ষর ও তিনটি নিয়ন্ত্রণ |
| .A.b.c | তিনটা ছোটবড় হাতের অক্ষর ও তিনটি নিয়ন্ত্রণ |
| amar_cholok | ছোটহাতের অক্ষর ও নিয়ন্ত্রণ, নামটি অধিক বোধগম্য |
| .amar_Cholok | ছোটবড় হাতের অক্ষর ও নিয়ন্ত্রণ, অধিক বোধগম্য |
| .amarCholok123 | ছোটবড় হাতের অক্ষর, নিয়ন্ত্রণ, ও অংক যেটি শুরুতে নয় |
| amar125cholok | ছোটহাতের অক্ষর ও অংক, অংকটি শুরুতে নয়। |

৪.২ অর্থবোধক নাম (Meaningful Names)

সিপিপিতে শনাক্তকরের (identifier) নাম কেমন হতে পারে আর কেমন হতে পারে না, আমরা তা আগের পাঠে দেখেছি। এই পাঠে আমরা দেখবো নামের অর্থবোধকতা (semantic)। আমরা যখন কোন নাম দেবো, তখন নামটি অবশ্যই অর্থবহু হওয়া চাই। আমরা আগের একটি পাঠে অল্প একটু আলোচনা করেছি নামের অর্থবোধকতা নিয়ে। এখন আরো বিস্তারিত আলোচনা করছি নামগুলো কেমন হলে ভালো হয় সে সম্পর্কে। চলক (variable) বা ধ্রুবক (constant) বা বিপাতকের (function) নাম সবসময় তার কাজ ও ব্যবহারের দিকে খেয়াল রেখে অর্থবোধক হওয়া উচিত। অর্থবোধক না হলে ক্রমলেখ (program) বোঝা আমাদের জন্য কঠিন হয়ে যায়।

অনেকে অতিরিক্ত আগ্রহে যত্রত্র নিজের নামে বা প্রিয় কারো নামে শনাক্তকরণ করে থাকে যেমন **gonimia1**, **gonimia2**, ইত্যাদি। তো এই চলক দুটোর একটা যদি ব্যাসার্ধের জন্য আরেকটা যদি ক্ষেত্রফলের জন্য ব্যবহার করা হয়, তাহলে চলকের নাম থেকে মোটেও বুঝা যাবে না কোন নামটি কী কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাসার্ধের জন্য বরং **radius** বা **bashardho** অথবা নিদেনপক্ষে **r** বা **b** ব্যবহার করা যেতে পারে। এক অক্ষরের নাম দেয়া অনেকে পছন্দ করে, কারণ তাড়াতাড়ি লেখা যায়, কিন্তু একই আদ্যাক্ষর যুক্ত একাধিক চলক থাকলে তখন মুশকিল হয়ে যায়। সেক্ষেত্রে ওই অক্ষরের সাথে আরো অক্ষর লাগিয়ে অথবা সংখ্যা লাগিয়ে প্রতিটি নামকে আলাদা করতে হবে, যাতে অন্তত বুঝা যায় কোন চলকটি কী উদ্দেশ্যে ব্যবহার করা হয়েছে।

৪.৩. লিপি সংবেদনশীলতা (Case Sensitivity)

আমরা যদি দুটো বৃত্ত নিয়ে কাজ করি তাহলে তাদের ব্যাসার্ধের জন্য দুটি চলক হতেই পারে **bashardho1** আর **bashardho2** তাতে কোন সমস্যা নাই। ব্যাপারটা দীপু নম্বর ২ চলচ্ছিট্রের মতো, একজনের নাম দীপু নম্বর ১ আর একজন দীপু নম্বর ২। অথবা কেউ চাইলে নাম দিতে পারে **bashardhoA** আর **bashardhoB**। এভাবে একই ধরনের কাজে ব্যবহার হবে এরকম অনেকগুলো চলক লাগলে আমরা সংখ্যা লাগিয়ে বা বর্ণ লাগিয়ে আলাদা আলাদা নাম তৈরী করে নিবো। এর জন্য অবশ্য **সাজন (array)** নামে আলাদা একটা ধারণা আছে, যেটা আমরা পরে জানবো। সাজন ব্যবহার করে আমরা সংখ্যা লাগিয়ে যত ইচ্ছা ততগুলো একই ধরনের নাম পাই। অনেকে অতিরিক্ত অলস হয়ে থাকে যে কোন কারণে শনাক্তকের নাম করণ করতে থাকে **a, b, c, p, q, r, i, j, k, x, y, z** ইত্যাদি একের পর এক অক্ষর দিয়ে। এটা একটা খুবই বাজে অভ্যাস। এইরকম শনাক্তক মোটেও অর্থবোধক নয়। এগুলো থেকে বুবার কোন উপায় নেই কোন চলকটি ঠিক কী কাজে ব্যবহার করা হচ্ছে। সবসময় এরকম নামকরণ থেকে দুরে থাকবে।

এখানে প্রশ্ন করতে পারো: নামকরণে কি সবসময় একটা মাত্র শব্দই ব্যবহার করবো? একের অধিক শব্দ ব্যবহার করবো না? উন্নত হচ্ছে অর্থবোধক করার জন্য তুমি দরকার মতো একাধিক শব্দ অবশ্যই ব্যবহার করবে, এইটা খুবই ভালো অভ্যাস। আর সেক্ষেত্রে যাতে প্রতিটি শব্দ খুব সহজে বোঝা যায় সে জন্য তোমার কিছু কৌশল অবলম্বন করতে হবে। একটা কৌশল হলো দুটি শব্দের মাঝে একটি নিম্নদাগ_ দেওয়া যেমন **amar_cholok**। আরেকটি কৌশল হল প্রতিটি শব্দের প্রথম অক্ষরটি বড়হাতের দেওয়া আর অন্যগুলো ছোট হাতের, যেমন **AmarCholok** তবে চাইলে একদম প্রথম শব্দের প্রথম অক্ষরটি ছোটহাতেরও রাখতে পারো যেমন **amarCholok**। নীচের সারণীতে আমরা কিছু অর্থবোধক নামের উদাহরণ দেখবো।

| নাম | যথোপযুক্ততার কারণ |
|------------------------|--|
| sum | যোগফলের জন্য sum চলকের ইংরেজী নাম |
| jogfol | যোগফলের জন্য jogfol চলকের বাংলা নাম |
| bijor_songkhar_jogfol | নিম্নদাগ_ দিয়ে অর্থবোধক শব্দ আলাদা হয়েছে |
| odd_number_sum | নিম্নদাগ_ দিয়ে অর্থবোধক শব্দ আলাদা হয়েছে |
| Bijor_Shongkhar_Jogfol | নিম্নদাগ_ দিয়ে আলাদা, বড়হাতের আদ্যাক্ষর |
| BijorShongkharJogfol | বড়হাতের প্রথম অক্ষর দিয়ে আলাদা আলাদা |
| bijorShongkharJogfol | এটি অনেক প্রচলিত ও অনেকেরই পছন্দের |

৪.৩. লিপি সংবেদনশীলতা (Case Sensitivity)

সিপিপি ভাষা একটি লিপি সংবেদনশীল (case sensitive) ভাষা। এই কথার অর্থ কী? সিপিপিতে বড়হাতের ছোটহাতের অক্ষর কি ভিন্নভিন্ন ধরা হয়, নাকি ইংরেজীর মতো একই ধরা হয়?

```
barek is going home  
BAREK IS GOING HOME  
Barek Is Going Home
```

আগের কয়েকটি পাঠে চলক (variable) বাস্তবক (constant) বা বিপাতকের (function) নাম, এককথায় শনাক্তকের (identifier) নামকরণ নিয়ে আমরা আলোচনা করেছি। নামকরণের নিয়মগুলো আলোচনা করার সময় দেখেছি যে কোন শনাক্তকের নামকরণে আমরা চাইলে বড়হাতের বর্ণ A-Z, ছোটহাতের বর্ণ a-z, অংক 0-9, আর নিম্নদাগ_ ব্যবহার করতে পারবো। একই নামে বড়হাতের ছোটহাতের অক্ষর মিশিয়েও নামকরণ করতে পারবো। এমতাবস্থায় প্রশ্ন হচ্ছে কোন নাম ইচ্ছামতো একবার বড়হাতের অক্ষরে অথবা ছোট হাতের অক্ষরে অথবা আরেকবার কিছু অক্ষর

8.8. সংরক্ষিত ও চাবি শব্দ (Reserved & Key Words)

ছোটহাতের কিছু অক্ষর বড় হাতের এইভাবে লিখতে পারবো কিনা। বিশেষ করে আমরা জানি ইংরেজীতে আমি ছোট হাতেরই লিখি আর বড় হাতেরই লিখি শব্দটা আসলে একই থাকে, সিপিপিতেও কি তাই? আমরা বরং উদাহরণ দিয়ে ব্যাপারটা দেখি। ইংরেজীতে ছোট হাতের বড় হাতের অক্ষর আলাদা হলেও ওগুলো কেবলই সৌন্দর্যবর্ধন মূলক। উপরের তিনটে ইংরেজী বাক্য তাই একই।

এবার আমরা সিপিপি ভাষায় ছোট হাতের বড় হাতের অক্ষরের ব্যবহার দেখি। নীচের নামগুলোর প্রত্যক্ষে সিপিপি ভাষায় আলাদা আলাদা নাম হিসাবে ধরা হবে।

| |
|---|
| amarcholok , amarCholok , AmarCholok , amar_cholok , Amar_Cholok , amarChoLok , AmarChOlOk |
|---|

সিপিপিতে উপরের একটা নাম দিয়ে যে চলক বা প্রস্তরক বা বিপাতককে বুঝানো হবে অন্য নাম দিয়ে ওইটাকে বুঝানো যাবে না, বরং অন্য একটা বুঝানো হয়ে যাবে। মোট কথা দুটো নামের একটা অক্ষরেও যদি এদিক সেদিক থাকে তাহলে নামদুটো আসলে আলাদা। দুটোকে একই জিনিসের নাম হিসাবে ধরে নেয়া যাবে না। সুতরাং ক্রমলেখ (program) লেখার সময় খেয়াল রাখবে যাতে একটা চলককে বুঝাতে গিয়ে কেবল বড়হাতের ছোটহাতের বর্ণের ভিন্নতার কারণে আরেকটাকে বুঝিয়ে না ফেলো, তাতে সব ভজ্যট লেগে যাবে। তোমার ক্রমলেখও উলটাপালটা ফলাফল দিবে। আবার ধরো তোমার একটাই চলক যার নাম amarcholok, কিন্তু পরে তুমি লিখেছো amarCholok। এই অবঙ্গয় সংকলন (compile) করলে তোমাকে "amarCholok is not declared" এইরকম ত্রুটিবার্তা (error message) দিবে। তোমাকে তখন amarCholok এর বদলে amarcholok লিখে ঠিক করতে হবে। ক্রমলেখ তৈরীর সময় আমরা প্রায়শই এইরকম ভুল করে থাকি।

উপরের এই নিয়ম জানার পরে তুমি হয়তো মনে করবে এইটা তো ভালোই। আমার যদি দুইটা বৃত্তের ব্যাসার্ধের জন্য চলক লাগে একটার নাম দিবো bashardho আর একটার নাম দিবো Bashardho। হ্যাঁ, তুমি সেটা দিতেই পারো। সিপিপি যেহেতু দুইটাকে আলাদা আলাদা চলক হিসাবে ধরে নিবে, তাই এই দুটো হলো দুটো বৈধ আলাদা নাম। তবে অর্থবোধকতার দিক ভেবে তুমি হয়তো এরকম নাম করণ থেকে দূরে থাকার চেষ্টা করবে। একটা অক্ষর বড় বা ছোটহাতের কেবল এই অল্প একটুখানি ভিন্নতা দিয়ে আসলে তেমন বেশী অর্থবোধক পার্শ্বক্য তৈরী করা যায় না, ফলে ক্রমলেখ (program) পড়া কঠিন হয়। আর একটা ব্যাপার: চলকের নামকরণে বড়হাতের ছোটহাতের অক্ষর মিশাতে তো পারোই যেমন AmarCholok, কিন্তু এমন ভাবে মিশিও না যে পড়াটা খুব কঠিন হয়ে যায়, যেমন AmArChOlOk, এই রকম নাম চট করে পড়া আসলে সন্তুষ্ট না, বরং এইরকম নাম যন্ত্রনাদায়ক। কাজেই সবমিলিয়ে সহজ ও সুন্দর নাম দিবে, কেমন!

8.8 সংরক্ষিত ও চাবি শব্দ (Reserved & Key Words)

সংরক্ষিত শব্দ (reserved word) বা চাবি শব্দ (key word) কী? আমি কি চলক (variable), প্রস্তরক (constant) বা বিপাতকের (function) এর শনাক্তক (identifier) হিসাবে সংরক্ষিত শব্দ বা চাবি শব্দ ব্যবহার করতে পারবো? সিপিপিতে সংরক্ষিত শব্দ বা চাবি শব্দ কোনগুলো?

সংরক্ষিত শব্দ বিষয়ে আলোচনার আগে আমরা একটা গল্প বলে নেই। এক বাড়িতে থাকে জামাই-বউ আর তাদের সাথে থাকে বড় কুটুম অর্থাৎ বউয়ের ভাই বা জামাইয়ের শ্যালক। তো সেই শ্যালকের নাম হল দুলাল। একদিন জামাই বেচারা তার বউয়ের কষ্ট লাঘব করার জন্য একজন কাজের ছেলে নিয়ে আসে। বউ জিজেস করে "এই ছেলে তোমার নাম কী?" কাজের ছেলে বলে তার নাম দুলাল। বউ তখন জামাইকে বলে ছেলেটির নাম বদলাতে হবে। জামাই অবাক, অবাক কাজের ছেলেটিও। তার নাম দুলাল, ভালোই তো নামটি, সেটা বদলাতে হবে কেন। বউ জামাইকে বকতে থাকে "তুমি জানো না আমার ভাই অর্থাৎ তোমার শ্যালকের নাম দুলাল"। যে বাসায় শ্যালকের

8.8. সংরক্ষিত ও চাবি শব্দ (Reserved & Key Words)

নাম দুলাল, সেই বাসার কাজের ছেলের নাম দুলাল হয় কেমনে, শ্যালক হলো বড় কুটুম, তার কী এত বড় অসম্মান করা যায়! আর জামাইয়ের নাম হলো কাদের। তো বট আরো এক কাঠি বাড়িয়ে বলতে থাকে ঠিক আছে কাজের ছেলের নাম বদলে কাদের রাখা হউক, দেখি জামাইয়ের কেমন লাগে। তারপর জামাইয়ের সামনেই কাজের ছেলেকে বলে "এই এখন থেকে তোর নাম দিলাম কাদের।" তারপর হেঁড়ে গলায় ডাকতে থাকে "কাদের, এই কাদের, এই দিকে আয়।" কেমন একটা বেড়াহেড়া অবস্থা। শেষ পর্যন্ত ঠিক হয় এক বাসায় দুইটা দুলাল তো হতে পারেনা, একজনের নাম বদলাতে হবে। আর বাসার বড় কুটুমের নাম তো আর বদলানো যাবে না কোন ভাবেই, ওটা সংরক্ষিত নাম, কাজেই বদলাতে হবে কাজের ছেলের নাম। সুতরাং কাজের ছেলের নাম দেয়া হয় দুলাল্যা। তাহলে শ্যালকের নাম দুলাল, আর কাজের ছেলের নাম দুলাল্যা।

সিপিপি ভাষায় গঠন কাঠামো ঠিক রাখার জন্য কিছু সুনির্দিষ্ট শব্দ আছে। আমরা ইত্যমধ্যে এরকম কিছু শব্দ ব্যবহার করেছি। যেমন **return**, **int**, **float**। এই শব্দগুলোর অর্থ সিপিপি ভাষাতে আগে থেকে সুনির্দিষ্ট, যেমন **return** মানে যখন বিপাতক (function) শেষ হয়, **int** আর **float** হল চলকের মান কেমন পূর্ণক বা পূর্ণ সংখ্যা না ভগ্নক বা ভগ্ন সংখ্যা এইরকম। এই তিনটি ছাড়াও আরো অনেকগুলো এই রকম শব্দ আছে। এই শব্দগুলো চাইলে আমরা নিজেরা আমাদের চলক বা প্রক্রিয়া বা বিপাতকের নাম হিসাবে ব্যবহার করতে পারবো না। এইগুলো হচ্ছে সংরক্ষিত শব্দ (reserved word)। এই শব্দগুলোকে অন্য কথায় চাবি শব্দও (key word) বলা হয়। তাহলে তোমার ক্রমলেখতে তুমি এইরূপ সংরক্ষিত শব্দ বা চাবি শব্দ শনাক্তকরে (identifier) নাম হিসাবে ব্যবহার করবে না। কারণ ওগুলো বড়কুটুম দুলালের নামের মতো। যদি একান্তই দরকার হয় তাহলে দুলাল কে দুলাল্যা বানানোর মতো কিছু যোগ-বিয়োগ করে ভিন্ন শব্দ বানিয়ে ব্যবহার করবে। যেমন **return** না ব্যবহার করে **returnValue** ব্যবহার করলে, এইরকম। নীচে আমরা সিপিপির সংরক্ষিত শব্দগুলোর তালিকা দিচ্ছি।

- **সংগঠিত পরিগণনায় (structured programming) ব্যবহৃত শব্দ:**
break, case, char, const, continue, default, do, double, else, enum, extern, float, for, goto, if, int, long, register, short, signed, sizeof, static, struct, switch, typedef, union, unsigned, return, void, volatile, while
- **বস্ত্রযুক্তি (object-oriented) পরিগণনায় ব্যবহৃত শব্দ:**
class, explicit, delete, friend, inline, mutable, namespace, new, operator, private, protected, public, this, using, virtual
- **ক্রটি সামলানোর (error handling) জন্য শব্দ:**
catch, noexcept, throw, try
- **যুক্তি ও বিটপ্রতি অণুক্রিয়ার (logical and bit-wise operators) শব্দ:**
bool, and, and_eq, bitand, bitor, compl, false, not, not_eq, or, or_eq, true, xor, xor_eq
- **উপাকৃত প্রকরণ (data type) সংক্রান্ত শব্দ:**
auto, const_cast, decltype, nullptr, dynamic_cast, reinterpret_cast, static_cast, typeid
- **হাঁচ (template) সংক্রান্ত শব্দ:**
export, template, typename

8.5. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

- সংকলন সময়ে (compile-time) ব্যবহৃত হওয়া শব্দ:
`static_assert`, `constexpr`
- পূর্ব প্রক্রিয়কের (preprocessor) জন্য শব্দ:
`if`, `elif`, `else`, `endif`, `defined`, `ifdef`, `ifndef`, `define`, `undef`,
`include`, `line`, `error`, `pragma`
- বিভিন্ন আকারের অক্ষরের জন্য শব্দ: `char16_t`, `char32_t`, `wchar_t`
- বিবিধ শব্দ: `alignas`, `alignof`, `asm`, `concept`, `requires`, `thread.local`

8.5 অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে বের করবে।

1. শনাক্তক (identifier) কী? ক্রমলেখতে শনাক্তকের ভূমিকা কী?
2. সিপিপিতে শনাক্তকের (identifier) নাম করণের নিয়মাবলী বর্ণনা করো।
3. ক্রমলেখতে (program) গঠনগত ভাবে অবৈধ নাম ব্যবহার করলে কী ঘটে?
4. অর্থবোধক নাম কী? ক্রমলেখতে অর্থবোধক নাম ব্যবহার করা উচিত কেন?
5. সিপিপি একটি লিপি সংবেদনশীল (case sensitive) ভাষা, এর মানে কী ?
6. সংরক্ষিত ও চাবি শব্দ কী? এগুলো কেন শনাক্তক হিসাবে ব্যবহার করা যায় না?

চর্চামূলক প্রশ্ন: নীচের শব্দগুলো গঠনগত (syntactically) ভাবে শনাক্তকের (identifier) নাম হিসাবে বৈধ নাকি অবৈধ? যদি বৈধ হয় তাহলে অর্থবোধক (meaningful) নাকি অর্থবোধক নয়? অথবা কোন শব্দ কি সংরক্ষিত বা চাবি শব্দ (reserved or key word)? প্রথমে নিজে নিজে উত্তর বের করার চেষ্টা করবে, একান্ত না পারলে নীচের সমাধান দেখবে।

| | | |
|-----------------------------|-----------------------------|--------------------------|
| 1. <code>void</code> | 9. <code>xyz123</code> | 17. <code>mutable</code> |
| 2. <code>MAX-ENTRIES</code> | 10. <code>part#2</code> | 18. <code>max?out</code> |
| 3. <code>double</code> | 11. <code>"char"</code> | 19. <code>Name</code> |
| 8. <code>time</code> | 12. <code>#include</code> | 20. <code>name</code> |
| 5. <code>G</code> | 13. <code>a_long-one</code> | 21. <code>name_1</code> |
| 6. <code>Sue's</code> | 14. <code>_xyz</code> | 22. <code>Int</code> |
| 7. <code>return</code> | 15. <code>9xyz</code> | 23. <code>INT</code> |
| 8. <code>cout</code> | 16. <code>main</code> | 24. <code>_SUM</code> |

৪.৫. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

| | | |
|---------------------------------|-------------------------|------------------------|
| ২৫. <code>sum_of_numbers</code> | ২৮. <code>printf</code> | ৩১. <code>\$sum</code> |
| ২৬. <code>firstName</code> | ২৯. <code>int</code> | ৩২. <code>num^2</code> |
| ২৭. <code>Identifier</code> | ৩০. <code>pow</code> | ৩৩. <code>num 1</code> |

চর্চামূলক উত্তর: উপরের প্রশ্নগুলোর উত্তর এখানে দেয়া হচ্ছে। প্রথমে নিজে নিজে উত্তর বের করার চেষ্টা করবে, একান্ত না পারলে এই সমাধান দেখবে।

১. `void`: সংরক্ষিত শব্দ, কোন প্রকারেই না এমন বুঝানো হয়
২. `MAX-ENTRIES`: বৈধ শনাক্তক, অর্থবোধক
৩. `double`: সংরক্ষিত শব্দ, বড় আকারের ভগ্নকের জন্য
৪. `time`: বৈধ শনাক্তক, কিন্তু ভাষালয়ে (library) বিদ্যমান, তাই পরিত্যাজ্য
৫. `G`: বৈধ শনাক্তক, কিন্তু অর্থ বুঝা যাচ্ছ না, যদি না পারিপার্শ্বিকতা পরিষ্কার থাকে
৬. `Sue's`: অবৈধ শনাক্তক কারণ নামে ' ব্যবহার করা যায় না
৭. `return`: সংরক্ষিত শব্দ, বিপাতক থেকে ফেরত গমন
৮. `cout`: বৈধ শনাক্তক, কিন্তু ভাষালয়ে (library) বিদ্যমান, তাই পরিত্যাজ্য
৯. `xyz123`: বৈধ শনাক্তক, কিন্তু অর্থবোধক কিনা পরিষ্কার না
১০. `part#2`: অবৈধ শনাক্তক কারণ নামে # ব্যবহার করা যায় না
১১. `"char"`: অবৈধ শনাক্তক কারণ নামে " ব্যবহার করা যায় না
১২. `#include`: পূর্ব-প্রক্রিয়কের (preprocessor) জন্য সংরক্ষিত শব্দ
১৩. `a_long—one`: বৈধ শনাক্তক, কিন্তু অর্থ সেই ভাবে পরিষ্কার নয়।
১৪. `_xyz`: বৈধ শনাক্তক, কিন্তু অর্থ সেই ভাবে পরিষ্কার নয়
১৫. `9xyz`: অবৈধ শনাক্তক, নামের শুরুতে অক্ষ থাকতে পারে না, পরে থাকতে পারে
১৬. `main`: সংরক্ষিত শব্দ নয়, কিন্তু পরিত্যাজ্য কারণ এটি প্রত্যেক ক্রমলেখতেই থাকে
১৭. `mutable`: সংরক্ষিত শব্দ, কোন ঋজবক ও বিশেষ অবস্থায় পরিবর্তন যোগ্য হলে
১৮. `max?out`: অবৈধ শনাক্তক, নামে ? চিহ্ন থাকতে পারবে না
১৯. `Name`: বৈধ শনাক্তক, অর্থবোধক, কীসের নাম সেটা পরিষ্কার নয়
২০. `name`: বৈধ শনাক্তক, অর্থবোধক, কীসের নাম সেটা পরিষ্কার নয়
২১. `name_1`: বৈধ শনাক্তক, অর্থবোধক, কীসের নাম সেটা পরিষ্কার নয়
২২. `Int`: বৈধ শনাক্তক, তবে সংরক্ষিত শব্দ `int` এর সাথে বিভান্তি দেখা দিতে পারে

৪.৬. গণনা পরিভাষা (Computing Terminologies)

২৩. **INT** : বৈধ শনাক্তক, তবে সংরক্ষিত শব্দ int এর সাথে বিআন্তি দেখা দিতে পারে
২৪. **_SUM** : বৈধ শনাক্তক, অর্থবোধক, যোগফলের জন্য
২৫. **sum_of_numbers** : বৈধ শনাক্তক, অর্থবোধক
২৬. **firstName** : বৈধ শনাক্তক, অর্থবোধক, অনেকের পছন্দের
২৭. **Identifier** : বৈধ শনাক্তক, অর্থবোধক, কীসের শনাক্তক পরিষ্কার নয়
২৮. **printf** : বৈধ শনাক্তক, অর্থবোধক, কিন্তু ভাষালয়ে (library) বিদ্যমান, তাই পরিত্যাজ্য
২৯. **int** : সংরক্ষিত শব্দ, পূর্ণক উপাত্ত ধারনের জন্য উপাত্ত প্রকরণ
৩০. **pow** : বৈধ শনাক্তক, অর্থবোধক, কিন্তু ভাষালয়ে (library) বিদ্যমান, তাই পরিত্যাজ্য
৩১. **\$_sum** : অবৈধ শনাক্তক, নামে \$ চিহ্ন ব্যবহার করা যায় না
৩২. **num^2** : অবৈধ শনাক্তক, নামে ^ চিহ্ন ব্যবহার করা যায় না
৩৩. **num 1** : অবৈধ শনাক্তক, নামে ফাঁকা ব্যবহার করা যায় না

৪.৬ গণনা পরিভাষা (Computing Terminologies)

- শনাক্তক (identifier)
- নিম্নদাগ (underscore)
- সাজন (array)
- সংগঠিত (structured)
- পরিগণনা (programming)
- সংগঠিত পরিগণনায় (structured programming)
- বস্ত্রমুখী (object-oriented)
- বস্ত্রমুখী পরিগণনা (object oriented programming)
- ত্রুটি সামলানো (error handling)
- যুক্তি অগুক্রিয়া (logical operators)
- বিটপ্রতি অগুক্রিয়া (bit-wise operators)
- উপাত্ত প্রকরণ (data type)
- ছাঁচ (template)
- সংকলন সময়ে (compile-time)

অধ্যায় ৫

যোগান ও আরোপণ (Input and Assignment)

ক্রমলেখতে (program) উপাত্ত (data) কোথা থেকে আসে? হয় আমরা ক্রমলেখয়ের ভিতরে সরাসরি লিখে দেই, যেমনটি আগের পাঠগুলোতে করেছি, আর না হয় আমরা উপাত্ত ব্যবহারকারী-দের কাছে থেকে যোগান (input) নেই। উপাত্ত যোগান নিয়ে সেটিকে ধারন করার উদ্দেশ্যে আমরা চলকে (variable) আরোপণ (assign) করি যাতে ওই উপাত্ত পরে কাজে লাগানো যায়।

৫.১ উপাত্ত যোগান (Data Input)

সিপিপিতে এমন একটি ক্রমলেখ (program) লিখো যেটি যে কোন আয়তের ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয় করতে পারে। তোমার ক্রমলেখ তুমি মাত্র একবারই সংকলন (compile) করতে পারবে, আর প্রত্যেক আলাদা আয়তের জন্য তুমি ক্রমলেখটি বারবার কেবল চালাতে পারবে, কিন্তু ক্রমলেখয়ের ভিতরে দৈর্ঘ্য ও প্রস্থ বদলে দিয়ে বারবার সংকলন করতে পারবে না। তারমানে তোমাকে দৈর্ঘ্য ও প্রস্থ যোগান (input) হিসাবে তোমার ক্রমলেখ ব্যবহারকারীর কাছে থেকে নিতে হবে।

উক্ত ক্রমলেখ লেখার আগে চলো আমরা কিছু দরকারী আলোচনা সারি। আমরা যখন কোন গণনা সমস্যার (computing problem) সমাধান করতে চাই, যেমন আলোচ্য ক্ষেত্রে আমরা আয়তের দৈর্ঘ্য ও প্রস্থ জেনে তার ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয় করতে চাই, তখন আমরা মূলত একটি ক্রমলেখ (program) ব্যবহার করবো, মানে আমরা ক্রমলেখটি চালাবো (run)। এখন এই ক্রমলেখ হয়তো আমরা নিজেরা তৈরী করবো অথবা অন্য কেউ আমাদের তৈরী করে দিবে। বেশীর ভাগ ক্ষেত্রে ক্রমলেখটি অন্যের তৈরী করা দেয়া, আমরা কেবল ব্যবহারকারী।

ভেবে দেখো ক্রমলেখ তৈরী করা (write) আর চালানো (run) আসলে দুটো ভিন্ন ঘটনা। এই দুটো ঘটনা পরপর একসাথে ঘটবে এরকম সবসময় হয় না। বরং বেশীর ভাগ সময়ে এই ঘটনা দুটো আসলে ভিন্ন দুটি সময়ে ভিন্ন দুই ব্যক্তির দ্বারা সংঘটিত হয়। তাছাড়া ক্রমলেখ যে চালাবে সে হয়তো কেবল একটা আয়তের ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয় করতে চায় না বরং তার হাতে হয়তো অনেক আয়ত আছে আর সে সবগুলো আয়তের জন্যই ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয় করতে চায়। সুতরাং প্রতিটা আয়তের জন্য তার একটা করে আলাদা ক্রমলেখ লাগবে যদি ক্রমলেখয়ের ভিতরে আয়তের দৈর্ঘ্য ও প্রস্থ দিয়ে দেয়া হয়। অথবা তার এমন একটা ক্রমলেখ লাগবে যেটা কোন না কোন ভাবে সবগুলো আয়তের জন্যই কাজ করবে, আর সঠিক ভাবেই করবে অর্থাৎ ক্রমলেখটি মূলত সুত্রের (formula) ওপর নজর দেবে, উপাত্তের (data) ওপর নয়।

৫.১. উপাত্ত যোগান (Data Input)

আমরা উপরে যেসব অবস্থা আলোচনা করলাম সেই সব অবস্থায় ক্রমলেখক (programmer) ক্রমলেখ তৈরী করার সময় জানবেন না আয়তের দৈর্ঘ্য ও প্রস্থ কী হবে, সেটি জানা সম্ভব হবে পরে ব্যবহারকারী যখন ক্রমলেখটি চালাবেন কেবল তখন। প্রশ্ন হচ্ছে এমতাবস্থায় ক্রমলেখক উপাত্ত (data) ছাড়া কী ভাবে ক্রমলেখ তৈরী করবেন। সত্যি বলতে উভর তো গণিতেই আছে চলক (variable) ব্যবহার করে। আর আমরা তো ইত্যমধ্যে ক্রমলেখতে চলক ব্যবহার করেছিই। আমাদের কেবল যেটা করা দরকার তা হলো ক্রমলেখয়ের ভিতরে দৈর্ঘ্য বা প্রস্থ সরাসরি লিখে না দিয়ে ওইটা যাতে ব্যবহারকারী ক্রমলেখ চালানোর সময় দিয়ে দিতে পারে সেই ব্যবস্থা করা। নীচের ক্রমলেখতে আমরা তাই করেছি। আমরা ব্যবহারকারীর কাছে থেকে চলকের মান উপাত্ত হিসাবে যোগান (input) নিয়েছি। এবার আমরা ওই ক্রমলেখটির সংশ্লিষ্ট অংশটুকু বিশ্লেষণ করি।

ফিরিস্তি ৫.১: উপাত্ত যোগানের ক্রমলেখ (Programs with Data Input)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    int doirgho; // আয়তের দৈর্ঘ্যের জন্য চলক
    cin >> doirgho; // দৈর্ঘ্য যোগান হিসাবে নেওয়া হবে

    int prostho; // আয়তের প্রস্থের জন্য চলক
    cin >> prostho; // প্রস্থ যোগান হিসাবে নেওয়া হবে

    // ক্ষেত্রফল ও পরিসীমার সূত্র
    int khetrofol = doirgho * prostho;
    int porishima = 2*(doirgho + prostho);

    // ক্ষেত্রফল ও পরিসীমা ফলন
    cout <<"khetrofol holo "<< khetrofol << endl;
    cout <<"porishima holo "<< porishima << endl;

    return EXIT_SUCCESS; // সফল ভাবে ফেরত
}
```

যোগান-ফলন (input-output)

```
13
12
khetrofol holo 156
porishima holo 50
```

৫.১. উপাত্ত যোগান (Data Input)

উপরের ক্রমলেখতে খেয়াল করো আমরা দৈর্ঘ্যের জন্য একটি চলক **doirgho** ঘোষণা করেছি, কিন্তু সাথে সাথে তার কোন আদিমান আরোপ (initial value assign) করি নাই। কারণ আগেই যেমন আলোচনা করলাম, আমরা যখন ক্রমলেখ লিখছি তখন আমরা আসলে জানিনা যে **doirgho** এর মান কতো। আমরা বরং ওইটা ব্যবহারকারীর কাছে থেকে নেবো। আর সে কারণে আমরা **cin >> doirgho;** লিখেছি। এখানে **cin** হল **console in**। সাধারণত যোগান যন্ত্র (input device) চাপনি (keyboard) ও টিপনি (mouse) আর ফলন যন্ত্র (output device) নজরি (monitor) মিলিয়ে হল আমাদের **console** বা যন্ত্রালয়। তো **console in** বলতে আমরা এখানে যোগান যন্ত্র বিশেষ করে চাপনি (keyboard) থেকে যোগান (input) নেয়া বুঝাচ্ছি। তাহলে **cin** ব্যবহারকারীর কাছে থেকে চাপনির মাধ্যমে সংখ্যাটা নিয়ে সেটা **doirgho** চলকের ভিতরে দিয়ে দিবে। এতে ওই চলকে একরকমের মান আরোপণ (value assign) হয়ে যাবে।

ব্যবহারকারীর কাছে থেকে দৈর্ঘ্য নেবার পরে আমাদের প্রস্তুতি নিতে হবে। উপরের ক্রমলেখতে খেয়াল করো আমরা দৈর্ঘ্যের মতো করেই প্রস্তুতি নেওয়া হল **prostho** নামে একটা **int** ধরনের চলক ঘোষণা করেছি আর তার পরের সারিতে **cin** ব্যবহার করে **prostho** এর মান ব্যবহারকারীর কাছে থেকে নেয়ার কথা লিখেছি। উপরের ক্রমলেখয়ের বাঁকী অংশটুকু তো আগের পাঠের ক্রমলেখগুলোতে যেমন দৈর্ঘ্য ও প্রস্তুতি ব্যবহার করে ক্ষেত্রফল ও পরিসীমার সূত্র লিখা হয়েছে আর তারপরে ফলন (output) দেখানো হয়েছে ঠিক তেমনই। আমরা সেগুলো আর আলোচনা করছি না।

এবার আমরা আর একটু আলোচনা করি উপরের ক্রমলেখটি সংকলন (compile) করে চালালে কী ঘটবে তা নিয়ে। উপরের ক্রমলেখটি চালালে আমরা দেখব পর্দায় (screen) কিছু আসছে না, চটুলটা (cursor) কেবল লাফালাফি করছে। আমরা এই অবস্থায় দৈর্ঘ্যের মান, ধরা যাক 13 চেপে ভুক্তি (enter) চাপবো। ভিতরে ভিতরে **cin** ওই মান নিয়ে **doirgho** চলকের মধ্যে রেখে দিবে। চটুলটা (cursor) তারপরও লাফালাফি করবে। আমরা তখন 12 দিয়ে ভুক্তি (enter) চাপবো, **cin** ওইটা **prostho** চলকে রেখে দিবে। তারপর পর্দায় আমরা ফলন দেখতে পাবো। প্রথম সারিতে থাকবে **khetrofol holo** 156 আর পরের সারিতে **porishima holo** 50।

উপরে ক্রমলেখতে আমরা চাইলে কিছু সংক্ষিপ্তকরণ করতে পারি। যেমন দৈর্ঘ্য ও প্রস্তুতি ঘোষণা (declaration) ও যোগান (input) নেয়া চার সারিতে না করে আমরা ওগুলোকে মাত্র দুই সারিতে সারতে পারি। প্রথম সারিতে আমরা চলক দুটো ঘোষণা করবো। আর পরের সারিতে আমরা চলক দুটোর যোগান নিবো। নীচের ক্রমলেখাংশে (program segment) এইগুলো দেখানো হলো।

```
int doirgho, prostho; // আয়তের দৈর্ঘ্য ও প্রস্তুতি নেওয়া হবে
cin >> doirgho >> prostho; // দৈর্ঘ্য ও প্রস্তুতি নেওয়া হবে
```

আর সেক্ষেত্রে ক্রমলেখটি চালানোর সময় যোগান নেয়ার অংশ নিম্নরূপ হবে। লক্ষ্য করবে চটুল (cursor) যখন যোগান নেবার জন্য লাফাতে থাকবে, আমরা তখন 13 ও 12 সংখ্যা দুটি ফাঁকা দিয়ে এক সাথে দিয়েই ভুক্তি (enter) চাপতে পারবো, অথবা চাইলে 13 লিখে ভুক্তি চেপে তারপর 12 লিখে আবার ভুক্তি চাপতে পারবো। আর ফলনের অংশ আগের মতোই হবে।

```
13 12
```

কেউ যদি চায় তাহলে কিন্তু ফলন অংশেও এরকম সংক্ষিপ্তকরণ করতে পারে। যেমন ক্ষেত্রফল ও পরিসীমা চাইলে এক সারিতেই ফলন দিতে পারে।

```
cout << "khetrofol ar porishima holo " << khetrofol
<< " " << porishima << endl; // cout হতে এই পর্যন্ত
পুরোটা আসলে এক সারিতে
```

তবে সবকিছু একবার **cout** দিয়ে দেওয়ার চেয়ে আমরা হয়তো দুইবারে দিতে চাইবো।

৫.২. যোগান যাচনা (Input Prompt)

```
cout << "khetrofol ar porishima holo ";
cout << khetrofol << " " << porishima << endl;
```

উপরের উভয় ক্ষেত্রে পর্দায় ফলন কিন্তু একসারিতেই আসবে।

```
khetrofol ar porishima holo 156 50
```

৫.২ যোগান যাচনা (Input Prompt)

সিপিপিতে এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি যে কোন আয়তের ক্ষেত্রফল ও পরিসীমা নির্ণয় করতে পারে। তোমার ক্রমলেখ আয়তের দৈর্ঘ্য ও প্রস্থ ব্যবহারকারীর কাছে থেকে যোগান (input) নিবে। আর দৈর্ঘ্য ও প্রস্থ যোগান নেবার আগে তোমার ক্রমলেখ অবশ্যই ব্যবহা-
রকারীকে দৈর্ঘ্য ও প্রস্থের মান জিজ্ঞেস করবে অর্থাৎ যাচনা (prompt) করবে।

ফিরিস্তি ৫.২: যোগান যাচনার ক্রমলেখ (Program with Input Prompt)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

int main()
{
    int doirgho;           // আয়তের দৈর্ঘ্যের জন্য চলক
    cout << "doirgho koto? "; // মান যাচনা করা হচ্ছে
    cin >> doirgho;        // দৈর্ঘ্য যোগান হিসাবে নেওয়া হবে

    int prostho;           // আয়তের প্রস্থের জন্য চলক
    cout << "prostho koto? "; // মান যাচনা করা হচ্ছে
    cin >> prostho;        // প্রস্থ যোগান হিসাবে নেওয়া হবে

    // ক্ষেত্রফল ও পরিসীমার সূত্র
    int khetrofol = doirgho * prostho;
    int porishima = 2*(doirgho + prostho);

    // ক্ষেত্রফল ও পরিসীমা ফলন দেয়া হবে
    cout << "khetrofol holo " << porishima << endl;
    cout << "porishima holo " << porishima << endl;

    return EXIT_SUCCESS; // সফল ভাবে ফেরত
}
```

৫.২. যোগান যাচনা (Input Prompt)

যোগান-ফলন (input-output)

| |
|--------------------|
| doirgho koto? 13 |
| prostho koto? 12 |
| khetrofol holo 156 |
| porishima holo 50 |

আগের পাঠের ক্রমলেখতে আমরা চলকের মান ব্যবহারকারীর কাছে থেকে নেয়ার জন্য **cin** ব্যবহার করেছি। ওই ক্রমলেখটি যখন আমরা চালাই তখন দেখি পর্দায় (screen) কিছু নাই আর চটুলটা (cursor) কেনো যেনো লাফালাফি করছে। সেই অবস্থায় আমরা প্রথমে দৈর্ঘ্যের মান 13 দিয়ে ভুক্তি (enter) চেপেছি। চটুলটা তারপরও লাফালাফি করছিল। আমরা তখন 12 দিয়ে ভুক্তি চেপেছি। তারপর পর্দায় ফলন এসেছিল প্রথম সারিতে **khetrofol holo 156** আর পরের সারিতে **porishima holo 50**। তো এই যে চটুলটা (cursor) লাফালাফি করছিল দৈর্ঘ্য ও প্রস্ত্রের মান নেয়ার জন্য এইটা আমরা বুবতে পারি কারণ আমরা নিজেরাই এক্ষেত্রে ক্রমলেখটি তৈরী **write**) করেছি আর নিজেরাই সেটা সংকলন (compile) করে চালাছি (run)। আমরা এক্ষেত্রে জানি যে আমাদের ক্রমলেখটি প্রথমে দৈর্ঘ্য চাচ্ছে আর সেটা দেবার পর প্রস্ত্র চাচ্ছে। এবার ভেবে দেখো আমাদের লেখা ক্রমলেখ যদি আমরা ছাড়া অন্য কেউ চালায় (run) তাহলে সে কী ভাবে জানবে চটুলটা (cursor) ওই অবস্থায় কেন লাফাচ্ছে। সে কি আসলেই দৈর্ঘ্য বা প্রস্ত্র নেয়ার জন্য অপেক্ষা করছে নাকি ভিতরে ভিতরে ঘটনা অন্য কিছু সে হয়তো অন্য কিছু করছে।

তো ওপরের সমস্যা সমাধানের জন্য আমরা যেটি করবো সেটি হলো আমাদের ক্রমলেখতে **cin >> doirgho;** লেখার আগে আমরা একটা বার্তা দেখাবো যে আমরা দৈর্ঘ্যের মান চাই। উপরের ক্রমলেখ খোয়াল করো **cin >> doirgho;** লেখার আগে আমরা **cout << "doirgho koto?"**; লিখে আসলে সেটাই করতে চাইছি। এই ক্রমলেখ যখন চালানো হবে তখন প্রথমে পর্দায় **doirgho koto?** দেখা যাবে। আর **cout** এর শেষে আমরা যেহেতু **endl** অর্থাৎ end line দেই নাই, চটুলটা (cursor) সেহেতু ওই একই সারিতে লাফাইতে থাকবে, লাফাইতে থাকবে মুলত **cin >> doirgho;** এর কারণে **doirgho** এর মান নেয়ার জন্য। আমরা তখন **doirgho** এর মান দিয়ে ভুক্তি (enter) চাপবো। তাহলে "চটুল কেন লাফায়?" আমরা এই সমস্যার সমাধান করে ফেললাম কেমন! এই যে যোগান (input) নেবার আগে একটা বার্তা দিয়ে ব্যবহারকারীকে জানানো যে আমরা কী যোগান চাই, এই ব্যাপারটিকে বলা হয় **যোগান যাচনা (input prompt)**। উপরের ক্রমলেখতে খোয়াল করো আমরা প্রস্ত্রের জন্যে ও একই ভাবে যোগান (input) নেবার আগে "**prostho koto?**" বার্তা দিয়ে যোগান যাচনা (input prompt) করেছি। তাহলে এখন থেকে তোমার ক্রমলেখতে যোগান নেবার আগে অবশ্যই যোগান যাচনা করবে, কেমন?

উপরে ক্রমলেখতে আমরা চাইলে কিছু সংক্ষিপ্তকরণ করতে পারি। যেমন দৈর্ঘ্য ও প্রস্ত্র ঘোষনা (declaration), যোগান যাচনা (input prompt) করা, ও যোগান (input) নেয়া ছয় সারিতে না করে আমরা ওগুলোক মাত্র তিনি সারিতে সারতে পারি। প্রথম সারিতে আমরা চলক দুটো ঘোষনা করবো। আর পরের সারিতে আমরা যোগান যাচনা করবো তারপরে সারিতে চলক দুটোর মান যোগান নিবো। নীচে ক্রমলেখাংশে (program segment) এইগুলো দেখানো হলো।

| |
|---|
| int doirgho, prostho; // দৈর্ঘ্য ও প্রস্ত্রের জন্য চলক |
| cout << "doirgho o prostho koto? ";// একসাথে যাচনা |
| cin >> doirgho >> prostho; // দৈর্ঘ্য ও প্রস্ত্র যোগান |

আর সেক্ষেত্রে ক্রমলেখটি চালানোর সময় যোগান নেয়ার অংশ নিম্নরূপ হবে। অর্থাৎ ক্রমলেখ চালালে **doirgho o prostho koto?** দেখানোর পরে চটুলটা (cursor) যোগান নেবার জন্য লাফাতে থাকবে। আমরা 13 ও 12 সংখ্যা দুটি ফাঁকা দিয়ে এক সাথে দিয়েই ভুক্তি (enter) চাপতে

৫.৩. মান আরোপণ (Value Assignment)

পারবো, অথবা চাইলে 13 লিখে ভুক্তি চেপে তারপর 12 লিখে আবার ভুক্তি চাপতে পারবো। আর ফলনের অংশ আগের মতোই হবে, কাজেই আমরা সেটা আর দেখাচ্ছি না।

```
doirgho o prosthokoto? 13 12
```

৫.৩ মান আরোপণ (Value Assignment)

ক্রমলেখতে (program) চলক নিয়ে তাতে মান আরোপণ (value assign) করলে আসলে কী ঘটে? চলকে একটা মান আগে থেকে আছেই, এমতাবস্থায় আরেকটা মান আরোপ করলে কী ঘটে? একটা চলক থেকে আরেকটা চলকে মান আরোপ করলেই বা কী ঘটে?

```
int amar;  
int tomar = 5;
```

উপরে আমরা দুটো চলক ঘোষনা (variable declare) করলাম: একটার নাম **amar** আর আরেকটার নাম **tomar**, দুটোই **int** ধরনের অর্থাৎ পূর্ণক, একটাতে আদিমান (initial value) দিয়ে দিলাম আর একটাতে দিলাম না। আমরা যখন চলক ঘোষনা করি তখন আসলে আমরা গণনির (computer) স্মরনিতে (memory) কিছু জায়গা দখল করি। ধরে নিতে পারো স্মরনি হল একটা রাস্তার পাশে অনেকগুলো একই রকম বাড়ি। কোন চলক ঘোষনা করার সময় আমরা আসলে ওই বাড়িগুলোর একটা দখল করে সেই বাড়িটার নাম দিয়ে দেই আমাদের চলকের নামে। তোমরা নিচয় দেখেছো অনেকেরই বাড়ির নাম থাকে যেমন "শাস্তি নীড়"। আমাদের চলক বাড়িগুলোর নাম **amar** ও **tomar**। তো আমরা যখন উপরের দুটো চলক ঘোষনা করলাম তখন স্মরনিতে ওই রকম দুটো জায়গা নিয়ে তাদের নাম দিয়ে দিলাম **amar** আর **tomar**। এখন কথা হচ্ছে স্মরণিতে (memory) ওই জায়গায় আমরা আসলে রাখবো কী? উত্তরটাতো সহজ আমরা রাখবো চলকটির মান। যখন আমরা আদিমান দিয়ে দিলাম তখন ওই জায়গাতে আমাদের দেয়া মানটা থাকবে, আর যখন আদিমান দিবো না, তখনও ওই জায়গাটিতে আগে থেকে যাই ছিল তাই থাকবে।

```
amar = tomar;
```

এবার আমরা যদি উপরের মতো করে **tomar** এর মান **amar** এ আরোপ করি তাহলে কী ঘটবে? আসলে উপরের এই বিবৃতি (statement) চালানোর পরে **amar** এর আগের মান মুছে দিয়ে সেটার নতুন মান হয়ে যাবে **tomar** এর মানের সমান অর্থাৎ **amar** এর মানও হবে 5। এখানে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলে রাখতে হবে যে এই যে **tomar** থেকে **amar** এ মান আরোপ করা হলো এতে কিন্তু **tomar** এর মানে কোন পরিবর্তন হবে না। অর্থাৎ **tomar** এর মান আগের মতো 5-ই থাকবে। আরোপণে (assignment) সমান চিহ্নের বামে যা থাকে সেটাকে লক্ষ্য (target) আর ডানে যেটা থাকে সেটাকে (source) বলা হয়, কারণ উৎস থেকে মান নিয়ে লক্ষ্য আরোপ করা হয়। উপরের আরোপণে **amar =** চিহ্নের বামে তাই এটি লক্ষ্য আর **tomar** ডানপাশে তাই এটি উৎস। আরোপণের ফলে লক্ষ্যের মান বদলে কিন্তু উৎসের মান বদলে না, একই থাকে।

উপরের ক্রমলেখাংশ (program segment) আর ফলনাংশ (output segment) লক্ষ্য করো। আমরা প্রথমে চলক **x** ঘোষনা করে তার আদি মান (initial value) দিয়েছি 3, তারপর চলক **y** ঘোষনা করে তার আদিমান দিয়েছি **x+5** অর্থাৎ $3 + 5 = 8$ । এই পর্যায়ে ফলন দেখানো হয়েছে **x** আর **y** দুটোর মানেরই। ফলনাংশে আমরা দেখতে পাচ্ছি **x 3 y 8**। তারপর ক্রমলেখাংশে আমরা লিখেছি **x = y * 3;** ফলে **x** এর মান হবে এখন $8 * 3 = 24$, আর **y** এর মান কিন্তু একই থাকবে, কারণ **y** এর মান আমরা কেবল ব্যবহার করেছি, **y** এ তো কোন মান আরোপ করি

৫.৪. মান অদল-বদল (Value Swapping)

নাই। ক্রমলেখাংশে পরের বিবৃতিতে (statement) আমরা **x** ও **y** এর তথনকার মান দেখিয়েছি, ফলনাংশে সেটা ঠিকই **x = 24 y = 8** দেখাচ্ছে। ক্রমলেখাংশে এরপরের বাক্যে আমরা আবার **x** এ মান আরোপ করেছি **x = y + 3 * 4;** তো এর ফলে আগের মতোই **y** এর মান বদল হবে না, কিন্তু **x** এর নতুন মান হয়ে যাবে $8 + 3 * 4 = 20$, যা পরের **cout** এর মাধ্যমে ফলনাংশে ঠিকই দেখানো হয়েছে **x = 20 y = 8**। ক্রমলেখাংশে এরপর আমরা দেখি **y = x * 2;** এর ফলে **y** এর নতুন মান হবে $y = 20 * 2 = 40$, আর **x** এর মান এবার আগে যা ছিলো তাই থাকবে, কারণ **x** এর মান কেবল ব্যবহার করা হয়েছে, **x** এ কোন মান আরোপ করা হয় নি।

ক্রমলেখাংশ (program segment)

```
int x = 3; // আদি মান আরোপ  
int y = x + 5; // আদি মান আরোপ  
cout << "x " << x << " y " << y << endl; // মান দেখাও  
  
x = y * 3; // পুনরায় মান আরোপ  
cout << "x " << x << " y " << y << endl; // মান দেখাও  
  
x = y + 3 * 4; // পুনরায় মান আরোপ  
cout << "x " << x << " y " << y << endl; // মান দেখাও  
  
y = x * 2; // পুনরায় মান আরোপ  
cout << "x " << x << " y " << y << endl; // মান দেখাও
```

ফলনাংশ (output segment)

```
x 3 y 8  
x 24 y 8  
x 20 y 8  
x 20 y 40
```

সবমিলিয়ে একটা বিষয় দেখা যাচ্ছে আরোপণে = চিহ্নের বামে থাকা লক্ষ্য চলকের (target variable) মান কেবল পরিবর্তন হয়, আর = চিহ্নের ডানে থাকা চলক (variable) বা রাশির (expression) এর মান কোন পরিবর্তন হয় না। আরেকটি ব্যাপার হলো কোন চলকে পরে কোন নতুন মান আরোপ না হওয়া পর্যন্ত আগেরবার যে মান আরোপ করা হয়েছিল সেটাই থাকে।

৫.৪ মান অদল-বদল (Value Swapping)

ধরো তোমার দুটো চলক (variable) আছে **x** আর **y** আর তাদের মান যথাক্রমে 12 ও 13। তো তোমাকে এমন কিছু বিবৃতি (statement) লিখতে হবে যাতে ওই বিবৃতিগুলো চালানোর (run) পরে আমরা **x** আর **y** এর মান যথাক্রমে 13 আর 12 পাই অর্থাৎ মানদুটো অদল-বদল হয়ে যায়।

```
int x = 12; // x এর মান আরোপ করা হলো  
int y = 13; // y এর মান আরোপ করা হলো
```

উপরে আমরা কেবল চলক **x** আর **y** ঘোষনা করে তাদের আদিমান হিসাবে 12 ও 13 দিয়ে দিলাম। এখন আমরা এমন কিছু করবো যাতে **x** আর **y** মান অদল-বদল হয়ে যায়। প্রথমেই আমরা

৫.৪. মান অদল-বদল (Value Swapping)

একটা চটুল সমাধান করি। তোমাদের মধ্যে যারা দুষ্ট ধরনের আর চটপটে তারা সাধারণত এই সমাধানটি করতে চাইবে। নীচের বিবৃতি দুটো লক্ষ্য করো: আমরা স্রেফ **x** এর মধ্যে সরাসরি 13 আরোপ করেছি আর **y** এর মধ্যে 12 আরোপ করেছি। ব্যস হয়ে গেল **x** আর **y** এর মান অদল-বদল! আসলে আমরা কী এইটে চেয়েছিলাম? এখানে তো চলক দুটোর মধ্যে একটা থেকে আরেকটাতে মান নেয়ার মতো কোন ঘটনা ঘটে নি, কাজেই কোন অদল বদলের কিছু ঘটে নি!

```
x = 13; // x এর মান আরোপ করা হলো  
y = 12; // y এর মান আরোপ করা হলো
```

অদল-বদল বুঝার জন্য চিন্তা করো তোমার দুটি পেয়ালা আছে: কাঁচের পেয়ালা আর কাঁসার পেয়ালা। কাঁচের পেয়ালায় আছে আঙুরের রস আর কাঁসার পেয়ালায় কমলার রস। এখন তুমি এই পেয়ালা দুটোতে থাকা ফলের রস অদল-বদল করতে চাও যাতে কাঁচের পেয়ালায় থাকে কমলার রস আর কাঁসার পেয়ালায় থাকে আঙুরের রস। তো এখন তুমি কী করবে। তুমি তো আর সরাসরি একটার ফলের রস আরেকটাতে ঢেলে দিতে পারো না। তোমাকে যেটা করতে হবে তা হলো আরেকটা পেয়ালা নেয়া। ধরো সেটা কাঠের পেয়ালা। এই কাঠের পেয়ালাটি তুমি একটা থেকে আরেকটাতে ঢালাঢালির কাজে ব্যবহার করবে। তাহলে এই অতিরিক্ত কাঠের পেয়ালা কাজে লাগিয়ে কীভাবে তোমার কাঁচ আর কাঁসার পেয়ালার ফলের রস অদল-বদল করা যায়, আমরা নীচে তা দেখি।

১. একদম শুরুতে কাঁচের পেয়ালায় রয়েছে আমাদের আঙুরের রস আর কাঠের পেয়ালা খালি।
সুতরাং কাঁচের পেয়ালা থেকে আঙুরের রস কাঠের পেয়ালায় ঢালো। ফলে কাঠের পেয়ালায় থাকলো আঙুরের রস আর কাঁচের পেয়ালা খালি হয়ে গেলো।
২. কাঁচের পেয়ালা যেহেতু এখন খালি আর কাঁসার পেয়ালায় আছে কমলার রস, আমরা তাই কাঁসার পেয়ালার কমলার রস কাঁচের পেয়ালায় ঢালবো। ফলে কাঁচের পেয়ালায় থাকলো কমলার রস আর কাঁসার পেয়ালা খালি হয়ে গেলো।
৩. কাঁসার পেয়ালা যেহেতু এখন খালি আর কাঠের পেয়ালায় আছে আঙুরের রস, আমরা তাই কাঠের পেয়ালার আঙুরের রস কাঁসার পেয়ালায় ঢালবো। ফলে কাঁসার পেয়ালায় থাকলো আঙুরের রস আর কাঠের পেয়ালা খালি হয়ে গেলো।

উপরের ধাপ তিনটি সম্পূর্ণ করলেই আমাদের এক পেয়ালার ফলের রস আরেক পেয়ালায় অদল-বদল হয়ে যাবে। তো পেয়ালা দুটোর রস অদল-বদলের মতোই আসলে আমাদের চলকদুটোর মান অদল-বদল করতে হবে। একটা অতিরিক্ত পেয়ালার মতো আমাদের এখানেও লাগবে একটা অতিরিক্ত চলক। ধরে নেই আমাদের সেই অতিরিক্ত চলক হলো **z**। আমরা তাহলে এই অতিরিক্ত চলক কাজে লাগিয়ে আমাদের **x** আর **y** চলকের মান অদল-বদল করে ফেলি।

```
z = x; // z হলো 12 আর x আছে 12, y আছে 13  
x = y; // x হলো 13 আর y আছে 13, z আছে 12  
y = z; // y হলো 12 আর z আছে 12, x আছে 13
```

তো উপরের তিনটি বিবৃতি চালালেই আমাদের **x** আর **y** চলক দুটোর মান অদল-বদল হয়ে গেলো। খেয়াল করেছো চলকের নাম যখন আমরা আরোপ চিহ্নের ভাবে লিখেছি তখন আসলে আমরা চলকটির ডান-মান বুঝিয়েছি, আর যখন বামে লিখেছি তখন বাম-মান বুঝিয়েছি। তবে পেয়ালা আর ফলের রসের অদল বদলের সাথে চলক আর মানের অদল-বদলের কিন্তু কিছুটা তফাত আছে। তফাতটা হলো ফলের রস এক পেয়ালা থেকে আরেক পেয়ালয় ঢাললে যেটা থেকে ঢালা হলো সেই পেয়ালা খালি হয়ে যায়। কিন্তু চলকের ক্ষেত্রে **z = x;** করলে চলক **x** এর মান চলক **z**

৫.৫. আরোপণের বাম ও ডান (Assignment Left and Right)

এ আরোপ হয় ঠিকই, কিন্তু চলক **x** কিছুতেই খালি হয় না, বরং তার যে মান ছিলো সেটাই থাকে। চলকের মান বদলে যায় কেবল যখন এতে নতুন মান আরোপ করা হয়।

৫.৫ আরোপণের বাম ও ডান (Assignment Left and Right)

কোন চলকের (variable) বাম-মান (lvalue) ও ডান-মান (rvalue) বলতে কী বুবো? কোন চলকে মান আরোপ করতে গেলে আমরা আরোপ (assign) = চিহ্ন দিয়ে বামে ও ডানে কিছু লিখি যেমন **y = x;**। এখানে বামেরটিকে বলা হয় লক্ষ্য (target) আর ডানেরটিকে বলা হয় উৎস (source)। আরোপণের ফলে ডান পাশের উৎস থেকে মান বাম পাশের লক্ষ্য আরোপিত হয়। কথা হচ্ছে আরোপ = চিহ্নের বামে আমরা কী কী দিতে পারবো বা পারবো না, আর ডানেই বা কী কী দিতে পারবো বা পারবো না? তাছাড়া একটা চলকের নাম আরোপ = চিহ্নের বাম বা ডানপাশে লিখলে এই দুই ক্ষেত্রে চলকের ভূমিকায় আসলে কোন তফাও হয় কিনা?

এই আলোচনায় যাওয়ার আগে আমরা একটু পরের উদ্ধৃতাংশটুকু বিবেচনা করি। "ঢাকার মামা হালিম বিখ্যাত। চল আমরা মামা হালিম খাই। তুমি খাবে এক বাটি, আমি খাব এক বাটি। আমার বাটিটা পরিষ্কার নয়, তোমার বাটিটা পরিষ্কার।" তো এইখানে বাটি মানে কখন আসলে হালিম আর কখন আসলে সেটা পাত্র? আমরা বুঝতে পারি "তুমি খাবে এক বাটি, আমি খাব এক বাটি" এই কথাগুলোতে বাটি বলতে আসলে সত্যি সত্যি পাত্রটাকে কামড়ে কামড়ে খাওয়ার কথা বলা হচ্ছে না, বরং তুমি এক বাটি পরিষ্কার হালিম খাবে আর আমি এক বাটি পরিষ্কার হালিম খাবো তাই বুঝানো হচ্ছে। এক বাটি হালিম মানে একটা বাটিতে থাকা হালিম। বিষয়গুলোকে চলক আর তার মানের সাথে মিলাও। বাটি ঠিক যেন চলকের মতো আর হালিম হল তার মানের মতো। আবার "আমার বাটিটা পরিষ্কার নয়, তোমার বাটিটা পরিষ্কার।" এই অংশে বাটি মানে আসলে বাটি নামের পাত্রটা, সেই পাত্রে ঢালা হালিম নয় কোন ভাবেই। তাহলে দেখা যাচ্ছে বাটি বলতে কখনো কখনো আসলে পাত্রটাকে বুঝানো হয় আর কখনো কখনো পাত্রটাতে থাকা হালিমকে বুঝানো হয়। একই ভাবে চলকের নাম উল্লেখ করলে কখনো কখনো চলকটির মানকে বুঝানো হয়, কখনো কখনো আসলে চলকটির জন্য স্মরণিতে (memory) বরাদ্দ জায়গাটুকু বুঝানো হয়।

x = 3; এখানে চলক **x** বলতে আমরা আসলে চলক **x** এর জন্য স্মরণিতে (memory) নেয়া জায়গাটুকু বুঝি যেখানে মান 3 কে রাখা হবে। এখানে কোন ভাবেই চলক **x** এ আগে থেকে বিদ্যমান মানকে বুঝানো হচ্ছে না। খেয়াল করো এখানে চলক **x** আরোপ = চিহ্নের বাম পাশে আছে। যখন চলক **x** আসলে স্মরণিতে বরাদ্দকৃত জায়গাকে বুঝায় তখন এটাকে আমরা স্বেচ্ছ চলক না বলে আরো স্পষ্ট করে বলবো চলকের **বাম-মান (l-value)**। তাহলে মনে রেখো চলকের বাম মান দিয়ে আমরা বুঝাবো চলকের জন্য স্মরণিতে নেয়া জায়গাটুকু।

y = x; এখানে চলক **y** বলতে আমরা চলক **y** এর জন্য স্মরণিতে বরাদ্দ পাওয়া জায়গাটুকুকে বুঝি। আর চলক **y** আরোপ = চিহ্নের বামে আছে তাই এখানে চলক **y** এর বাম-মান ব্যবহৃত হয়েছে। তবে চলক **x** বলতে এখানে আমরা কেবল তার মানটাকে বুঝি। খেয়াল করো চলক **x** এর মানটাইতো চলক **y** এর স্মরণিতে জমা হবে, চলক **x** এর জন্য বরাদ্দ জায়গাতো আর গিয়ে চলক **y** এর জায়গায় লেখা হবে না। আমরা দেখছি এখানে চলক **x** আরোপ = চিহ্নের ডানে রয়েছে। যখন চলক **x** আসলে তার মানটাকে বুঝায় তখন আমরা এটাকে বলব চলকের **ডান-মান (r-value)**। চলকের ডান মান দিয়ে আমরা তাহলে বুঝাবো চলকের যে মান সেটিকে, স্মরণিতে থাকা জায়গাটিকে নয়।

উপরের আলোচনা থেকে আমরা একটা বিষয়ই পরিষ্কার করতে চেয়েছি সেটা হলো, আরোপ = চিহ্নের বামে আমরা কেবল এমন কিছু দিতে পারবো যার জন্য স্মরণিতে জায়গা দখল করা আছে,

৫.৬. আত্ম-শরন আরোপণ (Self-Referential Assignment)

অর্থাৎ যার বাম-মান (l-value) আছে। আর আরোপ চিহ্নের ডান পাশে আমরা এমন কিছু দিতে পারবো যার মান আছে অর্থাৎ ডান-মান (r-value) আছে। একটা বিষয় খেয়াল করো যার বাম-মান আছে অর্থাৎ স্মরনিতে যার জায়গা আছে তার একটা মানও থাকবেই অর্থাৎ তার ডান-মান থাকবেই, যেমন যে কোন চলকের। কথা হচ্ছে এমন কিছু কি আছে যার ডান মান আছে কিন্তু বাম মান নাই। উত্তর ধরে নিতে পারো আছে। যেমন $x = 3$; এইখানে 3 এর ডান মান আছে কিন্তু বাম মান নাই। কাজেই কেউ চাইলে $3 = x$; লিখতে পারবে না, সংকলন (compile) করার সময় ত্রুটি দেখাবে বলবে "error: lvalue required as left operand of assignment"। একই ভাবে কেউ চাইলে আরোপণ হিসাবে $y+3 = x$; ও লিখতে পারবে না, একই ত্রুটি (error) দেখাবে, কারণ চলক y এর বাম মান সম্বর হলেও $y + 3$ করলে ওইটা আর চলক y থাকে না হয়ে যায় একটা রাশি যার মান হবে y এর মান যোগ 3, কাজেই সেটার কেবল মান থাকে, তার জন্য স্মরনিতে কোন জায়গা থাকে না। বুঝাই যাচ্ছে অন্যদিকে আরোপণ হিসাবে $x = y + 3$; লিখা যাবে কারণ $y + 3$ এর ডান-মান আছে অপর দিকে চলক x এর বাম-মান আছে।

৫.৬ আত্ম-শরন আরোপণ (Self-Referential Assignment)

ক্রমলেখ (program) দেখলে আমাদের সাধারণত $x = x + 1$; বা এই জাতীয় অঙ্গুত কিছু বিষয় নজরে আসে। মূল কথা হলো এই সব ক্ষেত্রে একই চলক (variable) আরোপ (assignment) = চিহ্নের বামেও রয়েছে আবার ডানেও রয়েছে। আমরা সকলে গণিত জানি কম বা বেশী। সেখানে সমীকরণ নিয়ে আমাদের যে ধারনা আছে সেই অনুযায়ী তো x কখনো $x + 1$ এর সমান হতে পারে না। তাহলে ক্রমলেখতে $x = x + 1$; এর মতো অর্থহীন বিষয় কেন থাকে?

$x = x + 1;$ // চিহ্ন = গণিতের সমান চিহ্ন নয়, এটি গণনার আরোপণ।

আসলে = চিহ্নটি গণিতে আমরা ব্যবহার করি দুটো সংখ্যা তুলনা করে যদি দেখি তারা একে অপরের সমান তাহলে। আমরা তাই ওটাকে গণিতে সমান (equal) চিহ্ন বলে থাকি। কিন্তু গণনার জগতে = চিহ্নটিকে সমান চিহ্ন হিসাবে ব্যবহার না করে বরং আরোপণ (assignment) চিহ্ন হিসাবে ব্যবহার করা হয়। কাজেই কোন ক্রমলেখতে আমরা যখন $x = x + 1$; দেখি তখন আসলে ওটা কোন ভাবেই গণিতের সমীকরণ নয়, বরং ওইটা গণনার জগতের আরোপণ। সুতরাং গণিতের জগতে ওইটা কোন অর্থ তৈরী না করলেও গণনার জগতে ওটার সুনির্দিষ্ট অর্থ আছে।

আমরা আরোপণ (assignment) নিয়ে আগেই আলোচনা করেছি। ওই আরোপণগুলোর সবগুলোতে বাম আর ডান উভয় পাশে চলক থাকলেও আলাদা আলাদা চলক ছিল। আর $x = x + 1$ ও আরোপণ তবে এখানে একই চলক আরোপ চিহ্নের বামেও আছে ডানেও আছে। এইরকম আরোপণ যেখানে একই চলক বামেও আছে ডানেও আছে সেটাকে আমরা বলবো আত্ম-শরন আরোপণ (self-referential assignment) অর্থাৎ যেখানে একটা চলক নিজের মানের জন্য নিজেরই শরনাপন্ন হয়। আত্ম-শরণ আরোপণে ডানপাশে চলকটির ডান-মান (r-value) ব্যবহৃত হয়, আর বামপাশে চলকটির বাম-মান (l-value) ব্যবহৃত হয়। এই রকম আরোপণে আসলে কী ঘটে?

`int x = 3; // চলক x এ আদি মান আরোপ করা হলো
x = x + 1; // এখানে আত্ম-শরণ আরোপণ করা হচ্ছে
cout << x << endl; // চলক x এর মান ফলন দেওয়া হচ্ছে`

এই রকম আরোপণ বুঝতে গেলে আমরা $x = x + 1$; বিবৃতিটিকে দুইটি ঘটনায় বিভক্ত করে নিতে পারি। একটা ঘটনা হল ডান পাশে $x + 1$ হিসাব করা অর্থাৎ $x+1$ এর মান বা আরো পরিষ্কার করে বললে ডান-মান হিসাব করা। আর অন্য ঘটনাটা হল বাম পাশে x এর বাম-মানে অর্থাৎ

৫.৭. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

স্মরনিতে (memory) x এর জন্য বরাদ্দ করা জায়গায় ডান পাশ থেকে পাওয়া মানটি লিখে দেওয়া। তো এই দুটো ঘটনার প্রথমটি আগে ঘটবে আর দ্বিতীয়টি পরে ঘটবে। উপরে আমরা x এর আদি মান নিয়েছি 3। এরপর যখন $x = x + 1$; নির্বাহিত (execute) হবে তখন প্রথম ঘটনাটি ঘটবে আগে অর্থাৎ $x + 1$ মান হিসাব হবে। x এর মান যেহেতু এই অবস্থায় 3 তাই $x + 1$ হবে 4। মনে করে দেখো এই 4 এর কিন্তু কেবল ডান-মান আছে এর জন্য স্মরনিতে কোন জায়গা দখল করা নেই বা এর কোন বাম-মান নেই। অর্থাৎ এই 4 কোন ভাবেই x চলকের জায়গায় নেই, অন্য কোথাও আছে। যাইহোক এমতাবস্থায় এরপর ঘটবে দ্বিতীয় ঘটনাটি অর্থাৎ এই 4 মানটি গিয়ে লেখা হয়ে যাবে x এর জন্য বরাদ্দ জায়গাতে। আমরা তাই x এর পুরনো মান 3 বদলে সেখানে পাবো এর নতুন মান 4। তাহলে $x = x + 1$; আত্ম-শরণ আরোপণের ফলে চলকের মান এক বেড়ে গেলো।

আত্ম-শরণ আরোপণের আরো নানারকম জটিল অবস্থা আছে যেমন $x = x * 3$; বা $x = x * x + x + 1$; এগুলোর প্রতিটি ক্ষেত্রে আগে ডানপাশের মান হিসাব করা হবে আর তারপর সেই মান বাম পাশে লিখে দেয়া হবে, ফলে চলকটিতে নতুন একটি মান থাকবে।

৫.৭ অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে বের করবে।

১. সরাসরি ক্রমলেখয়ের (program) ভিতরে দিলে উপাত্ত দিয়ে দিলে সমস্যা কী?
২. উপাত্ত (data) কেনো যোগান (input) নিতে হবে? সুবিধা-অসুবিধা কী কী?
৩. যোগান যাচনা (input prompt) কী? যোগান নেয়ার আগে কেন যাচনা করা উচিত?
৪. চলকে (variable) মান আরোপণে (assignment) লক্ষ্য ও উৎসে কী ঘটে বর্ণনা করো।
৫. চলকের বাম-মান আর ডান-মান বলতে কী বুঝো? উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।
৬. আরোপণে = চিহ্নের বামে কেন এমন কিছু দেয়া যায় না যার কেবল ডান মান আছে?
৭. আত্ম-শরণ (self-referential) আরোপণ কী উদাহরণ সহ ব্যাখ্যা করো।
৮. দুটি চলকে (variable) থাকা মান বদলাবদলি করবে কেমনে ব্যাখ্যা করো।

পরিগণনার সমস্যা: নীচে আমরা কিছু পরিগণনার সমস্যা দেখবো। এই সমস্যাগুলো আগে ধৈর্য ধরে নিজে নিজে সমাধান করতে চেষ্টা করবে। যখন একেবারেই পারছো না বলে মনে হয় তখনই কেবল সমাধান দেখে নিতে পারো। সমাধানগুলো পরিগণনার প্রশ্নগুলোর শেষে আছে।

১. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি পূর্ণক (**int**) ও একটি ভগ্নক (**float**) যোগান (input) নিয়ে সেগুলো আবার ফলনে (output) দেখায়।
২. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি দুটি ভগ্নক (**float**) সংখ্যা যোগান (input) নিয়ে সংখ্যা দুটি ও তাদের যোগফল ফলনে (output) দেখায়।
৩. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি তিনটি পূর্ণক (**int**) যোগান (input) নিয়ে তাদেরকে যে ক্রমে যোগান নেয়া হয়েছে সেই ক্রমে আবার উল্টোক্রমে দেখাবে। যেমন তুক্ত সংখ্যা তিনটি যদি হয় পর 2 3 1 তাহলে সিধা ক্রমে দেখাবে 2 3 1 আবার তাদের উল্টোক্রমে দেখাবে 1 3 2। খেয়াল করো আমরা কিন্তু মানের ক্রম বলাচ্ছি না।

৫.৭. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৮. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একদম ঠিক নীচের মতো যোগান (input) ও ফলন (output) উৎপন্ন করে। তুমি কিন্তু পরীক্ষার নম্বরগুলো যোগান নিবে, আর আমরা একেকবার চালানোর সময় এক এক রকম সংখ্যা যোগান দিবো।

```
folafol nirnoyer kromolekho
-----
prothom porikkhai koto? 90
ditiyo porikkhai koto? 75
tritiyo porikkhai koto? 91
-----
shorbo mot number holo 256
```

পরিগণনা সমাধান: এবার আমরা পরিগণনার সমস্যাগুলোর সমাধান দেখবো। মনে রাখবে সমাধানগুলো দেয়া হয়েছে তুমি যদি একান্তই নিজে নিজে করতে পারছোনা বলে মনে হয়, তখন কেবল একটু সাহায্য যাতে পেতে পারো তাই। কাজেই পারতপক্ষে সমাধান দেখবে না।

আমরা ধরে নিছি যে তুমি দরকারী শির নথি (header) অন্তর্ভুক্ত করা, নামাধার (namespace) std ব্যবহার করা, main বিপাতকের কংকাল লেখা আর সেটার শেষে return EXIT_SUCCESS; লিখে মান ফেরত দেয়া ইত্যমধ্যে ভালো করে শিখে ফেলেছো। তো তুমি যদি নীচে লেখা ক্রমলেখাংশগুলো সংকলন (compile) করে চালাতে (run) চাও, তোমাকে কিন্তু আগে include, namespace, main, return এগুলো লিখে নিতে হবে, তারপর main বিপাতকের ভিতরে return এর আগে তুমি আমাদের নীচের অংশগুলো লিখে নিবে। তারপর সংকলন করে ক্রমলেখ চালাবে। আমরা এখন থেকে মোটামুটি এইভাবে ক্রমলেখাংশ দেখাবো।

১. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি পূর্ণক (int) ও একটি ভগ্নক (float) যোগান (input) নিয়ে সেগুলো আবার ফলনে (output) দেখায়।

ফিরিস্তি ৫.৩: যোগান ও ফলনের ক্রমলেখ (Input Output Program)

```
int purnok;
float vognok;

cout << "purnok koto? ";
cin >> purnok;

cout << "vognok koto? ";
cin >> vognok;

cout << "puronok holo " << purnok << endl;
cout << "vognok holo " << vognok << endl;
```

২. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি দুটি ভগ্নক (float) সংখ্যা যোগান (input) নিয়ে সংখ্যা দুটি ও তাদের যোগফল ফলনে (output) দেখায়।

৫.৭. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ফিরিষ্টি ৫.৪: যোগান প্রক্রিয়ান ফলন (Input Process Output)

```
float prothom, ditiyo;

cout << "songkha duti koto? ";
cin >> prothom >> ditiyo;

float jogfol = prothom + ditiyo;

cout << "songkha duti "; // কোন endl নাই
cout << prothom << " " << ditiyo << endl;

cout << "tader jogfol " << jogfol << endl;
```

৩. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি তিনটি পূর্ণক (int) যোগান (input) নিয়ে তাদেরকে যে ক্রমে যোগান নেয়া হয়েছে সেই ক্রমে আবার উল্টোক্রমে দেখাবে। যেমন তুক্ত সংখ্যা তিনটি যদি হয় পর পর 2 3 1 তাহল সিধা ক্রমে দেখাবে 2 3 1 আবার তাদের উল্টোক্রমে দেখাবে 1 3 2। খেয়াল করো আমরা কিন্তু মানের ক্রম বলছি না।

ফিরিষ্টি ৫.৫: যোগানের সিধা ক্রম উল্টা ক্রম (Input Order Reverse Order)

```
int prothom, ditiyo, tritiyo;

cout << "songkha tinti koto? ";
cin >> prothom >> ditiyo >> tritiyo;

cout << "sidha krome " << prothom << " ";
cout << ditiyo << " " << tritiyo << endl;

cout << "ulta krome " << tritiyo << " ";
cout << ditiyo << " " << prothom << endl;
```

৪. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একদম ঠিক ঠিক নীচের মতো যোগান (input) ও ফলন (output) উৎপন্ন করে। তুমি কিন্তু পরীক্ষার নম্বরগুলো যোগান নিবে, আর আমরা একেকবার চালানোর সময় এক এক রকম সংখ্যা যোগান দিবো।

```
Folafol nirnoyer kromolekho
-----
prothom porikkhai koto? 90
ditiyo porikkhai koto? 75
tritiyo porikkhai koto? 91
-----
shorbo mot number holo 256
```

ফলাফল প্রক্রিয়াকরণের ক্রমলেখটি আমরা নীচে দেখাচ্ছি।

৫.৮. গণনা পরিভাষা (Computing Terminologies)

ফিরিস্তি ৫.৬: ফলাফল প্রক্রিয়ার ক্রমলেখ (Result Processing Program)

```
int prothom, ditiyo, tritiyo;

cout << "folafol nirnoyer kromolekho" << endl;
cout << "-----" << endl;

cout << "prothom porikkhai koto? ";
cin >> prothom;

cout << "ditiyo porikkhai koto? ";
cin >> ditiyo;

cout << "tritiyo porikkhai koto? ";
cin >> tritiyo;

cout << "-----" << endl;

int folafol = prothom + ditiyo + tritiyo;

cout << "shorbo mot number holo ";
cout << folafol << endl;
```

৫.৮ গণনা পরিভাষা (Computing Terminologies)

- সূত্র (formula)
- যাচনা (prompt)
- অদল-বদল (swap)
- বাম-মান (l-value)
- ডান-মান (r-value)
- আত্ম-শরণ (self-reference)

অধ্যায় ৬

গাণিতিক প্রক্রিয়াকরণ (Mathematical Processing)

গাণিতিক প্রক্রিয়াকরণে রাশিতে (expression) গাণিতিক অগুক্রিয়া (operator) ও বিপাতক (function) সমূহ কীভাবে হিসাব করা হয় আমাদের তা জানতে হবে।

৬.১ একিক অগুক্রিয়া (Unary Operators)

সিপিপিতে একিক (unary) অগুক্রিয়ক **ধনাত্মক (positive)** + আর **খণ্টাত্মক (negative)** - কীভাবে কাজ করে? যথাযথ ক্রমলেখ লিখে উদাহরণ সহ বুঝিয়ে দাও। একিক (unary) অগুক্রিয়ক (operator) একটা **উপাদানের (operand)** ওপর প্রযুক্ত হয়ে ফলাফল উৎপন্ন করে।

ফিরিস্তি ৬.১: পাটিগণিতের ধনাত্মক ও খণ্টাত্মক (Arithmetic Positive Negative)

```
int a = 5;      int const b = -9; // a চলক b প্রক্রিয়া
cout << "+7 = " << +7 << " -7 = " << -7 << endl;
cout << "+a = " << +a << " -a = " << -a << endl;
cout << "+b = " << +b << " -b = " << -b << endl;
cout << endl;
cout << "+(a*b) = " << +(a*b); // a*b হল রাশি
cout << "-(a*b) = " << -(a*b) << endl;
cout << "+abs(b) = " << +abs(b); // abs() বিপাতক
cout << "-abs(b) = " << -abs(b) << endl;
```

ফলনাংশ (output segment)

| | |
|---------------|--------------|
| +7 = 7 | -7 = -7 |
| +a = 5 | -a = -5 |
| +b = -9 | -b = 9 |
| | |
| + (a*b) = -45 | -(a*b) = -45 |
| +abs(b) = 9 | -abs(b) = -9 |

৬.২. দুয়িক অগুক্রিয়া (Binary Operators)

কোন সংখ্যা, চলক (variable), ধ্রুবক (constant), বিপাতক (function), বা রাশির (expression) সামনে ধনাত্ত্বক চিহ্ন থাকলে তার যে মান সেটিই থাকে, কিন্তু ঋণাত্ত্বক চিহ্ন থাকলে তার চিহ্ন বদলে যায় অর্থাৎ আগে ধনাত্ত্বক থাকলে পরে ঋণাত্ত্বক হয়ে যায় আর আগে ঋণাত্ত্বক থাকলে পরে ধনাত্ত্বক হয়ে যায়। চলক ও ধ্রুবক আগেই জানো। **বিপাতক (function)** হলো এমন একটা জিনিস যে কিছু যোগান (input) নিয়ে কিছু ফলন (output) দেয়। যেমন **cstdlib** নামক শির নথিতে (header file) **abs(x)** নামে একটা বিপাতক আছে যেটি একটি সংখ্যা যোগান নিয়ে তার চিহ্নটুকু বাদ দিয়ে কেবল মানটুকু ফলন হিসাবে ফেরত দেয়। অর্থাৎ **abs(3)** হলো 3 আবার **abs(-3)**ও 3। একই ভাবে **abs(3.5)** হলো 3.5 আবার **abs(-3.5)**ও 3.5। **রাশি (expression)** হল সংখ্যা, ধ্রুবক, চলক, অগুক্রিয়ক, বিপাতক মিলে যখন একটা জিনিস তৈরী হয় যার মান হিসাব করা যায় যেমন $3 + x * \text{abs}(y)$ একটি রাশি যেখানে **x** আর **y** হল চলক।

৬.২ দুয়িক অগুক্রিয়া (Binary Operators)

সিপিপিতে দুয়িক (binary) অগুক্রিয়কগুলো যোগ **+**, বিয়োগ **-**, গুণ *****, কী ভাবে কাজ করে? যথাযথ ক্রমলেখ লিখে উদাহরণ সহ বুবিয়ে দাও। **দুয়িক অগুক্রিয়ক (operator)** দুটো উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয়ে ফলাফল উৎপন্ন করে।

ফিরিস্তি ৬.২: পাটিগণিতের যোগ বিয়োগ গুণ (Arithmetic Plus Minus Times)

```
cout << "5 + 3 = " << 5 + 3 << endl;
cout << "5.1 + 3 = " << 5.1 + 3 << endl;
cout << "5.1 + 3.2 = " << 5.1 + 3.2 << endl;
cout << endl;

cout << "5 - 3 = " << 5 - 3 << endl;
cout << "5.1 - 3 = " << 5.1 - 3 << endl;
cout << "5.1 - 3.2 = " << 5.1 - 3.2 << endl;
cout << endl;

cout << "5 * 3 = " << 5 * 3 << endl;
cout << "5.1 * 3 = " << 5.1 * 3 << endl;
cout << "5.1 * 3.2 = " << 5.1 * 3.2 << endl;
cout << endl;
```

উপরের ক্রমলেখাংশ (program segment) খেয়াল করো। আর তার সাথে নীচের ফলনাংশ (output segment) মিলিয়ে নাও। লক্ষ্য করো আমরা তিনটি করে যোগ, বিয়োগ, আর গুণ করেছি। যোগ, বিয়োগ, বা গুণ আমরা ভালোই জানি, নতুন করে শেখার কিছু নাই। তবে একটি বিষয় খেয়াল করতে হবে। সেটি হলো উপাত্তের ধরণ কেমন? আর এ কারণেই আমরা প্রতিটি অগুক্রিয়ার (operator) জন্যে তিনটি করে উদাহরণ নিয়েছি। প্রতিটি অগুক্রিয়ার উদাহরণগুলোর প্রথম সারিতে খেয়াল করো। সেখানে উপাদান (operand) হিসাবে আমরা দুটো পূর্ণকের যোগ, বিয়োগ বা গুণ করেছি, যেমন $5 + 3$, $5 - 3$ আর $5 * 3$ । ফলাফল হিসাবে যা পেয়েছি তাও একটি পূর্ণক, যেমন 8, 2, আর 15। এবার প্রতিটি অগুক্রিয়ার জন্য তৃতীয় সারিতে খেয়াল করো। সেখানে উপাদান (operand) হিসাবে আমরা দুটো ভগ্নক যোগ, বিয়োগ বা গুণ করেছি, যেমন $5.1 + 3.2$, $5.1 - 3.2$ আর $5.1 * 3.2$ । ফলাফল হিসাবেও আমরা পেয়েছি একটি ভগ্নক যেমন

৬.৩. ভাগফল ও ভাগশেষ (Division and Remainder)

৮.৩, ১.৯, আর ১৬.৩২। তারপর প্রতিটি অণুক্রিয়ার জন্য দ্বিতীয় সারিতে খেয়াল করো। উপাদান হিসাবে একটি ভগ্নক ও একটি পূর্ণক যোগ, বিয়োগ বা গুণ করা হয়েছে যেমন $5.1 + 3$, $5.1 - 3$, আর $5.1 * 3$ । আর ফলাফল এসেছে একটি ভগ্নক যেমন ৮.১, ২.১, আর ১৫.৩, যেগুলোর কোনটিই পূর্ণক নয়। উপাদানদুটো একটা ভগ্নক হওয়ায় ফলাফলও ভগ্নক হয়ে গেছে।

ফলনাংশ (output segment)

```
5 + 3 = 8
5.1 + 3 = 8.1
5.1 + 3.2 = 8.3

5 - 3 = 2
5.1 - 3 = 2.1
5.1 - 3.2 = 1.9

5 * 3 = 15
5.1 * 3 = 15.3
5.1 * 3.2 = 16.32
```

তাহলে উপরের আলোচনা থেকে আমরা দেখলাম কোন অণুক্রিয়ার (operator) যদি দুটি উপাদানই (operand) একরকম হয় তাহলে ফলাফলও সেই রকমই হয়। যেমন উপাদান দুটোই **int** হলে ফলাফলও **int**; উপাদান দুটোই **float** হলে ফলাফলও **float**। আর যদি দুটো উপাদান দুরকম হয় যেমন একটি পূর্ণক বা **int** আর একটি ভগ্নক বা **float** তাহলে ফলাফল হবে ভগ্নক বা **float**। গণিতে আমরা জানি পূর্ণক সংখ্যাগুলো একই সাথে ভগ্নকও যেমন ৩ আসলে ৩.০, কিন্তু একটি ভগ্নক কিন্তু পূর্ণক নাও হতে পারে যেমন ৫.১ ভগ্নক কিন্তু একে পূর্ণক হিসাবে লেখা সম্ভব নয়। আর এ কারণে কোন অণুক্রিয়া (operator) প্রয়োগের পূর্বে উপাদান (operand) দুটো দুরকম হলে প্রথমে পূর্ণকটিকে ভিতরে ভগ্নকে রূপান্তর করে নেয়া হয়, আর তারপর যোগ, বিয়োগ বা গুণ করা হয় দুটোকে ভগ্নক হিসাবে নিয়েই। এই যে ভিতরে ভিতরে পূর্ণকটি ভগ্নকে রূপান্তর করা হয় এটা এক রকমের **উপাদান প্রকারান্তর** (type casting)। উপাদান প্রকারান্তর নিয়ে আমরা পরে আরো বিস্তারিত জানবো, আপাতত পূর্ণক থেকে ভগ্নকে প্রকারান্তর মনে রাখো।

৬.৩ ভাগফল ও ভাগশেষ (Division and Remainder)

সিপিপিতে দুয়িক (binary) অণুক্রিয়ক ভাগফল (division) ও ভাগশেষ (remainder) কীভাবে কাজ করে? যথাযথ ক্রমলেখ লিখে উদাহরণ সহ বুবিয়ে দাও। তুমি ইত্যমধ্যে জেনেছো দুয়িক অণুক্রিয়ক (operator) দুটো উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয়ে ফলাফল উৎপন্ন করে।

ফিরিস্তি ৬.৩: পাটিগণিতের ভাগফল অণুক্রিয়া (Arithmetic Division Operation)

```
cout << "13 / 5 = " << 13 / 5 << endl;
cout << "13.0 / 5 = " << 13.0 / 5 << endl;
cout << "13 / 5.0 = " << 13 / 5.0 << endl;
cout << "13.0 / 5.0 = " << 13.0 / 5.0 << endl;
```

ভাগফলের উপাদান প্রকরণ (data type) কেমন হবে সেই নিয়ম আসলে যোগ, বিয়োগ, বা গুণের মতো একই। যদি দুটো উপাদানই (operand) এক রকমের হয় তাহলে ফলাফলও হবে

৬.৩. ভাগফল ও ভাগশেষ (Division and Remainder)

সেই রকমেরই। কিন্তু উপাদান দুটোর একটি যদি হয় পূর্ণক বা **int** আরেকটি ভগ্নক বা **float** তাহলে ফলাফল হবে একটি ভগ্নক বা **float**। এখানেও ভিতরে ভিতরে **int** প্রথমে **float** এ প্রকারান্তর (type casting) হয়ে যাবে, ভাগের কাজটি হবে উপাদান প্রকারান্তর হবার পরে। উপাদান প্রকারান্তর ছাড়াও ভাগের ক্ষেত্রে ভাগশেষ থাকবে কি থাকবে না সেটার একটা ব্যাপার আছে।

ফলনাংশ (output segment)

```
13 / 5 = 2
13.0 / 5 = 2.6
13 / 5.0 = 2.6
13.0 / 5.0 = 2.6
```

উপরের ফলনাংশ লক্ষ্য করো, যদি ভাগের উপাদান দুটোর যেকোন একটিও ভগ্নক হয়, যেমন শেষের তিন সারি, তাহলে কিন্তু ভাগশেষের কোন ব্যাপার থাকে না, ফলে আমরা সেক্ষেত্রে ভাগফল পাই 2.6। কিন্তু ভাগের ক্ষেত্রে যদি দুটো উপাদানই পূর্ণক হয়, যেমন প্রথম সারি তাহলে ভাগটি কিন্তু একটু আলাদা। যেমন $13 / 5$ করলে আমরা ফলাফল পাই 2 কারণ আমরা জানি এক্ষেত্রে 3 অবশিষ্ট থাকে। ভাগের ক্ষেত্রে আরো একটি গুরুত্বপূর্ণ বিষয় আছে তা হলো উপাদানের পূর্ণকগুলো ধনাত্মক না খণ্ডাত্মক। কারণ খণ্ডাত্মক সংখ্যার ভাগ একটু বিটকেলে হতে পারে। সব মিলিয়ে পূর্ণ সংখ্যার ভাগ আরো বিস্তারিত করে আমরা ভাগশেষের সাথে মিলিয়ে নীচে আলোচনা করবো। তবে একটা কথা মনে রাখবে ভাগের ক্ষেত্রে যদি ভাজক শূন্য হয় যেমন $13 / 0$ তাহলে তোমার ক্রমলেখ চালানোর (run) সময় **divide by zero** বা শূন্য দিয়ে ভাগ নামে ত্রুটিবার্তা (error message) দেখিয়ে বন্ধ হয়ে যাবে। এই রকম ত্রুটি সংকলনের (compile) সময় ধরা পড়ে না, কেবল চালানোর (run) সময় বা নির্বাহ (execute) করার সময় ধরা পড়ে, তাই এদেরকে বলা হয় চলা-কালীন (run-time) বা নির্বাহ-কালীন (execution-time) ত্রুটি।

ফিরিষ্টি ৬.৪: পাটিগণিতের ভাগশেষ অগুক্রিয়া (Arithmetic Remainder Operation)

```
cout << "13 / 5 = " << 13 / 5 << "      ";
cout << "13 % 5 = " << 13 % 5 << endl;

cout << "13 / -5 = " << 13 / -5 << "      ";
cout << "13 % -5 = " << 13 % -5 << endl;

cout << "-13 / 5 = " << -13 / 5 << "      ";
cout << "-13 % 5 = " << -13 % 5 << endl;

cout << "-13 / -5 = " << -13 / -5 << "      ";
cout << "-13 % -5 = " << -13 % -5 << endl;

// নীচের সারিগুলো সংকলন (compile) হবে না, ভগ্নকে ভাগশেষ হয় না
// cout << "13.0 % 5 = " << 13.0 % 5 << endl;
// cout << "13.0 % 5.0 = " << 13.0 % 5.0 << endl;
// cout << "13.0 / 5.0 = " << 13.0 / 5.0 << endl;
```

যাইহোক সবশেষে আমরা ভাগশেষ দেখি। ভাগের ক্ষেত্রে আমরা আলোচনা করেছি ভগ্নক বা **float** এর জন্য ভাগশেষের কোন ব্যাপার নেই। কাজেই ভাগশেষ অগুক্রিয়ার (operator) উপাদান (operand) দুটোর যে কোন একটিও যদি ভগ্নক হয়, তাহলে ভাগশেষ মোটামুটি অর্থহীন

৬.৩. ভাগফল ও ভাগশেষ (Division and Remainder)

হয়ে যায়। কাজেই এমন কিছু আমাদের ক্রমলেখতে (program) লিখলে সংকলন (compile) করার সময় ত্রুটি (error) আসবে। নীচের ক্রমলেখাংশের শেষের তিনটি সারি দেখতে পারো যে-গুলো টীকা হিসাবে রাখা আছে। ওইগুলো টীকা না করে সামনের // হেলানো দাগ দুটো তুলে দিলে ক্রমলেখয়ের অংশ হয়ে যাবে, আর তখন সংকলন করলে ত্রুটি আসবে, করে দেখতে পারো।

একটা বিষয় খেয়াল করেছো, এখানে আমরা কিন্তু টীকার (comment) হেলানো // চিহ্ন দুটোর একরকমের অপব্যবহার করেছি। উপরের ক্রমলেখাংশের শেষ তিনটি সারি আসলে কোন ভাবেই প্রকৃত টীকা নয়। ওগুলোতো বাংলায় বা ইংরেজীতে লেখা নয়, ওগুলো সিপিপিতে লেখা আর টীকা চিহ্ন তুলে নিলেই ওগুলো ক্রমলেখয়ের অংশ হয়ে যাবে সহজেই। তবু কেন এখানে আমরা ওগুলোকে টীকার ভিতরে রাখলাম? এটা আসলে একটা খুবই উপকারী কৌশল। টীকার ভিতরে রাখলে যেহেতু সেটা ক্রমলেখয়ের ঠিক অংশ থাকে না, সংকলন হয় না, কোন ত্রুটি আসার ব্যাপার নাই, আমরা তাই মাঝে মাঝে কিছু কিছু সিপিপিতে লেখা অংশও টীকার ভিতরে রাখি। ক্রমলেখ (program) লেখার সময় আমরা নানান কিছু পরীক্ষা নিরীক্ষা করি, এভাবে করি, ওভাবে করি। তখন যে অংশগুলো ওই সময় দরকার নাই, চাইলে সেগুলো তো মুছে ফেলা যায়, কিন্তু মুছে ফেললেই তো তোমাকে পরে আবার কষ্ট করে লিখতে হতে পারে। এমতাবস্থায় তুমি যদি ওই অদরকারী অংশটুকুতে টীকা দিয়ে (commenting) দাও, ব্যস হয়ে গেলো। কোন বামেলা নাই, পরে ওই অংশটুকু আবার দরকার হলেই টীকা তুলে (uncomment) নিবে। কী চমৎকার কৌশল তাই না! আমরা সবাই এটি হরদম ব্যবহার করি। এখন থেকে এই কৌশল কাজে লাগাবে, কেমন!

ফলনাংশ (output segment)

| | |
|----------------|------------------|
| $13 / 5 = 2$ | $13 \% 5 = 3$ |
| $13 / -5 = -2$ | $13 \% -5 = 3$ |
| $-13 / 5 = -2$ | $-13 \% 5 = -3$ |
| $-13 / -5 = 2$ | $-13 \% -5 = -3$ |

এবারে ভাগশেষের ফলাফলের দিকে নজর দেই। ভাগফল সহ আলোচনার সুবিধার জন্য উপরের ক্রমলেখাংশ (program segment) আর ফলনাংশে (output segment) আমরা ভাগশেষের সাথে সাথে ভাগফলও দেখিয়েছি। আমরা আগেই আলোচনা করেছি ভাগশেষ করা যায় কেবল পূর্ণকের জন্য। ভাগ করলে যা অবশ্যে থাকে তাই ভাগশেষ। কিন্তু পূর্ণক তো ধনাত্মকও (positive) হতে পারে, ঋণাত্মকও (negative) হতে পারে। আসলে ঋণাত্মক সংখ্যার ভাগশেষ নিয়েই যতো জটিলতা সৃষ্টি হয়। ঋণাত্মক সংখ্যার ভাগশেষ নিয়ে নানান রকম নিয়ম আছে, আমরা এখানে আলোচনা করছি cpp.sh এ যে নিয়মে ভাগশেষ হয়, সেটা নিয়ে। তুমি যে সংকলক (compiler) দিয়ে ক্রমলেখ সংকলন (compile) করবে, জেনে নিও সেখানে কেমন হয়। কারো কাছে থেকে জেনে নিতে পারো। অথবা নিজেই উপরের ক্রমলেখাংশ (program segment) এর মতো করে ক্রমলেখ তৈরী করে চালিয়ে দেখে নিতে পারো। তেমন কঠিন কিছু নয়।

যাইহোক উপরের ফলনাংশ খেয়াল করো। সেখানে কিন্তু কোন ভগ্নক নেই, সবগুলোই পূর্ণক, তবে ধনাত্মক ও ঋণাত্মক আছে। খেয়াল করো ভাগফল ও ভাগশেষ উভয় ক্ষেত্রে কেবল মানটা পাওয়া যায় চিহ্ন বিবেচনা না করলে। যেমন চারটা ব্যাপারের সবগুলোতেই চিহ্ন বাদ দিলে ভাজক (divisor) আর ভাজ্য (dividend) হয় কেবল 5 আর 13। 13 কে 5 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 2 আর ভাগশেষ হয় 3। এই পর্যন্ত সবগুলো ব্যাপারেই ঠিক আছে, কিন্তু গোলমাল বাঁধে কেবল চিহ্ন নিয়ে, ভাগফল বা ভাগশেষ কখন ধনাত্মক + হবে আর কখন ঋণাত্মক - হবে। ভাগফলের ক্ষেত্রে খেয়াল করো যখনই সংখ্যা দুটোর চিহ্ন একই রকম তখন ভাগফল ধনাত্মক যেমন প্রথম ও চতুর্থ সারি, আর যখনই তারা বিপরীত চিহ্নের তখনই ভাগফল ঋণাত্মক যেমন দ্বিতীয় ও তৃতীয় সারি। ভাগশেষের ক্ষেত্রে চিহ্ন নির্ভর করে ভাজ্য (dividend) এর ওপর, ভাজকের ওপর নয়। ভাজ্য যখনই ধনাত্মক যেমন 13, ভাগশেষ তখন ধনাত্মক + হয়েছে। আর ভাজ্য যখন ঋণাত্মক যেমন

৬.৪. আরোপণ অগুক্রিয়া (Assignment Operator)

—13 তখন ভাগশেষ খণ্ডাত্মক — হয়েছে। ভাগশেষের চিহ্ন 5 বা —5 এর চিহ্নের ওপর নির্ভর করে নাই। একটা বিষয় আগেই বলেছি, ভাগফল ও ভাগশেষের ক্ষেত্রে ভাজক যদি শূন্য হয় তাহলে তোমার ক্রমলেখক চালানোর সময় **divide by zero** বা শূন্য দিয়ে ভাগ নামে ক্রটিবার্তা দেখিয়ে বন্ধ হয়ে যাবে। এই রকম ক্রটি সংকলনের (compile) সময় ধরা পড়ে না, কেবল চালানোর (run) সময় ধরা পড়ে, তাই এদেরকে বলা হয় **চলা-কালীন ক্রটি (run-time error)**।

উপরের উদাহরণগুলোতে আমরা যদিও কেবল সংখ্যাই সরাসরি ব্যবহার করেছি, তুমি কিন্তু চাইলে কোন চলক (variable) বা ধ্রুবক (constant) ব্যবহার করতে পারতে। তুমি চাইলে কোন রাশি (expression) বা বিপাতক (function) ও ব্যবহার করতে পারতে। আসলে ডান-মান (rvalue) আছে এরকম যে কোন কিছুই এখানে ব্যবহার করা যেতে পারে। এই আলোচনাগুলো একিক অগুক্রিয়ার সময়ই আলোচনা করা হয়েছে, তবুও আবার বলি। **বিপাতক (function)** এমন একটা জিনিস যে কিছু যোগান (input) নিয়ে কিছু ফলন (output) দেয়। যেমন **cstdlib** নামক শির নথিতে (header file) **abs(x)** নামে একটা বিপাতক আছে যেটি একটি সংখ্যা যোগান নিয়ে তার চিহ্নটুকু বাদ দিয়ে কেবল মানটুকু ফলন হিসাবে ফেরত দেয়। অর্থাৎ **abs(3)** হলো 3 আবার **abs(-3)**ও 3। একই ভাবে **abs(3.5)** হলো 3.5 আবার **abs(-3.5)**ও 3.5। **রাশি (expression)** হল সংখ্যা, ধ্রুবক, চলক, অগুক্রিয়ক, বিপাতক মিলে যখন একটা কিছু তৈরী করা হয় যার মান আছে সেটি, যেমন **3 + x * abs(y)** একটি রাশি যেখানে **x** আর **y** হল চলক।

```
int a = 4, b = -3;
int const c = 5;

a + 3, c / b, b * c;           // চলক, ধ্রুবক, সংখ্যা
a = c % abs(b);                // abs(b) হল বিপাতক
a = a - ( b * c );             // b * c হল রাশি
```

৬.৪ আরোপণ অগুক্রিয়া (Assignment Operator)

আরোপণে (assignment) চলকের জন্য স্মরণিতে (memory) বরাদ্দকৃত স্থানে মান ভরে দেয়ার ব্যাপারটা আমরা আগে দেখেছি। কিন্তু আরোপণ আসলে একটা অগুক্রিয়াও (operator) বটে। আরোপণ একটা অগুক্রিয়া এই কথার মানে কী? আমরা আরোপণ নিয়া কী কী করতে পারবো?

আরোপণ (assignment) একটা অগুক্রিয়া (operator) এই কথার মানে হলো আরোপণ কিছু উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয়ে একটি ফলাফল উৎপন্ন করে। সত্যি বলতে গেলে যোগ, বিয়োগ, গুণ বা ভাগের মতো আরোপণও আসলে একটা দুয়িক (binary) অগুক্রিয়া। কাজেই এটি দুটি উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয়। আরোপণের বাম পাশে একটা উপাদান থাকে যার বাম-মান থাকতে হবে অর্থাৎ যার জন্য স্মরণিতে (memory) জায়গা বরাদ্দ থাকতে হবে, যেমন চলক। আর আরোপণের ডানে থাকতে হবে এমন কিছু যার ডান-মান বা মান আছে, যেমন চলক (variable), ধ্রুবক (constant), বিপাতক (function) বা রাশি (expression)। কথা হচ্ছে আরোপণের ফলে উৎপন্ন হওয়া ফলাফলটা কী? আসলে যে মানটি আরোপণের বামপাশের চলকে আরোপিত হয় সেই মানটিই আরোপণ অগুক্রিয়ার ফলাফল হিসাবেও বিবেচনা করা হয়।

```
int v = 3, w = -5, x, y, z; // ভগ্নকও নেয়া যেতে পারে
x = v + 5;                // চলক x এর মান 8, আরোপণের ফলাফলও 8
y = abs(w);                // চলক y এর মান 5, আরোপণের ফলাফলও 5
z = x + y;                 // চলক z এর মান 13, আরোপণের ফলাফলও 13
```

৬.৫. যৌগিক আরোপণ (Compound Assignment)

উপরে ক্রমলেখাংশে $v + 5$ বা $3 + 5$ অর্থাৎ 8 আরোপিত হয়েছে x এ। তারপর, $\text{abs}(w)$ বিপাতক w বা -5 এর মান হতে চিহ্ন ছাড়া 5 ফেরত দিয়েছে যা আরোপিত হয়েছে y চলকে। আর শেষে $x + y$ বা $8 + 5$ অর্থাৎ 13 আরোপিত হয়েছে z চলকে।

তাহলে অন্যান্য অগুক্রিয়ার মতো আরোপণ অগুক্রিয়ারও যেহেতু একটি ফলাফল আছে কাজেই সেই ফলাফলটি অন্য কোন চলক যার বাম-মান আছে তাতে আবারও আরোপণ করা সন্তুষ্ট!

```
int v = 3, w = -5, x, y, z; // ভগ্নকও নেয়া যেতে পারে
x = (v + w); // যোগ অগুক্রিয়ার ফলাফল একটি চলকে আরোপণ
z = (y = x); // ডানের আরোপণের ফলাফল বামেরাটিতে আরোপণ
z = v * w; // গুণ আগে হবে, গুণফল আরোপণ তারপরে হবে
z = y = x; // ডানের আরোপণ আগে, সেই ফল নিয়ে বামের আরোপণ
```

সুতরাং কেউ যেমন অনেকগুলো যোগ পরপর লিখতে পারে $x + y + z + 3$, ঠিক তেমনি চাইলেই কেউ অনেকগুলো আরোপণও পরপর লিখতে পারে যেমন $z = y = x = w$ । তবে কোন বন্ধনী নাই ধরে নিলে, যোগের ক্ষেত্রে সাধারণত সবচেয়ে বামের যোগটি থেকে শুরু হয়ে যোগগুলো পরপর বাম থেকে ডানে একে একে হতে থাকে। আর আরোপণের (assignment) এর ক্ষেত্রে সবচেয়ে ডানে আরোপণ হতে শুরু করে আরোপণগুলো ডান থেকে বামে একে একে হতে থাকে।

```
int x = 1, y = 2; z = 3; // আদি মান আরোপণ

x + (y = 3); // y হলো 3, ফলাফল 1 + 3 বা 4
y = x + (z = 4); // z হলো 4, y হলো 1 + 4 বা 5
z = 5 + (y = z - 3); // y হলো 4 - 3 বা 1, z হলো 5 + 1
```

উপরের উদাহরণের শেষ তিনটি সারি খেয়াল করো। চলক ঘোষনার পরের সারির বিবৃতিতে (statement) $x + (y = 3)$; প্রথমে বন্ধনীর ভিতরে y এর মান 3 আরোপণ (assign) হবে আর আরোপণের (assignment) ফলাফলও হবে 3, যা x এর মান 1 সাথে যোগ হয়ে যোগফল হবে 4। এই 4 হলো পুরো রাশিটির মান। এরপরের বিবৃতিতে $y = x + (z = 4)$; প্রথমে বন্ধনীর ভিতরে z এর মান আরোপ হবে 4 আর ফলাফলও 4, আর তারপর 4 ও x এর মান 1 এর সাথে যোগ হয়ে হবে 5 যা গিয়ে y চলকে আরোপিত হবে। এবারে আসি শেষ বিবৃতিতে $z = 5 + (y = z - 3)$; প্রথমে বন্ধনীর ভিতরে $z - 3$ হিসাব হবে, z এর মান ঠিক আগের সারিতে হয়েছে 4 সাথে 3 বিয়োগ হলে হয় 1 যা y এ আরোপিত হবে আর আরোপণের ফলাফলও (result) হবে 1। এরপর সেই 1 আর 5 যোগ হয়ে ফল হবে 6 যা z এর ভিতরে আরোপিত হবে।

৬.৫ যৌগিক আরোপণ (Compound Assignment)

যৌগিক আরোপণ (compound assignment) কী? সিপিপিতে যৌগিক আরোপণ কী ভাবে আরোপণের সাথে অন্য একটি অগুক্রিয়ার (operator) যোজন (composition) ঘটায়? আন্তঃ-শরণ (self referential) আরোপণের সাথে যৌগিক আরোপণের সম্পর্ক কী?

যৌগিক আরোপণ হলো আরোপনের সাথে আর একটি অগুক্রিয়ার যোজন (composition)। আরোপন = এর সাথে যোগ + এর যোজন ঘটানোর ফলে নতুন যে অগুক্রিয়ক তৈরী হয় সেটি যোগ-আরোপণ +=। একই ভাবে আরোপন = ও বিয়োগ – যুক্ত হয়ে তৈরী হয় বিয়োগ-আরোপণ -=, তারপর একই ভাবে গুণ আরোপণ *=, ভাগফল আরোপণ /= আর ভাগশেষ আরোপণ %=।

৬.৬. হ্রাস ও বৃদ্ধি অগুক্রিয়া (Increment and Decrement)

```
x += 13;           // এর মানে আসলে x = x + 13;  
x -= 7;            // এর মানে আসলে x = x - 7;  
y *= x;             // এর মানে আসলে y = y * x;  
z /= x + y;        // এর মানে আসলে z = z / (x + y);  
z %= abs(3);       // এর মানে আসলে z = z % abs(3);
```

তাহলে উপরের উদাহরণগুলো থেকে দেখা যাচ্ছে প্রতিটি যৌগিক আরোপণ আসলে এক একটি আভূত্ত্বরণ আরোপন (self-referential assignment)। যৌগিক আরোপণের বাম পাশে যে চলকটি থাকে সেটির মানের সাথে সংশ্লিষ্ট পাটিগণিতীয় অগুক্রিয়া যেমন যোগ, বিয়োগ, গুণ, ভাগফল, বা ভাগশেষ হিসাব করা হয়, আর তারপর ফলাফলটি ওই চলকটিতেই আরোপ করা হয়। আসলে যৌগিক আরোপণগুলো ক্রমলেখ রচনার সময় কষ্ট স্বেচ্ছ কিঞ্চিত কমানোর জন্য তৈরী করা হয়েছে। অনেক সময় আরোপনের বাম পাশে যেটি থাকবে সেটি সহজ সরল চলক না হয়ে অন্য কিছু হতে পারে যেটি হয়তো খুবই বড়, সেটির অবশ্যই বাম-মান (l-value) আছে অর্থাৎ তার জন্য স্মরণিতে (memory) জায়গা দখল করা আছে। যেমন ধরো নীচের উদাহরণে আমরা সাজন (array) ব্যবহার করছি, শ্রেণী (class) ব্যবহার করছি, এগুলো কী এখনই তা জানতে চেয়ে না, আমরা পরে বিস্তারিত করে শিখবো ওগুলো। খালি খেয়াল করো প্রথম দু সারিতে কী ভাবে লম্বা একটা জিনিস আরোপ = চিহ্নের বাম ও ডান উভয় পাশেই আছে। আর খেয়াল করো শেষের সারির বিবৃতিটি: যৌগিক আরোপণ ব্যবহার করে ওই একই বিষয় কত চমৎকার করে সংক্ষেপে লেখা গেছে।

```
this->amarSajonCholok[suchok] =  
    this->amarSajonCholok[suchok] + amarbriddhi;  
  
this->amarSajonCholok[suchok] += amarbriddhi;
```

তাহলে দেখলে তো একই জিনিস আরোপ = চিহ্নের বাম পাশে একবার আবার পরক্ষণেই আরোপ = চিহ্নের ডানপাশেও একবার লিখতে হবে, এটি বেশ বিরক্তিকর, আর দেখতেও কত বিরক্তিকর লাগে। তারচেয়ে যৌগিক আরোপণ সংক্ষিপ্ত আর বুকাটা ও সহজ। ফলাফলের হিসাবে উভয় ক্ষেত্রে কিন্তু আমরা একই ফলাফল পাবো। তবে মনে রেখো ক্রমলেখ (program) চালাতে সময় কম লাগবে নাকি বেশী লাগবে সেইক্ষেত্রে কিন্তু যৌগিক আরোপণের কোন ভুমিকা নেই।

৬.৬ হ্রাস ও বৃদ্ধি অগুক্রিয়া (Increment and Decrement)

সিপিপিতে লেখা ক্রমলেখতে (program) আমরা ++ বা -- প্রায়ই দেখতে পাই। এইগুলো কী? একটা যোগ বা বিয়োগ চিহ্ন দেখেছি কিন্তু দুটো যোগ বা বিয়োগ একসাথে তো আজব ব্যাপার! দুটো যোগ বা বিয়োগ এক সাথে দেয়ার সুবিধা-অসুবিধা কী? ক্রমলেখ কি এতে দ্রুত চলে?

```
int x = 6, y; // দুটো চলক একটার আদিমান আছে, আরেকটার নাই  
++x;           // এক বেড়ে x হলো 7, y জানিনা কারণ আদিমান নেই  
x++;           // এক বেড়ে x হলো 8, y জানিনা কারণ আদিমান নেই  
y = ++x;        // এক বেড়ে x হলো 9, তারপর y এ 9 আরোপিত হলো  
y = x++;       // প্রথমে y হলো x এর সমান বা 9, পরে x হলো 10
```

উপরের ক্রমলেখাংশ (program segment) খেয়াল করো। দুটো চলক (variable) নেয়া হয়েছে x আর y। চলক x এর আদিমান (initial value) দেয়া হয়েছে 6, কিন্তু y এর আদি মান দে-

৬.৬. হ্রাস ও বৃদ্ধি অগুক্রিয়া (Increment and Decrement)

য়া হয় নি। এরপর দ্বিতীয় আর তৃতীয় বিবৃতিতে রয়েছে $++x$; আর $x++$; খেয়াল করো উভয় ক্ষেত্রে x এর মান এক করে বেড়েছে, এ কারণে অবশ্য $++$ কে বলা হয় বৃদ্ধি অগুক্রিয়ক (increment operator)। বৃদ্ধি অগুক্রিয়ক $++$ চলকের আগেই দেয়া হটক আর পরেই দেয়া হটক ফলাফল কিন্তু একই। অবশ্য বৃদ্ধি $++$ আগে ব্যবহার করলে এটিকে পূর্ব-বৃদ্ধি (pre-increment) আর পরে ব্যবহার করলে এটিকে উত্তর-বৃদ্ধি (post-increment) বলা হয়।

তবে বলে রাখি বৃদ্ধি অগুক্রিয়কের (increment operator) সাথে কিন্তু এমন কিছু ব্যবহার করতে হবে যার বাম-মান (l-value) রয়েছে অর্থাৎ স্মারণিতে (memory) জায়গা দখল করা আছে। চলকের (variable) যেহেতু বাম-মান আছে তাই আমরা চলক x ব্যবহার করতে পারলাম। কিন্তু তুমি যদি চাও $++3$ বা $3++$ লিখবে যাতে 4 পাওয়া যায় অথবা লিখবে $(x+3)++$ বা $++(x+3)$, তা লিখতে পারবে না, সংকলন (compile) ক্রটি হওয়ার কারণ 3 সংখ্যা (number) বা $x+3$ রাশির (expression) ডান-মান (r-value) তথা মান (value) আছে কিন্তু তাদের বাম-মান (l-value) তথা স্মারণিতে (memory) জায়গা দখল করা নেই। দরকার নেই তবুও বলে রাখি, তুমি কিন্তু $++$ এর সাথে চলক x এর বদলে ধ্রুবক (constant) জাতীয় কিছু তো এমনিতেই ব্যবহার করতে পারবে না, কারণ ধ্রুবকের তো মান বদলানো যায় না।

যাইহোক $++$ আগেই দেই আর পরেই দেই $++x$ বা $x++$ আসলে $x = x + 1$; অর্থাৎ $x = x + 1$; এর সমতুল এবং সংক্ষিপ্ত রূপ বলতে পারো। লক্ষ্য করো বৃদ্ধিতে $++$ যে 1 বৃদ্ধি ঘটে সেই ব্যাপারটা কিন্তু উহ্য থাকে। ফলে $++$ কেবল একটা উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয় বলে মনে হয়। আর তাই $++$ কে একটি একিক (unary) অগুক্রিয়ক (operator) বলা হয়। কথা হচ্ছে এই একিক অগুক্রিয়ার ফলাফলটা কী? ফলাফল তো আমরা আগেই দেখেছি, মান এক বেড়ে যাওয়া। সেটা ঠিক, কিন্তু তাছাড়াও বৃদ্ধি অগুক্রিয়ার (increment operator) ফলাফলে কিছু গুরুত্বপূর্ণ বিষয় আছে যে কারণে পূর্ব-বৃদ্ধি (pre-increment) আর উত্তর-বৃদ্ধি (post-increment) আলাদা।

পূর্ব-বৃদ্ধি (pre-increment) আর উত্তর-বৃদ্ধি (post-increment) যে আলাদা তা পরিষ্কার হবে উপরের ক্রমলেখাংশের (program segment) শেষের সারি দুটো দেখলে। যখন $y = + + x$; করা হয়েছে তখন x এর মান আগে বেড়ে হয়েছে 9 আর তারপর x এর সেই বেড়ে যাওয়া মান 9ই y এ আরোপিত (assign) হয়েছে। কিন্তু যখন $y = x++$; তখন কিন্তু খেয়াল করো আগে x এর মান y এ আরোপিত হয়েছে ফলে y হয়েছে 9 আর তারপর x এর মান বেড়েছে 1 ফলে হয়েছে 10। আচ্ছা $y = + + x$; আর $y = x++$; এ দুটোকে যদি আমরা বৃদ্ধি $++$ ব্যবহার না করে লিখতাম তাহলে কেমন হতো? আমাদের অবশ্যই দুটো করে বিবৃতি লিখতে হতো। নীচে লক্ষ্য করো $y = + + x$; এ আগে মান বাড়ানো পরে আরোপণ, আর $y = x++$; এ আগে আরোপণ পরে মান বাড়ানো। আশা করা যায় পূর্ব-বৃদ্ধি (pre-) ও উত্তর-বৃদ্ধির (post-increment) তফাত পরিষ্কার হয়েছে।

```
x = x + 1; // y= ++x; এ x এর মান বৃদ্ধি আগে ঘটবে
y = x;      // y= ++x; এ y তে x এর মান আরোপণ পরে

y = x;      // y= x++; এ y তে x এর মান আরোপণ আগে
x = x + 1; // y= x++; এ x এর মান বৃদ্ধি তার পরে
```

পূর্ব-বৃদ্ধি (pre-increment) আর উত্তর-বৃদ্ধির (post-increment) আরো একটা পার্থক্যও জানা দরকার অবশ্য। সেটা হলো পূর্ব-বৃদ্ধির ফলাফল আসলে একটা বাম-মান (l-value) এক্ষেত্রে চলকটির বাম-মান, অন্যদিকে উত্তর-বৃদ্ধির ফলাফল আসলে একটা ডান-মান (r-value)। আগেই বলেছি বৃদ্ধি অগুক্রিয়ার সাথে ব্যবহৃত উপাদানের (operand) অবশ্যই বাম-মান থাকতে হবে। ফলে উত্তর-বৃদ্ধির ফলাফলের ওপরে আবার কোন বৃদ্ধিই চালানো যায় না, কিন্তু পূর্ব-বৃদ্ধির ফলাফলের ওপর চালানো যায়। তুমি যদি পরীক্ষা করতে চাও তাহলে $++++x$; বা $(++x)++$; চে-

৬.৭. বির্তি অগুক্রিয়া (Comma Operator)

ষষ্ঠা করো, সংকলন (compile) হয়ে যাবে, কিন্তু $x++++$ বা $++(x++)$ চেষ্টা করো, সংকলন হবে না, ত্রুটি (error) আসবে পরের বৃদ্ধিটার জন্য "l-value required"। তুমি যদি স্বেচ্ছা $++x++$; লিখো, এটা কিন্তু সংকলন হবে না, ত্রুটি দেখাবে, কারণ হলো পূর্ব ও উভয়ের বৃদ্ধির মধ্যে উভয়ের বৃদ্ধির অগ্রগণ্যতা (precedence) আগে, ফলে $++x++$ আসলে $++(x++)$ এর সমতুল। অগ্রগণ্যতার ক্রমের (precedence order) নিয়মগুলো আমরা পরের এক পাঠে বিস্তারিত জানবো।

এবারে আমরা বৃদ্ধি ব্যবহারে ক্রমলেখয়ের গতির ওপর প্রভাব নিয়ে একটু আলোচনা করি।
বৃদ্ধি (increment) $++x$ বা $x++$ সাধারণত $x+=1$ বা $x=x+1$ এর চেয়ে দ্রুতগতির, এর কারণ মূলত একদম যন্ত্র পর্যায়ে $++x$ বা $++x$ বিশেষ ভাবে নির্বাহিত হয় কিন্তু $x+=1$ বা $x=x+1$ সাধারণ যোগের মতো করে নির্বাহিত হয়। সাধারণতো পূর্ব-বৃদ্ধি (pre-increment) আর উভয়-বৃদ্ধির (post-increment) মধ্যে পূর্ব-বৃদ্ধি দ্রুত গতির। কারণ হলো, উভয়-বৃদ্ধির ফলাফল যেহেতু x এর মান বৃদ্ধি করবার আগের মান, তাই ওই আগের মানটি প্রথমে কোথাও ক্ষণস্থায়ী (temporarily) ভাবে রেখে দিতে হয়, আর x এর মান বৃদ্ধিটা তারপর ঘটে, আর তারপর ক্ষণস্থায়ী ভাবে রাখা মানটা ফলাফল হিসাবে আসে যেটি $y = x++$; এর ক্ষেত্রে y এ আরোপিত হয়। কিন্তু পূর্ব-বৃদ্ধির ক্ষেত্রে মান বৃদ্ধি আগে ঘটে আর ফলাফলটাও সেই বৃদ্ধিপ্রাপ্ত মানই, কাজেই ক্ষণস্থায়ী ভাবে আগের মান রেখে দেওয়ার কোন বোঝা (overhead) এখানে নেই। মোটকথা পূর্ব-বৃদ্ধি সরাসরি বাম-মানের ওপরই কাজ করে অর্থাৎ $++x$ এ সরাসরি চলকটার ওপরই কাজ করে, আর কোন ক্ষণস্থায়ী কিছু দরকার হয় না। এ কারণে পূর্ব-বৃদ্ধি $++x$; উভয়-বৃদ্ধি $x++$; এর চেয়ে বেশী দ্রুতগতির হয়ে থাকে। কাজেই তুমি পারতো পক্ষে $++x$ ব্যবহার করবে, $x++$ ব্যবহার করবে না।

ক্রমলেখতে বৃদ্ধি ব্যবহারে এবারে একটা প্রামাণ্য দেই। পূর্ব-বৃদ্ধি ও উভয়-বৃদ্ধি নিয়ে অনেক রকম খেলা যায়, যেমন তুমি চাইলে $x = (++x)++ + ++x$; এর মতো অনেকগুলো + চিহ্ন দিয়ে কিছু একটা লিখতে পারো। এই রকম জটিল বিব্রতিগুলো হয়তো সংকলন (compile) হবে। এর ফলে ফলাফলও কিছু একটা আসবে, যেটা চাইলে বুঝা সম্ভব, কিন্তু বুঝতে গেলে মাথা বেশ গরম হয়ে যায়। আমার প্রামাণ্য হলো এইরকম জটিল বিব্রতি পারতো পক্ষে লেখবে না। সবসময় এমন ভাবে সংকেত (code) লিখবে যাতে পরে তুমি বা অন্য কেউ তেমন কোন কষ্ট ছাড়াই তোমার সংকেত দেখে বুঝতে পারে। মনে রাখবে সংকেত যত জটিল, তার ভুল বের করাও তত কঠিন।

উপরের পুরো আলোচনাতে আমরা কেবল বৃদ্ধি (increment) নিয়ে আলোচনা করেছি। আস-লে হ্রাস (decrement) —— নিয়ে আলোচনাটা একদম একই রকম। আমরা তাই পুনরাবৃত্তি করবো না। কেবল জেনে রাখো হ্রাসের (decrement) ফলে মান 1 কমে যায়। তাই $--x$ বা $x--$ হলো $x = 1$ বা $x = x - 1$ এর সমতুল। আমরা $--x$ কে পূর্ব-হ্রাস (pre-decrement) আর $x--$ কে উভয়-হ্রাস (post-decrement) বলি। পূর্ব-হ্রাসের তুলনায় উভয়-হ্রাসের অগ্রগণ্যতা (precedence) বেশী। গতির দিক বিবেচনায় পূর্ব-হ্রাস, উভয়-হ্রাসের চেয়ে শ্রেয়তর।

৬.৭ বির্তি অগুক্রিয়া (Comma Operator)

সিপিপিতে বির্তি অগুক্রিয়া (comma operator) কয়েকটি রাশি (expression) কে এক সাথে পরপর লেখায় সাহায্য করে। বির্তি (comma) অগুক্রিয়ার বামপাশের উপাদানের (operand) মান সব সময় নির্ধারিত (void) হয় আর উপেক্ষিত হয়। এর অর্থ হচ্ছে ডান পাশের উপাদানটির (operand) মানই বির্তি অগুক্রিয়ার (comma operator) ফলাফল হয়।

একটা উদাহরণ দেখি $x = (y=3, y+1)$; এই বিব্রতির ফলে বন্ধনীর ভিতরে প্রথমে বির্তির বাম পাশের রাশি হিসাবে y এর মান আরোপিত (assign) হবে 3। যদিও আরোপনের কারণে আমরা y এ 3 আরোপণের পাশাপাশি ফলাফলও পাই 3, কিন্তু বির্তির (comma) কারণে সেই

৬.৮. অগ্রগণ্যতার ক্রম (Precedence Order)

ফলাফল বাদ দিয়ে ফলাফল হয়ে যাবে নর্থক (void)। যাইহোক এরপর বিত্তির (comma) ডান পাশের রাশি হিসাবে $y+1$ এর মান $3+1$ বা 4 হবে যেটি আসলে যোগেরও + ফলাফল। আর যোগের এই ফলাফল 4 ই শেষ পর্যন্ত x চলকে আরোপিত হবে। এখানে বন্ধনী দরকার কারণ বিত্তির (comma), সাধারণত আরোপণ (assignment) = এর পরে হিসাব করা হয়। আমরা বন্ধনীর ভিতরের আরোপণটি $y = 3$ বিত্তির (comma) আগে করতে চাইলেও বন্ধনীর বাইরের চলক x এ আরোপণটি বিত্তির পরে করতে চাই, আর এ কারণে বন্ধনী জরুরী। ব্যাপারটি আরো পরিস্কার বুবাতে চাইলে একই জিনিস বন্ধনী ছাড়া কী হবে দেখো $x = y = 3, y + 1;$ এখানে দুটো আরোপণই (assignment) বিত্তির (comma) আগে নির্বাহিত (execute) হবে। ফলে প্রথমে y এর মান আরোপিত হবে 3, তারপর x এও মান 3ই আরোপিত হবে, তারপর $y+1$ হিসাব হবে 4। এই 4 বিত্তির ফলাফল হলেও সেটি কিন্তু এখানে কিছুতে আরোপিত হয় নি।

বিত্তি (comma) অগুক্রিয়া (operator) হিসাবে ব্যবহার হলেও এর আরো নানান ব্যবহার আছে সিপিপিতে। যেমন একাধিক চলক (variable) একসাথে ঘোষণা (declare) করতে আমরা বিত্তি (comma) দিয়ে লিখি `int x, y, z = 3;` বিত্তির (comma) এই রকম ব্যবহার আসলে অগুক্রিয়া হিসাবে নয়, বরং তালিকার প্রথকী (separator) হিসাবে ব্যবহার। আমরা যখন পরে ক্রম-স্থূলী (for-loop) ও পরামিতি (parameter) নিয়ে আলোচনা করবো তখনও তালিকা প্রথকী (list separator) হিসাবে বিত্তির (comma) ব্যবহার দেখতে পাবো।

৬.৮ অগ্রগণ্যতার ক্রম (Precedence Order)

অগ্রগণ্যতার ক্রম (precedence order) কী? সিপিপিতে এ পর্যন্ত পরিচিত হওয়া অগুক্রিয়াগুলোর (operator) অগ্রগণ্যতার ক্রম (precedence order) আলোচনা করো।

ধরো তুমি $3 + 4*5 + 6$ এর মান হিসাব করবে। আগেকার দিনে এক রকম সস্তা কলনি (calculator) পাওয়া যেতো যেটি করতো কী, বাম থেকে হিসাব করতো একের পর এক। ফলে সেটা প্রথম 3 ও 4 যোগ করে 7 বের করতো, তারপর তার সাথে 5 গুণ করে বের করতো 35 আর শেষে তার সাথে 6 যোগ করে ফল দিতো 41। তুমি চাইলে উল্টো আরেক রকমের অবস্থা ভাবতে পারো, যেখানে ডান দিক থেকে একের পর এক হিসাব হবে। সুতরাং 5 ও 6 যোগ করে 11, তার-সাথে 4 গুণ করে 44, শেষে 3 যোগ করে 47। কিন্তু ছেটবেলা থেকে সরলের নিয়ম আমরা শিখে এসেছি: গুণ আগে হবে যোগ পরে হবে। আমরা তাই হিসাব করি 4 ও 5 এর গুণ আগে ফল 20 তার সাথে বামের যোগ আগে, তাই 3 আগে যোগ হলো 23, শেষে ডানের যোগ তাই 6 যোগ করে হলো 29, যেটাকে আমরা সঠিক হিসাব বলে ধরে নেই। এই যে বাম থেকে ডানে বা ডান থেকে বামে হিসাব না করে গুণ যোগের আগে করতে হবে, আবার দুটো যোগ পর পর থাকলে বামের যোগ আগে করতে হবে। এই নিয়মগুলোকে **অগ্রগণ্যতার ক্রম**(precedence order) বলা হয়।

সরল অংকে অগ্রগণ্যতার ক্রম ছিল: বন্ধনী, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ। সবেচেয়ে ভিতরের বন্ধনী সবচেয়ে আগে। ভাগ আর গুণ আসলে বাম থেকে যেটা আগে আসে। একই ভাবে যোগ ও বিয়োগ বাম থেকে যেটা আগে আসে। সিপিপিতে আমরা এ পর্যন্ত অনেকগুলো অগুক্রিয়ার (Operator) সাথে পরিচিত হয়েছি। এগুলো হলো একিক $++ -- ++ --$ দুয়িক $+ - * / \% = += -= *= /= \% =$, তো এদের মধ্যে একিক অগুক্রিয়ার ক্রম সবার আগে, তারপর দুয়িক অগুক্রিয়াগুলোর ক্রম। আমরা আপাতত কেবল এগুলোর অগ্রগণ্যতার ক্রম (precedence order) বিবেচনা করবো। অন্যান্য অগুক্রিয়া ও তাদের ক্রম সম্পর্কে আমরা পরে জানবো।

1. $++ --$ ২টি একিক অগুক্রিয়া (unary operator) উভর-বৃদ্ধি ও উভর-হ্রাস (post-increment and post-decrement) $x++, x--$ এরা বাম-মানের (l-value) ওপরে প্রযুক্ত হয়ে ডান-মান (r-value) ফল দেয়। ফলে $x++++$ বা $x-----$ করা যায় না।

৬.৮. অগ্রগণ্যতার ক্রম (Precedence Order)

২. $++ -- + -$ ৪টি একিক অগুক্রিয়া (unary operator) পূর্ব-বৃদ্ধি (pre-increment) $++x$ ও পূর্ব-হ্রাস (pre-decrement) $--x$ এরা বাম-মানের (l-value) ওপর প্রযুক্ত হয়ে বাম-মানই ফল দেয়। ফলে $++++x$ বা $-- -- x$ করা যায়, আর সবচেয়ে ডানের $++$ বা $--$ আগে প্রযুক্ত হয়। (পূর্ব) একিক অগুক্রিয়া (unary operator) $+x$ ধনাত্মক (positive) $-x$ আর ঋণাত্মক (negative) এরা ডান-মানের (r-value) ওপর প্রযুক্ত হয়ে ডান-মানই দেয়। ফলে $+ + x$ বা $- - x$ করা সম্ভব, খেয়াল করো দুটো $+$ বা দুটো $-$ এর মধ্যে ফাঁকা দিতে হয়েছে না হলে ওগুলো বৃদ্ধি বা হ্রাস হিসাবে চিহ্নিত হয়ে যাবে।
৩. $* / %$ ৩টি দুয়িক অগুক্রিয়া (binary operator) এরা দুটি ডান-মানের (r-value) উপাদানের (operand) ওপর প্রযুক্ত হয়ে ডান-মানই ফল দেয়। এই অগুক্রিয়াগুলো পরপর অনেকগুলো থাকলে বাম থেকে ডানে একে একে হিসাব হতে থাকে। যেমন $10 / 2 * 4 % 6$ এ বাম থেকে ডানে প্রথমে ভাগফল, তারপর গুণফল, তারপর ভাগশেষ হিসাব হবে।
৪. $+ -$ ২টি দুয়িক অগুক্রিয়া (binary operator) এরা দুটি ডান-মানের (r-value) উপাদানের (operator) ওপর প্রযুক্ত হয়ে ডান-মানই ফল দেয়। এই অগুক্রিয়াগুলো পরপর অনেকগুলো থাকলে বাম থেকে ডানে একে একে হিসাব হতে থাকে। যেমন $10 - 2 + 5$ এ বাম থেকে ডানে প্রথমে বিয়োগফল, তারপর যোগফল হিসাব হবে।
৫. $= += -= *= /= % =$ এই সব দুয়িক অগুক্রিয়া (binary operator) আরোপণগুলোর (assignment) বামপাশে এমন কিছু থাকতে হবে যার বাম-মান (l-value) আছে, আর ডান পাশে এমন কিছু থাকতে হয় যার ডান-মান (r-value) আছে। এই অগুক্রিয়াগুলো পরপর অনেকগুলো থাকলে ডান থেকে বামে একে একে হিসাব হতে থাকে। যেমন $x += y = z *= 3$ তে প্রথমে ডানের $*$ = এর কারণে z এর সাথে 3 গুণ হবে, তারপর মাঝের $=$ এর কারণে z এর মান y আরোপিত হবে, শেষে y এর মান x এর সাথে যোগ হবে।
৬. $,$ বিত্তি (comma) একটি দুয়িক অগুক্রিয়া (binary operator) যেটির ফলাফল কেবল ডানপাশের উপাদান (operand)। বাম পাশের উপাদানটি হিসাব হয়, কিন্তু তার ফলাফল হবে নর্থক (void)। এই অগুক্রিয়া একাধিক পরপর থাকলে, বাম থেকে ডানে একে একে হিসাব হতে থাকে। যেমন $x + 2, y * 3, z / 4$ প্রথমে যোগ হবে, তারপর গুণ আর শেষে ভাগ, ফলাফল হবে একদম ডানের ভাগফলটিই।

দুটো একই বা একই ক্রমের অগুক্রিয়া পরপর থাকলে কোন পাশেরটি আগে হবে এইটি নির্ধারণ করে দেয়াকে বলা হয় সহযোজ্যতা (associativity)। যেমন $x - y - z$ থাকলে আমাদের প্রথমে বামের বিয়োগ করতে হবে, তারপর ডানের বিয়োগ, কাজেই বিয়োগ হল **বাম সহযোজ্য (left associative)** অর্থাৎ $x - y - z$ আর $(x - y) - z$ একই। খেয়াল করো বিয়োগ কিন্তু ডান সহযোজ্য (right associative) নয় কারণ $x - y - z$ আর $x - (y - z)$ এক নয়। যোগ আবার বাম ও ডান উভয় সহযোজ্য কারণ $x + y + z$, $(x + y) + z$ ও $x + (y + z)$ একই। সাধারণত উভয় সহযোজ্যদের ক্ষেত্রে সুবিধার্থে তাদের বাম-সহযোজ্য হিসাবে বিবেচনা করা হয়। উপরের তালিকায় আলোচিত অগুক্রিয়াগুলোর ক্ষেত্রে একই রকম অগুক্রিয়া পরপর থাকলে কোন পাশেরটি আগে হবে, সেটা কিন্তু আলোচনা করা হয়েছে। সেখান থেকে বুবতো পারো কোন অগুক্রিয়া বাম সহযোজ্য (left associative), আর কোনটি ডান সহযোজ্য (right associative)?

সবেশেষে একটা গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখবে বন্ধনী ($)$) এর শক্তি কিন্তু সবচেয়ে বেশী। যে কোন স্থানে কোন রকমের দ্বিদান্ড থাকলে সেখানে বন্ধনী ব্যবহার করে দ্বিদা পরিষ্কার করবে। অগুক্রিয়াগুলোর (operator) অগ্রগণ্যতার ক্রম (precedence order) ব্যবহার করে নানা রকম জটিল জটিল বিবৃতি ও রাশি (statement and expression) তৈরী করা যায়, যেগুলো ক্রম

৬.৯. গাণিতিক সমস্যা (Mathematical Problems)

বিবেচনায় নিয়ে বুঝতে গেলে মাথা গরম হয়ে যেতে পারে, ভুল হলে বের করা কঠিন হয়ে যাবে। কাজেই আমার পরামর্শ হচ্ছে তোমার বিরুতি বা রাশি অবশ্যই সহজে পাঠ্যোগ্য হতে হবে, আর এ কাজে যত দরকার বন্ধনী ব্যবহার করবে। যেমন ধরে $x += y - z$ এর চেয়ে $x += (y - z)$ বুঝা আমাদের জন্য বেশী সহজ, কারণ এতে একদম পরিষ্কার বিয়োগ আগে হবে।

৬.৯ গাণিতিক সমস্যা (Mathematical Problems)

দ্বিমাত্রিক স্থানাঙ্ক ব্যবস্থায় (two dimensional coordinate system) দুটি বিন্দুর স্থানাঙ্ক যোগান (input) নিয়ে তাদের মাঝে দূরত্ব ফলন (output) হিসাবে দেখাও। ধরো স্থানাঙ্কগুলো ভগ্নকে দেয়া আছে। তোমার নিশ্চয় জানা আছে যে দুটো বিন্দুর (x_1, y_1) ও (x_2, y_2) দূরত্ব হলো $\sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$ অর্থাৎ ভুজদ্বয়ের দূরত্বের বর্গ ও কোটিদ্বয়ের দূরত্বের বর্গের যোগফলের বর্গমূল। বর্গমূল নির্ণয়ের জন্য **cmath** শির নথি (header file) থেকে **sqrt** বিপাতক ব্যবহার করো। আর বর্গ নির্ণয়ের জন্য তোমাকে একই জিনিস দুইবার গুণ করতে হবে।

ফিরিষ্টি ৬.৫: দুটি বিন্দুর মধ্যের দূরত্ব (Distance Between Two Points)

```
// নীচের শির নথি main বিপাতকের বাইরে অন্তর্ভুক্ত করো

#include <cmath> // বর্গমূল নির্ণয়ের জন্য sqrt বিপাতক লাগবে

// নীচের অংশ main বিপাতকের ভিতরে return এর আগে লিখো

float x1, y1, x2, y2; // স্থানাঙ্ক দুটো (x1,y1), (x2,y2)

cout << "prothom bindur x y: "; // যোগান যাচনা
cin >> x1 >> y1; // প্রথম বিন্দু যোগান
cout << "ditiyo bindur x y: "; // যোগান যাচনা
cin >> x2 >> y2; // দ্বিতীয় বিন্দু যোগান

float xd = abs(x1 - x2); // ভুজ দুটির দূরত্ব
float yd = abs(y1 - y2); // কোটি দুটির দূরত্ব

float dd = sqrt(xd * xd + yd * yd); // দূরত্ব হিসাব করো
cout << "bindu dutor durotto: " << dd << endl; // ফলন
```

উপরের ক্রমলেখ খেয়াল করো। খুবই সাদামাটা। প্রথমে main বিপাতকের বাইরে **cmath** শির নথি অন্তর্ভুক্ত করতে হবে বলে দেখানো হয়েছে। তারপর main বিপাতকের ভিতরে বিন্দু দুটোর ভুজ ও কোটি ধারণ করার জন্য চারটি float ধরনের ভগ্নক চলক (variable) নেয়া হয়েছে। এরপর যোগান যাচনা (input prompt) দিয়ে বিন্দুদুটোর স্থানাঙ্ক যোগান (input) নেয়া হয়েছে। তারপর ভুজ দ্বয়ের দূরত্ব **abs(x1 - x2)** বের করে **xd** নামের আরেকটি চলকে নেয়া হয়েছে, একইভাবে কোটিদ্বয়ের দূরত্ব **abs(y1 - y2)** বের করে **yd** নামের আরেকটি চলকে নেয়া হয়েছে। মনে করে দেখো **abs** বিপাতকটি (function) কোন সংখ্যার পরম মান (absolute value) অর্থাৎ চিহ্ন বাদ দিয়ে কেবল মানটুকু ফেরত দেয়। যাইহোক তারপর **xd** এর বর্গ ও **yd** এর বর্গের যোগফল নিয়ে তার বর্গমূল বের করা হয়েছে **sqrt** বিপাতক ব্যবহার করে আর রাখা

৬.১০. শির নথি cmath (Header File cmath)

হয়েছে **dd** চলকে। সবশেষে দূরত্ব **dd** চলক থেকে ফলন (output) দেয়া হয়েছে। এখানে একটা কথা বলে রাখি **sqrt(xd * xd + yd * yd)** এর বদলে **cmath** শির নথি (header file) থেকেই **hypot** নামের বিপাতকও (function) আমরা ব্যবহার করতে পারতাম। সেক্ষেত্রে আমাদের লিখতে হতো **hypot(xd, yd)** আর সেটি ঠিক একই কাজ করতো।

৬.১০ শির নথি cmath (Header File cmath)

শির নথি **cmath** এ গাণিতিক প্রক্রিয়াকরণে ব্যবহৃতব্য নানান বিপাতক (function) আছে। আমরা এখানে ওই বিপাতকগুলোর সাথে সংক্ষিপ্ত আকারে পরিচিত হবো। এই বিপাতকগুলো কী তা বুবাতে তোমার উচ্চমাধ্যমিক গণিতের ধারণাবলী দরকার হবে। নীচের পরাবৃত্তীয় (hyperbolic) বিপাতকগুলো ছাড়া প্রায় সবগুলো বিপাতকই আমাদের প্রায়শই কাজে লাগে।

গাণিতিক বিপাতক (Mathematical Functions)

- **abs(x)**: কোন সংখ্যা **x** এর পরম মান। **abs(3)** হবে 3 এবং **abs(-3)** হবে 3।

ত্রিকোণমিতিক বিপাতক (Trigonometric Functions)

- **cos(x)**: লম্বানুপাত (cosine) যেখানে **x** হল রেডিয়ানে।
- **sin(x)**: লম্বানুপাত (sine) যেখানে **x** হল রেডিয়ানে।
- **tan(x)**: স্পর্শানুপাত (tangent) যেখানে **x** হল রেডিয়ানে।
- **acos(x)**: বিলম্বানুপাত (arc-cosine) যেখানে ফেরত মান রেডিয়ানে।
- **asin(x)**: বিলম্বানুপাত (arc-sine) যেখানে ফেরত মান রেডিয়ানে।
- **atan(x)**: বিস্পর্শানুপাত (arc-tangent) যেখানে ফেরত মান রেডিয়ানে।
- **atan2(x,y)**: বিস্পর্শানুপাত (arc-tangent) যেখানে $\frac{x}{y}$ এর **x** হল লব (numerator) আর **y** হল হর (denominator) আর ফেরত মান রেডিয়ানে।

পরাবৃত্তীয় বিপাতক (Hyperbolic Functions)

- **cosh(x)**: পরাবৃত্তীয় লম্বানুপাত (hyperbolic cosine) যেখানে **x** হল রেডিয়ানে।
- **sinh(x)**: পরাবৃত্তীয় লম্বানুপাত (hyperbolic sine) যেখানে **x** হল রেডিয়ানে।
- **tanh(x)**: পরাবৃত্তীয় স্পর্শানুপাত (hyperbolic tangent) যেখানে **x** হল রেডিয়ানে।
- **acosh(x)**: পরাবৃত্তীয় বিলম্বানুপাত (hyperbolic arc-cosine), ফেরত রেডিয়ানে।
- **asinh(x)**: পরাবৃত্তীয় বিলম্বানুপাত (hyperbolic arc-sine), ফেরত রেডিয়ানে।
- **atanh(x)**: পরাবৃত্তীয় বিস্পর্শানুপাত (hyperbolic arc-tangent), ফেরত রেডিয়ানে।

৬.১০. শির নথি cmath (Header File cmath)

সূচক ও ঘাতাঙ্ক (Exponents and Logarithms)

- **exp(x)**: e^x বা সূচকীয় বিপাতক (exponential function)
- **log(x)**: $\log_e x$ বা ঘাতাঙ্ক বিপাতক (logarithmic function)
- **log10(x)**: $\log_{10}x$ বা ১০-ভিত্তিক ঘাতাঙ্ক (logarithm)
- **exp2(x)**: 2^x বা ২-ভিত্তিক সূচকীয় (exponential) বিপাতক
- **log2(x)**: $\log_2 x$ বা ২-ভিত্তিক ঘাতাঙ্ক (logarithm)

শক্তি ও ঘাত (Power and Index)

- **pow(x,y)**: x^y অর্থাৎ x এর y তম শক্তি যেমন **pow(2,3)** হল 2^3 বা 8
- **sqrt(x)**: \sqrt{x} অর্থাৎ x এর বর্গমূল যেমন **sqrt(16.0)** হল 4.0
- **cbrt(x)**: $\sqrt[3]{x}$ অর্থাৎ x এর ঘনমূল যেমন **cbrt(8.0)** হল 2.0
- **hypot(x,y)**: $\sqrt{x^2 + y^2}$ অর্থাৎ x ও y কে সমকোণী ত্রিভুজের লম্ব (perpendicular) ও ভূমি (base) ধরলে অতিভুজের (hypotenuse) দৈর্ঘ্য

নৈকটায়নের বিপাতক (Rounding Functions)

- **round(x)**: নৈকটায়ন বিপাতক x এর নিকটতম পূর্ণক।
- **Floor(x)**: মেঝে বিপাতক x এর সমান বা ঠিক ছোট পূর্ণকটি।
- **ceil(x)**: ছাদ বিপাতক x এর সমান বা ঠিক বড় পূর্ণকটি।
- **trunc(x)**: কর্তন বিপাতক x এর ভগ্নাংশটুকু কেটে ফেলবে।

উপরের বিপাতকগুলোর ফলাফল বুঝার জন্য নীচের সারণী লক্ষ্য করো।

| মান x | নৈকটায়ন round(x) | মেঝে floor(x) | ছাদ ceil(x) | কর্তন trunc(x) |
|------------|-----------------------------|-------------------------|-----------------------|--------------------------|
| 2.3 | 2.0 | 2.0 | 3.0 | 2.0 |
| 2.8 | 3.0 | 2.0 | 3.0 | 2.0 |
| 2.5 | 3.0 | 2.0 | 3.0 | 2.0 |
| 2.0 | 2.0 | 2.0 | 2.0 | 2.0 |
| -2.3 | -2.0 | -3.0 | -2.0 | -2.0 |
| -2.8 | -3.0 | -3.0 | -2.0 | -2.0 |
| -2.5 | -3.0 | -3.0 | -2.0 | -2.0 |

৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৬.১১ অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে বের করবে।

১. বিপাতক (function) ও রাশি (expression) বলতে কী বুঝো? উদাহরণ দাও।
২. একিক (unary) ও দুয়িক (binary) অগুক্রিয়া (operation) বলতে কী বুঝো? কয়েকটা করে একিক (unary) ও দুয়িক (binary) অগুক্রিয়ার (operation) নাম বলো।
৩. উপাত্ত প্রকারাত্ত (type casting) কী? দুয়িক অগুক্রিয়ায় (binary operation) কী ভাবে উপাত্ত প্রকারাত্ত (type casting) হয়?
৪. নির্বাহ-কালীন ত্রুটি (execution-time error) বলতে কী বুঝো? ভাগফল ও ভাগশেষ নির্ণয়ের সময় কোন নির্বাহকালীন ত্রুটি ঘটতে পারে?
৫. ক্রমলেখতে অদরকারী সংকেতাংশ (code segment) মুছেনা দিয়ে কীভাবে আমরা টীকা (comment) ব্যবহার করে সেগুলোকে অকার্যকর করে রাখতে পারি, ব্যাখ্যা করো।
৬. ঝণাত্তুক পূর্ণকের (integer) ভাগফল ও ভাগশেষ নির্ণয়ের নিয়ম বর্ণনা করো।
৭. আরোপণ অগুক্রিয়ার (assignment operator) ফলাফল ঠিক কী? যৌগিক আরোপণ (compound assignment) বলতে কী বুঝো? কয়েকটি উদাহরণ দাও।
৮. সাধারণ যৌগিক আরোপণ (compound assignment) যেমন $x += 1$ ব্যবহার না করে কেন বৃদ্ধি (increment) $++x$ বা $+x+$ কেন ব্যবহার করা হয়?
৯. উত্তর-বৃদ্ধি (post-increment) ও পূর্ব-বৃদ্ধি (pre-increment) এর মধ্যে পার্থক্যগুলো আলোচনা করো। তুমি কোনটি ব্যবহার করতে চাইবে এবং কেন?
১০. বির্তি (comma) অগুক্রিয়ার কাজ কী? এর ফলাফলই বা কী?
১১. অগ্রগণ্যতার ত্রুটি (precedence order) ও সহযোজ্যতা (associativity) কী?
১২. সিপিপিতে এ পর্যন্ত শেখা অগুক্রিয়াগুলোর (operator) অগ্রগণ্যতার ত্রুটি (precedence order) ও সহযোজ্যতা (associativity) আলোচনা করো।

পরিগণনার সমস্যা: নীচে আমরা কিছু পরিগণনার সমস্যা দেখবো। এই সমস্যাগুলো আগে দৈর্ঘ্য ধরে নিজে নিজে সমাধান করতে চেষ্টা করবে। যখন একেবারেই পারছো না বলে মনে হয় তখনই কেবল সমাধান দেখে নিতে পারো। সমাধানগুলো পরিগণনার প্রশ্নগুলোর শেষে আছে।

১. একটি সমান্তর ধারার (arithmetic series) প্রথম পদ a সাধারণ অন্তর d হলে n -তম পদ কতো? n পদের সমষ্টিই বা কত? এর জন্য সিপিপিতে একটা ক্রমলেখ (program) তৈরী করো যেটি a , d , ও n যোগান (input) নিবে, আর n -তম পদ ও n পদের সমষ্টি ফলন (output) দিবে। এর জন্য তুমি সূত্র ব্যবহার করবে n -তম পদ = $a + (n - 1) * d$ আর n পদের সমষ্টি = $n * (2a + (n - 1) * d) / 2$ । প্রদত্ত বিভিন্ন ধারার জন্যে এই সূত্র a আর d বসালে আমরা ওই ধারাগুলোর জন্য সরাসরি সূত্র পেতে পারি।

৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

- $1 + 2 + 3 + \dots$ ধারাতে $a = 1, d = 1$ । সুতরাং n -তম পদ $= a + n - 1, n$ পদের সমষ্টি $= n(n + 1)/2$ । যেমন $n = 10$ হলে 10-তম পদ 10, সমষ্টি 55।
 - $2 + 4 + 6 + \dots$ ধারাতে $a = 2, d = 2$ । সুতরাং n -তম পদ $= 2n, n$ পদের সমষ্টি $= n(n + 1)$ । যেমন $n = 10$ হলে 10-তম পদ 20, সমষ্টি 110।
 - $1 + 3 + 5 + \dots$ ধারাতে $a = 1, d = 2$ । সুতরাং n -তম পদ $= 2n - 1, n$ পদের সমষ্টি $= n^2$ । যেমন $n = 10$ হলে 10-তম পদ 19, সমষ্টি 100।
২. নীচের মতো ফলন (output) দেয় এরকম একটি ক্রমলেখ (program) তৈরী করো। ফলের স্তপ্তিতে তুমি দুয়িক অগুক্রিয়াগুলো (binary operator) ব্যবহার করবে।
- ```
x=10 y=5

rashi fol
x=y+3 x= 8
x=y-2 x= 3
x=y*5 x= 25
x=x/y x= 2
x=x%y x= 0
```
৩. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি তিন অঙ্কের সংখ্যাকে উল্টো করে যেমন 326 হয়ে যায় 623। এ কাজে তুমি ভাগফল, ভাগশেষ, গুণ, যোগ ও বিয়োগ ব্যবহার করবে। 326 থেকে অক্ষগুলো আলাদা করে তারপর 623 তৈরী করবে।
৪. একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য  $a, b, c$  যোগান (input) নিয়ে ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করো। তুমি হয়তো জানো ত্রিভুজের ক্ষেত্রফল  $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$  যেখানে  $s$  হলো অর্ধ পরিসীমা অর্থাৎ  $s = (a+b+c)/2$ ।
৫. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি সেকেন্ড যোগান নিয়ে তাকে ঘন্টা-মিনিট-সেকেন্ডে রূপান্তর করে। এ কাজে তুমি ভাগফল ও ভাগশেষ ব্যবহার করবে।
৬. একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য  $a, b, c$  যোগান (input) নিয়ে এর কোণগুলো নির্ণয় করো। ধরো ত্রিভুজের কোন তিনটি  $A, B, C$ । এখান  $A, B, C$  যথাক্রমে  $a, b, c$  বাহুর বিপরীত কোণ। তুমি হয়তো জানো কোণ  $C = \cos^{-1}((a^2 + b^2 - c^2)/(2ab))$ , কোণ  $B = \cos^{-1}((c^2 + a^2 - b^2)/(2ca))$  ও কোণ  $A = \cos^{-1}((b^2 + c^2 - a^2)/(2bc))$ । তোমার ক্রমলেখতে ত্রিভুজের কোণগুলোকে তুমি ডিগ্রীতে রূপান্তর করে ফলন দিবে।
৭. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি দুটো সময় ঘন্টা, মিনিট, সেকেন্ডে নিয়ে সময় দুটিকে যোগ করে। এ কাজে তুমি যোগ, ভাগফল ও ভাগশেষ ব্যবহার করবে।
৮. এমন একটি ক্রমলেখ রচনা করো যেটি দুটো সমীকরণ  $ax + by = c$  ও  $dx + ey = f$  এর  $a, b, c, d, e, f$  যোগান নিয়ে  $x$  ও  $y$  এর মান ফলন দেয়।
৯. একটি বাস  $u$  আদিবেগ ও  $a$  সমত্বরণ নিয়ে যাত্রা শুরু করলো। সময়  $t$  সেকেন্ড পরে বাসের গতিবেগ  $v$  নির্ণয় করো।  $t$  সময় পরে বাসটি অতিক্রান্ত দূরত্ব  $s$  ও নির্ণয় করো। এ কাজে তুমি গতিবিদ্যার সূত্র  $v = u + at$  ও  $s = ut + \frac{1}{2}at^2$  ব্যবহার করবে।

## ৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

১০. নীচের ছদ্ম-সংকেতের (pseudocode) জন্য একটি ক্রমলেখ (program) তৈরী করো।

- ক) পড়ো (read)  $x$  ও  $y$
- খ) গণো (compute)  $p = x * y$
- গ) গণো (compute)  $s = x + y$
- ঘ) গণো (compute)  $t = s^2 + p * (s - x) * (p + y)$
- ঙ) লিখো (write)  $t$

**পরিগণনা সমাধান:** এবার আমরা পরিগণনার সমস্যাগুলোর সমাধান দেখবো। মনে রাখবে সমাধানগুলো দেয়া হয়েছে তুমি যদি একান্তই নিজে নিজে করতে পারছোনা বলে মনে হয়, তখন কেবল একটু সাহায্য যাতে পেতে পারো তাই। কাজেই পারতপক্ষে সমাধান দেখবে না।

১. একটি সমান্তর ধারার (arithmetic series) প্রথম পদ  $a$  সাধারণ অন্তর  $d$  হলে  $n$ -তম পদ কতো?  $n$  পদের সমষ্টি বা কত? এর জন্য সিপিপিতে একটি ক্রমলেখ (program) তৈরী করো যেটি  $a$ ,  $d$ , ও  $n$  যোগান (input) নিবে, আর  $n$ -তম পদ ও  $n$  পদের সমষ্টি ফলন (output) দিবে। এর জন্য তুমি সূত্র ব্যবহার করবে  $n$ -তম পদ =  $a + (n - 1) * d$  আর  $n$  পদের সমষ্টি =  $n * (2a + (n - 1) * d) / 2$ । প্রদত্ত বিভিন্ন ধারার জন্যে এই সূত্র  $a$  আর  $d$  বসালে আমরা ওই ধারাগুলোর জন্য সরাসরি সূত্র পেতে পারি।

- $1 + 2 + 3 + \dots$  ধারাতে  $a = 1, d = 1$ । সূত্রাং  $n$ -তম পদ =  $a + n - 1, n$  পদের সমষ্টি =  $n(n + 1)/2$ । যেমন  $n = 10$  হলে 10-তম পদ 10, সমষ্টি 55।
- $2 + 4 + 6 + \dots$  ধারাতে  $a = 2, d = 2$ । সূত্রাং  $n$ -তম পদ =  $2n, n$  পদের সমষ্টি =  $n(n + 1)$ । যেমন  $n = 10$  হলে 10-তম পদ 20, সমষ্টি 110।
- $1 + 3 + 5 + \dots$  ধারাতে  $a = 1, d = 2$ । সূত্রাং  $n$ -তম পদ =  $2n - 1, n$  পদের সমষ্টি =  $n^2$ । যেমন  $n = 10$  হলে 10-তম পদ 19, সমষ্টি 100।

আমরা এখানে কেবল সাধারণ সূত্রের জন্য ক্রমলেখ (program) তৈরী করবো। প্রদত্ত বিশেষ ধারার জন্য তুমি এই ক্রমলেখ (program) দরকার মতো বদলে নিতে পারবে।

ফিরিস্তি ৬.৬: সমান্তর ধারার সমস্যা (Arithmetic Series Problem)

```

int a, d, n;
cout << "prothom pod? "; cin >> a;
cout << "sadharon ontor? "; cin >> d;
cout << "kototom pod?"; cin >> n;

int t = a + (n - 1) * d; // n-তম পদ
cout << n << "-tom pod = " << t << endl;

int s = n * (2*a + (n - 1)*d) / 2; // সমষ্টি
cout << n << " poder somosti = " << s << endl;

```

## ৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

### যোগান-ফলনাংশ (input-output segment)

```
prothom pod? 1
sadharon ontor? 1
kototom pod? 10
10-tom pod = 10
10 poder somosti = 55
```

২. নীচের মতো ফলন (output) দেয় এরকম একটি ক্রমলেখ (program) তৈরী করো।

```
x=10 y=5

rashi fol
x=y+3 x= 8
x=y-2 x= 3
x=y*5 x= 25
x=x/y x= 2
x=x%y x= 0
```

### ফিরিষ্টি ৬.৭: দুয়িক অগুক্রিয়ার ফলাফল (Binary Operation Results)

```
int x = 10, y = 5;

cout << "x=" << x << " y=" << y << endl;
cout << endl; // ফাঁকা সারি
cout << "rashi "<< "fol " << endl;
cout << "x=y+3" << " x= " << y+3 << endl;
cout << "x=y-2" << " x= " << y-2 << endl;
cout << "x=y*5" << " x= " << y*5 << endl;
cout << "x=x/y" << " x= " << x/y << endl;
cout << "x=x%y" << " x= " << x%y << endl;
```

৩. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি তিন অঙ্কের সংখ্যাকে উল্টো করে যেমন 326 হয়ে যায় 623। এ কাজে তুমি ভাগফল, ভাগশেষ, গুণ, যোগ ও বিয়োগ ব্যবহার করবে। 326 থেকে অঙ্কগুলো আলাদা করে তারপর 623 তৈরী করবে।

```
int soja = 326;

int daner = soja % 10; // ভাগশেষ 6
int bamer = soja / 100; // ভাগফল 3
int majher = soja / 10 % 10; // ফল 2

int ulta = bamer; // উল্টা = 3
ulta += majher * 10; // উল্টা = 23
ulta += daner * 100; // উল্টা = 623
```

### ৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৮. একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য  $a, b, c$  যোগান (input) নিয়ে ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করো। তুমি হয়তো জানো ত্রিভুজের ক্ষেত্রফল =  $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$  যেখানে  $s$  হলো অর্ধ পরিসীমা অর্থাৎ  $s = (a+b+c)/2$ ।

ফিরিষ্টি ৬.৮: ত্রিভুজের বাহু হতে ক্ষেত্রফল (Triangle's Area From Sides)

```
// main বিপাতকের বাইরে
#include <cmath>

// main বিপাতকের ভিতরে
float a, b, c; // বাহুগুলো
cout << "sides a b c: "; // যোগান যাচনা
cin >> a >> b >> c; // যোগান নেওয়া

float s = (a + b + c) / 2; // অর্ধ পরিসীমা
float k = sqrt(s*(s-a)*(s-b)*(s-c)); // ক্ষেত্রফল

cout << "khetrofol = " << k << endl; // ফলন
```

যোগান-ফলনাংশ (input-output segment)

```
sides a b c: 100 60 90
khetrofol = 2666
```

৫. এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি সেকেন্ড যোগান নিয়ে তাকে ঘন্টা-মিনিট-সেকেন্ডে রূপান্তর করে। এ কাজে তুমি ভাগফল ও ভাগশেষ ব্যবহার করবে।

ফিরিষ্টি ৬.৯: সময়কে সেকেন্ডে প্রকাশ (Time in Seconds)

```
int motsekend = 38185;

int sekend = motsekend % 60; // ফল 25
int motminit = motsekend / 60; // ফল 636

int minit = motminit % 60; // ফল 36
int ghonta = motminit / 60; // ফল 10
```

৬. একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য  $a, b, c$  যোগান (input) নিয়ে এর কোণগুলো নির্ণয় করো। ধরো ত্রিভুজের কোণ তিনটি  $A, B, C$ । এখান  $A, B, C$  যথাক্রমে  $a, b, c$  বাহুর বিপরীত কোণ। তুমি হয়তো জানো কোণ  $C = \cos^{-1}((a^2 + b^2 - c^2)/(2ab))$ , কোণ  $B = \cos^{-1}((c^2 + a^2 - b^2)/(2ca))$  ও কোণ  $A = \cos^{-1}((b^2 + c^2 - a^2)/(2bc))$ । তোমার ক্রমলেখতে ত্রিভুজের কোণগুলোকে তুমি ডিগ্রীতে রূপান্তর করে ফলন দিবে। আমরা **cmath** শির নথি থেকে বিলগ্নানুপাতের (arccosine) জন্য **acos** বিপাতকটিকে (function) ব্যবহার করবো। কিন্তু এটি আমাদের রেডিয়ানে কোণ ফেরত দিবে। রেডিয়ান থেকে ডিগ্রীতে নিতে চাইলে আমাদের  $180/\pi$  দিয়ে গুণ করতে হবে। কথা হচ্ছে পাই

## ৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

কেমনে পাবো। আমরা **pai** একটা ত্রিভুজের বাহু দিয়ে দিব **3.1416** অথবা আরো নিখুত মান পেতে চাইলে **acos(-1)** থেকেও মান বের করে নিতে পারি।

**ফিরিষ্টি ৬.১০:** ত্রিভুজের বাহু হতে কোণ (Triangle's Angles From Sides)

```
// main বিপাতকের বাইরে
#include <cmath>

// main বিপাতকের ভিতরে
float a, b, c; // বাহুগুলো
cout << "sides a b c: "; // যোগান যাচনা
cin >> a >> b >> c; // যোগান নেওয়া

// কোণ নির্ণয় রেডিয়ানে
float C = acos((a*a + b*b - c*c)/(2*a*b));
float B = acos((c*c + a*a - b*b)/(2*c*a));
float A = acos((b*b + c*c - a*a)/(2*b*c));

// ডিগ্রীতে রূপান্তর
float const pai = arccos(-1); // বিকল্প হলো 3.1416
C *= 180/pai; B *= 180/pai; A *= 180/pai;

cout << "angles A B C= "; // ফলন
cout << A << " " << B << " " << C << endl;
```

যোগান-ফলনাংশ (input-output segment)

```
sides a b c: 145 60 90
angles A B C= 149.703 12.049 18.2475
```

- এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি দুটো সময় ঘন্টা, মিনিট, সেকেন্ডে নিয়ে সময় দুটিকে যোগ করে। এ কাজে তুমি যোগ, ভাগফল ও ভাগশেষ ব্যবহার করবে।

**ফিরিষ্টি ৬.১১:** দুটি সময়ের যোগ (Adding Two Times)

```
int ghonta1, minit1, sekend1; // ১ম সময় যোগান নিবে
int ghonta2, minit2, sekend2; // ২য় সময় যোগান নিবে

int sekend = sekend1 + sekend2; // সেকেন্ড দুটো যোগ
int minit = minit1 + minit2; // মিনিট দুটো যোগ
int ghonta = ghonta1 + ghonta2; // ঘন্টা দুটো যোগ

minit += sekend / 60; // মোট সেকেন্ড 60 এর বেশী হলে
sekend = sekend % 60; // মিনিট হওয়ার পরে অবশিষ্ট সেকেন্ড
ghonta += minit / 60; // মোট মিনিট 60 এর বেশী হলে
minit = minit % 60; // ঘন্টা হওয়ার পরে অবশিষ্ট মিনিট
```

### ৬.১১. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৮. এমন একটি ক্রমলেখ রচনা করো যেটি দুটো সমীকরণ  $ax+by = c$  ও  $dx+ey = f$  এর  $a, b, c, d, e, f$  যোগান নিয়ে  $x$  ও  $y$  এর মান ফলন দেয়। এরকম সহ সমীকরণ সমাধানের সূত্র হল  $x = (ce - bf) / (ae - bd)$  আর  $y = (af - cd) / (ae - bd)$ ।

ফিরিষ্টি ৬.১২: সহ সমীকরণ সমাধান (Simultaneous Equations)

```
float a, b, c, d, e, f;

cout << "prothom somikoron a b c:";
cin >> a >> b >> c;

cout << "ditiyo somikoron e f g:";
cin >> d >> e >> e;

float x = (c*e - b*f)/(a*e - b*d);
float y = (a*f - c*d)/(a*e - b*d);

cout << "x = " << x << " ";
cout << "y = " << y << endl;
```

যোগান-ফলনাংশ (input-output segment)

```
prothom somikoron a b c: 2 1 4
ditiyo somikoron e f g: 1 -1 -1
x = 1.33333 y = 1.33333
```

৯. একটি বাস  $u$  আদিবেগ ও  $a$  সমত্ত্বণ নিয়ে যাত্রা শুরু করলো। সময়  $t$  সেকেন্ড পরে বাসের গতিবেগ  $v$  নির্ণয় করো।  $t$  সময় পরে বাসটি অতিক্রান্ত দূরত্ব  $s$  ও নির্ণয় করো। এ কাজে তুমি গতিবিদ্যার সূত্র  $v = u + at$  ও  $s = ut + \frac{1}{2}at^2$  ব্যবহার করবে।

ফিরিষ্টি ৬.১৩: গতির সমীকরণ সমাধান (Solving Motion Equations)

```
float u, a, t;

cout << "adibeg toron somoy: ";
cin >> u >> a >> t;

float v = u + a * t;
float s = u*t + a * t * t / 2;

cout << "beg: " << v << " ";
cout << "durutto: " << s << endl;
```

যোগান-ফলনাংশ (input-output segment)

```
adibeg toron somoy: 2 1 4
beg: 6 durutto: 16
```

## ৬.১২. গণনা পরিভাষা (Computing Terminologies)

১০. নীচের ছদ্ম-সংকেতের (pseudocode) জন্য একটি ক্রমলেখ (program) তৈরী করো।

- ক) পড়ো (read)  $x$  ও  $y$
- খ) গণো (compute)  $p = x * y$
- গ) গণো (compute)  $s = x + y$
- ঘ) গণো (compute)  $t = s^2 + p * (s - x) * (p + y)$
- ঙ) লিখো (write)  $t$

ফিরিস্তি ৬.১৪: ছদ্মসংকেত থেকে ক্রমলেখ তৈরী (Program from Pseudocode)

```
int x, y; // কেবল main বিপাতকের ভিতরের অংশটুকু

cin >> x >> y; // ধাপ ক
int p = x * y; // ধাপ খ
int s = x + y; // ধাপ গ
int t = s*s + p * (s - x) * (p + y); // ধাপ ঘ

cout << t << endl; // ধাপ ঙ
```

## ৬.১২ গণনা পরিভাষা (Computing Terminologies)

- ধনাত্মক (positive)
- ঋণাত্মক (negative)
- অগুক্রিয়া (operator)
- উপাদান (operand)
- একিক (unary)
- দুয়িক (binary)
- উপাত্ত প্রকারান্তর (type casting)
- চলা-কালীন (run-time)
- নির্বাহ-কালীন (execution-time)
- টীকা দেয়া (commenting)
- টীকা তোলা (uncommenting)
- যোজন (composition)
- নথক (void)
- পৃথকী (separator)
- অগ্রগণ্যতা (precedence)
- সহযোজ্যতা (associativity)



## অধ্যায় ৭

# শর্তালি পরিগণনা (Conditional Programming)

আমাদের জীবনটা নাক বরাবর সোজা একটা পথ নয়, প্রতিটা মোড়ে মোড়ে এটা শাখায় শাখায় বিভক্ত। তোমাকে একটা শাখায় যেতে হবে, একসাথে একের বেশী শাখায় যেতে পারবে না। কোন্টায় যাবে তার জন্য ভাবতে হবে, তোমার অবস্থা ও লক্ষ্য বিবেচনা করতে হবে। **শর্তালি পরিগণনায় (conditional programming)** আমরা শাখায় শাখায় ভাবা শিখবো, আমাদের সামনের গমন পথ বাছাই করা শিখবো, আমরা আমাদের জীবনের সিদ্ধান্ত নেয়া শিখবো।

### ৭.১ যদি তাহলে নাহলে (If Then Else)

ধরো গণিত পরীক্ষায় তুমি ৫০ বা বেশী পেলে পাশ করবে আর নাহলে করবে ফেল। আর যদি ৮০ বা বেশী পাও তাহলে তুমি তারকা (star) পাবে। এমন একটি ক্রমলেখ (program) তৈরী করো যেটি তোমার গণিতে পাওয়া নম্বর যোগান (input) নিয়ে তোমাকে পাশ না ফেল ফলন (output) দিবে। আর তুমি যদি তারকা পেয়ে থাকো সেটাও জানাবে, তারকা না পেলে কিছু জানাবে না।

ফিরিস্তি ৭.১: পাশ-ফেল-তারকা নম্বর নির্ণয় (Pass Fail Star Marks)

```
int nombor; // চলক ঘোষণা

cout << "nombor? ";
cin >> nombor; // যোগান যাচনা
// যোগান নেয়া

if (nombor >= 50) // যদি পাশের নম্বর
 cout << "pass" << endl; // পাশ ফলন
else // না হলে
 cout << "fell" << endl; // ফেল ফলন

if (nombor >= 80) // যদি তারকা নম্বর
 cout << "taroka" << endl; // তারকা ফলন
```

## ৭.১. যদি তাহলে নাহলে (If Then Else)

উপরের অংশটুকু কোন ক্রমলেখতে (program) নিয়ে সংকলন (compile) করে চালিয়ে (run) দেখো। যদি 50 এর কম কোন নম্বর যোগান (input) দাও যেমন 45 তাহলে ফলন (output) দেখাবে **fell**। আর যদি 50 ও 79 এর মাঝের কোন নম্বর যোগান (input) দাও যেমন 65 তাহলে ফলন (output) দেখাবে **push**। আর যদি 80 বা বেশী কোন মান যোগান (input) দাও যেমন 85 তাহলে দুই সারি ফলন (output) দেখাবে: প্রথম সারিতে **push** আর পরের সারিতে **taroka**। নীচের যোগান-ফলনাংশে (input-output segment) ক্রমলেখটি (program) তিনি বার চালিয়ে বামে, মাঝে, ও ডানে এই তিনিটি ব্যাপার দেখানো হয়েছে।

| যোগান-ফলনাংশ (input-output segment) |            |                |
|-------------------------------------|------------|----------------|
| nombor? 45                          | nombor? 65 | nombor? 85     |
| fell                                | push       | push<br>taroka |

এবার ক্রমলেখাংশটি (program segment) বিশ্লেষণ করি। চলক ঘোষণা (variable declaration), যোগান যাচনা (input prompt), ও যোগান নেয়া (taking input) তো তুমি আগেই শিখেছো। এর পরে খেয়াল করো আমরা লিখেছি **if** (**nombor >= 50**) অর্থাৎ **যদি** নম্বর 50 বা তার বেশী হয় তাহলে কী করতে হবে সেটা কিন্তু তার পরপরই বলেছি **cout << "push"** **<< endl;** অর্থাৎ পাশ ফলন (output) দেখাতে হবে। তারপরের সারি খেয়াল করো **else** মানে হলো **না হলে** অর্থাৎ নম্বর যদি 50 বা তার বেশী না হয় মানে 50 এর কম হয়, আমাদের ফেল ফলনে দেখাতে হবে যা বলা হয়েছে ঠিক পরের সারিতে **cout << "fell" << endl;**। যে কোন নম্বর হয় 50 এর **কম হবে না হয়** **বেশী বা সমান** হবে, এই দুটো ছাড়া আর ভিন্ন কিছু হতে পারে না, এমনকি ওই দুটো একসাথেও সত্যি হতে পারে না। কাজেই আমাদের ক্রমলেখতে (program) হয় **cout << "push" << endl;** না হয় **cout << "fell" << endl;** নির্বাহিত (execute) হবে, দুটোই একসাথে হতে পারবে না। ঠিক যেন দুটো শাখা তৈরী হয়ে গেলো।

আমরা উপরের ক্রমলেখাংশ হতে দেখতে পেলাম প্রাণ্ত নম্বরের ওপর ভিত্তি করে ফলাফল পাশ না ফেল দেখাতে হবে অর্থাৎ ফলন (output) দেখানোর ওই দুটো বিরতির মধ্যে কোনটা নির্বাহিত হবে সেটা আমরা নম্বর 50 এর কম না বেশী বা সমান এই শর্তটি পরীক্ষা করে বাছাই করতে পারলাম। অনেক পরিগণনা ভাষায় (programming language) (**nombor > 50**) এর পরে **cout << "push" << endl;** এর আগে **then** লিখতে হয়, কিন্তু C++ এ এটা লিখতে হয় না। এখানে বরং শর্ত **nombor >= 50** এটাকে দুটো () বন্ধনী দিয়ে বন্দী করতে হয়। বন্ধনী দেয়ার ব্যাপারটা মনে রাখবে, কারণ প্রথম প্রথম তুমি এটা নিয়ে প্রায়ই ভুল করে সংকলন ক্রটি (compilation error) পাবে, আর তোমাকে তখন এটি ঠিক করতে হবে। বন্ধনী দুটো এখানে আশে পাশের শর্তকে পৃথক করে, যা সফল সংকলনের (compile) জন্যে জরুরী।

উপরের ক্রমলেখাংশে (program segment) খেয়াল করো পাশ ফেল দেখানোর **if** এর পরে আরো একটা **if** আছে যেটি দিয়ে আমরা প্রাণ্ত নম্বরটি তারকা (star) কিনা তা দেখাই। এই **if** এ শর্ত হচ্ছে (**nombor >= 80**) অর্থাৎ নম্বর যদি 80 বা এর বেশী হয় তাহলে ফলন (output) দেখাবে **taroka**। কিন্তু আর একটু সতর্ক ভাবে খেয়াল করো এই শর্ত মিথ্যা হলে বা পূরণ না হলে কী দেখাবে সেটা কিন্তু নাই। সোজা কথায় এই **if** এর সাথে কোন **else** ব্যবহার করা হয় নি। মানে নম্বর যদি 80 এর কম হয় তাহলে স্বেচ্ছ কিছুই দেখানোর দরকার নাই। তাহলে আমরা জানলাম **if** এর শর্ত পূরণ হলে আমাদের কী করতে হবে সেটা লিখতে হবে, কিন্তু শর্ত পূরণ না হলে আমরা দরকার মতো কী করতে হবে সেটা লিখবো, অথবা দরকার না হলে কিছুই লিখবো না।

এবার নীচে ক্রমলেখাংশটি খেয়াল করো। এখানে আমরা উপরের পাশ-ফেল দেখানো অংশটিই আবার দেখিয়েছি, তবে একটু ভিন্ন ভাবে। ভিন্নতাটা হলো উপরে যেমন **else** এর পরে সরাসরি **cout << "fell" << endl;** লিখেছিলাম, এখানে তা না করে **else** এর পরে **if** (**nombr**

## ৭.২. অন্বয়ী অগুক্রিয়া (Relational Operators)

`< 50`) লিখেছি। তোমাদের কাছে মনে হতে পারে, এটা তো সুন্দর, বুবাতে সুবিধা কারণ ঠিক যেন মানুষের ভাষায় আমরা যে ভাবে বলি যেমন যদি নম্বর 50 বা বেশী হয় ফলন দেখাও পাশ নাহলে যদি নম্বর 50 এর কম হয় ফলন দেখাও ফেল ঠিক তার মতো। কথা সত্য আমাদের বুবা সুবিধা হয় এ ভাবে। কিন্তু আমরা এভাবে লিখবো না, কারণ `else` এর পরে ওই `if (nobmor < 50)` লিখা আসলে অদরকারী আর সে কারণে তোমার ক্রমলেখ (program) খামোকা শ্লথ (slow) হয়ে যাবে। ওই `if (nobmor < 50)` লেখাটা অদরকারী কারণটা আগেই খানিকটা জেনেছি তবুও আরেকবার বলি `else` এর শাখায় আসা মানে হলো `nombor >= 50` এই শর্তটি মিথ্যা হয়েছে। আর এই শর্তটি মিথ্যা হওয়া মানে `nombor < 50` শর্তটি অবশ্যই সত্য। কাজেই এটি আবার আর একটি `if` লাগিয়ে পরীক্ষা করার কোন প্রয়োজন নাই।

|                                                  |                 |                 |
|--------------------------------------------------|-----------------|-----------------|
| <code>if (nombor &gt;= 50)</code>                | <code>//</code> | যদি পাশের নম্বর |
| <code>cout &lt;&lt; "pash" &lt;&lt; endl;</code> | <code>//</code> | পাশ ফলন         |
| <code>else if (nombor &lt; 50)</code>            | <code>//</code> | না হলে          |
| <code>cout &lt;&lt; "fell" &lt;&lt; endl;</code> | <code>//</code> | ফেল ফলন         |

তুমি যদি একান্তই মানুষের বুবার সুবিধার্থে ওই `if (nobmor < 50)` টা লিখতে চাও, সেটা টীকার (comment) ভিতরে লিখতে পারো। নীচে যেমন লিখে দেখালাম। এতে তোমার ক্রমলেখে (program) ধীর গতির হলো না, আবার তোমার পক্ষে ক্রমলেখ পড়তেও সহজ হয়ে গেলো। আমরা এ রকমই প্রায়ই করে থাকি। তবে অনেক ক্ষেত্রে `else` এর পরে ওইরকম একটা `if` দেওয়া অবশ্যস্তা হয়ে যায়, এটা আমরা পরের একটা পাঠেই বিস্তারিত দেখবো।

|                                                  |                 |                 |
|--------------------------------------------------|-----------------|-----------------|
| <code>if (nombor &gt;= 50)</code>                | <code>//</code> | যদি পাশের নম্বর |
| <code>cout &lt;&lt; "pash" &lt;&lt; endl;</code> | <code>//</code> | পাশ ফলন         |
| <code>else //if (nombor &lt; 50)</code>          | <code>//</code> | না হলে          |
| <code>cout &lt;&lt; "fell" &lt;&lt; endl;</code> | <code>//</code> | ফেল ফলন         |

এই আলোচনার শেষ করি আরেকটা ব্যাপার দিয়ে, সেটা হলো ছাড়ন দেয়া (indentation)। ছাড়ন নিয়ে আগে একবার আমরা আলোচনা করেছিলাম। খেয়াল করো আমরা `if (nombor >= 50)` এর পরে এই শর্ত সত্য হলে যে `cout << "pash" << endl;` টা নির্বাহ (execute) করতে হবে সেটা পরের সারিতে একটু ভিতরে থেকে লিখতে শুরু করেছি। এটা করলে গণনির (computer) জন্য কিন্তু কোন লাভ বা ক্ষতি নেই, কিন্তু আমরা সহজে চোখে দেখেই কেমন বুবাতে পারি যে ওই `cout` এর সারিটি আসলে তার আগের সারিতে `if` এর সাথের শর্ত সত্য হওয়ার ওপরে নির্ভরশীল। তারপর দেখো পরের সারিতে থাকা `else` আবার একটু ভিতর থেকে শুরু না হয়ে `if` বরাবরই শুরু হয়েছে। এটা দিয়ে আমরা বুবাতে চাই এই `else` টা আসলে ওই `if` এর শর্তটা মিথ্যা হলে প্রযোজ্য হবে। লম্বা ক্রমলেখতে যখন অনেক `if` আর অনেক `else` থাকবে তখন কোন `else` কোন `if` এর সাথে তা মিলানো (match) আমাদের পক্ষে চোখে দেখে কঠিন হয়ে যেতে পারে। ওই মিলানোর সুবিধার্থে `if` আর তার সাথের `else` এক বরাবর লিখা হয়। সবশেষে খেয়াল করো `else` এর পরের সারিতে `cout` আবার একটু ভিতর থেকে লেখা, কারণ এটা নির্বাহ হবে কিনা তা নির্ভর করে `else` এর ওপরে। একটু ভিতর থেকে লেখা শুরু করে সেইটাই বুবানো হয়।

## ৭.২ অন্বয়ী অগুক্রিয়া (Relational Operators)

অন্বয়ী অগুক্রিয়া (relational operators) কী? সিপিপি ভাষার ছয়টি অন্বয়ী অগুক্রিয়া `>= > = != < <=` রয়েছে দুটো রাশির তুলনা করার জন্য। এই অন্বয়ী অগুক্রিয়াগুলো আলোচনা করো।

## ৭.২. অন্বয়ী অগুক্রিয়া (Relational Operators)

### ক্রমলেখাংশ (program segment)

```

cout << "x y x>=y x>y x==y x!=y x<y x<=y" << endl;

cout << 3 << " " << 4 << " ";
cout << (3>=4) << " " << (3>4) << " ";
cout << (3==4) << " " << (3!=4) << " ";
cout << (3<4) << " " << (3<=4) << endl;

cout << 4 << " " << 4 << " ";
cout << (4>=4) << " " << (4>4) << " ";
cout << (4==4) << " " << (4!=4) << " ";
cout << (4<4) << " " << (4<=4) << endl;

cout << 4 << " " << 3 << " ";
cout << (4>=3) << " " << (4>3) << " ";
cout << (4==3) << " " << (4!=3) << " ";
cout << (4<3) << " " << (4<=3) << endl;

```

উপরের ক্রমলেখাংশে (program segment) প্রথমে আমরা দুটো অসমান সংখ্যার তুলনা করেছি যেখানে আগেরটি পরেটি থেকে ছেট। তারপরে আমরা দুটো সমান সংখ্যার তুলনা করেছি। সবশেষে আবারো দুটো অসমান সংখ্যার তুলনা করেছি কিন্তু এখানে আগেরটি বড়, পরেরটি ছেট। উক্ত ক্রমলেখাংশের প্রেক্ষিতে ফলন (output) কী হবে তা নীচে দেখানো হয়েছে।

### ফলনাংশ (output segment)

| x | y | x>=y | x>y | x==y | x!=y | x<y | x<=y |
|---|---|------|-----|------|------|-----|------|
| 3 | 4 | 0    | 0   | 0    | 1    | 1   | 1    |
| 4 | 4 | 1    | 0   | 1    | 0    | 0   | 1    |
| 4 | 3 | 1    | 1   | 0    | 1    | 0   | 0    |

এখানে ছয়টি অন্বয়ী অগুক্রিয়া (relational operators) ব্যবহার করা হয়েছে। এগুলো হল  $\geq$  = বড় বা বেশী (greater or equal),  $>$  বড় (greater),  $=$  সমান (equal),  $\neq$  অসমান (unequal),  $<$  ছোট (smaller),  $\leq$  ছোট বা কম (smaller or equal)। একটা বিষয় খেয়াল করো এখানে  $=$  সমান চিহ্ন কিন্তু দুটো = চিহ্ন দিয়ে, একটা দিয়ে নয়। আরোপণ (assignment) হলো একটা = দিয়ে। ক্রমলেখ (program) লিখতে গেলে আমাদের প্রায়শই এই ভুলটি হয়ে যায়, আর ক্রমলেখ ঠিকঠাক কাজ করে না। তোমরা এদিকে বিশেষ নজর রাখবে সব সময়।

যাইহোক উপরের ফলনাংশে (output segment) দেখো, যখনই কোন তুলনার ফলাফল সত্য হয়েছে, ফলনে (output) সেটি এসেছে 1 হিসাবে আর যেখানে তুলনার ফলাফল মিথ্যা তখনই এসেছে 0। আসলে এই অন্বয়ী অগুক্রিয়াগুলো (relational operators) বুলক (boolean) নামের এক প্রকারের মান ফলাফল হিসাবে দেয়। বুলক যেটাকে সিপিপিতে **bool** হিসাবে লেখা হয় সেটা হলো এক রকমের উপাত্ত প্রকরণ (data type)। বুলক মান কেবল সত্য আর মিথ্যা হতে পারে। সিপিপিতে মান দুটো হল মিথ্যা 0 ও সত্য 1। ক্রমলেখয়ের (program) ভিতরে অবশ্য মিথ্যা আর সত্যকে 0 আর 1 দিয়ে না বুঝিয়ে আমরা চাইলে স্পষ্টাকারে **false** ও **true** দিয়ে বুঝাতে পারি, কিন্তু ফলনে (output) দেখালে ওটা 0 আর 1 হিসাবে দেখানো হয়ে যাবে।

### ৭.৩. যদি-নাহলে মই (If-Else Ladder)

উপরের ক্রমলেখাংশে যদিও কেবল পূর্ণক (integer) ব্যবহার করা হয়েছে, অন্যান্য অগুক্রিয়াগুলো (relational operators) আসলে ভগ্নকের (fractioner) সাথেও একইভাবে কাজ করে। চাইলে একটা ভগ্নক ও একটা পূর্ণকও ওই অগুক্রিয়াগুলোতে এক সাথে ব্যবহার করা যায়, আর সেক্ষেত্রে পূর্ণকটি (int) প্রথমে ভগ্নকে (float) প্রকারান্তরিত (type cast) হয়ে যাবে, তারপর তুলনাটি হবে দুটো ভগ্নক (float) এর মধ্যে। ফলাফল অবশ্যই হবে একটি বুলক (bool) অর্থাৎ ০ বা ১। অন্যান্য অগুক্রিয়াগুলো (relational operators) বুলক (bool) এর ওপরও কাজ করে। সেক্ষেত্রে **false** আর **true** কে প্রেফ ০ আর ১ ধরে পূর্ণক হিসাবে বিবেচনা করলে তুলনার যে ফলাফল আসার কথা তাই আসবে। উপরের ক্রমলেখাংশে তুমি ৩ ও ৪ এর বদলে নানা রকম বুলক (bool) বা পূর্ণক (int) বা ভগ্নক (float) মান দুটো উপাদানই (operand) একরকম বা দুটো দুইরকম করে বসিয়ে ফলাফলগুলো পর্যবেক্ষণ করতে পারো।

### ৭.৩ যদি-নাহলে মই (If-Else Ladder)

যদি-নাহলে মই (If-Else Ladder) কী? যদি-নাহলে মই ব্যবহার করে কোন প্রদত্ত বছর অধিবর্ষ (leap year) কিনা তা নির্ণয়ের জন্য একটি ক্রমলেখ (program) তৈরী করো।

প্রথমে আমরা দেখি একটা বছর কখন অধিবর্ষ (leap year) হয়। একটি প্রদত্ত বছর যদি ৪০০ দ্বারা বিভাজ্য হয় তাহলে এটি অধিবর্ষ, যেমন ১৬০০ ও ২০০০। তা নাহলে অর্থাৎ বছরটি যদি ৪০০ দিয়ে বিভাজ্য না হয় কিন্তু এটি যদি ১০০ দিয়ে বিভাজ্য হয় তাহলে এটি অধিবর্ষ নয়, যেমন ১৮০০ ও ১৯০০। তাও নাহলে অর্থাৎ বছরটি ১০০ দ্বারাও বিভাজ্য নয় কিন্তু যদি ৪ দ্বারা বিভাজ্য তাহলে এটি অধিবর্ষ, যেমন ২০১২ বা ২০১৬। তাও নাহলে অর্থাৎ বছরটি যদি ৪ দ্বারা বিভাজ্য না হয় তাহলে এটি অধিবর্ষ নয় অর্থাৎ সাধারণ বর্ষ যেমন ২০১৪ বা ২০১৫। এই কথাগুলোকে সংক্ষেপে লিখলে দাঁড়ায় "যদি ৪০০ দ্বারা বিভাজ্য হয় তাহলে অধিবর্ষ, নাহলে যদি ১০০ দ্বারা বিভাজ্য হয় তাহলে অধিবর্ষ নয়, নাহলে যদি ৪ দ্বারা বিভাজ্য হয় তাহলে অধিবর্ষ, নাহলে অধিবর্ষ নয়।"

ফিরিস্তি ৭.২: অধিবর্ষ নির্ণয় (Leap Year Determination)

```
int bosor;
cout << "bosor koto? ";
cin >> bosor;

if (bosor % 400 == 0) // ৪০০ দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho hoy" << endl;
else if (bosor % 100 == 0) // ১০০ দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho noy" << endl;
else if (bosor % 4 == 0) // ৪ দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho hoy" << endl;
else // if (bosor % 4 != 0) ৪ দিয়ে বিভাজ্য নয়
 cout << "odhiborsho noy" << endl;

cout << "kee chomotkar!" << endl;
```

এবার আমাদের ক্রমলেখাংশের (program segment) দিকে তাকাই। উপরে সংক্ষেপে ঠিক যে ভাবে অধিবর্ষ নির্ণয় করার নিয়ম বর্ণনা করেছি, আমাদের ক্রমলেখাংশে আমরা যেন তাই লিখেছি। মিলিয়ে নাও। পাটিগণিতীয় অগুক্রিয়াগুলোর (arithmetical operators) পাঠ থেকে

### ৭.৪. অন্তিম যদি-নাহলে (Nested If-Else)

মনে করো দেখো % অগুক্রিয়া আমাদের ভাগশেষ ফলাফল দেয়। তো ভাগশেষ যদি শুন্য হয় তাহলে আমরা বিভাজ্যতা বুঝতে পারবো, আর ভাগশেষ শুন্য না হলে অবিভাজ্যতা। আমরা প্রথমে ৪০০ দিয়ে বিভাজ্যতা পরীক্ষা করেছি, না হলে তারপর ১০০ দিয়ে বিভাজ্যতা, তাও নাহলে তারপর ৪ দিয়ে বিভাজ্যতা পরীক্ষা করেছি। কেমন হুবহু একই রকম করে ক্রমলেখটি লেখা গেছে!

খেয়াল করো বিভাজ্য হওয়া **bosor %400 == 0** আর অবিভাজ্য হওয়া **bosor %400 != 0** এই দুটোতো বিপরীত শর্ত। ক্রমলেখতে (program) প্রথম শর্ত ব্যবহার করলে ওই শর্ত সত্য (অথবা মিথ্যা) হলে যা করতে হবে, একই কাজ দ্বিতীয় শর্ত ব্যবহার করলে সেই শর্ত মিথ্যা (অথবা সত্য) হলে করতে হবে। প্রশ্ন হলো পরস্পর বিপরীত এই দুটোর মধ্যে কোন শর্টটা ব্যবহার করা সুবিধাজনক। তাছাড়া ৪০০ দিয়ে বিভাজ্যতাই বা আগে কেন করবো, ৪ বা ১০০ দিয়ে বিভাজ্যতাও তো আগে করতে পারি? এসবের উত্তর হল ব্যতিক্রম ও বেশী ব্যতিক্রমগুলো তাহলেতে রাখো, আর বাঁদবাকী কম ব্যতিক্রমগুলো সব রাখো নাহলেতে, তাতে চিন্তা করা সহজ হয়ে যায়, ক্রমলেখ (program) তৈরীও সহজ হয়। যেমন ৪০০ দিয়ে বিভাজ্য হলে অধিবর্ষ, এটা অনেক বেশী ব্যতিক্রম, তুলনামূলক অল্প সংখ্যক বছর ৪০০ দিয়ে বিভাজ্য হবে। ১০০ দিয়ে বিভাজ্য হওয়া আর একটু কম ব্যতিক্রম মানে তুলনামূলক ভাবে অনেক বছরই ১০০ দিয়ে বিভাজ্য। ৪ দিয়ে বিভাজ্য হওয়া আরো কম ব্যতিক্রম মানে তুলনামূলক ভাবে অনেক বেশী সংখ্যক বছর ৪ দিয়ে বিভাজ্য। আর ৪ দিয়ে বিভাজ্য না হওয়া মোটামুটি সাধারণ ঘটনা ধরা যায়, বাঁদবাঁকী সব বছরই ৪ দিয়ে অবিভাজ্য। খেয়াল করো ক্রমলেখ (program) সেভাবেই ব্যতিক্রম মাথায় রেখেই লেখা হয়েছে। সব চেয়ে বেশী ব্যতিক্রমী ব্যাপার সবচেয়ে আগে, সবচেয়ে কম ব্যতিক্রম সবচেয়ে পরে।

আমাদের ক্রমলেখতে ছাড়ন (indentation) দেয়ার ব্যাপারটা একটু খেয়াল করো। যদিও আমরা জানি ছাড়ন দেয়া না দেওয়া অথবা ফাঁকা দিয়ে দিয়ে লেখা বা না লেখাতে ক্রমলেখয়ের (program) ফলাফলে কোন পরিবর্তন হয় না। আমরা কেবল মানুষের বোঝার সুবিধার্থে ওগুলো করি। তারপরও খেয়াল করো আমাদের বুঝার সুবিধার্থে আমরা প্রথমের **if**, তারপরের **else if** গুলো, সবশেষের **else** আর তাদের শর্ত সত্য হলে যা করতে হবে সব মিলিয়ে কী সুন্দর একটা ধাঁচ (pattern) তৈরী করেছি। এই ধাঁচটি একটি মইয়ের মতো কারণ আমাদের প্রথম **if** দিয়ে শুরু করে শর্ত পরীক্ষা করতে করতে নীচের দিকে নামতে হবে। আর যে কোন একটি শর্ত পূরণ হলেই তার জন্য যে কাজটি করতে হবে পাশের দিকে গিয়ে সেটি করলেই পুরো ধাঁচটির কাজই আসলে শেষ হয়ে যাবে। মানে একটা শর্ত সত্য হলে নীচের দিকের আরো কোন শর্ত আর পরীক্ষা করা হবে না, পুরো ধাঁচের কাজ শেষ হয়ে যাবে। আর ঠিক এর পরে যে বিরুতি (statement) নির্বাহিত (execute) হবে সেটি হলো এই পুরো ধাঁচের বাইরে থাকা কোন বিরুতি। যেমন উপরের ক্রমলেখ-তে লক্ষ্য করো **cout << "kee chomotkar!" << endl;** হলো পুরো ধাঁচের বাইরে, সুতরাং যদি-নাহলে মই থেকে বের হয়েই ওইটি নির্বাহিত হতে শুরু করবে।

### ৭.৪. অন্তিম যদি-নাহলে (Nested If-Else)

অন্তিম যদি-নাহলে (nested if-else) কী? অন্তিম যদি-নাহলে ব্যবহার করে কোন প্রদত্ত বছর অধিবর্ষ (leap year) কিনা তা নির্ণয়ের জন্য একটি ক্রমলেখ (program) তৈরী করো।

একটা বছর কখন অধিবর্ষ (leap year) হয়, সেটা আগের পাঠেই জেনেছি, তবুও আরেকবার: বছরটি যদি ৪০০ দ্বারা বিভাজ্য হয় তাহলে এটি অধিবর্ষ, যেমন ১৬০০ ও ২০০০। তা নাহলে অর্থাৎ বছরটি যদি ৪০০ দিয়ে বিভাজ্য না হয় কিন্তু এটি যদি ১০০ দিয়ে বিভাজ্য হয় তাহলে এটি অধিবর্ষ নয়, যেমন ১৮০০ ও ১৯০০। তাও নাহলে অর্থাৎ বছরটি ১০০ দ্বারাও বিভাজ্য নয় কিন্তু যদি ৪ দ্বারা বিভাজ্য তাহলে এটি অধিবর্ষ, যেমন ২০১২ বা ২০১৬। তাও নাহলে অর্থাৎ বছরটি যদি ৪ দ্বারা বিভাজ্য না হয় তাহলে এটি অধিবর্ষ নয় অর্থাৎ সাধারণ বর্ষ যেমন ২০১৪ বা ২০১৫। আগের পাঠে

#### ৭.৪. অন্তর্ণিষ্ঠ যদি-নাহলে (Nested If-Else)

দেখানো আমাদের নীচের ক্রমলেখাংশটি সে ভাবেই যদি-নাহলে মই ব্যবহার করে লেখা।

```
if (bosor % 400 == 0) // 800 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
else if (bosor % 100 == 0) // 100 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho noy" << endl;
else if (bosor % 4 == 0) // 8 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
else // if (bosor % 4 != 0) 8 দিয়ে বিভাজ্য নয়
cout << "odhiborsho noy" << endl;
```

উপরের ক্রমলেখাংশে (program segment) দেখো দ্বিতীয় **if** বিরতিতে (statement) 100 দিয়ে বিভাজ্যতা পরীক্ষা করা হয়েছে কিন্তু 800 দিয়ে অবিভাজ্য হওয়ার পরে। তো আমরা যদি **bosor % 400 == 0** লিখে বিভাজ্যতা পরীক্ষা না করে তার উল্টোটা **bosor % 400 != 0** লিখে অবিভাজ্যতা পরীক্ষা করতাম তাহলে ক্রমলেখাংশটি কেমন হতো? তাহলে সালটি যে অধিবর্ষ সেটা দেখানোর **cout** চলে যেতো **else** এর সাথে। নীচের ক্রমলেখাংশের সাথে মিলিয়ে নাও।

```
if (bosor % 400 != 0) // 800 দিয়ে অবিভাজ্য
if (bosor % 100 == 0) // 100 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho noy" << endl;
else if (bosor % 4 == 0) // 8 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
else // if (bosor % 4 != 0) 8 দিয়ে বিভাজ্য নয়
cout << "odhiborsho noy" << endl;
else // if (bosor % 400 == 0) 800 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
```

তুমি এবার জিজেস করতে পারো, আচ্ছা আমি কি একই ভাবে 100 বা 8 দিয়ে বিভাজ্য হওয়ার **if** গুলোকেও 100 বা 8 দিয়ে অবিভাজ্যতার **if** দিয়ে লিখতে পারতাম? হ্যাঁ অবশ্যই। নীচের ক্রমলেখাংশ (program segment) খেয়াল করো। আমরা প্রতিটি **if** এর শর্তই বদলে এখন অবিভাজ্যতার শর্ত দিয়ে দিয়েছি। যদি-নাহলের মইতে আমরা **if** এর সাথে থাকা শর্ত মিথ্যা হলে তার **else** এর পরপরই একটা **if** দেখতে পেতাম। এখানে দেখো উল্টোটা, **if** এর শর্ত সত্য হলে বরং তার পরপরই আরেকটা **if** দেখা যাচ্ছে। এটাকে আমরা বলবো **অন্তর্ণিষ্ঠ যদি-নাহলে (nested if-else)** অর্থাৎ একটা যদি-নাহলের ভিতরে আরেকটা যদি-নাহলে, তার ভিতরে আরেকটা!

```
if (bosor % 400 != 0) // 800 দিয়ে অবিভাজ্য
if (bosor % 100 != 0) // 100 দিয়ে অবিভাজ্য
if (bosor % 4 != 0) // 8 দিয়ে অবিভাজ্য
cout << "odhiborsho noy" << endl;
else // if (bosor % 4 == 0) 8 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
else // if (bosor % 100 == 0) 100 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho noy" << endl;
else // if (bosor % 400 == 0) 800 দিয়ে বিভাজ্য
cout << "odhiborsho hoy" << endl;
```

## ৭.৫. ঝুলন্ত নাহলে (Dangling Else)

অস্তিত্ব যদি-নাহলে লেখায় ছাড়ন (indentation) দেয়ার ব্যাপারটি খেয়াল করো। সবচেয়ে ভিতরের **else** সবচেয়ে ভিতরের **if** এর সাথে। মাঝের **else** মাঝের **if** এর সাথে আর সবচেয়ে বাইরের **else** বাইরের **if** এর সাথে। টীকার (comment) অংশগুলো দেখে মিলিয়ে নাও। ক্রম-লেখ (program) লিখতে ছাড়ন (indentation) দেয়া যে কতটা গুরুত্বপূর্ণ সেটা এখান থেকে তোমার বেশ বুঝতে পারার কথা। ছাড়ন না থাকলে ক্রমলেখ বুঝা আমাদের জন্য দুরহ হবে।

উপরের আলোচনায় একটা জিনিস আমরা দেখেছি: যদি-নাহলে মই (if-else ladder) আর অস্তিত্ব যদি-নাহলে (nested if-else) খানিকটা পরস্পরের বিপরীত। তুমি কিন্তু চাইলে এ দুটোর মিশ্রণ ঘটাতে পারো মানে পুরোটাই মই না করে বা পুরোটাই অস্তিত্ব না করে দুইরকমটাই ব্যবহার করলে! যেমন ধরো আমরা যদি প্রথমে ১০০ দিয়ে বিভাজ্যতা পরীক্ষা করি। তাহলে শর্ত সত্য হলেই আমরা অধিবর্ষ বলতে পারি না। আমাদের দেখতে হবে ৪০০ দিয়ে বিভাজ্য কিনা। আর ১০০ দিয়ে বিভাজ্য না হলে আমাদের দেখতে হবে ৪ দিয়ে বিভাজ্য কিনা। তো সেই অনুসারে নীচের ক্রমলেখাংশ (program-segment) খেয়াল করো এখানে অস্তিত্ব যদি-নাহলেও (nested if-else) আছে আবার যদি-নাহলে মইও (if-else ladder) আছে। ছাড়ন (indentation) দেখে চিনতে পারছো? তুমি কিন্তু আরো নানান ভাবে অধিবর্ষ (leap year) নির্ণয় নিয়ে আর যদি-নাহলে নিয়ে খেলতে পারো। কোন শর্ত আগে, কোনটা পরে, কোনটা মাঝে, কোনটাকে অস্তিত্ব করবে, কোনটাকে মইয়ে দিবে, চেষ্টা করে দেখবে, মজাও পাবে, বিষয়গুলো শিখবেও!

```
if (bosor % 100 == 0) // ১০০ দিয়ে বিভাজ্য
 if (bosor % 400 == 0) // ৪০০ দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho hoy" << endl;
 else // ৪০০ দিয়ে অবিভাজ্য
 cout << "odhiborsho noy" << endl;
else if (bosor % 4 == 0) // ৪ দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho hoy" << endl;
else // ৪ দিয়ে অবিভাজ্য
 cout << "odhiborsho noy" << endl;
```

## ৭.৫ ঝুলন্ত নাহলে (Dangling Else)

ঢাক বিভাগ সারাদেশকে অনেক অঞ্চলে ভাগ করে প্রতিটি অঞ্চলের একটা করে ক্রমিক নম্বর দিয়ে দেয়। ঢাকার অঞ্চলগুলোর ক্রমিক নম্বর ১০০ পর্যন্ত, তার মধ্যে ১৩ দিয়ে বিভাজ্য নম্বরগুলো হলো সংরক্ষিত অঞ্চল যেমন ১৩, ২৬, ৩৯, ৫২, ৬৫, ৭৮, ৯১। ঢাকার ভিতর থেকে ঢাকে চিঠি পাঠানোর খরচ সারাদেশের যে কোন জায়গায় হলে ৪ টাকা। কিন্তু গন্তব্য ঠিকানা ঢাকার ভিতরেই হলে খরচ ২টাকা, আর ঢাকার ভিতরেই কিন্তু সংরক্ষিত অঞ্চলে হলে খরচ ৩ টাকা। তুমি বেশীর ভাগ সময় ঢাকার ভিতরেই কোথাও না কোথাও চিঠি পাঠাও, তবে মাঝে মাঝে অন্যত্রও পাঠাও। তো তোমাকে একটি ক্রমলেখ (program) লিখতে হবে যেটি তোমার চিঠির গন্তব্য কত নম্বর অঞ্চলে যোগান (input) নিয়ে তোমাকে চিঠি পাঠানোর খরচ ফলনে (output) দেখাবে। তোমার ক্রমলেখতে (program) তুমি অবশ্যই যদি নাহলে (if-else) ব্যবহার করবে কিন্তু তাতে যেন কোন ভাবেই ঝুলন্ত নাহলে (dangling else) দিয়ে ভুল না করে বসো, সেটা খেয়াল রাখবে।

এই ক্রমলেখ (program) লেখা তো খুব সহজ। যদি-নাহলে মই (if-else ladder) ব্যবহার করে তুমি সহজেই লিখে ফেলতে পারো। প্রথমে পরীক্ষা করবে অঞ্চল ১০০ এর চেয়ে বড় কিনা। ১০০ এর বড় হলে খরচ ৪ টাকা, কারণ অঞ্চলটি ঢাকার বাইরে। আর নাহলে মানে অঞ্চলটি ঢাকার ভিতরে হলে এবার পরীক্ষা করে দেখবে ১৩ দিয়ে বিভাজ্য কিনা। ১৩ দিয়ে বিভাজ্য হওয়া মানে

## ৭.৫. ঝুলন্ত নাহলে (Dangling Else)

সংরক্ষিত অঞ্চল সুতরাং খরচ ৩ টাকা, আর ১৩ দিয়ে বিভাজ্য না হলে মানে অসংরক্ষিত এলাকা হলে খরচ ২ টাকা। নীচের ক্রমলেখাংশের (program segment) সাথে মিলিয়ে দেখো।

```
int onchol;

cout << "onchol koto? ";
cin >> onchol;

if (onchol > 100) // ঢাকার বাইরে
 khoroch = 4;
else if (onchol % 13 == 0) // সংরক্ষিত অঞ্চল
 khoroch = 3;
else // অসংরক্ষিত অঞ্চল
 khoroch = 2;
```

এই ক্রমলেখটি আরো নানান ভাবেই লেখা সম্ভব তুমি সেগুলো নিজে নিজে চেষ্টা করবে। তবে আমরা তো কেবল এটি সমাধানই শিখছি না, আমরা শিখবো ঝুলন্ত নাহলে (dangling else) ধাঁচটি কেমন সেটি। তো আমাদের সমস্যার বিবরণে খেয়াল করো একটা কথা আছে তুমি বেশীর ভাগ চিঠ্ঠী পাঠাও ঢাকায়। আর সেখানে অসংরক্ষিত এলাকার সংখ্যায় বেশী। এ থেকে আমরা ধরে নিতে পারি যে খরচ বেশীর ভাগ সময়ই ২ টাকা। কাজেই আমরা **khoroch** চলকটির মান শুরুতেই ২টাকা আদি আরোপণ (initial assignment) করে ফেলতে পারি। তারপর শর্ত পরীক্ষা করে যদি দেখি ঢাকার ভিতরে আর সংরক্ষিত তাহলে খরচ করে দিবো ৩ টাকা আর ঢাকার বাইরে হলে করে দিবো ৪ টাকা। নীচের ক্রমলেখাংশটি দেখো। আমরা সে রকমটি করার চেষ্টা করেছি।

```
int khoroch = 2; // ঢাকার ভিতরে অসংরক্ষিত

if (onchol <= 100) // ঢাকার ভিতরে
 if (onchol % 13 == 0) // সংরক্ষিত
 khoroch = 3;
else // দেখতে মনে হয় ঢাকার বাইরে
 khoroch = 4;
```

উপরের অংশটুকু ব্যবহার করে কোন ক্রমলেখ (program) তৈরী করে চালালে সেটি সঠিক **khoroch** জানাবে না। ঢাকার বাইরের অঞ্চলগুলোর জন্য যেখানে খরচ ৪টাকা হওয়ার কথা, তা না হয়ে বরং ২টাকাই থাকবে। আর ঢাকার ভিতরের অসংরক্ষিত এলাকার জন্য যেখানে খরচ হওয়ার কথা ২টাকা তা না হয়ে খরচ ৪টাকা হবে। ক্রমলেখ (program) চোখে দেখে তো মনে হচ্ছে সব ঠিক আছে, তবে কেন এই বিপন্নি! আসলে বিপন্নি বাঁধিয়েছে **else** অংশটি। আমরা যেভাবে ছাড়ন (indentation) দিয়ে লিখেছি তাতে মনে হচ্ছে **else** অংশটুকু প্রথম **if** সাথের অর্থাৎ **onchol <= 100** মিথ্যা হওয়ার সাথে জড়িত। কিন্তু আসলে তা নয়। প্রতিটি **else** তার পূর্বের নিকটতম সঙ্গীহীন **if** এর সাথে জড়িত। তার মানে এইখানে **else** টি পরের **if** এর সাথে জড়িত। অর্থাৎ **onchol** যদি 13 দিয়ে বিভাজ্য না হয় তার সাথে জড়িত।

অন্তান্তি যদি-নাহলে (nested if-else) আলোচনায় আমরা দেখেছিলাম সবচেয়ে ভিতরের **else** ঠিক সবচেয়ে ভিতরের **if** এর সাথে, মাঝের **else** ঠিক মাঝের **if** এর সাথে, আর বাইরের **else** ঠিক বাইরের **if** এর সাথে। আসলে কোন **else** কোন **if** এর সাথে যাবে এখানে ছাড়নের (indentation) কোন প্রভাবই নেই। যে **else** এর জন্য **if** মিলানো দরকার সেখান থেকে উপ-

## ৭.৬. যৌগিক বিবৃতি (Compound Statement)

রের দিকে যেতে থাকলে প্রথম যে **if** পাওয়া যাবে যার সাথে কোন ইত্যমধ্যে **else** দেওয়া হয় নাই, সেই **if**-ই হলো আমাদের ওই **else** এর সাথের **if**। ছাড়ন কেবল আমাদের চোখের দেখার জন্য, গণনির (computer) কাছে এর কোন অর্থ নেই। তাহলে সঠিকভাবে ছাড়ন দিয়ে লিখলে আমাদের উপরের ক্রমলেখ আসলে নীচের মতো হবে। সুতরাং বুঝতেই পারছো উলটাপাল্টা ছাড়ন (indentation) দেখে তুমি ভাববে তোমার ক্রমলেখ এরকম কাজ করবে, কিন্তু আসলে সেটা কাজ করবে ভিন্ন রকম। আর ভুলটা কোথায় তা বের করতে তুমি গলদঘর্ষ হয়ে যাবে!

```
int khoroch = 2; // ঢাকার ভিতরে অসংরক্ষিত

if (onchol <= 100) // ঢাকার ভিতরে
 if (onchol % 13 == 0) // সংরক্ষিত
 khoroch = 3;
 else // অসংরক্ষিত
 khoroch = 4;
```

এরকমের সমস্যা যেখানে **else** কার সাথে তা বুঝতে আমাদের ঝামেলা লাগে, সেই সমস্যাকে বলা হয় ঝুলন্ত নাহলে (dangling else)। উপরের সঠিক ছাড়ন (indentation) দিয়ে আমরা বুঝতে পারলাম সমস্যা কোথায় কিন্তু সমাধান কিন্তু আমরা এখনো জানিনা, **else** কিন্তু আসলেই আমরা বাইরের **if** এর **onchol <= 100** মিথ্যা হলে কী হবে তার জন্য লিখতে চাই। উপায় কী? উপায় খুবই সহজ। ভিতরের **if** এর জন্য একটা **else** লাগিয়ে দাও, আর সেই **else** এর জন্য তো আমাদের কিছু করার নাই। কারণ ওই **else** এর জন্য খরচ ২টাকা সেটা তো আমরা আগেই আদিমান আরোপণের সময় দিয়ে এসেছি। কিছু করার নাই বুঝতে আমরা সাধারণত **শূন্য বিবৃতি (empty statement)** ব্যবহার করি। আর কোন কিছু ছাড়া কেবল দিতি (semicolon) ; দিয়ে আমরা শূন্য বিবৃতি বুঝাই। এবার তাহলে পরিষ্কার হয়ে গেলো কোন **else** কোন **if** এর জন্যে।

```
int khoroch = 2; // ঢাকার ভিতরে অসংরক্ষিত

if (onchol <= 100) // ঢাকার ভিতরে
 if (onchol % 13 == 0) // সংরক্ষিত
 khoroch = 3;
 else // অসংরক্ষিত
 ;
 else // শূন্য বিবৃতি
 // ঢাকার বাইরে
 khoroch = 4;
```

## ৭.৬ যৌগিক বিবৃতি (Compound Statement)

যৌগিক বিবৃতি (compound statement) বলতে কী বুঝো? যৌগিক বিবৃতি ও যদি-নাহলে (if-else) ব্যবহার করে একটি ক্রমলেখ (program) লিখে যেটি প্রথমে দুটি সংখ্যা যোগান (input) নিবে। তারপর প্রথম সংখ্যাটি 0 হলে পরের সংখ্যাটিকে ব্যাসার্ধ ধরে ক্ষেত্রফল ও পরিধি ফলন (output) দিবে। আর প্রথম সংখ্যাটি 1 হলে দ্বিতীয় সংখ্যাটিকে বর্গের এক বাহুর দৈর্ঘ্য ধরে বর্গটির ক্ষেত্রফল ও পরিসীমা ফলন (output) দিবে। প্রথম সংখ্যাটি 0 বা 1 ছাড়া অন্যকিছু হলে দেখাবে "osomorthito akriti" অর্থাৎ এর জন্য আমাদের ক্রমলেখ কাজ করবে না।

## ৭.৬. যৌগিক বিরতি (Compound Statement)

```
float nombor1, nombor2; // চলক ঘোষণা

cout << "nombor duti koto? "; // যোগান যাচনা
cin >> nombor1 >> nombor2; // যোগান নেওয়া

if (nombor1 == 0) // যদি বৃত্ত হয়
{
 cout << "khetrofol holo: ";
 cout << 3.1416 * nombor2 * nombor2;
 cout << "poridhi holo: ";
 cout << 2 * 3.1416 * nombor2;
 cout << endl;
}
else if nombor == 1) // যদি বর্গ হয়
{
 cout << "khetrofol holo: ";
 cout << nombor2 * nombor2;
 cout << "porishima holo: ";
 cout << 4 * nombor2;
 cout << endl;
}
else
 cout << "osomorthito akrity" << endl;

cout << "bah hoye gelo." << endl;
```

এই ক্রমশেখটি লেখা খুবই সহজ। কেবল একটাই বামেলা আছে সেটা হল যদি-নাহলেতে (if-else) শর্ত সত্য হোক বা মিথ্যা হোক আমাদের একটা বিরতির (statement) বদলে একগুচ্ছ বিরতি নির্বাহ (execute) করতে হবে। এর আগের সব উদাহরণে আমরা দেখেছি যদি-নাহলে (if-else) শর্ত সত্য বা মিথ্যা হলে কেবল একটা মাত্র বিরতি (statement) নির্বাহ করতে। তো বামেলাটার সমাধানও আসলে সহজ। একগুচ্ছ বিরতিকে {} বাঁকা বন্ধনীর (curly brackets) ভিতরে ঢুকিয়ে দিলেই হলো। এর আগে আমরা জেনেছিলাম দুটো বাঁকা বন্ধনীর (curly brackets) {} দিয়ে আমরা একটা মহল্লা (block) তৈরী করি। তো বাঁকা বন্ধনীর ভিতরে থাকা একগুচ্ছ বিরতিকে আমরা বলি যৌগিক বিরতি (compound statement)।

যৌগিক বিরতি (compound statement) হলেই যে তার ভিতরে একাধিক বিরতি থাকতে হবে এমন কথা নেই। মহল্লা তৈরী করে কেবল একটা বিরতি ও তার ভিতরে লিখতে পারো।

```
if (nombor % 2 == 0)
{ cout << nombor << " holo jor" << endl; }
else
{ cout << nombor << " holo bejor" << endl; }
```

### ৭.৭. ত্রুটি শনাক্তকরণ (Error Detection)

মহল্লা (block) তৈরীর ফলে অনেকসময় ঝুলন্ত নাহলের (dangling else) বামেলা সহজে এড়ানো সম্ভব হয়। পাঠ ৭.৫ এর চিঠি পাঠানোর খরচ নির্ণয়ের সমস্যাটি বিবেচনা করো। সেখানে **else** টি কোন **if** এর তা নিয়ে বামেলা তৈরী হয়েছিল আর আমরা শুন্য বিবৃতি (empty statement) দিয়ে সেটা সমাধান করেছিলাম। শুন্য বিবৃতি হল স্ল্যাফ ; দিতি (semicolon) তার আগে কিছু নেই। নীচের ক্রমলেখাংশে (program segment) আমরা ওই ভিতরের **if** টিকে একটি মহল্লার (block) ভিতরে ঢুকিয়ে দিলাম। সুতরাং মহল্লার বাইরে থাকা **else** টি কোনভাবেই মহল্লার ভিতরের **if** এর সাথে মিলানো সম্ভব হবে না, কাজেই সেটা আর ঝুলন্ত থাকবে না।

```
int khoroch = 2; // ঢাকার ভিতরে অসংরক্ষিত
if (onchol <= 100) // ঢাকার ভিতরে
{
 if (onchol % 13 == 0) // সংরক্ষিত
 khoroch = 3;
}
else // ঢাকার বাইরে
 khoroch = 4;
```

মহল্লা (block) তৈরী করে চাইলে তার ভিতরে কিন্তু আমরা কোন বিবৃতি একদমই না দিতে পারি অর্থাৎ কেবলই দুটি বাঁকা বন্ধনী (curly brackets) পরপর **{ }** । সেক্ষেত্রে এটাও একর-কমের শুন্য বিবৃতি (empty statement) তৈরী হবে। কাজেই শুন্য বিবৃতি তৈরীর দুটো উপায় আমরা শিখলাম একটা হলো কেবলই ; দিতি (semicolon) দেয়া আরেকটি হলো **{ }** দুটো বাঁকা বন্ধনীর (curly brackets) ভিতরে কিছু না লেখা। প্রথমটির ব্যবহার আগে দেখেছি আর নীচে দ্বিতীয়টি ব্যবহার করে ঝুলন্ত (dangling else) এর আরেকটি সমাধান দেয়া হলো।

```
int khoroch = 2; // ঢাকার ভিতরে অসংরক্ষিত

if (onchol <= 100) // ঢাকার ভিতরে
 if (onchol % 13 == 0) // সংরক্ষিত
 khoroch = 3;
 else // অসংরক্ষিত
 {}
 else // শুন্য বিবৃতি
 // ঢাকার বাইরে
 khoroch = 4;
```

তাহলে যেখানেই তুমি একটা বিবৃতি (statement) দিতে পারো, সেখানেই তুমি আসলে চাইলে একটা বিবৃতির বদলে একটা যৌগিক বিবৃতিও (compound statement) দিতে পারো, আবার একটা শুন্য বিবৃতিও (empty statement) দিতে পারো। এখন থেকে আমরা যখন বিবৃতি বলবো তখন তুমি সেটা মানে কেবল একটা বিবৃতি বুবাবে না, বরং দরকার মতো সেটা যে যৌগিক বিবৃতিও হতে পারে বা শুন্য বিবৃতিও হতে পারে, তা বুবো নিবে কেমন!

### ৭.৭ ত্রুটি শনাক্তকরণ (Error Detection)

একটা দ্বিঘাত সমীকরণ  $ax^2 + bx + c = 0$  এর সহগগুলো (coefficient)  $a, b$  ও ধ্রুবক (constant)  $c$  এর মান যোগান (input) নিয়ে  $x$  এর মান দুটি নির্ণয় করার জন্য একটি ক্রমলেখ

### ৭.৭. ত্রুটি শনাক্তকরণ (Error Detection)

(program) রচনা করো। এই ক্রমলেখতে তোমাকে সব রকমের নির্বাহকালীন (execution-time) ত্রুটি শনাক্ত (error detect) করে তা ব্যবহারকারীকে জানাতে হবে।

```
#include <cmath> // বর্গমূলের জন্য sqrt বিপাতক লাগবে

// ওপরের অংশ main বিপাতকের আগে, নীচের অংশ ভিতরে

float a, b, c; // সহগ ও ধ্রুবক গুলোর জন্য চলক

cout << "somikoron ax^2 + bx + c = 0" << endl;
cout << "a b c er man koto? "; // যোগান যাচনা
cin >> a >> b >> c; // যোগান নেয়া

float d = b*b - 4*a*c; // নিশ্চায়ক

float x1 = (-b + sqrt(d)) / (2*a); // প্রথম সমাধান
float x2 = (-b - sqrt(d)) / (2*a); // দ্বিতীয় সমাধান

cout << "prothom somadhan x1 = " << x1 << endl;
cout << "ditiyo somadhan x2 = " << x2 << endl;
```

দিঘাত সমীকরণ  $ax^2 + bx + c = 0$  এর সহগ ও ধ্রুবকের মান না জেনেও আমরা সমাধানের সূত্র বের করতে পারি  $x = (-b \pm \sqrt{b^2 - 4ac})/(2a)$ । এই সূত্রের বর্গমূল বের করার জন্য আমাদের cmath শির নথি (header file) থেকে sqrt বিপাতক ব্যবহার করতে হবে। বাদ বাঁকী অংশটুকু সহজ, উপরের ক্রমলেখাংশে (program segment) দেখানো হলো। প্রথমে সমীকরণটা দেখানো হয়েছে। খেয়াল করো  $x^2$  দিয়ে আমরা কিন্তু x এর বর্গ বুঝিয়েছি। সহগ ও ধ্রুবকগুলোর মান যোগান (input) নেয়ার পরে আমরা  $b*b - 4*a*c$  নির্ণয় করে চলক d তে নিয়েছি কারণ এটি দুইটি সমাধানের জন্য দুইবার ব্যবহার করতে হবে। যাইহোক ওপরের অংশটুকু ব্যবহার করে লেখা ক্রমলেখ (program) কাজ করবে যদি সমীকরণটা সহজ সোজা হয়, তাতে কোন ঝামেলা না থাকে! কী রকমের ঝামেলা থাকতে পারে, কিছু অনুমান করতে পারো?

আসলে ক্রমলেখ (program) তৈরীর সময় আমাদের ধরে নিতে হয় যে ব্যবহারকারী সঠিক যোগান (input) যেমন দিতে পারে তেমনি যা ইচ্ছা তা বেঠিক যোগানও দিতে পারে। এইটা সে ভুল করে করতে পারে, না জেনে করতে পারে, ইচ্ছা করেও করতে পারে। তোমার কাজ নষ্ট করে দেয়ার আরো নানাবিধ উদ্দেশ্যও থাকতে পারে। তবে আমরা আপাতত ধরে নিই ব্যবহারকারী ঝামেলা যা করার তা কেবল ওই সহগ ও ধ্রুবকের মান যোগান (input) দেওয়ার মাধ্যমেই করবে। আর ওই ঝামেলাগুলো করলে যা হবে তা হলো উপরের ক্রমলেখাংশ আমাদের নিয়ন্ত্রণের বাইরে নির্বাহকালীন (execution-time) ত্রুটি দেখিয়ে বন্ধ হয়ে (abort) যেতে পারে। এরকম একটা ত্রুটি হলো শুন্য দিয়ে ভাগ (divide by zero), আর একটা ত্রুটি হতে পারে খাগড়াক সংখ্যার বর্গমূল বের করা। এই দুটো ত্রুটিই দিঘাত সমীকরণ সমাধানের ক্ষেত্রে ঘটতে পারে।

এই সব ক্ষেত্রে আমাদের আগে থেকে বুঝতে পারতে হবে যে ওই রকম ত্রুটিপূর্ণ ঘটনা ঘটবে কী না, যদি ওইরকম ত্রুটি সত্যিই ঘটে সেটা আমাদের ব্যবহারকারীকে জানাতে হবে। আমাদের তরফে জানানোটা স্বাভাবিক। কিন্তু আমাদের অজান্তে যদি ত্রুটি ঘটে ক্রমলেখ (program) বন্ধ হয়ে যায় তাহলে সেটা কোনভাবেই প্রহণযোগ্য নয়। সেটা একটা দুর্বল পরিগণনার (programming) উদাহরণ। আর আমরা ত্রুটিটা ঘটবার আগেই ধরতে পারলে সেটা ব্যবহারকারীকে জানিয়ে চাই-

### ৭.৭. ত্রুটি শনাক্তকরণ (Error Detection)

লেআমাদের ক্রমলেখকে (program) তারপরেও নির্বাহ করা চালিয়ে যেতে দিতে পারবো। তো আমরা নীচে দিঘাত সমীকরণ সমাধানের পুরো ক্রমলেখটি (program) লিখবো আর তাতে সব রকম ত্রুটি ধরে সেটা ব্যবহার কারীকে জানানোর চেষ্টা করবো। আর যখন ত্রুটি হচ্ছে তখন আমরা `return EXIT_SUCCESS;` না করে `return EXIT_FAILURE;` করবো।

ফিরিস্তি ৭.৩: দিঘাত সমীকরণ সমাধান (Solving Quadratic Equations)

```
#include <iostream> // cout ব্যবহার করার জন্য
#include <cstdlib> // EXIT SUCCESS/FAILURE এর জন্য
#include <cmath> // sqrt বিপাতক ব্যবহার করার জন্য

using namespace std; // প্রমিত নামাধার

int main()
{
 float a, b, c; // সহগ রাখার জন্য চলক।

 cout << "somikoron ax^2 + bx + c = 0" << endl;
 cout << "a b c er man koto? "; // যোগান যাচনা
 cin >> a >> b >> c; // যোগান নেওয়া

 // a বা b যদি শূন্য হয় তখন কী হবে? c শূন্য হলে সমস্যা নেই!
 if (a == 0) // a শূন্য হলে সমীকরণ দিঘাত নয়, একঘাত!
 {
 if (b == 0) // b শূন্য হলে কোন বৈধ সমীকরণই নয়!
 {
 cout << "boidho somikoron noi!" << endl;
 return EXIT_FAILURE; // ক্রমলেখ বিফল
 }

 // b শূন্য নয়, কাজেই সমীকরণ কেবলই একঘাত
 cout << "dighat somikoron noi!" << endl;
 cout << "ekghat somikoron dhora holo." << endl;
 cout << "somadhan holo x = " << -c/b << endl;
 return EXIT_SUCCESS; // ক্রমলেখ ত্বুও সফল ধরা যায়
 }

 // a শূন্য নয়, কাজেই বৈধ দিঘাত সমীকরণ

 float d = b*b - 4*a*c; // নিষ্ঠায়ক হিসাব করো

 if (d < 0) // খণ্ডক নিষ্ঠায়কের বর্গমূল করা যায় না!
 {
 cout << "nischayok rinatok!" << endl;
```

### ৭.৭. ত্রুটি শনাক্তকরণ (Error Detection)

```

cout << "bastob somadhan nai!" << endl;
return EXIT_FAILURE; // ক্রমলেখ বিফল
}

if (d == 0) // নিষ্চায়ক শুন্য হলে দুটো সমাধান সমান
{
 cout << "duto somadhan ashole ekoi!" << endl;
 cout << "somapotito x = " << -b/(2*a) << endl;
 return EXIT_SUCCESS; // ক্রমলেখ সফল
}

// দুটো সমাধান আছে, আর তারা অসমান

float x1 = (-b + sqrt(d)) / (2*a); // প্রথম সমাধান
float x2 = (-b - sqrt(d)) / (2*a); // দ্বিতীয় সমাধান

cout << "prothom somadhan x1 = " << x1 << endl;
cout << "ditio somadhan x2 = " << x2 << endl;

return EXIT_SUCCESS; // ক্রমলেখ সমাধান
}

```

যোগান (input) নেবার পর প্রথমে যেটি আমাদের বিবেচনা করতে হবে তা হলো সমীকরণটি আসলে দ্বিঘাত সমীকরণ কিনা? যদি  $a$  শুন্য হয়, তাহলে সমীকরণে কোন  $x^2$  থাকে না, এটি হয়ে যায়  $bx + c = 0$  যেটি একটি একঘাত সমীকরণ। এমন অবস্থায় আমরা আরো পরীক্ষা করে দেখব  $b$  ও শুন্য কিনা। যদি  $b$  শুন্য হয় তাহলে থাকে কেবল  $c = 0$ , যেখানে কোন চলক (variable) নেই। কাজেই আমাদের ত্রুটি বার্তা দেখিয়ে `return EXIT_FAILURE;` বলে ফেরত যেতে হবে। নীচের যোগান-ফলন (input-output) খেয়াল করো,  $a$  ও  $b$  শুন্য হওয়ায় ত্রুটি বার্তা দিয়েছে।

```

somikoron ax^2 + bx + c = 0
a b c er man koto? 0 0 3
boidho somikoron noi!

```

যদি  $a$  শুন্য হয় কিন্তু  $b$  শুন্য না হয়, তাহলে আমরা `if (a == 0)` মহল্লার (block) ভিতরেই আছি, কিন্তু  $b$  শুন্য না হওয়ায় সমীকরণটি আসলেই একঘাত হয়েছে  $bx + c = 0$ । আমরা কিন্তু দ্বিঘাত সমীকরণ সমাধান করতে চাই, কিন্তু আমাদের দেয়া হয়েছে একটা একঘাত সমীকরণ। তুমি চাইলে এখানে ত্রুটি বার্তা (error message) দেখিয়ে বিফল হয়ে ফেরত যেতে পারো। আবার উদারতা দেখিয়ে নীচের মতো ওই একঘাত সমীকরণের সমাধানই ফলন (output) দিতে পারো। তবে সাথে সতর্ক বার্তাও (warning message) দিয়ে দিলে যে এটা দ্বিঘাত সমীকরণ নয়!

```

somikoron ax^2 + bx + c = 0
a b c er man koto? 0 2 1
dighat somikoron noi!
ekhat somikoron dhora holo.
somadhan holo x = -0.5

```

## ৭.৮. বুলক সংযোজক (Boolean Connectives)

যদি  $a$  শুন্য না হয় তাহলে এটা একটা বৈধ দিঘাত সমীকরণ। সুতরাং প্রথমে আমরা নিশ্চায়ক (discriminant) নির্ণয় করে একটা চলকে নেবো। উপরের ক্রমলেখতে খেয়াল করো **float d = b\*b - 4\*a\*c;** লিখে তাই করা হয়েছে। এখন নিশ্চায়ক যদি ঋণাত্মক (negative) হয় তাহলে তো বর্গমূল নির্ণয় করা সম্ভব না, কিন্তু দিঘাত সমীকরণের সমাধানের সূত্রে নিশ্চায়কের বর্গমূল আমাদের দরকার। কাজেই নিশ্চায়কের মান ঋণাত্মক হলে আমাদের পক্ষে সমাধান করা সম্ভব নয়। একটি ত্রুটি বার্তা (error message) দেখিয়ে **return EXIT\_FAILURE;** ফেরত যাওয়া উচিত। নীচের যোগান-ফলন (input-output) খেয়াল করো, ঠিক তাই ঘটেছে।

```
somikoron ax^2 + bx + c = 0
a b c er man koto? 2 -5 2
nischayok rinatok!
bastob somadhan nai!
```

নিশ্চায়ক (discriminant) যদি ঋণাত্মক (negative) না হয়, তাহলে এবার দেখতে হবে এটি শুন্য কিনা। কারণ শুন্য হলে সেক্ষেত্রে আমাদের সমাধান দুটিই হবে, কিন্তু সমাধান দুটি আবার আলাদা আলাদা না হয়ে একই হবে। এইরকম অবস্থাকে বলা হয় সমাপত্তি (coincidental) সমাধান। নীচের যোগান-ফলনে (input-output) এটি দেখানো হলো।

```
somikoron ax^2 + bx + c = 0
a b c er man koto? 1 -2 1
duto somadhan asshole ekoi!
somapotito x = 1
```

সবশেষের যে অবস্থা সেটি হলো নিশ্চায়ক ঋণাত্মকও নয়, শুন্যও নয়, তাহলে সেটি ধনাত্মক (positive)। আর এটিই হলো সেই অবস্থা আমরা যেটি ধরে নিয়ে একদম শুরুতে একটা ছোট ক্রমলেখাংশ (program segment) দেখিয়েছিলাম। কাজেই আমরা সেই কাজটুকু করে দুটো সমাধান আমাদের জানা সূত্রানুযায়ী নির্ণয় করে ফলন দেখিয়ে **return EXIT\_SUCCESS;** করে ক্রমলেখ শেষ করবো। নীচের যোগান-ফলনে (input-output) এই অবস্থা দেখানো হলো।

```
somikoron ax^2 + bx + c = 0
a b c er man koto? 2 -5 2
prothom somadhan x1 = 2
ditiyo somadhan x2 = 0.5
```

উপরের বিস্তারিত ক্রমলেখতে (program) খেয়াল করো প্রতিটি **if** এর শর্ত সত্য হলে যে মহল্লাটি (block) নির্বাহিত হবে সেই মহল্লা শেষ হয়েছে একটি **return** দিয়ে। তার মানে ওই শর্তগুলো সত্য হলে ক্রমলেখয়ের (program) নীচের কোন অংশ আর নির্বাহিত হবে না। আর একারণে সংশ্লিষ্ট **if** এর শর্ত মিথ্যা হলে যা হবে সেটি আর আমরা একটি **else** লিখে তারপর আরেকটি মহল্লায় (block) ঢুকিয়ে দেই নি। কারণ **if** এর শর্ত সত্য হলে যে মহল্লা (block) তার বাইরে পুরোটাইতো এখন **else** এর জন্য, কাজেই আলাদা করে মহল্লা করার দরকার নেই।

## ৭.৮ বুলক সংযোজক (Boolean Connectives)

একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি পূর্ণক (integer) যোগান (input) নিবে। তারপর সংখ্যাটি যদি ৭ ও ১৩ উভয় দ্বারা বিভাজ্য হয় তাহলে ফলন (output) দিবে "মিশ্রভাগ্য"

## ৭.৮. বুলক সংযোজক (Boolean Connectives)

সংখ্যা", যদি ৭ দ্বারাও বিভাজ্য না হয় আবার ১৩ দ্বারাও বিভাজ্য না হয় তাহলে ফলন দিবে "অভাগ্য সংখ্যা", যদি কেবল ৭ দ্বারা বিভাজ্য হয় কিন্তু ১৩ দ্বারা বিভাজ্য নয় তাহলে ফলন দিবে "সৌভাগ্য সংখ্যা", আর যদি কেবল ১৩ দ্বারা বিভাজ্য হয় কিন্তু ৭ দ্বারা নয় তাহলে ফলন দিবে "দুর্ভাগ্য সংখ্যা"। যদি সংখ্যাটি ৭ বা ১৩ যে কোন একটি বা উভয়টি দ্বারা বিভাজ্য হয় তাহলে ফলন দিবে "ভাগ্য সংখ্যা"। একটি সংখ্যা একই সাথে উপরের এক বা একাধিক ভাগে পড়তেই পারে।

ফিরিণ্ডি ৭.৪: সৌভাগ্য ও দুর্ভাগ্যের সংখ্যা (Lucky & Unlucky Numbers)

```
int nombor;
cout << "sonkhyा koto? ";
cin >> sonkhyা;

if (sonkhyা % 7 == 0 && sonkhyা % 13 == 0)
 cout << "missrovaggo sonkhyা" << endl;

if (sonkhyা % 7 != 0 && sonkhyা % 13 != 0)
 cout << "ovaggo sonkhyা" << endl;

if (sonkhyা % 7 == 0 && sonkhyা % 13 != 0)
 cout << "souvaggo sonkhyা" << endl;

if (sonkhyা % 13 == 0 && sonkhyা % 7 != 0)
 cout << "durvaggo sonkhyা" << endl;

if (sonkhyা % 7 == 0 || sonkhyা % 13 == 0)
 cout << "vaggo sonkhyা" << endl;
```

উপরের ক্রমলেখাংশে (program segment) **&&** হলো "এবং" আর **||** হলো "অথবা"। তুমি চাইলে সিপিপিতে **&&** এর বদলে **and** আর **||** এর বদলে **or** লিখতে পারো। আর বাংলায় কখনো কখনো আমরা "এবং" এর বদলে "ও" বা "আর" লিখবো, আর "অথবা" এর বদলে লিখবো "বা"। যাই হোক মনে রাখো **&&** এর ফলাফল সত্য হয় যখন এর দুপাশের উপাদানই (operand) সত্য হয়, আর যেকোন একটা মিথ্যা হলেই ফলাফল মিথ্যা। অন্যদিকে **||** এর ফলাফল মিথ্যা হয় যখন এর দুপাশের উপাদানই (operand) মিথ্যা, আর যে কোন একটি সত্য হলেই ফলাফল সত্য। তো উপরের ক্রমলেখাংশ বুঝার চেষ্টা করো। খুব কঠিন কিছু নয়। সমস্যাটি ঠিক যেমন করে বাংলায় বর্ণনা করা হয়েছে, ক্রমলেখতেও যেন ঠিক সে রকম করেই লেখা হয়েছে।

এবার ওই ক্রমলেখকে আমরা কিছু উন্নয়নের চেষ্টা করি। একটা বিষয় খেয়াল করো বিভাজ্য হওয়া বা বিভাজ্য না হওয়া আমরা বারবার হিসাব করেছি। এইটা তো হওয়া উচিত নয়। তাছাড়া ভাগশেষ বের করা অন্যন্য অনেক অণুক্রিয়া (operator) তুলনায় মোটামুটি সময় সাপেক্ষ কাজ। আমাদের তাই একবার ভাগশেষ হিসাব করে সেটাই বারবার ব্যবহার করা উচিত। তো সেই অনুযায়ী আমরা ক্রমলেখতে কিছু পরিবর্তন করতে পারি। মূলত ভাগশেষের জন্য আমাদের দুটো পূর্ণক (integer) চলক নিতে হবে **int vagshes7 = sonkhyা % 7;** আর **int vagshes13 = sonkhyা % 13;** আর তারপর প্রতিটি **sonkhyা % 7** এর বদলে **vagshes7** এবং প্রতিটি **sonkhyা % 13** এর বদলে **vagshes13** লিখতে হবে। খুবই সহজ পরিবর্তন।

কিন্তু আমরা আসলে এই পরিবর্তনের কথা বলছি না। আমরা ভাগশেষগুলো পূর্ণক (integer) চলকে না রেখে বরং সংখ্যাটি ৭ বা ১৩ দ্বারা বিভাজ্য কিনা তার সত্যতা বুলক (boolean) চলকে

### ৭.৯. বুলক, পূর্ণক, ভগ্নক (Boolean, Integer, Float)

রাখতে চাই। এক্ষেত্রে আমরা `bool bivajyo7 = sonkhyo % 7 == 0;` লিখবো। তাতে সংখ্যাটি ৭ দ্বারা বিভাজ্য হলে `bivajyo7` চলকের মান হবে `true` বা ১ আর ৭ দ্বারা বিভাজ্য না হলে ওই চলকের মান হবে `false` বা ০। একইভাবে `bool bivajyo13 = sonkhyo % 13 == 0;` লিখলে `bivajyo13` এর মান হবে `true` বা ১ যদি সংখ্যাটি 13 দ্বারা বিভাজ্য হয় আর মান হবে `false` বা ০ যদি সেটি 13 দ্বারা বিভাজ্য না হয়। নিচে এই ক্রমলেখাংশ দেখানো হলো।

```
int nombor;
cout << "sonkhyo koto? ";
cin >> sonkhyo;

bool bivajyo7 = sonkhyo % 7 == 0;
bool bivajyo13 = sonkhyo % 13 == 0;

if (bivajyo7 && bivajyo13)
 cout << "missrovaggo sonkhyo" << endl;

if (!bivajyo7 && !bivajyo13)
 cout << "ovaggo sonkhyo" << endl;

if (bivajyo7 && !bivajyo13)
 cout << "souvaggo sonkhyo" << endl;

if (bivajyo13 && !bivajyo7)
 cout << "durvaggo sonkhyo" << endl;

if (bivajyo7 || bivajyo13)
 cout << "vaggo sonkhyo" << endl;
```

উপরের ক্রমলেখাংশে (program segment) খেয়াল করো `bivajyo7` (বা একইভাবে `bivajyo13`) এর মান সত্য নাকি মিথ্যা আমরা কিন্তু `bivajyo7 == true` অথবা `bivajyo7 = 1` লিখে করি নাই, যদিও তা করতে পারতাম। আমরা বরং স্রেফ চলকটা ব্যবহার করেছি কারণ চলকটার মানই তো সরাসরি সত্য বা মিথ্যা। আবার আলাদা করে `==` অগুক্রিয়া (operator) দিয়ে সত্য বা মিথ্যা পরীক্ষা করার দরকার নেই। তবে খেয়াল করো যখন বিভাজ্য নয় পরীক্ষা করতে হবে তখন আমরা `!bivajyo7` (বা একইভাবে `!bivajyo13`) লিখে অর্থাৎ চলকের নামের সামনে `!` লাগিয়ে দিয়েছি। এখানে `!` হলো নয় বা না অগুক্রিয়া। তুমি চাইলে `!` এর বদলে সিপিপিতে `not` লিখতে পারতে। নয় অগুক্রিয়া সত্যকে উপাদান (operand) হিসাবে নিয়ে মিথ্যা ফলাফল দেয় আর মিথ্যাকে উপাদান হিসাবে নিয়ে সত্য ফলাফল দেয়। আর সে কারণে `bivajyo7 == false` না লিখে আমরা `!bivajyo7` লিখলেই আমাদের কাজ হয়ে যায়।

### ৭.৯ বুলক, পূর্ণক, ভগ্নক (Boolean, Integer, Float)

একটি সংখ্যা জোড় না বিজোড় তা নির্ণয়ের ক্রমলেখ (program) রচনা করো। তোমার ক্রমলেখে তুমি কোন বুলক চলক (boolean variable) বা অস্বীকৃত অগুক্রিয়া (relational operator) ব্যবহার করতে পারবে না। তোমাকে পূর্ণক মানকেই বুলক হিসাবে ব্যবহার করতে হবে।

## ৭.৯. বুলক, পূর্ণক, ভগ্নক (Boolean, Integer, Float)

```
int sonkhyा = 41; // তুমি চাইলে যোগান নিতে পারো।

if (sonkhyা % 2 != 0)
 cout << "bejor" << endl;
else
 cout << "jor" << endl;
```

এই ক্রমলেখটি (program) তুমি চাইলে উপরের মতো করে লিখতে পারো। কোন সংখ্যা ২ দিয়ে ভাগ দিলে যদি ভাগশেষ শুন্য না হয় তাহলে সংখ্যাটি বিজোড়, আর ভাগশেষ শুন্য হলে সংখ্যাটি জোড়। কাজেই ক্রমলেখটি সহজেই লিখে ফেলা যায়। কিন্তু এতে অসমান নির্ণয়ের জন্য একটি অগুক্রিয়া **!=** ব্যবহার করতে হচ্ছে, যেটি চাইলে আমরা ব্যবহার না করেও কাজ চালাতে পারি। এর কারণ হলো যে কোন সময় শুন্যকে আমরা মিথ্যা ধরে নিতে পারি আর যে কোন অশুন্য মানকে, সেটা ধনাত্ত্বক হোক বা ঋণাত্ত্বক হোক, আমরা সেটাকে সত্য ধরে নিতে পারি। তাতে আমাদের মানটি আলাদা করি শুন্য কিনা তা আর পরীক্ষা করার দরকার পড়ে না। কাজেই নীচের ক্রমলেখাংশের (program segment) মতো করে **!=** বাদ দিয়ে স্ট্রেফ **if (sonkhyা % 2)** লেখা মানেই হলো **if (sonkhyা % 2 != 0)** লেখা।

```
int sonkhyা = 41; // তুমি চাইলে যোগান নিতে পারো।

if (sonkhyা % 2) // ভাগশেষ অশুন্য হলে
 cout << "bejor" << endl;
else // ভাগশেষ শুন্য হলে
 cout << "jor" << endl;
```

উপরের উদাহরণে আমরা কেবল পূর্ণক ব্যবহার করেছি। কিন্তু ভগ্নক সংখ্যার ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। যেমন নীচের ক্রমলেখাংশে ভগ্নক সংখ্যাটি শুন্য কিনা তা নির্ণয় করা হয়েছে। খেয়াল করে দেখো আমরা সংখ্যাটিকেই সরাসরি শর্ত হিসাবে ব্যবহার করেছি। সংখ্যাটি শুন্য না হলেই এটি সত্য হবে **shunyo noi** ফলন আসবে, আর সংখ্যাটি শুন্য হলে ফলন আসবে **shunyo hoi**।

```
float sonkhyা = -3.5; // তুমি চাইলে যোগান নিতে পারো।

if (sonkhyা) // সংখ্যাটি অশুন্য হলে
 cout << "shunyo noi" << endl;
else // সংখ্যাটি শুন্য হলে
 cout << "shunyo hoi" << endl;
```

তাহলে এখানকার আলোচনায় আমরা দেখলাম উপাদান (operand) হিসাবে শুন্য হলো মিথ্যা (**false**) আর অন্য যেকোন ধনাত্ত্বক (positive) বা ঋণাত্ত্বক (negative) পূর্ণক (integer) বা ভগ্নক (float) হলো সত্য (**true**)। আর অন্বয়ী অগুক্রিয়া (relational operators) আলোচনার সময় জেনেছি ফলাফল (result) হিসাবে সবসময় **false** হলো ০ এবং **true** হলো ১। খেয়াল করো উপাদান (operand) হিসাবে **true** ০ ছাড়া যে কোন কিছু হলেও ফলাফল (result) হিসাবে **true** কেবল ১, **false** অবশ্য উভয় ক্ষেত্রেই কেবল ০।

## ৭.১০. বুলক বীজগণিত (Boolean Algebra)

### ৭.১০ বুলক বীজগণিত (Boolean Algebra)

দক্ষতার সাথে যদি নাহলে (if else) ব্যবহার করতে চাইলে আমাদের খানিকটা বুলক বীজগণিত (boolean algebra) জানা দরকার। অনেক সময় এবং **&&**, অথবা **||**, নয় ! অগুক্রিয়া (operators) বেশ কয়েকবার করে নিয়ে তুমি হয়তো জটিল একটা রাশি (expression) তৈরী করবে যেটা সরাসরি মূল্যায়ন (evaluate) করতে গেলে প্রত্যক্ষটি অগুক্রিয়া (operator) ধাপে ধাপে মূল্যায়ন করতে হবে। কিন্তু বুলক বীজগণিত ব্যবহার করে সেটা হয়তো সরলীকরণ করে ছোট করে অনেক কম অগুক্রিয়া (operator) দিয়েই প্রকাশ করা সম্ভব। অগুক্রিয়ার সংখ্যা কম হওয়া মানে সেটা দক্ষ হবে, ক্রমলেখ নির্বাহ (program execution) করতে সময় কম লাগবে।

বুলক বীজগণিতে (boolean algebra) সত্যকে প্রমৃত্যায়ন (representation) করা হয় **true** বা 1 দিয়ে আর মিথ্যাকে করা হয় **false** বা 0 দিয়ে। সিপিপিতে অগুক্রিয়াসমূহ (operator) ফলাফলের ক্ষেত্রে একদম এইরূপ প্রমৃত্যায়নই (representation) মেনে চলে, তবে উপাদানের (operand) ক্ষেত্রে কিছুটা উদার হয়ে 0 ছাড়া যেকোন মানকেই **true** হিসাবে ধরে নেয়, **false** ধরে নেয় যথারীতি কেবল 0 কে। উপাদান ও ফলাফলের ক্ষেত্রে **true** এর এই ভিন্নতা মনে রাখবে। অনেক সময় এটি সুবিধাজনক, আবার অনেক সময় এটি অনেক ত্রুটির (error) জন্মদেয়।

বুলক বীজগণিতের (boolean algebra) প্রথম যে অগুক্রিয়া (operator) তাহলো **নয়**, **না** যেটা ! বা **not** লিখে প্রকাশ করা হয়। নয় অগুক্রিয়ার উপাদান (operand) ও ফলাফল (result) নীচে খেয়াল করো !**true** হলো **false** আর !**false** হলো **true**। আমরা এখানে ≡ বা সমতুল (equivalence) প্রতীক ব্যবহার করে বুঝাবো যে ওই প্রতীকের বাম ও ডানপাশ সমতুল।

$$\bullet \quad !\text{true} \equiv \text{false}$$

$$\bullet \quad !\text{false} \equiv \text{true}$$

ধরো দুটো ! পরপর আছে যেমন !!**true** বা !!**x**, তাহলে ফলাফল কী হবে। এইসব ক্ষেত্রে আমাদের ডানের ! আগে হিসাব করতে হবে, তার ওপর বামের ! ধরে শেষ ফলাফল হিসাব করতে হবে। একারণে ! হলো **ডান সহযোজ্য (right associative)**। তো এখানে ডানের ! অগুক্রিয়া **true** বা **false** কে উল্টে দিবে আর বামের ! সেটাকে আবার সিদ্ধা করবে। সুতরাং !!**true** হবে **true**, !!**false** হবে **false**, আর !!**x** হবে **x**। বুলক বীজগণিতে এই নিয়মকে বলা হয় **দুনো খণ্ডায়ন (double negation)**। তুম কি তিন বা বেশী সংখ্যক ! পরপর থাকলে কী হবে বের করতে পারবে? অবশ্যই পারবে, প্রতি দুইটি ! পরস্পরকে বাতিল করে দিবে।

$$\bullet \quad !!x \equiv !(\text{!}x)$$

ডান সহযোজ্য

$$\bullet \quad !!\text{true} \equiv \text{true}$$

দুনো খণ্ডায়ন

$$\bullet \quad !!x \equiv x$$

দুনো খণ্ডায়ন

$$\bullet \quad !!\text{false} \equiv \text{false}$$

দুনো খণ্ডায়ন

বুলক বীজগণিতের (boolean algebra) দ্বিতীয় অগুক্রিয়া (operator) **এবং** ও যেটা **&&** বা **and** লিখে প্রকাশ করা হয়। লক্ষ্য করো এবং অগুক্রিয়ার ফলাফল (result) সত্য যখন উভয় উপাদানই (operand) সত্য, আর যেকোন একটি উপাদান মিথ্যা হলেই ফলাফল মিথ্যা।

$$\bullet \quad \text{true} \&\& \text{true} \equiv \text{true}$$

$$\bullet \quad \text{false} \&\& \text{true} \equiv \text{false}$$

$$\bullet \quad \text{true} \&\& \text{false} \equiv \text{false}$$

$$\bullet \quad \text{false} \&\& \text{false} \equiv \text{false}$$

একটি উপাদান সত্য বা মিথ্যা ধরে নিলে এবং **&&** অগুক্রিয়ার জন্যে আমরা বেশ কিছু সরলীকরণ করে ফেলতে পারি যেগুলোকে আমরা **সত্যের সরল (true simplification)** ও মিথ্যার সরল (**false simplification**) বলবো। কোন একটি উপাদান আমরা যদি আগেই বুঝে ফেলি সেটি সত্য না মিথ্যা তাহলে আমরা এই সরলীকরণগুলো কাজে লাগাতে পারবো।

## ৭.১০. বুলক বীজগণিত (Boolean Algebra)

- $x \&& \text{true} \equiv x$       সত্যের সরল
- $\text{true} \&& x \equiv x$       সত্যের সরল
- $x \&& \text{false} \equiv \text{false}$       মিথ্যার সরল
- $\text{false} \&& x \equiv \text{false}$       মিথ্যার সরল

বুলক বীজগণিতের (boolean algebra) তৃতীয় অগুক্রিয়া (operator) অথবা, বা যেটা ||  
বা or লিখে প্রকাশ করা হয়। লক্ষ্য করো অথবা অগুক্রিয়ার ফলাফল (result) মিথ্যা যখন উভয়  
উপাদানই (operand) মিথ্যা, আর যেকোন একটি উপাদান সত্য হলেই ফলাফল সত্য।

- $\text{true} || \text{true} \equiv \text{true}$
- $\text{true} || \text{false} \equiv \text{true}$
- $\text{false} || \text{true} \equiv \text{true}$
- $\text{false} || \text{false} \equiv \text{false}$

একটি উপাদান সত্য বা মিথ্যা ধরে নিলে অথবা || অগুক্রিয়ার জন্যে আমরা বেশ কিছু সর-  
লীকরণ করে ফেলতে পারি যেগুলোকে আমরা সত্যের সরল (true simplification) ও মিথ্যার  
সরল (false simplification) বলবো। কোন একটি উপাদান আমরা যদি আগেই বুঝে ফেলি  
সেটি সত্য না মিথ্যা তাহলে আমরা এই সরলীকরণগুলো কাজে লাগাতে পারবো।

- $x || \text{true} \equiv \text{true}$       সত্যের সরল
- $\text{true} || x \equiv \text{true}$       সত্যের সরল
- $x || \text{false} \equiv x$       মিথ্যার সরল
- $\text{false} || x \equiv x$       মিথ্যার সরল

বুলক বীজগণিতে অগুক্রিয়াগুলোর (operator) অগ্রগণ্যতার ক্রম (precedence order)  
হলো প্রথমে নয় !, তারপর এবং &&, আর শেষে অথবা ||, এই ক্রমের অন্যথা করতে চাইলে  
প্রয়োজনে বন্ধনী ব্যবহার করতে হবে। তাহাত দ্যর্থবোধকতা এড়াতে বন্ধনী ব্যবহার করা উচিত।  
নীচের উদাহরণ দুটি খেয়াল করো। প্রথমটিতে আগে ! তারপর &&, শেষে || করতে হবে, বন্ধনী  
ব্যবহার করে সেটাই বুঝানো হয়েছে। দ্বিতীয় উদাহরণটিতে ! আগে করলেও && আগে || করায়  
সেটা সঠিক হয় নি। এখানে ! দিয়ে বুঝানো হয়েছে দুইপাশ পরস্পরের সমতুল নয়।

- $x \&& !y || z \equiv (x \&& (!y)) || z$       আগে !, মাঝে &&, পরে ||
- $x \&& !y || z \not\equiv x \&& ((!y) || z)$       আগে !, মাঝে || নয়, পরেও && নয়

গাণিতিক অগুক্রিয়া (mathematical operators) ও আরোপণের (assignment) সাথে  
যদি যৌক্তিক অগুক্রিয়াগুলো মিলিয়ে দেখা হয় তাহলে সব মিলিয়ে অগ্রগণ্যতার ক্রম নিম্নরূপ:

১.  $++ --$       একিক উভর (unary postfix) বাম থেকে ডানে (left associative)
২.  $++ -- + - !$       একিক পূর্ব (unary prefix) ডান থেকে বামে (right associative)
৩.  $* / \%$       দুয়িক (binary) বাম থেকে ডানে (left associative)
৪.  $+ -$       দুয়িক (binary) বাম থেকে ডানে (left associative)
৫.  $\&&$       দুয়িক (binary) বাম থেকে ডানে (left associative)
৬.  $||$       দুয়িক (binary) বাম থেকে ডানে (left associative)
৭.  $= += -= *= /= \%=$       দুয়িক (binary) ডান থেকে বামে (right associative)
৮.  $,$       দুয়িক (binary) বাম থেকে ডানে (left associative)

## ৭.১১. বুলক সমতুল (Boolean Equivalence)

### ৭.১১ বুলক সমতুল (Boolean Equivalence)

এবার আমরা বেশ কিছু সমতুলের নিয়ম (equivalence rule) দেখবো। এই নিয়মগুলোর বামপাশ আর ডানপাশ সবসময় সমতুল। আমরা তাই এগুলো ব্যবহার করে বিভিন্ন সময়ে আমাদের যৌক্তিক রাশি (logical expression) সরল করার চেষ্টা করবো।

নীচের দুটো নিয়ম হলো এবং অথবার বিনিময় নিয়ম (commutative rule)। বিনিময় নিয়মে অণুক্রিয়ার (operator) উপাদানগুলো পার্শ পরিবর্তন করলেও ফলাফল একই থাকে।

$$\bullet \ x \ \&\& \ y \equiv y \ \&\& \ x \quad \text{বিনিময়} \quad \bullet \ x \ || \ y \equiv y \ || \ x \quad \text{বিনিময়}$$

নীচের দুটো নিয়ম হলো সহযোজনের নিয়ম (associative rule)। এই নিয়মে একই অণুক্রিয়া (operator) পরপর থাকলে আমরা যে কোনটি আগে মূল্যায়ন (evaluate) করে তার ফলাফলের সাথে অন্য অণুক্রিয়ার মূল্যায়ন করতে পারি, আর তাতে ফলাফল একই হবে।

$$\bullet \ x \ \&\& \ y \ \&\& \ z \equiv (x \ \&\& \ y) \ \&\& \ z \equiv x \ \&\& (y \ \&\& \ z) \quad \text{সহযোজ্য}$$

$$\bullet \ x \ || \ y \ || \ z \equiv (x \ || \ y) \ || \ z \equiv x \ || (y \ || \ z) \quad \text{সহযোজ্য}$$

নীচের দুটো নিয়ম হলো বন্টন নিয়ম (distributive rule)। এই নিয়মে দুটি ভিন্ন অণুক্রিয়া (operator) পরপর থাকলে আমরা একটিকে আরেকটির ওপর বন্টন করে দিতে পারি। পাটিগণিতে বন্টনের নিয়মের উদাহরণ হলো  $x * (y + z) = x * y + x * z$ ।

$$\bullet \ x \ \&\& \ y \ || \ z \not\equiv x \ \&\& (y \ || \ z) \equiv (x \ \&\& y) \ || \ (x \ \&\& z) \quad \text{বন্টন}$$

$$\bullet \ x \ || \ y \ \&\& \ z \not\equiv (x \ || \ y) \ \&\& z \equiv (x \ \&\& z) \ || \ (y \ \&\& z) \quad \text{বন্টন}$$

$$\bullet \ x \ || \ y \ \&\& \ z \equiv x \ || (y \ \&\& z) \equiv (x \ || \ y) \ \&\& (x \ || \ z) \quad \text{বন্টন}$$

$$\bullet \ x \ \&\& \ y \ || \ z \equiv (x \ \&\& y) \ || \ z \equiv (x \ || \ z) \ \&\& (y \ || \ z) \quad \text{বন্টন}$$

নীচের নিয়মগুলো হলো শোষন নিয়ম (absorption rule)। প্রথম চারটি নিয়মে খেয়াল করো  $x$  যদি **true** হয় তাহলে  $x \ || \ y$  বা  $y \ || \ x$  এর মানও **true** আর ফলে  $\&\&$  এর ফলাফলও **true**। আবার  $x$  যদি **false** হয় তাহলে  $\&\&$  এর ফলাফল অবশ্যই **false**। তাহলে বামদিকের রাশিগুলোর মান সবসময়  $x$  এর মান যা তাই। একই ভাবে শেষের চারটি নিয়মে খেয়াল করো  $x$  যদি **false** হয় তাহলে  $x \ \&\& \ y$  বা  $y \ \&\& \ x$  এর মানও **false**। আবার  $x$  যদি **true** হয় তাহলে  $||$  এর ফলাফল অবশ্যই **true**। তাহলে বামদিকের রাশিগুলোর মান সব সময়  $x$  এর মান যা তাই। কাজেই এই নিয়মগুলো তোমাকরে বুলক রাশিকে কত সহজ ও ছোট করে ফেলে!

$$\bullet \ x \ \&\& (x \ || \ y) \equiv x \quad \text{শোষন} \quad \bullet \ x \ || (x \ \&\& y) \equiv x \quad \text{শোষন}$$

$$\bullet \ x \ \&\& (y \ || \ x) \equiv x \quad \text{শোষন} \quad \bullet \ x \ || (y \ \&\& x) \equiv x \quad \text{শোষন}$$

$$\bullet \ (x \ || \ y) \ \&\& x \equiv x \quad \text{শোষন} \quad \bullet \ (x \ \&\& y) \ || \ x \equiv x \quad \text{শোষন}$$

$$\bullet \ (y \ || \ x) \ \&\& x \equiv x \quad \text{শোষন} \quad \bullet \ (y \ \&\& x) \ || \ x \equiv x \quad \text{শোষন}$$

নীচের নিয়ম দুটোতে অণুক্রিয়াগুলোর (operator) উপাদানদুটো একই। এবং **&&** ও অথবা  $||$  উভয়ের ফলাফল একেত্রে সবসময় উপাদানটির মান যা তাই হবে। একটি উপাদানের নিজের

## ৭.১২. সত্যক সারণী (Truth Table)

সাথে নিজের ওপর কোন অগুক্রিয়া (operator) প্রযুক্ত হলে ফলাফল যদি উপাদানটিই হয় তাহলে অগুক্রিয়াটির এই ধর্মকে বলা হয় অস্বক্রিয়তা (idempotence)। সব অগুক্রিয়াই কিন্তু অস্বক্রিয় নয়, যেমন পাটিগণিতে সর্বাবস্থায়  $x + x = x$  সত্য নয়, কাজেই যোগ + অস্বক্রিয় নয়। বুলক বীজগণিতে এবং **&&** ও অথবা || উভয়েই অস্বক্রিয় (idempotent)।

$$\bullet \ x \ \&\& \ x \equiv x \quad \text{অস্বক্রিয়তা} \quad \bullet \ x \ || \ x \equiv x \quad \text{অস্বক্রিয়তা}$$

$\vee$   
 নীচের নিয়ম দুটোতে অগুক্রিয়াগুলোর (operator) উপাদানদুটো পরস্পরের বিপরীত। এবং **&&** এর ফলাফল এক্ষেত্রে সবসময় **false** হবে, কারণ দুটো উপাদানের মধ্যে যে কোন একটি তো মিথ্যা হবেই, আর যে কোন একটি মিথ্যা হলেই এবং এর ফলাফল মিথ্যা। তাই এই নিয়মকে বলা হয় **অসঙ্গতি (contradiction)**। আর অথবা || এর ফলাফল এক্ষেত্রে সবসময় **true** হবে, কারণ দুটো উপাদানের মধ্যে যে কোন একটি তো সত্য হবেই, আর যে কোন একটি সত্য হলেই অথবা এর ফলাফল সত্য। তাই এই নিয়মকে বলা হয় **নএও মধ্যম (excluded middle)**।

$$\bullet \ x \ \&\& \ !x \equiv \text{false} \quad \text{অসঙ্গতি} \quad \bullet \ x \ || \ !x \equiv \text{true} \quad \text{নএও মধ্যম}$$

নীচের নিয়ম দুটোর নাম **ডি মরগানের নিয়ম (De Morgan's Law)**। এই নিয়মদুটো খুবই গুরুত্বপূর্ণ এবং প্রায়শই বুলক রাশির সরলীকরণে ব্যবহৃত হয়। এই নিয়ম অণুযায়ী এবং **&&** এর ফলাফলের ওপর নয় ! করলে যে ফলাফল পাওয়া যায় তা আগে উপাদানগুলোর ওপরে নয় ! করে সেই ফলাফলের ওপর অথবা || চালিয়ে পাওয়া ফলাফলের সমতুল। একই ভাবে অথবা || এর ফলাফলের ওপর নয় ! করলে যে ফলাফল পাওয়া যায় তা আগে উপাদানগুলোর ওপরে নয় ! করে সেই ফলাফলের ওপর এবং **&&** চালিয়ে পাওয়া ফলাফলের সমতুল।

$$\bullet \ !(x \ \&\& \ y) \equiv !x \ || \ !y \quad \text{ডি মরগান} \quad \bullet \ !(x \ || \ y) \equiv !x \ \&\& \ !y \quad \text{ডি মরগান}$$

## ৭.১২ সত্যক সারণী (Truth Table)

সমতুলের নিয়মগুলো (equivalence rule) যে সঠিক, অথবা যে কোন দুটো বুলক রাশি সমতুল কিনা, এইটা তুমি কীভাবে প্রমাণ করবে। প্রমাণ করাটা আসলে খুবই সহজ। উপাদানগুলোর মানের যত রকম সমাবেশ (combination) সন্তুষ্ট, প্রতিটির জন্য তোমাকে সমতুলের নিয়মের বাম ও ডান পাশ সমান কিনা পরীক্ষা করে দেখতে হবে। আমরা সাধারণত **সত্যক সারণী (truth table)** ব্যবহার করে সেটা করে থাকি। চলো উদাহরণ হিসাবে আমরা ডি মরগানের নিয়ম দুটোর প্রথমটি প্রমাণ করি। একই পদ্ধতি অনুসরণ করে তুমি ডি মরগানের অন্য নিয়মটি প্রমাণ করতে পারবে। আর চাইলে উপরের অন্যান্য যে কোন সমতুলের নিয়মগুলোও নিজে নিজে প্রমাণ করবে।

ডি মরগানের প্রথম সূত্রটিতে চলক (variable) আছে দুইটি  $x$  ও  $y$ , আর চলক দুটির মান সন্তুষ্ট কেবল **true** ও **false**। এখন দুটি চলকের জন্যে দুটি মান নিয়ে আমরা চারটি সমাবেশ (combination) পেতে পারি। এর প্রতিটির জন্য আমরা নিয়মটির বাম পাশ ও ডান পাশ মূল্যায়ন (evaluate) করে দেখবো। এখানে বলে রাখি কোন সমতুলের নিয়মে যদি ৩টি চলক থাকে তাহলে সমাবেশ হবে ৮টি, ৪টি থাকলে হবে ১৬টি, অর্থাৎ  $n$  টি চলক থাকলে সমাবেশ হবে  $2^n$ টি। আর এর প্রতিটি সমাবেশের জন্য সত্যক সারণীতে (truth table) একটি করে আড়ি (row) থাকবে। সত্যক সারণীতে খাড়িগুলো (column) হবে বিভিন্ন উপরাশির (subexpression) মান যে গুলোর মান আমাদের মূল্যায়ন করতে হবে যদি আমরা মূল রাশির (expression) মান পেতে

### ৭.১৩. বুলক সরলীকরণ (Boolean Simplification)

চাই। যেমন  $!(x \&& y)$  মূল্যায়ন করতে গেলে আমাদের  $x \&& y$  আগে মূল্যায়ন করতে হবে, তেমনি ভাবে  $!x \mid\mid !y$  মূল্যায়ন করতে গেলে  $!x$  ও  $!y$  মূল্যায়ন করতে হবে।

সত্যক সারণী (Truth Table)

| x     | y     | $x \&& y$ | $!(x \&& y)$ | $!x$  | $!y$  | $!x \mid\mid !y$ |
|-------|-------|-----------|--------------|-------|-------|------------------|
| true  | true  | true      | false        | false | false | false            |
| true  | false | false     | true         | false | true  | true             |
| false | true  | false     | true         | true  | false | true             |
| false | false | false     | true         | true  | true  | true             |

উপরের সত্যক সারণীতে (truth table) প্রতিটি আড়ি (row) খেয়াল করো:

১. প্রথম আড়িতে (row)  $x$  ও  $y$  উভয়ের মানই true। সুতরাং  $x \&& y$  ও true, ফলে  $!(x \&& y)$  হবে false। তারপর  $!x$  আর  $!y$  উভয়ই হলো false, ফলে  $!x \mid\mid !y$  হলো false। কাজেই  $!(x \&& y)$  আর  $!x \mid\mid !y$  উভয়ের মান সমান।
২. দ্বিতীয় আড়িতে (row)  $x, y$  যথাক্রমে true, false, ফলে  $x \&& y$  হলো false আর  $!(x \&& y)$  হলো true। তারপর  $!x$  ও  $!y$  হবে যথাক্রমে false ও true, ফলে  $!x \mid\mid !y$  হলো true। সুতরাং  $!(x \&& y)$  আর  $!x \mid\mid !y$  এর মান সমান।
৩. তৃতীয় আড়িতে (row)  $x, y$  যথাক্রমে false, true, ফলে  $x \&& y$  হলো false আর  $!(x \&& y)$  হলো true। তারপর  $!x$  ও  $!y$  হবে যথাক্রমে true ও false, ফলে  $!x \mid\mid !y$  হলো true। সুতরাং  $!(x \&& y)$  আর  $!x \mid\mid !y$  এর মান সমান।
৪. চতুর্থ আড়িতে (row)  $x$  ও  $y$  উভয়ের মানই false। সুতরাং  $x \&& y$  ও false, ফলে  $!(x \&& y)$  হবে true। তারপর  $!x$  আর  $!y$  উভয়ই হলো true, ফলে  $!x \mid\mid !y$  হলো true। কাজেই  $!(x \&& y)$  আর  $!x \mid\mid !y$  উভয়ের মান সমান।

সুতরাং উপাদানগুলোর (operand) মান যাই হোক না কেন সর্বাবস্থায়  $!(x \&& y)$  আর  $!x \mid\mid !y$  এর মান সমান, অর্থাৎ তারা একে অপরের সমতুল প্রমাণ হয়ে গেলো।

### ৭.১৩ বুলক সরলীকরণ (Boolean Simplification)

শর্তালি পরিগণনায় (conditional programming) বুলক বীজগণিত (boolean algebra) ঠিক কী কাজে লাগে? বুলক বীজগণিত ব্যবহার করে কিছু সরলীকরণের উদাহরণ দেখাও। আর এই সরলীকরণের কারণে ক্রমলেখতে (program) কী প্রভাব পড়ে সেটাও দেখাও।

ধরো তোমাকে একটি ক্রমলেখ (program) লিখতে হবে যেটি তুমি কোন শ্রেণীতে পড়ো আর তোমার বয়স কত এই দুটি যোগান (input) নিয়ে জানাবে তুমি মোরগ লড়াই খেলতে পারবে কি না। তুমি যদি পঞ্চম শ্রেণীতে পড়ো তাহলে তুমি মোরগ লড়াই খেলতে পারবে। আর তুমি যদি পঞ্চম শ্রেণীতে নাও হও কিন্তু তোমার বয়স যদি ১০ বছর হয় তাহলেও তুমি মোরগ লড়াই খেলতে পারবে। এই ক্রমলেখটি আমরা যদি-নাহলে দিয়ে খুব সহজে লিখে ফেলতে পারি।

নীচের ক্রমলেখ খেয়াল করো। আমরা দুটো চলক ব্যবহার করছি shreni আর boyosh, যে দুটো প্রথমে ঘোষণা (declare) করে তারপর যোগান যাচনা (input prompt) দেখিয়ে যোগান (input) নিতে হবে। ধরে নিই তুমি ওগুলো নিজে নিজে করতে পারবে। আমরা কেবল

## ৭.১৩. বুলক সরলীকরণ (Boolean Simplification)

প্রাসঙ্গিক অংশটুকু দেখি। প্রথমে `if shreni == 5`) দিয়ে পরীক্ষা করা হলো পথম শ্রেণী কিনা, হলে ফলন (output) হবে "khelte parbe"। আর পঞ্চম শ্রেণী যদি না হয় কিন্তু বয়স যদি ১০ বছর হয় সেটা পরীক্ষা করার জন্য আমাদের লাগবে `if (shreni != 5 && boyosh == 10)` যেটা আমরা আগের `if` এর `else` এর সাথে লাগিয়ে দিবো। আর সবশেষে কোন `if` এর শর্তই সত্য না হলে আমরা ফলন (output) দেখাবো "khelte parbena"। একটা গুরুত্বপূর্ণ বিষয় খেয়াল করো, বাংলা ভাষায় যেটা "কিন্তু" সেটা সিপিপিতে গিয়ে হয়ে যাচ্ছে "এবং" `&&`।

```
if (shreni == 5)
 cout << "khelte parbe" << endl;
else if (shreni != 5 && boyosh == 10)
 cout << "khelte parbe" << endl;
else // উপরের কোনটিই না হলে
 cout << "khelte parbena" << endl;
```

উপরের ক্রমলেখাংশে দুটো `if` এর শর্ত সত্য হলেই আমাদের একই ফলন দেখাতে হয়। আমরা তাই চেষ্টা করতে চাই একটা `if` দিয়ে বিষয়টা সামলাতে। সেটা করা খুবই সহজ যদি তুমি সমস্যাটা উল্লেখ দিক থেকে ভাবো। তুমি মোরগ লড়াই খেলতে পারবে যদি তুমি ৫ম শ্রেণী পড়ো অথবা তুমি ৫ম শ্রেণিতে না কিন্তু তোমার বয়স ১০ বছর হলে। তো এই থেকে তুমি খুব সহজে খেলতে পারার শর্ত লিখে ফেলতে পারো `shreni == 5 || shreni != 5 && boyosh == 10`, তাই না!

```
if (shreni == 5 || shreni != 5 && boyosh == 10)
 cout << "khelte parbe" << endl;
else // উপরের শর্ত সত্য না হলে
 cout << "khelte parbena" << endl;
```

এখন কথা হচ্ছে এই যে খানিকটা জটিল একটা শর্ত আমরা লিখে ফেললাম, এটাকে কি কোন ভাবে সরলীকরণ করা যায়? সরলীকরণ করার জন্য চলো ধরে নিই `p ≡ shreni == 5` আর `q ≡ boyosh == 5`। তাহলে `shreni != 5` কে লেখা যায় `!p`। ফলে আমাদের শর্তটি দাঁড়ালো `p || !p && q`, আমরা এটিকে বুলক বীজগণিত (boolean algebra) দিয়ে সরল করবো।

|                                              |                                  |
|----------------------------------------------|----------------------------------|
| $p \mid\mid !p \&\& q$                       | প্রদত্ত শর্ত যা সরল করতে হবে     |
| $\equiv (p \mid\mid !p) \&\& (p \mid\mid q)$ | বন্টন নিয়ম (distribution)       |
| $\equiv \text{true} \&\& (p \mid\mid q)$     | নঞ্চ মধ্যম (excluded middle)     |
| $\equiv p \mid\mid q$                        | সত্যের সরল (true simplification) |

সুতরাং উপরের সরলের ফলে প্রাপ্ত রাশি (expression) অনুযায়ী আমাদের ক্রমলেখাংশ দাঁড়াবে নিম্নরূপ, যেখানে আমাদের একটি অতিরিক্ত শর্ত আর মূল্যায়ন করতে হচ্ছে না। আমরা `p` এর বদলে `shreni == 5` আর `q` এর বদলে `boyosh == 10` লিখবো।

```
if (shreni == 5 || boyosh == 10)
 cout << "khelte parbe" << endl;
else // উপরের শর্ত সত্য না হলে
 cout << "khelte parbena" << endl;
```

### ৭.১৪. মই, অন্তান্তি, সংযোজক (Ladder, Nesting, Connectives)

একই রকম আরেকটি উদাহরণ দেখো। ধরো কোন একটা ক্রমলেখতে (program) শর্ত দাঁড়াচ্ছে !( $p \&& (!p || q)$ ) ||  $q$ । এখন কথা হচ্ছে এটিকে সরল করলে কী দাঁড়াবে।

|                                           |                                    |
|-------------------------------------------|------------------------------------|
| $! (p \&& (!p    q))    q$                | প্রদত্ত শর্ত যা সরল করতে হবে       |
| $\equiv ! ((p \&& !p)    (p \&& q))    q$ | বন্টন নিয়ম (distribution)         |
| $\equiv !(false    (p \&& q))    q$       | অসঙ্গতি (contradiction)            |
| $\equiv !(p \&& q)    q$                  | মিথ্যার সরল (false simplification) |
| $\equiv (!p    !q)    q$                  | ডি মরগান (De Morgan)               |
| $\equiv !p    (!q    q)$                  | সহযোজন (associative)               |
| $\equiv !p    true$                       | নওঁ মধ্যম (excluded middle)        |
| $\equiv true$                             | সত্যের সরল (true simplification)   |

উপরের সরলীকরণের ফলে আমরা if ( $!(p \&& (!p || q)) || q$ ) না লিখে কেবল if (true) লিখতে পারবো। কিন্তু একটা বিষয় দেখেছো, সরলীকরণের ফলাফল একদম একটা প্রকৃত মান true হয়ে গেছে। এর অর্থ প্রদত্ত শর্তের মান কখনো চলক p বা q এর ওপর নির্ভর করেনা। সুতরাং আমাদের আদৌ কোন if লাগানোর দরকার নাই। কারণ শর্ত সত্য হলে যেটি করতে হতো শর্ত সবসময় সত্য হওয়ায় তুমি সেটি এখন শর্ত পরীক্ষণ ছাড়াই করবে।

```
// if (true) // শর্ত লেখার দরকার নাই, টাকায় আটকে দিয়েছি
cout << "kee moja" << endl; // কেবল এটি লিখলেই হবে
```

তুমি এবার জিজেস করতে পারো সরলীকরণের ফলে যদি false আসে তাহলে কী হবে? সত্যিই তো কী হবে? সেক্ষেত্রে আমাদের লিখতে হবে if (false) তাই না! কিন্তু সেটা মানে তো শর্ত সব সময় মিথ্যা, শর্তটির সত্য হওয়ার কোন সন্তান নেই। আর সেক্ষেত্রে শর্ত সত্য হলে যা করার কথা ছিলো সেটা কখনোই করতে হবে না। ফলে তুমি এই if (false) আর তারপর শর্ত সত্য হলে যা করতে তার সব ক্রমলেখ (program) থেকে মুছে দিতে দিতে পারো।

```
// if (false) // শর্ত লেখার দরকার নাই, টাকায় আটকে দিয়েছি
// cout << "kee moja" << endl; // শর্ত সব সময় মিথ্যা
```

### ৭.১৪ মই, অন্তান্তি, সংযোজক (Ladder, Nesting, Connectives)

যদি-নাহলের মই (if-else ladder) ও অন্তান্তি যদি-নাহলে (nested if-else) ব্যবহার না করে কী ভাবে সংযোজক (connectives) এবং **&&**, অথবা **||**, নয় ! ব্যবহার করে একই উদ্দেশ্য বাস্তবায়ন করা যায় তা আলোচনা করো। অথবা উল্টোটা অর্থাৎ সংযোজক ব্যবহার না করে কী ভাবে যদি-নাহলের মই বা অন্তান্তি যদি ব্যবহার করে কাজ চালানো যায় তা দেখাও।

নীচের উদাহরণগুলো খেয়াল করো। এগুলোতে দুটো করে স্তন্ত্র আছে। বামপাশের স্তন্ত্রে যদি-নাহলে মই (if-else ladder) অথবা অন্তান্তি যদি-নাহলে (nested if-else) দিয়ে ক্রমলেখাংশ লেখা হয়েছে, আর ডান পাশের স্তন্ত্রে তার সমতুল (equivalent) ক্রমলেখাংশ লেখা হয়েছে সংযোজক (connectives) এবং **&&** অথবা **||** না ! দিয়ে। আমরা আসলে সুবিধামতো কখনো বামপাশের মতো করে লিখি আবার কখনো ডানপাশের মতো করেও লিখি।

### ৭.১৪. মই, অন্তান্তি, সংযোজক (Ladder, Nesting, Connectives)

```

if (shorto1) if (shorto1 || shorto2)
 cout << "kisu ekta"; cout << "kisu ekta";
else if (shorto2) else
 cout << "kisu ekta"; cout << "onno kisu";
else cout << "koro" << endl;
 cout << "onno kisu";
 cout << "koro" << endl;

```

উপরের যদি-নাহলে মইয়ের (if-else ladder) উদাহরণে খেয়াল করো **shorto1** সত্য হলেও "kisu ekta" ফলনে (output) যাবে আবার **shorto2** সত্য হলেও "kisu ekta" ফলনে (output) যাবে। আর এ দুটোই মিথ্যা হলে ফলনে যাবে "onno kisu"। বাম ও ডান উভয় পাশের ক্রমলেখাংশেই (program segment) এই একই ব্যাপার ঘটবে। একটা বিষয় উল্লেখ করা দরকার: **shorto1** সত্য হলে বামপাশে দেখো **shorto2** পরীক্ষণই দরকার পরে না। ডান-পাশেও আসলে একই ঘটনা ঘটবে। অথবা **||** এর ফলাফল যেহেতু যে কোন একটি উপাদান সত্য হলেই সত্য হয়, সেহেতু **shorto1** সত্য হলেই **shorto2** এর মূল্যায়ন ছাড়াই **||** এর ফলাফল সত্য হয়ে যাবে। এই যে ব্যাপারটি এটাকে বলা আংশিক মূল্যায়ন (partial evaluation), এতে অদরকারী কাজ কিছুটা কমে, ক্রমলেখ (program) কিঞ্চিত দ্রুতগতির হয়।

```

if (shorto1) if (shorto1 && shorto2)
 if (shorto2) cout << "kisu ekta";
 cout << "kisu ekta";
 else else
 cout << "onno kisu";
 cout << "onno kisu";
else cout << "koro" << endl;
 cout << "koro" << endl;

```

উপরের অন্তান্তি যদি-নাহলের (nested if-else) উদাহরণে খেয়াল করো **shorto1** সত্য হলে তারপর **shorto2**ও সত্য হলে "kisu ekta" ফলনে (output) যাবে। আর শর্তদুটোর যেকোন একটা মিথ্যা হলেও ফলনে (output) যাবে ফলনে যাবে "onno kisu"। বাম ও ডান উভয় পাশে ক্রমলেখাংশেই (program segment) এই একই ব্যাপার ঘটবে। এখানেও সেই একটা বিষয় উল্লেখ করা দরকার: **shorto1** মিথ্যা হলে বামপাশে দেখো **shorto2** পরীক্ষণই দরকার পরে না। ডানপাশেও আসলে একই ঘটনা ঘটবে। অথবা **&&** এর ফলাফল যেহেতু যে কোন একটি উপাদান মিথ্যা হলেই মিথ্যা হয়, সেহেতু **shorto1** মিথ্যা হলেই **shorto2** এর মূল্যায়ন ছাড়াই **&&** এর ফলাফল মিথ্যা হয়ে যাবে। এই যে ব্যাপারটি এটাকে বলা আংশিক মূল্যায়ন (partial evaluation), এতে অদরকারী কাজ কিছুটা কমে, গতি কিছুটা বাঢ়ে।

```

if (shorto) if (!shorto)
 cout << "kisu ekta"; cout << "onno kisu";
else else
 cout << "onno kisu"; cout << "kisu ekta";
 cout << "koro" << endl; cout << "koro" << endl;

```

উপরের উদাহরণে বামপাশে **shorto** ব্যবহার করা হয়েছে আর ডানপাশে **!shorto**। ফলে শর্ত সত্য হলে যা করতে হবে আর মিথ্যা হলে যা করতে হবে এই দুটো স্থান বদলাবদলি করেছে।

### ৭.১৪. মই, অন্তস্তি, সংযোজক (Ladder, Nesting, Connectives)

```

if (shorto1)
 cout << "kisu ekta";
else if (shorto2)
 cout << "onno kisu";
else
 cout << "kisu ekta";
cout << "koro" << endl;

```

```

if (shorto1 || !shorto2)
 cout << "kisu ekta";
else
 cout << "onno kisu";
cout << "koro" << endl;

```

উপরের উদাহরণে খেয়াল করে দেখো "kisu ekta" ফলনে (output) যাবে যদি shorto1 সত্য হয় অথবা যদি shorto2 মিথ্যা হয়, অন্য কথায় !shorto2 সত্য হয়। আর shorto1 মিথ্যা হলে তারপর shorto2 ও মিথ্যা হলে ফলনে (output) যাবে "onno kisu"। ঠিক এই ব্যাপারটিই উভয়পাশের ক্রমলেখাংশে (program segment) প্রতিফলিত হয়েছে।

```

if (shorto1)
 if (shorto2)
 cout << "kisu ekta";
 else
 cout << "onno kisu";
else
 cout << "kisu ekta";
cout << "koro" << endl;

```

```

if (!shorto1 || shorto2)
 cout << "kisu ekta";
else
 cout << "onno kisu";
cout << "koro" << endl;

```

উপরের উদাহরণটি একটু জটিল। বামপাশে খেয়াল করো "kisu ekta" ফলনে (output) যাবে যদি shorto1 মিথ্যা হয় অথবা তা না হলে যদি shorto2 সত্য হয়। কথায় বললে ঠিক তাই-ই ডানপাশেও লিখা হয়েছে। আর একটু বেশী গভীরে বুবাতে চাইলে ধরো বামপাশে "kisu ekta" ফলনে যাবে যদি shorto1 && shorto2 || !shorto1 সত্য হয়। বুলক বীজগণিত দিয়ে সরলীকরণ করলে এটি আসবে !shorto1 || shorto2, তুমি নিজে চেষ্টা করে দেখো।

```

bool shorto = true;
if (!shorto1)
 shorto = false;
if (!shorto2)
 shorto = false;
if (shorto)
 cout << "kisu ekta";
else
 cout << "onno kisu";
cout << "koro" << endl;

```

```

if (shorto1 && shorto2)
 cout << "kisu ekta";
else
 cout << "onno kisu";
cout << "koro" << endl;

```

উপরের এই উদাহরণটি খেয়াল করো। প্রথম দুটি if একেবারে আলাদা আলাদা, কেউ কারো অন্তস্তি নয়, আবার মইও (ladder) নয়। ডানপাশে যেমন খুব সুন্দর করে সংক্ষেপে আমরা shorto1 && shorto2 লিখেছি। অনেকসময়ই এটা করা সন্তুষ্ট হয় না। কারণ শর্তদুটো আলাদা করে প্রথমে মূল্যায়ন করাটা হয়তো বেশ এক একটা কাজ। তো এইরকম ক্ষেত্রে আমরা বামপাশে যেটি করেছি আলাদা একটা চলক নিয়েছি shorto যেখানে মূলত আমরা && এর ফলাফল চাই। আমরা জানি && ফলাফল যে কোন একটি উপাদান (operand) মিথ্যা হলেই মিথ্যা

## ৭.১৫. যদি-নাহলে অনুকূলায়ন (If-Else Optimisation)

হয়। তাই আমরা শুরুতে **shorto** এর মান নিয়েছি **true**, এরপর **shorto1** মিথ্যা হলে অর্থাৎ **!shorto1** সত্য হলে আমরা **shorto** কে মিথ্যা করে দিয়েছি। একইভাবে **shorto2** মিথ্যা হলে অর্থাৎ **!shorto2** সত্য হলেও আমরা **shorto** কে মিথ্যা করে দিয়েছি। তাহলে দুটো শর্তের যে কোনটি মিথ্যা হলেই **shorto** মিথ্যা হয়ে যাবে। ঠিক **&&** এর ফলাফলের মতো। শেষের **if else** এ এবার **shorto** ব্যবহার করে ফলন দেবার পালা। তবে একটা বিষয় খেয়াল করো ডানপাশে যে-মন **shorto1** মিথ্যা হলে আংশিক মূল্যায়নের কারণে (partial evaluation) **shorto2** আর পরীক্ষণই করা হবে না, বামপাশে কিন্তু তা হচ্ছে না। তুমি যদি এই উন্নয়ন টুকু করতে চাও তাহলে তোমাকে **if (!shorto2)** বদলে লিখতে হবে **else if (!shorto2)**।

```
bool shorto = false;
if (shorto1)
 shorto = true;
if (shorto2)
 shorto = true;
if (shorto)
 cout << "kisu ekta";
else
 cout << "onno kisu";
cout << "koro" << endl;
```

এই উদাহরণটি ও ঠিক আগের উদাহরণটি মতো, তবে এখানে **||** এর জন্য করা হয়েছে। অথবা **||** ক্ষেত্রে যেকোন একটি উপাদান (operand) সত্য হলেই ফলাফল সত্য হয়, আমরা তাই **shorto** এর আদি মান ধরেছি **false**। আর তারপর শর্তদুটোর যে কোনটি সত্য হলেই **shorto** কে সত্য করা হয়েছে। তুমি যদি আংশিক মূল্যায়ন (partial evaluation) এখানেও কাজে লাগাতে চাও তাহলে বামপাশে **if (shorto2)** বদলে **else if (shorto2)** লিখবে।

## ৭.১৫ যদি-নাহলে অনুকূলায়ন (If-Else Optimisation)

ধরো তোমার ইশকুলে গণিত পরীক্ষায় ৫০ বা বেশী পেলে পাশ, না হলে ফেল। আর ৮০ বা বেশী পেলে তারকা নিয়ে পাশ। তোমার শ্রেণীতে ১০০ জন শিক্ষার্থী আছে, যাদের মধ্যে মোটামুটি ১০ জন ফেল করবে, ২০ জন তারকা সহ পাশ করবে আর বাঁকী ৭০ জন স্বেফ পাশ করবে। তুমি এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একজন শিক্ষার্থীর ছাত্রের নম্বর যোগান (input) নিয়ে ফেল, পাশ, বা তারকা সহ পাশ ফলন (output) দিবে। তোমার ক্রমলেখটি ১০০ জন শিক্ষার্থীর জন্য ১০০ বার আলাদা আলাদা করে চালানো (run) হবে। তবে এই ১০০ বার চালানোতে মোট সময় যাতে কম লাগে ক্রমলেখটা সেটা মাথায় রেখে রচনা করতে হবে।

```
if (nombor >= 50) // যদি পাশের নম্বর
 cout << "pash" << endl; // পাশ ফলন
else // না হলে
 cout << "fell" << endl; // ফেল ফলন

if (nombor >= 80) // যদি তারকা নম্বর
 cout << "taroka" << endl; // তারকা ফলন
```

### ৭.১৫. যদি-নাহলে অনুকূলায়ন (If-Else Optimisation)

ধরো উপরের মতো করে তুমি ক্রমলেখ তৈরী করেছো। যে শিক্ষার্থী ফেল করলো বা পাশ করলো বা তারকা সহ পাশ করলো, তার জন্য তো যা ফলন তা দেখাতেই হবে, সেখানে সময় কম লাগা বেশী লাগার ব্যাপার নাই। সময় কম বা বেশী লাগার প্রশ্ন হলো তুমি কতবার শর্ত পরীক্ষা করে কাজটা করতে পারছো সেটাতে। যেমন ধরো একজন ফেল করা শিক্ষার্থীর জন্য উপরের ক্রমলেখতে **(nombor >= 50)** শর্ত পরীক্ষা হবে আবার ক্রমলেখ যে ভাবে লেখা হয়েছে তাতে **nombor >= 80** শর্টটিও পরীক্ষা হবে। শর্ত পরীক্ষার ফলাফল সত্য হোক আর মিথ্যা হোক পরীক্ষা তো করতেই হবে। ফলে মোট দুটি শর্ত পরীক্ষা হলো। যে শিক্ষার্থীটি কেবল পাশ করবে খেয়াল করে দেখো তার জন্যেও দুটিই শর্টই পরীক্ষা করতে হবে। একই হবে তারকাসহ পাশের ছাত্রের জন্যেও দুটি শর্টই পরীক্ষা করতে হবে। সুতরাং উপরের ক্রমলেখ দিয়ে এই সমস্যার সমাধান করলে ১০০ জন শিক্ষার্থীর জন্য মোট শর্ত পরীক্ষা হলো  $100 * 2 = 200$  বার।

```
if (nombor >= 50) // যদি পাশের নম্বর
{
 cout << "pash" << endl; // পাশ ফলন
 if (nombor >= 80) // যদি তারকা নম্বর
 cout << "taroka" << endl; // তারকা ফলন
}
else // না হলে
 cout << "fell" << endl; // ফেল ফলন
```

এবার একটু ভেবে দেখো পাশ বা ফেল নির্ণয় করার জন্য তো আমাদের একটা শর্ত লাগবেই, কিন্তু যখন আমরা জেনে গেলাম একজন শিক্ষার্থী ফেল করেছে, তখন তার জন্যেও কেন আমরা **nombor >= 80** শর্ত পরীক্ষা করবো? সেটা তো অদরকারী কাজ হবে। সুতরাং তারকা দেখানো অংশটুকু যদি আমরা পাশের জন্য যে অংশ সেখানে একটা মহল্লা (block) তৈরী করে সেই মহল্লার ভিতরে নিয়ে যাই, তাহলে **nombor >= 80** শর্টটি কেবল পাশ করা শিক্ষার্থীদের জন্য পরীক্ষা হবে। উপরের ক্রমলেখাংশ দেখো। তো এই ক্ষেত্রে পাশ বা ফেল শিক্ষার্থীর জন্য কেবল ১ টা শর্ত পরীক্ষা হলো আর তারকা পাওয়া ছাত্রের জন্য ২টা সুতরাং মোট শর্ত পরীক্ষণ হলো  $20 * 2 + (70 + 10) * 1 = 120$  বার মাত্র। নিশ্চিতভাবেই এই ক্রমলেখ আগেরটির চেয়ে তাড়াতাড়ি ১০০ জন শিক্ষার্থীর ফলাফল দেখানোর কাজ শেষ করবে! কেমন মজার বিষয় না!

```
if (nombor >= 80) // যদি তারকা নম্বর
{
 cout << "pash" << endl; // পাশ ফলন
 cout << "taroka" << endl; // তারকা ফলন
}
else if (nombor >= 50) // যদি পাশের নম্বর
 cout << "pash" << endl; // পাশ ফলন
else // না হলে
 cout << "fell" << endl; // ফেল ফলন
```

তুমি হয়তো ভাবছো দেখি আরেক ভাবে করা যায় কিনা যাতে আরো কম সময় লাগে। যেমন ধরো তুমি প্রথমে ৮০ বা বেশী কিনা পরীক্ষা করবে, তারপর ৫০ এর বেশী কিনা পরীক্ষা করবে, অর্থাৎ উপরের ক্রমলেখাংশের (program segment) মতো করে। এখানে খেয়াল করো তারকা পাওয়া শিক্ষার্থীদের জন্য শর্ত পরীক্ষা করা লাগবে ১বার সেটি **nombor >= 80** আর স্লেফ পাশ বা ফেল করা শিক্ষার্থীদের জন্য ২টি শর্টই পরীক্ষা করা লাগবে। ফলে মোট শর্ত পরীক্ষণ হবে  $20 * 1$

## ৭.১৬. তিনিক অগুক্রিয়া (Ternary Operator)

$+ (70+10)*2 = 180$  বার। সুতরাং উপরের এই তৃতীয় ক্রমলেখাংশটুকু আমাদের লেখা প্রথম ক্রমলেখাংশের চেয়ে একটু দ্রুতগতির হলেও দ্বিতীয়টির চেয়ে যথেষ্ট ধীরগতির হবে। তুমি আরো নানান ভাবে চেষ্টা করে দেখতে পারো, তবে আমাদের দ্বিতীয় ক্রমলেখাংশটিই সবচেয়ে দ্রুতগতির হবে, কারণ এতে সবচেয়ে কম সংখ্যক বার শর্ত পরীক্ষা করতে হয়েছে।

আচ্ছা তুমি কী ধরতে পেরেছো কেন দ্বিতীয় ক্রমলেখাংশটিতে সবচেয়ে কম সংখ্যক বার শর্ত পরীক্ষা করতে হবে? উত্তরটা কিন্তু খুবই সহজ। আমাদের দেখতে হবে সবচেয়ে বেশী সংখ্যক শিক্ষার্থী কোন ভাগে পড়ে। এক্ষেত্রে স্রেফ পাশ করে সর্বোচ্চ ৭০ জন। আমরা চাইবো এই ৭০ জনের জন্য ফলন (output) যাতে কম সংখ্যক, এক্ষেত্রে মাত্র একটা শর্ত পরীক্ষা করেই দিতে পারি। উল্টো দিকে যে ভাগে শিক্ষার্থীর সংখ্যা যত কম তার জন্য তত বেশী শর্ত পরীক্ষা করা যেতে পারে। আমাদের তৃতীয় ক্রমলেখাংশে আমরা আসলে এই নিয়ম ভঙ্গ করেছি। কারণ এটাতে তারকা পাওয়া ২০ জনের ফলন আমরা দেখাই মাত্র ১বার শর্ত পরীক্ষা করে, আর পাশ করা ৭০জনের ফলন দেখাই ২বার শর্ত পরীক্ষা করে। আর সে কারণে এটি দ্বিতীয় ক্রমলেখাংশ থেকে ধীরগতির হবে। তো এখন থেকে যদি-তাহলে নিয়ে কাজ করার সময় শর্তদিয়ে সৃষ্টি হওয়া ডাল-পালাগুলোর কোনটাতে কতগুলো ব্যাপার (case) আসতে পারে সেটা মাথায় রেখে দক্ষ ক্রমলেখ তৈরী করবে, কেমন!

## ৭.১৬ তিনিক অগুক্রিয়া (Ternary Operator)

সিপিপিতে শর্তালী পরিগণনায় (conditional programming) তিনিক অগুক্রিয়াটি (ternary operator) কী? উদাহরণসহ তিনিক অগুক্রিয়াটির ব্যবহার দেখাও।

সিপিপি ভাষায় ? : এই প্রতীক দুটি বিশেষ ভাবে একসাথে ব্যবহার করে তিনিক অগুক্রিয়াটি (ternary operator) পাওয়া যায়। তিনিক অগুক্রিয়াটি যদি-তাহলে-নাহলের (if-then-else) কাজ করে, তবে দুটোর মধ্যে তফাও হলো তিনিক অগুক্রিয়া একটি রাশির (expression) অংশ হিসাবে থাকে, ফলে এর একটা ফলাফল তৈরী হবে। আর if-else একটা শর্তযুক্ত বিবৃতি (conditional statement) তৈরী করে যার কোন ফলাফল নেই।

```
int prothom, ditiyo; // চলকদুটির মান যোগান নিতে পারো
int boro = prothom > ditiyo ? prothom : ditiyo;
```

তিনিক অগুক্রিয়া ব্যবহার করে আমরা উপরে দুটো সংখ্যার বড়টি বের করার ক্রমলেখাংশ দেখিয়েছি। এখানে প্রথমে প্রশ্ন ? চিহ্নের আগে যে শর্ত পরীক্ষা আছে সেটি মূল্যায়ন হবে। শর্ত যদি সত্য হয় তাহলে প্রশ্ন ? আর দোঁটা : চিহ্নের মাঝে যে মানটি আছে সেটি হবে অগুক্রিয়াটির ফলাফল আর শর্ত যদি মিথ্যা হয় তাহলে অগুক্রিয়াটির ফলাফল হবে দোঁটা : চিহ্নের পরে থাকা অংশটুকু। তাহলে উপরের ক্রমলেখাংশে **prothom > ditiyo** শর্তটি সত্য হলে ফলাফল হবে **prothom** অর্থাৎ বড়টি আর শর্তটি মিথ্যা হলে ফলাফল হবে **ditiyo** কারণ এটিই তখন বড় অন্যটির চেয়ে। সুতরাং আমরা ফলাফল হিসাবে **prothom** ও **ditiyo** চলকদুটির মধ্যে সবসময় বড়টিই পাচ্ছি। তুমি নিশ্চয় এখন দুটো সংখ্যার মধ্যে ছোটটি বের করার ক্রমলেখাংশ এভাবে লিখতে পারবে!

```
int prothom, ditiyo; // চলকদুটির মান যোগান নিতে পারো
int boro; // বড় মানটি রাখার জন্য চলক ঘোষণা

prothom > ditiyo ? boro = prothom : boro = ditiyo;
```

## ৭.১৬. তিনিক অগুক্রিয়া (Ternary Operator)

তুমি কিন্তু চাইলে দুটো সংখ্যার বড়টি বের করার জন্য উপরের মতো করেও লিখতে পারতে। এইস্থে চলক (variable) **boro** তে মান আরোপণ (assign) আমরা তিনিক অগুক্রিয়ার ভিতরেই করেছি খেয়াল করো। আরোপণ (assign) অগুক্রিয়ার ফলাফল (result) তো আরোপিত মানটি হয়, সুতরাং এক্ষেত্রেও তিনিক অগুক্রিয়ার ফলাফল হিসাবে আমরা বড়টিই পাবো, যদিও **boro** চলকে মান আরোপণ আগেই হয়ে গিয়েছে। তুমি জিজ্ঞেস করতে পারো এই ক্ষেত্রে তিনিক অগুক্রিয়াটির যেটা ফলাফল আসবে সেটা আসলে কী কাজে লাগবে। এইখানে আসলে আমরা ফলাফলটি কাজে লাগাচ্ছি না। কিন্তু তুমি চাইলে **int fol = prothom > ditiyo ? boro = prothom : boro = ditiyo;** লিখতেই পারো। সেক্ষেত্রে বড় মানটি **boro** চলকের মধ্যে যেমন থাকবে তেমনি **fol** চলকের মধ্যেও থাকবে। তিনিক অগুক্রিয়ার ব্যবহার এভাবে বেশ সংক্ষিপ্ত।

```
int prothom, ditiyo; // চলকদুটির মান যোগান নিতে পারো
int boro; // বড় মানটি রাখার জন্য চলক ঘোষণা

if (prothom > ditiyo) // প্রথমটি বড় হলে
 boro = prothom;
else
 boro = ditiyo; // আর তা না হলে
```

তিনিক অগুক্রিয়ার কাজ তো উপরের মতো করে যদি-নাহলে দিয়েও করা যেতে পারে। তাহলে কখন তুমি তিনিক অগুক্রিয়া ব্যবহার করবে কখন যদি-নাহলে ব্যবহার করবে? অত্যন্ত সংক্ষিপ্ত ধরনের বলে তিনিক অগুক্রিয়া (ternary) আসলে টুকটাক ছেটখাট কিছুর জন্য বেশী ব্যবহার করা হয়। আর যদি-নাহলে হলো একদম সব জায়গায় ব্যবহার করার জন্য, বিশেষ করে শর্ত সত্য বা মিথ্যা হলে যদি একটা মহল্লা (block) নির্বাহ (execute) করতে হয়।

```
int prothom, ditiyo, tritiyo; // মান যোগান নিতে হবে

int boro = prothom > ditiyo ? prothom : ditiyo;
boron = boro > tritiyo ? boro : tritiyo;
```

তুমি কি তিনিক অগুক্রিয়া (ternary operator) ব্যবহার করে তিনিটি সংখ্যার মধ্যে সবচেয়ে বড়টি বের করতে পারবে। নিচয় পারবে, এ আর এমন কঠিন কী? উপরের ক্রমলেখাংশের মতো করে প্রথমে দুটোর মধ্যে বড়টি বের করবে। তারপর **boro** এর সাথে **tritiyo** টি তুলনা করে যদি **boro**টিই বড় হয় তাহলে ফলাফল **boro** আর যদি **tritiyo** টি বড় হয় তাহলে ফলাফল **tritiyo** টি। কিন্তু আমরা আসলে এই রকম আলাদা দুটো তিনিক অগুক্রিয়া চাচ্ছি না। আমরা বরং একটা তিনিক অগুক্রিয়াকে আরেকটি তিনিক অগুক্রিয়ার মধ্যে ঢুকিয়ে দিবো, আর যাকে বলব **অন্তর্বাসি (nested)** তিনিক অগুক্রিয়া। নীচের ক্রমলেখাংশ খেয়াল করো, আমরা একটু ছাড়ন (indentation) দিয়ে লিখেছি। প্রথমে **prothom** ও **ditiyo** তুলনা করা হয়েছে। শর্ত সত্য হওয়া মানে **prothom** বড় যেটিকে **tritiyo** এর সাথে তুলনা করা হয়েছে। আর শর্ত মিথ্যা হওয়া মানে **ditiyo** বড়, কাজেই এটিকে **tritiyo** এর সাথে তুলনা করা হয়েছে। তিনিক অগুক্রিয়া ব্যবহার করেই আরো নানান ভাবে এটি করা সম্ভব, তুমি নিজে নিজে চেষ্টা করে দেখো।

```
int prothom, ditiyo, tritiyo; // মান যোগান নিতে হবে

int boro = prothom > ditiyo ?
 (prothom > tritiyo ? prothom : tritiyo) :
 (ditiyo > tritiyo ? ditiyo : tritiyo);
```

## ৭.১৭. পলিট ব্যাপার (Switch Cases)

### ৭.১৭ পলিট ব্যাপার (Switch Cases)

এমন একটি ক্রমলেখ (program) রচনা করো যেটি একটি পূর্ণক (integer) আর একটি ভগ্নক (fractional) যোগান (input) নিবে। পূর্ণকটি ১ হলে ক্রমলেখটি পরের সংখ্যাটিকে কোণের পরিমাণ রেডিয়ানে ধরে নিয়ে তার লস্থানুপাত (sine) ফলন দিবে। আর পূর্ণকটি ২ হলে লগ্নানুপাত (cosine), ৩ হলে স্পর্শানুপাত (tangent) ফলন দিবে। তবে এই তিনটির কোনটিই না হলে বলবে "অসমর্থিত পছন্দ"। এই ক্রমলেখটিতে তুমি পলিট ব্যাপার (switch case) ব্যবহার করবে আর যদি-নাহলের (if-else) ব্যবহারের সাথে কী তফাত হয় সেটাও আলোচনা করবে।

ফিরিস্তি ৭.৫: প্রাপণ্য সহ ত্রিকোণমিতি (Trigonometry with Menu)

```
int onupat; // কোন অনুপাত sine , cosine , tangent
float kone; // কোণের পরিমাণ রেডিয়ানে

// প্রথমে প্রাপণ্য (menu) দেখানো হবে
cout << "onupat 1: lombanupat (sine)" << endl;
cout << "onupat 2: lognanupat (cosine)" << endl;
cout << "onupat 3: sporshanupat (tangent)" << endl;
cout << endl;

// তারপর অনুপাত ও কোণ যোগান নেয়া হবে
cout << "onupat: " << endl; // যোগান যাচনা
cin >> onupat; // যোগান নেওয়া
cout << "kone: " << endl; // যোগান যাচনা
cin >> kone; // যোগান নেওয়া

// পলিট ব্যাপার ব্যবহার করে ফলন দেখানো হবে
switch(onupat) // এখানে চলক না হয়ে কোন রাশি ও হতে পারে
{
 case 1: // লস্থানুপাত (sine) cmath শিরনথি লাগবে
 cout << "lombanupat: " << sin(kone) << endl;
 break;
 case 2: // লগ্নানুপাত (cosine) #include <cmath>
 cout << "lognanupat: " << cos(kone) << endl;
 break;
 case 3: // স্পর্শানুপাত (tangent) cmath শিরনথি লাগবে
 cout << "sporshanupat: " << tan(kone) << endl;
 break;
 default: // অগত্যা ক্রটি বার্তা (error)
 cout << "osomorthito posondo" << endl;
 break;
}

cout << "kee chomotkar!" << endl; // পলিটের বাইরে অন্য কিছু
```

### ৭.১৭. পল্টি ব্যাপার (Switch Cases)

উপরের ক্রমলেখাংশ (program segment) খেয়াল করো। যেমন বলা হয়েছে তেমন করে দুটি চলক নেয়া হয়েছে: কোন অনুপাত তা রাখার জন্য চলক **onupat** আর কত রেডিয়ান কোন তা রাখার জন্য চলক **kone**। এরপর একটা প্রাপণ্য (menu) দেখানো হয়েছে, কোন সংখ্যা দিয়ে কোন অনুপাত বুবানো হচ্ছে সেটা ব্যবহারকারীকে জানানোর জন্য: 1 দিলে লস্বানুপাত (sine), 2 দিলে লগ্নানুপাত (cosine), 3 দিলে স্পর্শানুপাত (tangent)। এরপরে অনুপাত ও কোণ যোগান (input) নেয়ার জন্য প্রথমে যোগান যাচানা (input prompt) করে তারপর যোগান নেওয়া হয়েছে। তারপর মূল অংশ যেখানে **পল্টি ব্যাপার (switch case)** ব্যবহার করে যে অনুপাত চাওয়া হয়েছে সেটি দেখানো হবে। পল্টি-ব্যাপারের পরে আছে অন্য কিছু ক্রমলেখাংশের বাঁকী অংশ।

আমরা কেবল পল্টি ব্যাপার (switch case) অংশে নজর দেই। যেহেতু **onupat** চলকটির (variable) মান ওপর নির্ভর করবে আমরা কোন অনুপাত ফলনে (output) দেখাবো, আমরা তাই লিখেছি **switch(onupat)** আর তারপর আমাদের একটি মহল্লা (block) তৈরী করতে হবে {} বাঁকা বন্ধনী (curly brackets) যুগল দিয়ে। এবার অনুপাতের মান কত হলে কী করতে হবে তার সবকিছু আমরা রাখবো মহল্লার ভিতরে। খেয়াল করো **onupat** এর মান 1, 2, 3 হওয়ার জন্য আমাদের তিনটি ব্যাপার (case) আছে যেমন **case 1: case 2: case 3:**; খেয়াল করো প্রথমে **case** তারপরে **onupat** চলকটির কোন মান সেটি তারপর একটা : দোঁটা (colon)। প্রতিটি ব্যাপারের (case) পরে দেখো আমরা **cout** দিয়ে ত্রিকোনমিতির অনুপাত **sine**, **cosine**, **tangent** ব্যবহার করে ফলন দেখিয়েছি। তারপর লিখেছি **break**; অর্থাৎ এই-খানে পল্টি-ব্যাপারের ক্ষতি (break) ঘটবে। এই ক্ষতিয়ের (break) কাজ আমরা একটু পরেই আলোচনা করছি। তার আগে দেখো **case 3:** এর ক্ষতিয়ের (break) পরে রয়েছে **default:** যেটি হলো **অগত্যা ব্যাপার** অর্থাৎ ওপরের কোন **case** এর সাথেই **onupat** এর মান না মিললে অগত্যা ব্যাপারটি ঘটবে বলে ধরে নেয়া হবে। তাহলে **onupat** এর মান যদি 1, 2, 3 ভিন্ন অন্য কিছু হয় তাহলে **default:** অগত্যা ব্যাপারটি ঘটবে। যথারীতি সেখানে আমরা ত্রুটিবার্তা (error message) দেখিয়েছি। এখানে কিন্তু **break;** আছে শেষে।

ক্রমলেখ নির্বাহ (program execution) করার সময় ধরে নিতে পারো অদৃশ্য বোতামের মতো একটা ব্যাপার আছে যেটাকে বলা হয় **নিয়ন্ত্রণ (control)**। এই নিয়ন্ত্রণ বোতামটি ক্রমলেখ নির্বাহের শুরুতে **main** বিপাতকের একদম প্রথম সারিতে থাকে। বোতামটি যেই সারিতে থাকে সেই সারি নির্বাহিত (executed) হয়। আর তারপর নিয়ন্ত্রণ বোতামটি পরের সারিতে লাফ দেয়, তখন সেই সারিটি নির্বাহিত হয়। এভাবে নিয়ন্ত্রণ বোতামের লাফালাফি ও সেই সাথে সংশ্লিষ্ট সারির নির্বাহ একে একে চলতে থাকে। যদি-নাহলে (if-else) আলোচনা করার সময় আমরা বলেছিলাম শর্ত সত্য হলে কিছু কাজ হয় আবার শর্ত মিথ্যা হলে অন্য কিছু কাজ হয়। ঠিক যেন দুটো শাখা (branch) তৈরী হয়। শর্তের ওপর নির্ভর করে নিয়ন্ত্রণ বোতামটি আসলে হয় এই শাখায় নাহয় ওই শাখায় গিয়ে লাফ দিয়ে বসে। নিয়ন্ত্রণ যে শাখায় বসে সেই শাখা নির্বাহিত হয়, অন্য শাখা নির্বাহিত হয় না। নিয়ন্ত্রণ বোতাম এরপর if-else এর পরের অংশে চলে যায়।

পল্টি-ব্যাপারের (switch-case) ক্ষেত্রে বলতো নিয়ন্ত্রণ **switch(onupat)** এর পরে লাফ দিয়ে কোন সারিতে গিয়ে বসবে? যদি **onupat** এর মান হয় 1 তাহলে গিয়ে বসবে **case 1:** এর সারিতে, 2 হলে গিয়ে বসবে **case 2:** এর সারিতে, আর 3 হলে বসবে **case 3:** এর সারিতে, আর তিনটের কোনটাই না হলে গিয়ে বসবে **default:** এর সারিতে। নিয়ন্ত্রণ **switch(onupat)** হতে লাফ দিয়ে গিয়ে সংশ্লিষ্ট ব্যাপারে (case) বসার পরে সারির পর সারি একে একে যেতে থাকবে যতক্ষণনা একটি **break;** পাচ্ছে। অর্থাৎ **break** পাওয়ার আগে পর্যন্ত প্রত্যকটি সারিই একের পর এক নির্বাহিত হতে থাকবে। আর **break;** পাওয়ার পরেই নিয়ন্ত্রণ আর একটি লাফ দিয়ে পল্টি-ব্যাপারের (switch-case) মহল্লার বাইরে চলে যাবে। ক্ষতিনা দিলে কী ঘটবে আমরা সেটা পরবর্তীতে আলোচনা করবো। তবে বলে রাখি প্রতিটি ব্যাপারের (case) শেষে আসলে ক্ষতি (break) দেয়াটা আসলেই খুব গুরুত্বপূর্ণ, আর আমরা আবার না দেয়ার ভুলটা প্রায়ই করি।

## ৭.১৮. অন্তর্ভুক্তি পলিট ব্যাপার (Nested Switch Cases)

### ৭.১৮ অন্তর্ভুক্তি পলিট ব্যাপার (Nested Switch Cases)

অন্তর্ভুক্তি পলিট ব্যাপার (nested switch case) ব্যবহার করে এমন একটি ক্রমলেখ (program) রচনা করো, যেটি প্রথমে প্রাপণ্য (menu) দেখিয়ে জানতে চাবে আমরা বর্ণের হিসাব করতে চাই, নাকি বৃত্তের হিসাব করতে চাই। সেটি যোগান (input) নেবার পরে আমাদের পছন্দ বর্গ হলে ক্রমলেখটি যোগান নিবে দৈর্ঘ্য আর কী দেখতে চাই ক্ষেত্রফল নাকি পরিসীমা তা, আর সেই অনুযায়ী ফলন (output) দেখাবে। আর আমাদের পছন্দ বৃত্ত হলে ক্রমলেখটি ব্যাসার্ধ যোগান নিবে আর নিবে ক্ষেত্রফল নাকি পরিধি দেখতে চাই তা, আর সে অনুযায়ী ফলন দিবে।

নীচের ক্রমলেখ (program) খেয়াল করো। প্রথমে আকৃতির প্রাপণ্য (menu) দেখানো হয়েছে। তারপর **akriti** চলক ঘোষণা (variable declare) করে যোগান যাচনা (input prompt) করে যোগান (input) নেয়া হয়েছে। এরপর **akriti** চলকের মানের ওপর পলিট (switch) যাতে তিনটি ব্যাপার (case) আছে। চলক **akriti** এর মান 1 হলে **case 1:** বর্গ, 2 হলে **case 2:** বৃত্ত, আর অন্য কিছু হলে অগত্যা ব্যাপারে **default:** ক্রটি বার্তা দেখানো হয়েছে।

ফিরিস্তি ৭.৬: অন্তর্ভুক্তি পলিট দিয়ে প্রাপণ্য (Menu with Nested Switch)

```
// আকৃতির প্রাপণ্য (menu)
cout << "akriti 1 borgo" << endl;
cout << "akriti 2 britto" << endl;

int akriti; // চলক ঘোষণা
cout << "akriti: "; // যোগান যাচনা
cin >> akriti; // যোগান নেওয়া

// বাইরের পলিট যার ভিতরে আবার পলিট থাকবে
switch(akriti) // আকৃতির পলিট
{
 case 1: // বাইরের পলিট বর্গ হলে
 // কী পছন্দ তা দেখানো হবে
 cout << "posondo britto" << endl;

 // বর্গের দৈর্ঘ্য যোগান নিতে হবে
 int doirgho; // চলক ঘোষণা
 cout << "doirgho: "; // যোগান যাচনা
 cin >> doirgho; // যোগান নেওয়া

 // কী চাই তার প্রাপণ্য (menu)
 cout << "1 chai khetrofol" << endl;
 cout << "2 chai porishima" << endl;

 int keechai; // চলক ঘোষণা
 cout << "kee chai: "; // যোগান যাচনা
 cin >> keechai; // যোগান নেওয়া
```

### ৭.১৮. অস্তান্তি পল্টি ব্যাপার (Nested Switch Cases)

```
// ভিতরের পল্টি যেটি আরেকটি পল্টির ভিতরে
switch(keechai) // পল্টি কী চাই
{
 case 1: // ভিতরের পল্টি ক্ষেত্রফল হলে
 cout << "khetrofol: ";
 cout << doirgho * doirgho;
 cout << endl;
 break;

 case 2: // ভিতরের পল্টি পরিসীমা হলে
 cout << "porishima: ";
 cout << 4*doirgho;
 cout << endl;
 break;

 default: // ভিতরের পল্টি অন্য কিছু হলে ক্রটিবার্তা
 cout << "osomorthito posondo" << endl;
 break;
}
// এটি ভিতরের পল্টি থেকে বাইরে
cout << "borger hisab shes" << endl;
break;

case 2: // ভিতরের পল্টি বৃত্ত হলে
// কী পছন্দ তা দেখানো হবে
cout << "posondo britto" << endl;

// বৃত্তের ব্যাসার্ধ ঘোষণ নিতে হবে
int bashardho; // চলক ঘোষণা
cout << "bashardho: ";
cin >> bashardho;

// কী চাই প্রাপণ্য
cout << "1 chai khetrofol" << endl;
cout << "2 chai poridhi" << endl;

int chaokee; // চলক ঘোষণা
cout << "chao kee: "; // ঘোষণ যাচনা
cin >> chaokee; // ঘোষণ নেওয়া

// ভিতরের পল্টি যেটি আরেকটি পল্টির ভিতরে
switch(chaokee) // কী চাই পল্টি
{
```

### ৭.১৮. অন্তিম পলিট ব্যাপার (Nested Switch Cases)

```

case 1: // ভিতরের পলিট ক্ষেত্রফল হলে
 cout << "khetrofol: ";
 cout << 3.1416 * bashardho * bashardho;
 cout << endl;
 break;

case 2: // ভিতরের পলিট পরিধি হলে
 cout << "poridhi: ";
 cout << 2 * 3.1416 * bashardho;
 cout << endl;
 break;

default: // ভিতরের পলিট অন্য কিছু হলে ক্রটিবার্তা
 cout << "osomorthito posondo" << endl;
 break;
}

// এটি ভিতরের পলিট থেকে বাইরে
cout << "bittert hisab shes" << endl;
break;

default: // বাইরের পলিট অন্য কিছু হলে ক্রটিবার্তা
 cout << "osomorthito posondo" << endl;
 break;
}

// বাইরের পলিটরও বাইরে
cout << "kee chomotkar!" << endl;

```

যখন **akriti** এর মান 1 অর্থাৎ বর্গ বেছে নেয়া হয়েছে তখন প্রথমে ফলনে (output) দেখানো হয়েছে যে বর্গ পছন্দ করা হয়েছে। তারপর চলক **doirgho** ঘোষনা (declare) করে যোগান যাচনা (input prompt) করে যোগান (input) নেওয়া হয়েছে। তারপর বর্গের কী জানতে চাই তার জন্য আরেকটি প্রাপণ্য (menu) দেখানো হয়েছে, যেখানে ক্ষেত্রফল নাকি পরিসীমা চাই সেটা দেখানো হয়েছে। ব্যবহারকারীর পছন্দ যোগান নেয়ার জন্য এখানেও **keechai** নামে একটি চলক ঘোষনা করে যোগান যাচনা করে মান যোগান নেয়া হয়েছে। তারপর চলক **keechai** এর মানের ওপর নির্ভর করে আরেকটি পলিট ব্যাপার (switch case) ব্যবহার করে ক্ষেত্রফল বা পরিসীমা ফলনে (output) দেখানো হয়েছে। এই পলিট ব্যাপারটি আগের পলিট-ব্যাপারের ভিতরে, আর তাই এই ভিতরেরটিকে বলা হবে অন্তিম পলিট ব্যাপার (nested switch case)।

যখন **akriti** এর মান 2 অর্থাৎ বৃত্ত বেছে নেয়া হয়েছে তখন প্রথমে ফলনে (output) দেখানো হয়েছে যে বৃত্ত পছন্দ করা হয়েছে। তারপর চলক **bashardho** ঘোষনা (declare) করে যোগান যাচনা (input prompt) করে যোগান (input) নেওয়া হয়েছে। তারপর বৃত্তের কী জানতে চাই তার জন্য আরেকটি প্রাপণ্য (menu) দেখানো হয়েছে, যেখানে ক্ষেত্রফল নাকি পরিধি চাই সেটা দেখানো হয়েছে। ব্যবহারকারীর পছন্দ যোগান নেয়ার জন্য এখানেও **chaokee** নামে একটি চলক ঘোষনা করে যোগান যাচনা করে মান যোগান নেয়া হয়েছে। বর্গের ক্ষেত্রে ব্যবহৃত চলক **keechai** থেকে ভিন্ন একটি নাম নেয়ার জন্যই মূলত নাম দেওয়া হয়েছে **chaokee**। এই দুটো

## ৭.১৯. পল্টি ব্যাপার ক্ষতি (Switch Cases Breaks)

চলকই বাইরের পল্টি-ব্যাপারের যে মহল্লা (block) তার ভিতরে। একই মহল্লায় দুটো চলকের (variable) নাম একই হতে পারে না। আর সে কারণে নামের এই ভিন্নতা, যদিও তাদের উদ্দেশ্য এখানে একই রকম। যাইহোক, চলক **chookee** এর মানের ওপর নির্ভর করে এরপর আরেকটি পল্টি ব্যাপার ব্যবহার করে ক্ষেত্রফল বা পরিধি ফলনে (output) দেখানো হয়েছে। এই পল্টি ব্যাপারটি (switch case) বর্ণের পল্টি-ব্যাপারের মতোই বাইরের পল্টি ব্যাপারটির ভিতরে, তাই এটিও একটি অস্তিত্ব পল্টি ব্যাপার (nested switch case)।

এই পর্যায়ে জিজেস করতে পারো, **break;** পাওয়া মাত্র নিয়ন্ত্রণ (control) সেই পল্টি ব্যাপার (switch case) থেকে বের হয়ে আসে বলে আমরা জানি, তো ভিতরের পল্টি ব্যাপার থেকে **break;** পেলে কোথায় যাবে? উত্তর হচ্ছে ভিতরের পল্টি ব্যাপার থেকে বের হয়ে যেখানে আসবে সেটা বুঝার জন্য বর্ণের পল্টি ব্যাপারের বাইরে **cout << "borger hisab shes" << endl;** আর বৃত্তের পল্টি ব্যাপারের বাইরে **cout << "briter hisab shes" << endl;** লেখা হয়েছে। আর বাইরের পল্টি ব্যাপারের বাইরে লেখা হয়েছে **cout << "kee chomotkar!" << endl;**।

## ৭.১৯ পল্টি ব্যাপার ক্ষতি (Switch Cases Breaks)

পল্টি ব্যাপারে (switch cases) ক্ষতি (break) না দিলে কী ঘটে, আর ক্ষতি না দেওয়া কোথায় কাজে লাগতে পারে? যথাযথ উদাহরণ সহ ক্রমলেখ (program) লিখে দেখাও।

ধরো তোমার একজন অতিথি আসবে। সে যদি সকাল ১০ বা ১১টায় আসে তাকে তোমার সকালে নাস্তা, দুপুরের খাবার, আর বিকালের নাস্তা খাওয়াতে হবে। আর সে যদি ১২টায় বা ১৩টায় আসে তবে তাকে কেবল দুপুরের খাবার ও বিকালের নাস্তা খাওয়াতে হবে, আর তিনি যদি ১৪টা বা ১৫টায় আসে তাহলে তাকে কেবল বিকালের নাস্তা খাওয়াতে হবে। এই সময়গুলো ভিন্ন অন্য কোন সময়ে যদি সে আসে তাহলে তাকে কিছুই খাওয়ানোর দরকার নাই।

```
switch(somoy)
{
 case 10:
 case 11:
 cout << "sokaler nasta" << endl;
 case 12:
 case 13:
 cout << "dupurer khabar" << endl;
 case 14:
 case 15:
 cout << "bikaler nasta" << endl;
}
```

উপরের ক্রমলেখতে আমরা ক্ষতি (break) ছাড়া পল্টি ব্যাপার (switch case) লিখে ক্রমলেখ (program) তৈরী করেছি। এখানে চলক **somoy** এ আমরা অতিথির আসার সময় রাখবো, সেটা যোগান (input) নেয়া হয়ে থাকতে পারে, বা কোন ভাবে আরোপিত (assigned) হয়ে থাকতে পারে। সাধারণত পল্টিতে যে ব্যাপারটার সাথে মিলে যায় স্থান থেকে বিবৃতিগুলো (statement) নির্বাহিত হতে শুরু করে আর ক্ষতি (break) পাওয়া পর্যন্ত চলে। আর একবার কোন ব্যাপারের সাথে মিলে গেলে পরে আর কোন ব্যাপারের সাথে মিলানোর চেষ্টা করাও হয় না, বরং ক্ষতি (break) না পাওয়া পর্যন্ত ক্রমাগত বিবৃতিগুলো নির্বাহিত হতে থাকে।

## ৭.১৯. পল্টি ব্যাপার ক্ষান্তি (Switch Cases Breaks)

খেয়াল করো উপরের ক্রমলেখাংশে (program segment) সময় যদি ১০টা হয়, ঠিক সে-খানে কিছু না থাকলেও পরপর যে বিবৃতিগুলো আছে সেগুলো একে একে নির্বাহিত হবে, ফলে যেমন **sokaler nasta**, **dupurer khabar**, **bikaler nasta** সবগুলো একে একে ফলনে আসতে থাকবে। সময় যদি ১১টা হয় তাহলেও একই ঘটনা ঘটবে। সময় যদি ১২ টা হয়, তাহলে **sokaler nasta** ফলনে আসবে না, কিন্তু **dupurer khabar** ও **bikaler nasta** একে একে আসতে থাকবে। পরের সময়গুলোর জন্যেও একই রকমের কথাবার্তা প্রযোজ্য।

আর একটা বিষয় খেয়াল করো, উপরের পল্টিতে (switch) আমরা অগত্যা ব্যাপার **default** : দেই নাই। ফলে সময় যদি তালিকায় না থাকে তাহলে সেটি কোন ব্যাপারের (case) সাথেই মিলবে না, আর এতে ফলনে (output) কিছুই আসবে না। আসলে পল্টিতে (switch) অগত্যা (default) ব্যাপার দিতেই হবে এমন কোন কথা নেই, দরকার না লাগলে দিবে না।

```
switch (nombor)
{
 case 4:
 case 0:
 case 2:
 cout << "jor" << endl;
 break;
 case 1:
 case 5:
 case 3:
 cout << "bejor" << endl;
 break;
}
```

এবার কিছু প্রশ্ন: পল্টিতে কী ব্যাপারগুলো মানের ক্রমানুসারেই থাকতে হবে? মানগুলো কী ধারাবাহিকভাবে পরপর সংখ্যা হতে হবে? উভয় প্রশ্নের উত্তর হচ্ছে "না"। কাজেই ঠিক উপরের উদাহরণের মতো তুমি দরকার মতো ব্যাপারগুলো (case) পরপর না হলেও বা উল্লেখাল্টা ক্রমে হলেও লিখতে পারবে। আবার দেখো কিছু ব্যাপারে (case) ক্ষান্তি (break) নাই, আবার কিছু ব্যাপারে আছে। মোট কথা যেখানে ক্ষান্তি দেয়া দরকার সেখানে **break;** না দরকার হলে নাই।

আরো কিছু প্রশ্ন: পল্টিতে (switch) ব্যাপারগুলো (case) কী পূর্ণক (integer) ছাড়া ভগ্নক (fractioner) হতে পারবে? আর **switch()** এ চলক (variable) ছাড়া অন্য কিছু ব্যবহার করা যাবে? তুমি কোন ভগ্নক (fractioner) ব্যাপার হিসাবে ব্যবহার করে দেখতে পারো, তাতে সং-কলনে (compile) ঝটি বার্তা (error message) দেখাবে, তার মানে হলো পারবে না। আর **switch(nombor)** এখানে switch এ যে কেবল চলক হতে হবে তা নয়, যে কোন রাশি যেটি পূর্ণক ফলাফল দেয় সেটিই তুমি ব্যবহার করতে পারো, যেমন নীচের উদাহরণ দেখো, আমরা ২ দিয়ে ভাগশেষের ওপর পল্টি ব্যবহার করছি। ভাগশেষ ০ হলো জোড়, আর ১ হলে বিজোড়।

```
switch (nombor % 2)
{
 case 0: cout << "jor" << endl; break;
 case 1: cout << "bejor" << endl; break;
}
```

## ৭.২০. পল্টি ব্যাপার যদি-নাহলে (Switch Cases If Else)

পল্টিতে অবশ্য তুমি একই ব্যবহার দুইবার ব্যবহার করতে পারবে না, যেমন **case 1:** লিখে একই পল্টির ভিতরে পরে আবার **case 1:** লিখতে পারবে না। তবে পল্টির ভিতরে অস্তিত্ব (nested) পল্টি থাকলে সেখানে **case 1:** থাকতেই পারে।

## ৭.২০ পল্টি ব্যাপার যদি-নাহলে (Switch Cases If Else)

পল্টি ব্যাপার (switch cases) ব্যবহার না করে যদি নাহলে (if else) ব্যবহার করলেই তো হয়। তাহলে পল্টি ব্যাপার কোথায় ব্যবহার করবো, আর কোথায় যদি নাহলে ব্যবহার করবো?

```
switch (nombor)
{
 case -2:
 case -1:
 cout << "rinatok" << endl;
 break;

 case 0:
 cout << "shunyo" << endl;
 break;

 case 1:
 case 2:
 cout << "dhonatok" << endl;
 break;
}
```

উপরের উদাহরণটি খেয়াল করো। এখানে আমরা একটি নম্বর ধনাত্মক (positive), ঋগাত্মক (negative), নাকি শূন্য (zero) নির্ণয় করতে চাই। আমরা যদি আগে থেকে জানি যে নম্বরটি কেবল -2, -1, 0, 1, 2 এই পাঁচটি নির্দিষ্ট সংখ্যার একটি হতে পারবে, অন্য আর কিছু নয়, এগুলোর বাইরে নয়, কেবল তাহলেই আমরা উপরের মতো করে পল্টি ব্যাপার (switch case) ব্যবহার করতে পারবো। আবার চাইলে আমরা নীচের মতো করে সমতুল আরেকটি ক্রমলেখাংশও লিখতে পারবো, যেখানে আমরা পল্টি ব্যাপার ব্যবহার না করে যদি নাহলে (if else) ব্যবহার করবো। যদি নাহলে ব্যবহার করে অবশ্য আরো নানা ভাবেই এটি করা সম্ভব, এটি কেবল একটা উদাহরণ।

```
if (nombor == -2 || nombor == -1)
 cout << "rinatok" << endl;
else if (nombor == 1 || nombor == 2)
 cout << "dhonatok" << endl;
else // if (nombor == 0)
 cout << "shunyo" << endl;
```

কিন্তু আমাদের নম্বরটি যদি উপরের ওই পাঁচটি সংখ্যার বাইরে অনিদিষ্ট সংখ্যক নম্বরগুলোর একটি হয়, অথবা অনেক অনেক বেশী সংখ্যাকের একটি হয়, তাহলে ঠিক পল্টি ব্যবহার করে আমরা সামলাতে পারবো না। কারণ এ সব ক্ষেত্রে ব্যাপারের সংখ্যা (number of cases) হবে অনেক বেশী বা অসংখ্য। আর একটি ব্যাপার হলো পল্টিতে ব্যাপারগুলো মুলত মান সমান == হলে কী

## ৭.২১. ব্যাপীয় ও স্থানীয় চলক (Global & Local Variables)

হবে তার ওপর ভিত্তি করে তৈরী, অন্য কোন ধরনের তুলনা যেমন বড় >, ছোট < ইত্যাদি ব্যবহার করা যায় না। ফলে পলিট (switch) সাধারণত ব্যবহার করা হয় অল্প কিছু সংখ্যক ও সুনির্দিষ্ট সংখ্যক ব্যাপারের ক্ষেত্রে, আর এ সব ক্ষেত্রে ক্রমলেখ পড়া সহজ হয়ে যায়। অন্যান্য সকল ক্ষেত্রে সাধারণত যদি নাহলে (if else) ব্যবহার করা হয় কারণ যদি নাহলের সাথে যে কোন শর্ত বা সংযোজক (connectives) &&, ||, ! ব্যবহার করে আরো জটিল শর্ত ব্যবহার করা যায়।

```
if (nombor < 0)
 cout << "rinatok" << endl;
else if (nombor > 0)
 cout << "dhonatok" << endl;
else // if (nombor == 0)
 cout << "shunyo" << endl;
```

## ৭.২১ ব্যাপীয় ও স্থানীয় চলক (Global & Local Variables)

স্থানীয় চলক (local variable) কী? এর বিপরীতে ব্যাপীয় চলকই (global variable) বা কী? শর্তালী পরিগণনায় (conditional programming) স্থানীয় চলকের ব্যবহার দেখাও।

যখন কোন চলক সকল বা ধ্রুবক বাঁকা বন্ধনী মুগলের বাইরে অর্থাৎ যে কোন মহল্লার বাইরে থাকে তখন তাকে ব্যাপীয় চলক (global variable) বা ব্যাপীয় ধ্রুবক (global constant) বলা হয়। নীচের ক্রমলেখতে (program) খেয়াল করো **pai** আর **nimnoshima** যে কোন মহল্লার (block) বাইরে, তাই এগুলো যথাক্রমে ব্যাপীয়ধ্রুবক (global constant) ও ব্যাপীয় চলক (global variable)। ব্যাপীয় চলক বা ধ্রুবক ঘোষণা করার পর থেকে ক্রমলেখয়ের যে কোন জায়গায় ব্যবহার করা যায়। যে কোন ধ্রুবকের মান তো ঘোষণার সময় অবশ্যই দিতে হয়, ব্যাপীয় ধ্রুবকের (global constant) মানও ঘোষণার সময়ই দিয়ে দিতে হয়। আর ব্যাপীয় চলকের মান ঘোষণার সময় না দিয়ে দিলে এতে অগত্যা (default) শূন্য থাকে।

ফিরিস্তি ৭.৭: স্থানীয় ও ব্যাপীয় চলকের ব্যবহার (Using Local & Global Variables)

```
#include <iostream>
#include <cstdlib>

using namespace std;

float const pai = 3.1416; // ব্যাপীয় ধ্রুবক, মান দিতেই হবে
float nimnoshima = 1.00; // ব্যাপীয় চলক, মান না দিলে শূন্য

int main(void)
{
 float bashardho; // স্থানীয় চলক
 float const two = 2.0; // স্থানীয় ধ্রুবক

 cout << "bashardho: ";
 cin >> bashardho;
```

## ৭.২১. ব্যাপীয় ও স্থানীয় চলক (Global & Local Variables)

```

if (bashardho < nimnoshima)
{
 cout << "nimnoshimar cheyeo kom" << endl;
 return EXIT_FAILURE;
}

float poridhi = two * pai * bashardho; // স্থানীয় চলক
cout << "poridhi: " << poridhi << endl;

return EXIT_SUCCESS;
}

```

যখন কোন চলক (variable) বা ধ্রুবক (constant) কোন বাঁকা বন্ধনী যুগল {} বা মহল্লার (block) ভিতরে ঘোষিত হয় তখন তাকে স্থানীয় চলক (local variable) বা স্থানীয় ধ্রুবক (local constant) বলা হয়। উপরের ক্রমলেখতে (program) খেয়াল করো চলক **bashardho** এবং ধ্রুবক **two** উভয়ই **main** বিপাতকের মহল্লার ভিতরে ঘোষিত হয়েছে, কাজেই এ দুটো যথাক্রমে স্থানীয় চলক ও স্থানীয় ধ্রুবক। স্থানীয় চলক বা ধ্রুবক যে কোন মহল্লা (block) বা উপমহল্লার (subblock) ভিতরে ঘোষিত হতে পারে। মহল্লার ভিতরে আবার মহল্লা থাকলে ভিতরের মহল্লাকে উপমহল্লা (subblock) বলা হয় আর বাইরের মহল্লাকে বলা হয় অধিমহল্লা (superblock)। যে কোন ধ্রুবকের মান তো ঘোষণার সময়ই দিয়ে দিতে হয়, স্থানীয় ধ্রুবকের মানও তাই ঘোষণার সময়ই দিয়ে দিতে হবে। আর স্থানীয় চলকের মান দিয়ে না দিলে এটাতে উলটা পাল্টা একটা মান থাকবে। সুতরাং স্থানীয় চলক ব্যবহারের পূর্বে অবশ্যই এতে মান আরোপণ (assign) করে নিতে হবে। স্থানীয় চলক ও ধ্রুবক ঘোষণা করার পর থেকে ওই মহল্লার ভিতরে যে কোন খানে ব্যবহার করা যায়, এমনকি উপমহল্লা বা উপউপমহল্লার ভিতরেও ব্যবহার করা যায়।

```

int cholok = 2; // ব্যাপীয় চলক

int main()
{
 cout << cholok << endl; // ব্যাপীয় চলকের মান 2

 int cholok = 3; // এখন থেকে স্থানীয় চলক
 cout << cholok << endl; // স্থানীয় চলকের মান 3
 {
 cout << cholok << endl; // অধিমহল্লার চলক মান 3

 int cholok = 5; // উপমহল্লার স্থানীয় চলক
 cout << cholok << endl; // উপমহল্লার স্থানীয় চলক মান 5
 }
 cout << cholok << endl; // স্থানীয় চলকের মান 3

 // অন্যান্য কিছু এখানে থাকতে পারে, আমরা লিখছি না
}

int kisuekta = cholok; // ব্যাপীয় চলকের মান 2

```

## ৭.২১. ব্যাপীয় ও স্থানীয় চলক (Global & Local Variables)

অনেক সময় একটি স্থানীয় (local) চলক বা প্রক্রিয়কের নাম একটি ব্যাপীয় (global) চলক বা প্রক্রিয়কের নামের সাথে মিলে যেতে পারে। প্রথম কথা প্রতিটি চলক বা প্রক্রিয়কের নাম পুরো ক্রমলেখে জড়ে একক (unique) হওয়া উচিত, কিন্তু সুবিধার বিচারে অনেক সময় সেটা করা সম্ভব হয় না। এমতাবস্থায় কী করে বুঝাবো ব্যবহৃত চলক বা প্রক্রিয়কের নাম স্থানীয়? উপরের ক্রমলেখাংশ (program segment) খেয়াল করো, সেখানে **cholok** নাম বারবার ব্যবহার করে অনেগুলো চলক ঘোষণা করা হয়েছে, যার একটি সকল মহল্লার (block) বাইরে তাই ব্যাপীয় (global) আর অন্যগুলো কোন না কোন মহল্লার ভিতরে তাই স্থানীয় চলক। এখন **cholok** নামের চলককে নানান খানে ফলনে (output) দেখানো হয়েছে। কথা হচ্ছে নাম যেহেতু একই, তো আমরা নামটি দিয়ে কখন কোন চলকটিকে বুঝাবো, কখন কোন মানই বা ফলনে দেখতে পাবো?

খেয়াল করে দেখো যেখানে ব্যাপীয় চলকটি ঘোষনা করা হয়েছে আর মান দেওয়া হয়েছে 2 তারপর থেকে এটির কার্যকারীতা বলবৎ আছে, মহল্লার বাইরে তো অবশ্যই আছে যেমন একদম নীচে যেখানে **int kisuekta = cholok;** লেখা হয়েছে। আবার মহল্লার (block) ভিতরে স্থানীয় চলক ঘোষণার আগে পর্যন্ত এটির কার্যকারীতা রয়েছে ফলে আমরা ব্যাপীয় চলকটির মানটিই অর্থাৎ 2ই দেখতে পাবো। তারপর মহল্লার ভিতরে যখন একই নাম দিয়ে একটি চলক ঘোষনা করা হয়েছে আর মান দেওয়া হয়েছে 3, তখন **cholok** নামের সাথে স্থানীয় এই চলকটির কার্যকারীতা বলবৎ হয়েছে, আর তা জারি আছে মহল্লা শেষ হওয়া পর্যন্ত, তাছাড়া উপমহল্লার ভিতরে একই নামের আরেকটি চলক ঘোষণার আগে পর্যন্তও তা জারি আছে। ক্রমলেখাংশে (program comment) খেয়াল করো। কোথায় কোন মান ফলনে আসবে তা দিয়ে আমরা বুঝার চেষ্টা করছি, কোথায় কোন চলকটির কার্যকারীতা বলবৎ আছে। তাহলে কোন নাম কোন চলকটিকে বুঝাই, সেটার জন্য আমাদের দেখতে হবে একই মহল্লার ভিতরে ওই নামের কোন চলক আছে কিনা? যদি থাকে সেই চলকটি কার্যকর আছে। আর একই মহল্লার ভিতরে যদি না থাকে, তাহলে আমরা ঠিক বাইরের মহল্লাটি দেখবো, সেখানে একই নামে কোন চলক আছে কিনা? যদি থাকে সেটা বলবৎ হবে আর তাও না থাকলে তার ঠিক বাইরে আরো কোন মহল্লা আছে কিনা তা দেখবো।

```
int nombor;
cin >> nombor;

// নীচের vagshesh হলো স্থানীয় চলক
if (int vagshesh = nombor % 3)
 cout << "nisheshe bivajyo" << endl;
else
 cout << "vagshesh " << vagshesh << endl;
```

সিপিপিতে যদি নাহলে (if else) লেখার সময় যদি { } বাঁকা বন্ধনী যুগল ব্যবহার করে কোন মহল্লা (block) তৈরী করা হয়, তাহলে সেই মহল্লার ভিতরে ঘোষিত যে কোন চলক বা প্রক্রিয়ক তো স্থানীয় চলক বা প্রক্রিয়ক হবে। আমরা সেটা আর আলাদা করে দেখাতে চাই না। তবে উপরের ক্রমলেখাংশ খেয়াল করো **if (int vagshesh = nombor % 3)** লিখেও আমরা **vagshesh** নামে একটি চলক ঘোষণা করেছি। এই **vagshesh** নামের চলকটিও একটি স্থানীয় চলক (local variable) হিসাবে পরিগণিত হয়, আর এটা কার্যকর থাকে কেবল যেখানে লেখা হয়েছে সেখান থেকে শুরু হয়ে ওই **if else** মই (ladder) বা অস্তান্ত (nesting) যতক্ষণ শেষ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত, এর বাইরে কোন কার্যকারীতা থাকবে না, ফলে ব্যবহার করলে ক্রটিবার্তা পাবে।

যদি নাহলে (if else) এর ক্ষেত্রে ঘোষিত স্থানীয় (local) চলকটির মতো আমরা পলিটি ব্যাপারের (switch cases) ক্ষেত্রেও একই ভাবে স্থানীয় চলক ঘোষণা করতে পারি। নীচের ক্রমলেখাংশে (program segment) খেয়াল করো **switch (int vagshesh = nombor % 3)** লিখে আমরা একটি স্থানীয় চলক **vagshesh** ঘোষণা করেছি। এই চলকটির কার্যকারীতাও কেবল

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ওই পিটির মহল্লাটির ভিতরেই। বাইরে কোথাও এই চলকটিকে ব্যবহার করবার জো নেই। তুমি কিন্তু পিটির মহল্লাটির ভিতরে চাইলে আরো স্থানীয় চলক (local variable) ঘোষণা ও ব্যবহার করতেই পারতে। ধ্রুবকের ক্ষেত্রেও একইরকম আলোচনা প্রযোজ্য।

```
int nombor;
cin >> nombor;

// নীচের সারিতে vagshesh স্থানীয় চলক
switch(int vagshesh = nombor % 3)
{
 case 0:
 cout << "ek " << vagshesh << endl;
 break;
 case 1:
 cout << "dui " << vagshesh << endl;
 break;
 case 2:
 cout << "teen " << vagshesh << endl;
 break;
}
```

## ৭.২২ অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ধারণাগত প্রশ্ন: নীচে কিছু ধারণাগত প্রশ্ন রয়েছে। প্রশ্নগুলোর উত্তর নিজে বের করবে।

১. শর্তালি পরিগণনা (conditional programming) কী? অল্প কথায় আলোচনা করো।
২. যদি **if** এর সাথের শর্ত মিথ্যা হলে সংশ্লিষ্ট নাহলেতে **else** গিয়ে আবার ও শর্তের বিপরীত শর্তটি সত্য কিনা পরীক্ষা করা দরকার নেই। ব্যাখ্যা করো।
৩. যদি নাহলে (**if else**) দিয়ে ক্রমলেখ (program) লিখতে ছাড়ন (indentation) দেয়া গুরুত্বপূর্ণ কেন? কার জন্য গুরুত্বপূর্ণ মানুষের জন্য নাকি গণনির (computer) জন্য?
৪. অন্বয়ী অগুক্রিয়া (relational operators) কী? এগুলো কী ধরনের ফলাফল দেয়? সিপিপিতে থাকা কয়েকটি অন্বয়ী অগুক্রিয়ার উদাহরণ দাও।
৫. যদি নাহলে মইতে (**if else ladder**) শর্তগুলো কী ভাবে সাজাবে, যদি চিন্তার সুবিধা বিবেচনা করো অথবা ক্রমলেখয়ের দক্ষতা বিবেচনা করো?
৬. অন্তান্তি যদি নাহলে (**nested if else**) ও যদি নাহলে মই (**if else ladder**) একটা থেকে আরেকটিতে রূপান্তর সম্ভব, উদাহরণ সহ ব্যাখ্যা করো।
৭. ঝুলন্ত নাহলে (**dangling else**) সমস্যাটি কী? এটির সমাধান কী কী ভাবে করা যেতে পারে, উদাহরণ দিয়ে আলোচনা করো।

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৮. শূন্য বিবৃতি (empty statement) কী? কত ভাবে শূন্য বিবৃতি দেওয়া যায়?
৯. বুলক সংযোজকগুলো (boolean connectives) কী কী, কী ভাবে ফলাফল দেয়?
১০. পূর্ণক (integer) ও ভগ্নক (fractioner) কে সরাসরি বুলক হিসাবে কী ভাবে ব্যবহার করা যায় আলোচনা করো। এতে কী সুবিধা হয়?
১১. বুলক শর্তের (boolean condition) আংশিক মূল্যায়ন কী ও কী ভাবে কাজ করে?
১২. একাধিক ব্যাপীয় চলক (global variable) ও স্থানীয় চলকের (local variable) নাম একই হলে কোনটা কার্যকর তা কী ভাবে নির্ধারিত হয়?

**পরিগণনার সমস্যা:** নীচে আমরা কিছু পরিগণনার সমস্যা দেখবো। এই সমস্যাগুলো আগে দৈর্ঘ্য ধরে নিজে নিজে সমাধান করতে চেষ্টা করবে। যখন একেবারেই পারছো না বলে মনে হয় তখনই কেবল সমাধান দেখে নিতে পারো। সমাধানগুলো পরিগণনার প্রশ্নগুলোর শেষে আছে।

১. নীচের ক্রমলেখাংশের (program segment) ফলন (output) কী তা প্রথমে খাতা কল-মে নির্ণয় করো, আর তারপর গণনিতে চালিয়ে তার সাথে মিলাও।

```
int n; // আদি মান আরোপ করা হয় নি
cout << (n = 4) << endl;
cout << (n == 4) << endl;
cout << (n > 3) << endl;
cout << (n < 4) << endl;
cout << (n = 0) << endl;
cout << (n == 0) << endl;
cout << (n > 0) << endl;
cout << (n && 4) << endl;
cout << (n || 4) << endl;
cout << (!n) << endl;
```

২. নীচের ক্রমলেখাংশে (program segment) কিছু গঠনগত (syntactical) ভুল আছে। ভুলটা কোথায় বলে তুমি মনে করো? ভুলটা এমন ভাবে ঠিক করো যাতে এটির ছাড়ন (indentation) দেখে যা করতে চাওয়া হয়েছিল বলে মনে হয়, ক্রমলেখটি অর্থবোধকতায় (semantically) যেন একদম তাই করে।

```
if (x >= y)
 jogfol += x;
 cout << "x boro" << endl;
else
 jogfol += y;
 cout << "y boro" << endl;
```

৩. নীচের ক্রমলেখাংশ (program segment) চালালে কী ফলন (output) পাওয়া যাবে?

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

```
int n, k = 5;
n = (100 % k ? k + 1 : k - 1);
cout << "n = " << n << " k = " << k << endl;
```

৪. নীচের ক্রমলেখাংশ (program segment) চালালে কী ফলন (output) পাওয়া যাবে?

```
int paowagese = 0, gunti = 5;
if (!paowagese || ++gunti == 0)
 cout << "bipod" << endl;
cout << "gunti = " << gunti << endl;
```

৫. নীচের ক্রমলেখাংশে, সন্তুত বলা যায় যে শর্তালি বিবৃতির (conditional statement) একদম প্রথম সারিতেই একটা ভুল আছে। ক্রমলেখাংশটি যে ভাবে লেখা আছে সেরকম অবস্থায়ই যদি নির্বাহ (execute) করা হয় তাহলে ফলন (output) কী হবে? আর যেটা করতে চাওয়া হয়েছিল বলে মনে হয় যদি সেটা করা হয় তাহলে ফলন কী হবে?

```
int n = 5;
if (n = 0) // অগুর্ক্ষিয়াটি খেয়াল করো
 cout << "n holo shunyo." << endl;
else
 cout << "n shunyo noy" << endl;
cout << "n er borgo " << n * n << endl;
```

৬. নীচের শর্তালি বিবৃতি (conditional statement) তে অনেক অপ্রয়োজনীয় শর্ত আছে। তো সেই অপ্রয়োজনীয় শর্তগুলো বাদ দিয়ে শর্তালি বিবৃতিটি আবার লেখো।

```
float uparjon;
cout << "mashe uparjon koto: ";
cin >> uparjon;

if (uparjon < 0)
 cout << "tomar dena aro barbe." << endl;
else if (uparjon >= 0 && uparjon < 1200)
 cout << "tumi daridro shimar niche." << endl;
else if (uparjon >= 1200 && uparjon < 2500)
 cout << "tumi kinchit socchol aso." << endl;
else if (uparjon >= 2500)
 cout << "tumi jothesto socchol." << endl;
```

৭. যদি ভিন্ন ভিন্ন বার চালানোর সময় ০, ১৫, বা ৭ যোগান (input) দেয়া হয় তাহলে নীচের ক্রমলেখাংশের (program segment) ফলন (output) কোন বাবে কী হবে। কত যোগান দিলে ফলনে "biroklikor!" আসবে?

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

```

int n;
cout << "nombor koto: ";
cin >> n;

if (n < 10)
 cout << "10 er choto." << endl;
else if (n > 5)
 cout << "5 er boro." << endl;
else
 cout << "biroktikor!" << endl;

```

৮. নীচের অন্তিম যদি নাহলে (nested if else) খেয়াল করো। ছাড়ন (indentation) যে ভাবে দেয়া হয়েছে তাতে মনে হচ্ছে না যা লিখতে চাওয়া হয়েছে তা লেখা হয়েছে।

```

if (n < 10)
 if (n > 0)
 cout << "dhonatok." << endl;
else
 cout << "-----." << endl;

```

যদি  $n$  এর মান ৭ বা ১৫ বা -৩ যোগান (input) দেয়া হয় তাহলে ফলন (output) কী হবে? বিবরিতির (statement) গঠন (syntax) এমন ভাবে ঠিক করো যাতে ছাড়ন (indentation) দেওয়া থেকে যেমনটি লিখতে চাওয়া হয়েছে বলে মনে হয় ফলনও ঠিক সে রকম আসে। আর সেক্ষেত্রে শুন্যস্থানে কী হবে বলে যৌক্তিক মনে হয় সেটা ও ঠিক করো। অন্যদিকে যা লেখা হয়েছে সেটা ঠিকই আছে ধরে নিয়ে কেবল ছাড়নটা (indentation) ঠিক করো, আর তাতে শুন্যস্থানে কী বসানো যথার্থ হবে তাও নির্ণয় করো।

৯. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে কোনটি বড়, কোনটি ছোট ফলনে (output) দেখাও।
১০. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে তাদের মধ্যে মাঝেরটি ফলনে (output) দেখাও।
১১. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে তাদেরকে উর্ধক্রমে সাজিয়ে ফলন (output) দাও।
১২. গণিতে প্রাপ্ত নম্বর যোগান (input) নিয়ে সেটা থেকে বর্ণ মান (letter grade) ফলন দাও। ধরো ৯০ বা বেশী হলে A, ৮০ বা বেশী হলে B, ৭০ বা বেশী হলে C, ৬০ বা বেশী হলে D, ৫০ বা বেশী হলে E, আর তারও কম হলে F বর্ণ মান পাওয়া যায়।
১৩. একটি দ্বিমাত্রিক (two dimensional) বিন্দুর স্থানাঙ্ক দেওয়া আছে, বিন্দুটি চারটি চতুর্ভাগের (quadrant) ঠিক কোনটিতে পড়বে নির্ণয় করো।
১৪. একটি প্রগমণ ১, ২, ৩, ..., ৯, ১১, ২২, ৩৩, ..., ৯৯ এর ১ম পদ ১, আর ১৮ তম পদ ৯৯। কততম পদ দেখাতে হবে তা যোগান (input) নিয়ে পদটি ফলনে (output) দেখাও।
১৫. তোমাকে -১০০ ও ১০০ এর মধ্যে দুটি সংখ্যা যোগান (input) হিসাবে দেওয়া হবে, তুমি ওই দুটি সংখ্যা সহ তাদের মাঝের সকল সংখ্যার যোগফল ফলনে (output) দেখাও।

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

১৬. একটি প্রদত্ত বর্ষ অধিবর্ষ কি না তা নির্ণয়ের ক্রমলেখটি (program) তুমি যদি-নাহলে মই (if else ladder) ব্যবহার করে লিখবে। তবে ক্রমলেখটি রচনা করার সময় তোমাকে মনে রাখতে হবে যে এটি ১ থেকে ২০০০ সাল পর্যন্ত প্রতিটি সালের জন্য চালানো হবে। কাজেই তুমি মইয়ের শর্তগুলো এমন ভাবে সাজাবে যাতে ক্রমলেখ দ্রুততম হয়।
১৭. বাংলা বছরের কততম মাস তা যোগান (input) নিয়ে সেই মাসের নাম ও ওই মাসে কত দিন তা ফলনে (output) দেখাও। একাজে পল্টি ব্যাপার (switch cases) ব্যবহার করো।
১৮. কতটা বাজে সেই সময় ঘন্টায় যোগান (input) নিয়ে মাঝরাত (১-২), প্রভাত (৩-৬), সকাল (৭-১১), দুপুর (১২-১৪), বিকাল (১৫-১৭), সন্ধ্যা (১৮-১৯), রাত (২০-২৮) ফলনে দেখাও। একাজে পল্টি ব্যাপার (switch cases) ব্যবহার করো।
১৯. এমন একটি ক্রমলেখ (program) লিখো যেটি ১-৫ পর্যন্ত ক্রম অনুযায়ী পাঁচটা কোমল পানীয়ের (পানি, কোক, স্প্রাইট, ফান্টা, পেপসি) নামের তালিকা দেখাবে, তারপর ক্রমিক নম্বর যোগান (input) নিয়ে কোমল পানীয়টির নাম ফলনে (output) দেখাবে। আর ক্রমিক নম্বরটি যদি ১-৫ এর বাইরে হয়, তাহলে সে সংক্রান্ত একটি ত্রুটি বার্তা (error message) দেখাবে। তুমি এই ক্রমলেখটি একবার পল্টি ব্যাপার (switch cases) ব্যবহার করে আবার যদি নাহলে (if else) ব্যবহার করে করো।
২০. একটি সংখ্যার পুরক সংখ্যা নির্ণয় করো। সংখ্যাটি এক অঙ্কের হলে তার পুরক সংখ্যা ৯ এর সাথে বিয়োগফল, দুই অঙ্কের হলে ৯৯ এর সাথে বিয়োগফল, তিনি অঙ্কের হলে ৯৯৯ এর সাথে বিয়োগফল। তিনের চেয়ে বেশী অঙ্কের সংখ্যা যোগান (input) দেওয়া হবে না।
২১. এমন একটি ক্রমলেখ (program) লিখো যেটা ৫ জন লোক যাদের ক্রমিক ১-৫ তাদের কে কতটা করে পরোটা খেয়েছে যোগান (input) নিবে। ক্রমলেখটি তারপর একজনে সর্বোচ্চ কয়টা পরোটা খেয়েছে সেটা ফলনে (output) দেখাবে। আর কোন লোক সর্বোচ্চ সংখ্যক পরোটা খেয়েছে ক্রমলেখটি সেটাও দেখাবে, তবে সর্বোচ্চ পরোটা খাওয়া একাধিক ব্যক্তি থাকলে প্রথমজনের ক্রমিক নম্বর হলেই চলবে, পরের জনদের দরকার নাই।
২২. একজন লোক স্বাভাবিক নিয়ম অনুযায়ী সপ্তাহে ৪০ ঘন্টা কাজ করে, ৪০ ঘন্টার বেশী কাজ করলে অতিরিক্ত সময়টুকুর জন্য স্বাভাবিক নিয়মের চেয়ে ১.৫ গুণ মজুরি পায়। কোন এক সপ্তাহে লোকটি কত ঘন্টা কাজ করেছে আর স্বাভাবিক নিয়মে ঘন্টা প্রতি মজুরি কত তা যোগান (input) নিয়ে ওই সপ্তাহে তার মোট মজুরি কত তা ফলনে (output) দেখাও।
২৩. ধরো তুমি চার টুকরো কাগজ নিয়েছো। তোমার ১ম টুকরোতে লেখা আছে ১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩, ২য় টুকরোতে আছে ২, ৩, ৬, ৭, ১০, ১১, ১৪, ১৫, ৩য় টুকরোতে আছে ৪, ৫, ৬, ৭, ১২, ১৩, ১৪, ১৫, ৪র্থ টুকরোতে আছে ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫। তোমার ক্রমলেখ (program) ব্যবহারকারী মনে মনে একটি সংখ্যা ধরবে, আর সেটি ১ম, ২য়, ৩য়, ৪র্থ টুকরোর কোন কোনটিতে আছে যোগান (input) দিবে, তারপর তোমার ক্রমলেখ ব্যবহারকারী মনে মনে যে সংখ্যাটি ধরেছে সেটি ফলনে (output) দেখাবে। এটি খুব সহজ একটি ব্যাপার। যে যে টুকরোতে সংখ্যাটি আছে ওই টুকরোগুলোর প্রথম সংখ্যাগুলো যোগ করলেই ব্যবহারকারীর সংখ্যাটি পাওয়া যাবে। যেমন ব্যবহারকারীর সংখ্যাটি যদি ১, ৩, ৪ নম্বর টুকরোতে থাকে তাহলে সংখ্যাটি  $1 + 8 + 4 = 13$ ।

**পরিগণনা সমাধান:** এবার আমরা পরিগণনার সমস্যাগুলোর সমাধান দেখবো। মনে রাখবে সমাধানগুলো দেয়া হয়েছে তুমি যদি একান্তই নিজে নিজে করতে পারছোনা বলে মনে হয়, তখন কেবল একটু সাহায্য যাতে পেতে পারো তাই। কাজেই পারতপক্ষে সমাধান দেখবে না।

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

১. নীচের ক্রমলেখাংশের (program segment) ফলন (output) কী তা প্রথমে খাতা কল-  
মে নির্ণয় করো, আর তারপর গণনিতে চালিয়ে তার সাথে মিলাও।

```
int n; // আদি মান আরোপ করা হয় নি
cout << (n = 4) << endl;
cout << (n == 4) << endl;
cout << (n > 3) << endl;
cout << (n < 4) << endl;
cout << (n = 0) << endl;
cout << (n == 0) << endl;
cout << (n > 0) << endl;
cout << (n && 4) << endl;
cout << (n || 4) << endl;
cout << (!n) << endl;
```

```
4 // আরোপণ হবে 4
1 // মান আসলেই তো 4
1 // কাজেই 3 এর বেশী
0 // 4 এর সমান, কম তো নয়
0 // আরোপণ হবে 0
1 // মান 0 এর সমান, সত্য
0 // মান তো 0, বেশী তো নয়
0 // 0 হলো মিথ্যা তাই ফলাফল মিথ্যা
1 // 4 যেহেতু সত্য, তাই ফলাফল সত্য
1 // 0 নিজে মিথ্যা তাই !0 সত্য
```

২. নীচের ক্রমলেখাংশে (program segment) কিছু গঠনগত (syntactical) ভুল আছে।  
ভুলটা কোথায় বলে তুমি মনে করো? ভুলটা এমন ভাবে ঠিক করো যাতে এটির ছাড়ন  
(indentation) দেখেয়া করতে চাওয়া হয়েছিল বলে মনে হয়, ক্রমলেখাটি অর্থবোধকতায়  
(semantically) যেন একদম তাই করে।

```
if (x >= y)
 jogfol += x;
 cout << "x boro" << endl;
else
 jogfol += y;
 cout << "y boro" << endl;
```

উপরের ক্রমলেখাংশে ছাড়ন দেখে মনে হয় যদির শর্ত সত্য হলে বা মিথ্যা হলে উভয় ক্ষে-  
ত্রে ঠিক তাদের পরের দুই সারিতে থাকা বিবৃতিগুলো নির্বাহিত (executed) হবে। কিন্তু  
একাধিক বিবৃতিযদি নির্বাহ করতে হয় সেক্ষেত্রে আমাদের নীচের ক্রমলেখাংশের মতো করে  
বাঁকা বন্ধনী দিয়ে যৌগিক বিবৃতি (compound statement) বানিয়ে নিতে হবে। বাঁ-  
কা বন্ধনী না দেয়ায় উপরের ক্রমলেখাটি সংকলন (compile) করতে গেলে ত্রুটি দেখাবে।

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ক্রটি টা হল সংশ্লিষ্ট if সাপেক্ষে else টা ঠিক জায়গায় নাই। যদি else টা cout << "x boro" << endl; এর আগে থাকে তাহলে গঠনগত (syntactically) ভাবে শুল্ক হয়, কিন্তু তাতে অবশ্য আমরা যা করতে চাই তা হতো না।

```
if (x >= y)
{
 jogfol += x;
 cout << "x boro" << endl;
}
else
{
 jogfol += y;
 cout << "y boro" << endl;
}
```

৩. নীচের ক্রমলেখাংশ (program segment) চালালে কী ফলন (output) পাওয়া যাবে?

```
int n, k = 5;
n = (100 % k ? k + 1 : k - 1);
cout << "n = " << n << " k = " << k << endl;
```

উপরের ক্রমলেখাংশের ফলন নীচে দেখানো হলো। শুরুতে k এর মান আরোপণ (assign) করা হলো 5। তারপর 100 যেহেতু 5 দ্বারা বিভাজ্য তাই 100 % k হবে শুন্য যাহা বুলক (boolean) হিসাবে ধরলে মিথ্যা, ফলে তিনিক অণুক্রিয়ার (ternary operator) শেষের অংশ k - 1 অর্থাৎ 4 হবে ফলাফল যা n চলকে (variable) আরোপিত (assign) হবে। সবমিলিয়ে n হলো 4 আর k শুরুতে যা ছিলো তাই অর্থাৎ 5।

```
n = 4 k = 5
```

৪. নীচের ক্রমলেখাংশ (program segment) চালালে কী ফলন (output) পাওয়া যাবে?

```
int paowagese = 0, gunti = 5;
if (!paowagese || ++gunti == 0)
 cout << "bipod" << endl;
cout << "gunti = " << gunti << endl;
```

উপরের ক্রমলেখাংশের ফলন (output) নীচে দেখানো হলো। চলক paowagese এর মান 0 অর্থাৎ মিথ্যা, ফলে !paowagese হলো সত্য, আর তাই অথবা || এর ফলাফলও সত্য। লক্ষ্য করো এই ফলাফল নির্ধারণে আমাদের কিন্তু || এর পরের অংশ নির্বাচন (execute) করার দরকারই নাই। আংশিক মূল্যায়নের (partial evaluation) কারণে এটি ঘটবে। তাহলে || এর ফলাফল সত্য আসায় ফলনে আসবে "bipod"। আর ++gunti যেহেতু নির্বাচিতই হয় নি, তাই gunti এর মান 5 ই দেখাবো।

```
bipod
gunti = 5
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৫. নীচের ক্রমলেখাংশে, সন্তুত বলা যায় যে শর্তালি বিবৃতির (conditional statement) একদম প্রথম সারিতেই একটা ভুল আছে। ক্রমলেখাটি যে ভাবে লেখা আছে সেরকম অবস্থায়ই যদি নির্বাহ (execute) করা হয় তাহলে ফলন (output) কী হবে? আর যেটা করতে চাওয়া হয়েছিল বলে মনে হয় যদি সেটা করা হয় তাহলে ফলন কী হবে?

```
int n = 5;
if (n = 0) // অগুক্রিয়াটি খেয়াল করো
 cout << "n holo shunyo." << endl;
else
 cout << "n shunyo noy" << endl;
cout << "n er borgo " << n * n << endl;
```

উপরের ক্রমলেখাংশের ২য় সারিতে আরোপন (assignment) = অগুক্রিয়া ব্যবহার করা হয়েছে, সাধারণতো শর্ত পরীক্ষার জন্য সমান (equal) == অগুক্রিয়া ব্যবহার করা হয়। সুতরাং এটি সন্তুত একটা ভুল যেটা প্রায়শই আমাদের হয়ে থাকে। যাই হোক ক্রমলেখাটি যেমন আছে তেমনি চালালে আরোপণের ফলে n এর মান হবে শুন্য আর আরোপণ অগুক্রিয়ার ফলাফলও হবে শুন্য, যা বুলক মান (boolean value) হিসাবে মিথ্যা। সুতরাং else অংশে থাকা বিবৃতিটুকু নির্বাহিত হবে, আর আমরা ফলনে পাবো n shunyo noy। বিষয়টি কেমন যেন গোলমেলে তাই না, একদিকে n এর মান আসলেই শুন্য, কিন্তু অন্য দিকে ফলন দেখাচ্ছে n শুন্য নয়! যাইহোক n এর মান শুন্য আরোপণের ফলে if else এর পরের সারিতে থাকা cout এর কারণে ফলনে আসবে n er borgo 0। এই ফলনগুলো নীচে বামদিকে দেখানো হলো, আর ডান দিকে রয়েছে আরোপণ (assignment) = না লিখে আমরা যদি সমান (equality) == লিখি তাহলে ফলন (output) কী হবে তা। লক্ষ্য এবাবে n এর মান কিন্তু ৫ই থাকছে যা আদি আরোপণ করা হয়েছে। ফলে n == 0 মিথ্যা হওয়ায় আগের মতোই n shunyo noy দেখাবে আর পরের সারিতে ৫ এর বর্গ হবে 25, কাজেই ফলনে আসবে n er borgo 25।

|              |               |
|--------------|---------------|
| n shunyo noy | n shunyo noy  |
| n er borgo 0 | n er borgo 25 |

৬. নীচের শর্তালি বিবৃতি (conditional statement) তে অনেক অপ্রয়োজনীয় শর্ত আছে। তো সেই অপ্রয়োজনীয় শর্তগুলো বাদ দিয়ে শর্তালি বিবৃতিটি আবার লেখো।

```
float uparjon;
cout << "mashe uparjon koto: ";
cin >> uparjon;

if (uparjon < 0)
 cout << "tomar dena aro barbe." << endl;
else if (uparjon >= 0 && uparjon < 1200)
 cout << "tumi daridro shimar niche." << endl;
else if (uparjon >= 1200 && uparjon < 2500)
 cout << "tumi kinchit socchol aso." << endl;
else if (uparjon >= 2500)
 cout << "tumi jothesto socchol." << endl;
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

অদরকারী শর্তগুলো ছাড়া ক্রমলেখাংশ (program segment) কেমন হবে তা নীচে দেখানো হলো। যদি **uparjon < 0** এই শর্ত মিথ্যা হয়, তাহলে অবশ্যই **uparjon >= 0** সত্য হবে। কাজেই যদি নাহলে মইতে (if else ladder) নাহলের সাথে যে যদি থাকবে সেখানে **uparjon >= 0** আবার লেখার কোন দরকার নেই। নিয়ন্ত্রণ (control) ওইখানে যাওয়া মানে ওই শর্ত অবশ্যই সত্য আর এবং (and) **&&** অগুক্রিয়ার (operator) একটি উপাদান (operand) সত্য হলে ফলাফল কেবল দ্বিতীয় উপাদানটিকেই লিখবো। এই একই তরাং আমরা সরলীকৰণ করে কেবল **&&** এর দ্বিতীয় উপাদানটিকেই লিখবো। এই একই ভাবে **uparjon >= 1200** আর **uparjon >= 2500** লেখার কোন দরকার নাই।

```
float uparjon;
cout << "mashe uparjon koto: ";
cin >> uparjon;

if (uparjon < 0)
 cout << "tomar dena aro barbe." << endl;
else if (uparjon < 1200) // >= 0 দরকার নেই
 cout << "tumi daridro shimar niche." << endl;
else if (uparjon < 2500) // >= 1200 দরকার নেই
 cout << "tumi kinchit socchol aso." << endl;
else // >= 2500 দরকার নেই
 cout << "tumi jothesto socchol." << endl;
```

৭. যদি ভিন্ন ভিন্ন বার চালানোর সময় ০, ১৫, বা ৭ যোগান (input) দেয়া হয় তাহলে নীচের ক্রমলেখাংশের (program segment) ফলন (output) কোন বাবে কী হবে। কত যোগান দিলে ফলনে "biroklikor!" আসবে?

```
int n;
cout << "nombor koto: ";
cin >> n;

if (n < 10)
 cout << "10 er choto." << endl;
else if (n > 5)
 cout << "5 er boro." << endl;
else
 cout << "biroklikor!" << endl;
```

যোগান (input) হিসাবে ০, 15, 7 দিলে, উপরের ক্রমলেখাংশ কী ফলন (output) দেবে তা নীচে তুলে দেখানো হলো। এই ক্রমলেখাংশ **n** এর কোন মানের জন্যই **biroklikor!** ফলন দিবে না, নিয়ন্ত্রণ (control) কোন অবস্থাতেই সংশ্লিষ্ট বিবৃতিতে যাবে না। সুতরাং **else cout << "biroklikor!" << endl;** অংশটুকু পুরোপুরি অদরকারী আর সে কারণে মুছে দেয়া যায়, তাতে ক্রমলেখাংশের বৈশিষ্ট্যে কোন প্রভাব পড়বে না।

|                       |                        |                       |
|-----------------------|------------------------|-----------------------|
| <b>nombor koto: 0</b> | <b>nombor koto: 15</b> | <b>nombor koto: 7</b> |
| <b>10 er choto.</b>   | <b>5 er boro.</b>      | <b>10 er choto.</b>   |

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

৮. নীচের অন্তর্ণিত যদি নাহলে (nested if else) খেয়াল করো। ছাড়ন (indentation) যে ভাবে দেয়া হয়েছে তাতে মনে হচ্ছে না যা লিখতে চাওয়া হয়েছে তা লেখা হয়েছে।

```
if (n < 10)
 if (n > 0)
 cout << "dhonatok." << endl;
else
 cout << "-----." << endl;
```

যদি  $n$  এর মান ৭ বা ১৫ বা -৩ যোগান (input) দেয়া হয় তাহলে ফলন (output) কী হবে? বিবৃতিটির (statement) গঠন (syntax) এমন ভাবে ঠিক করো যাতে ছাড়ন (indentation) দেওয়া থেকে যেমনটি লিখতে চাওয়া হয়েছে বলে মনে হয় ফলনও ঠিক সে রকম আসে। আর সেক্ষেত্রে শুন্যস্থানে কী হবে বলে বৌকিক মনে হয় সেটা ও ঠিক করো। অন্যদিকে যা লেখা হয়েছে সেটা ঠিকই আছে ধরে নিয়ে কেবল ছাড়নটা (indentation) ঠিক করো, আর তাতে শুন্যস্থানে কী বসানো যথার্থ হবে তা ও নির্ণয় করো।

```
if (n < 10)
 if (n > 0)
 cout << "dhonatok." << endl;
else
 cout << "-----." << endl;
```

প্রদত্ত ক্রমলেখটি (program) লেখার সময় এমন ভাবে ছাড়ন (indentation) দেয়া হয়েছে যে মনে হচ্ছে **else** অংশটুকু প্রথম **if** এর শর্ত  $n < 10$  মিথ্যা হলে কার্যকর হবে। কিন্তু সিপিপি ভাষায় ছাড়ন বা ফাঁকা দেয়া না দেয়া গণনির (computer) জন্য কোন ব্যাপার নয়। আর ঝুলস্ত নাহলের (dangling else) আলোচনা থেকে আমরা জানি এই **else** টি তার নিকটতম পূর্ববর্তী এমন একটি **if** এর সাথে সংশ্লিষ্ট যে **if** এর সাথে আর কোন **else** জুড়ে দেয়া হয় নি। কাজেই, সেই হিসাবে ঠিক উপরে যেমনটি দেখানো হলো, সেভাবে এই **else** টি দ্বিতীয় **if** এর শর্ত  $n > 0$  মিথ্যা হলে কার্যকর হবে।

|           |             |        |
|-----------|-------------|--------|
| dhonatok. | কোন ফলন নাই | -----. |
|-----------|-------------|--------|

এমতাবস্থায় এই ক্রমলেখ চালালে আমরা ৭, ১৫, বা -৩ যোগান (input) দিয়ে যে ফলন (output) পাবো তা উপরের তিনটি স্তম্ভে দেখানো হয়েছে। লক্ষ্য করো ১৫ যোগান দিলে আমরা কোন ফলন আসলে পাবো না, কারণ  $n < 10$  শর্তের কোন **else** নেই। আর শুন্যস্থানটি ----- ফলনে আসে যখন সংখ্যাটি শুন্যের সমান বা কম হয় অর্থাৎ অধনাত্ত্বক হয়। আমরা তাহলে ----- এর স্থানে লিখতে পারি **odhonatok**।

```
if (n < 10)
{
 if (n > 0)
 cout << "dhonatok." << endl;
}
else
 cout << "-----." << endl;
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ছাড়ন (indentation) দেয়া দেখে যেমন মনে হয়, ক্রমলেখটি (program) সেই অনুযায়ী সংশোধন করলে ঠিক উপরের মতো করে বাঁকা বন্ধনী ব্যবহার করতে হবে। সেক্ষেত্রে শুন্যস্থান অংশটি ফলনে আসবে যখন  $n$  সংখ্যাটি ১০ এর বড় বা সমান, যেমন ধরো ১৫। এক্ষেত্রে আমরা তাই \_\_\_\_\_ এর বদলে লিখতে পারি "10 ba boro"। এবার খেয়াল করো  $n$  এর মান যখন শুন্য এর বেশী কিন্তু ১০ এর কম যেমন ৭, তখন কিন্তু আমরা ফলন পাবো **dhonatok**, আর শুন্য বা কম হলে কোন ফলনই পাবো না।

৯. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে কোনটি বড়, কোনটি ছোট ফলনে (output) দেখাও।

ফিরিস্তি ৭.৮: তিনটি সংখ্যার বড়-ছোট (Small and Big of Three Numbers)

```

int a, b, c; // চাইলে ভগ্নকও নিতে পারো
cout << "sokhya tinti koto? ";
cin >> a >> b >> c; // যোগান নাও

int boro, soto; // চলক ঘোষণা
if (a > b) // a যদি বড় হয় b এর চেয়ে
 boro = a, soto = b;
else // b যদি বড় হয় a এর চেয়ে
 boro = b, soto = a;
if (boro < c) // c যদি boro এর চেয়ে বড় হয়
 boro = c;
else if (soto > c) // c যদি soto এর চেয়ে ছোট হয়
 soto = c;

cout << "boro " << boro << " ";
cout << "soto " << soto << endl;

```

উপরের ক্রমলেখাংশ খেয়াল করো। প্রথম দুটি সংখ্যা **a** ও **b** কে তুলনা করে বড় ও ছোট নির্ধারণ করা হয়েছে। তারপর **c** কে তুলনা করা হয়েছে সেটা আরো বড় কিনা দেখতে, যদি তা না হয় তাহলে সেটা আরো ছোট কিনা সেটা পরীক্ষা করা হয়েছে। লক্ষ্য করো **c** কে তুলনা করা সময় একটা **else** লাগানো হয়েছে, কারণ **boro**র বড় হলে তো আর **soto**র ছোট কিনা পরীক্ষা করার দরকার নেই। তুমি কিন্তু চাইলে নীচের মতো করেও ক্রমলেখ লিখতে পারো। প্রথমে ধরে নাও তোমার সংখ্যা একটাই কাজেই **a**ই বড়, আবার **a**ই ছোট। এরপর তাদের সাথে **b** কে তুলনা করো। আর শেষে তাদের সাথে **c**কে তুলনা করো।

```

int boro = a, soto = a; // ধরে নেই a-ই বড় ও ছোট
if (boro < b) // b যদি তার চেয়েও বড় হয়
 boro = b;
else if (soto > b) // b যদি তার চেয়েও ছোট হয়
 soto = b;
if (boro < c) // c যদি তার চেয়েও বড় হয়
 boro = c;
else if (soto > c) // c যদি তার চেয়েও ছোট হয়
 soto = c;

```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

১০. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে তাদের মধ্যে মাঝেরটি ফলনে (output) দেখাও।

ফিরিষ্টি ৭.৯: তিনটি সংখ্যার মধ্যক (Median of Three Numbers)

```
// ধরো চলক তিনটি a, b, c ঘোষণা করে যোগান নেয়া হয়েছে

if (a > b) // ক্রম হলো a > b
if (c > a) // ক্রম হলো c > a > b
 cout << a << endl;
else if (b > c) // ক্রম হলো a > b > c
 cout << b << endl;
else
 cout << c << endl;
else // ক্রম হলো a >= c >= b
 if (c < a)
 cout << a << endl;
 else if c > b)
 cout << b << endl;
 else // ক্রম হলো a <= c <= b
 cout << c << endl;
```

উপরের ক্রমলেখতে প্রথমে a ও b তুলনা করা হয়েছে। তারপর c তাদের বড়টির চেয়ে বড় কিনা, নাহলে ছোটটির চেয়ে ছোট কিনা পরীক্ষা করা হয়েছে, আর তাও না হলে সেটি উভয়ের মাঝেমাঝি। এভাবে তিনটি সংখ্যার ক্রম জানা হয়ে গেলে মাঝেরটি ফলনে (output) দেখানো হয়েছে। এটি অন্তিম (nesting) ও মইয়ের (ladder) চমৎকার উদাহরণ।

১১. তিনটি সংখ্যা যোগান (input) নিয়ে তাদেরকে উর্ধক্রমে সাজিয়ে ফলন (output) দাও।

ফিরিষ্টি ৭.১০: তিনটি সংখ্যার উর্ধক্রম (Three Numbers in Ascending Order)

```
// ধরো চলক তিনটি a, b, c ঘোষণা করে যোগান নেয়া হয়েছে

if (a > b) // ক্রম হলো a > b
if (c > a) // ক্রম হলো c > a > b
 cout << b << " " << a << " " << c << endl;
else if (b > c) // ক্রম হলো a > b > c
 cout << c << " " << b << " " << a << endl;
else // ক্রম হলো a >= c >= b
 cout << b << " " << c << " " << a << endl;
else // ক্রম হলো a <= b
 if (c < a)
 cout << c << " " << a << " " << b << endl;
 else if c > b)
 cout << a << " " << b << " " << c << endl;
 else // ক্রম হলো a <= c <= b
 cout << a << " " << c << " " << b << endl;
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

উপরের ক্রমলেখতে প্রথমে **a** ও **b** তুলনা করা হয়েছে। তারপর **c** তাদের বড়টির চেয়ে বড় কিনা, নাহলে ছোটটির চেয়ে ছোট কিনা পরীক্ষা করা হয়েছে, আর তাও না হলে সেটি উভয়ের মাঝামাঝি। এভাবে তিনটি সংখ্যার ক্রম জানা হয়ে গেলে তাদের মানের উর্ধক্রমে (ascending order) ফলনে (output) দেখানো হয়েছে। এটি যদি নাহলের (if else) অন্তিম (nesting) ও মইয়ের (ladder) এক সাথে ব্যবহারের চমৎকার উদাহরণ।

১২. গণিতে প্রাপ্ত নম্বর যোগান (input) নিয়ে সেটা থেকে বর্ণ মান (letter grade) ফলন দাও। ৯০ বা বেশী হলে A, ৮০ বা বেশী হলে B, ৭০ বা বেশী হলে C, ৬০ বা বেশী হলে D, ৫০ বা বেশী হলে E, আর তারও কম হলে F বর্ণ মান পাওয়া যায়।

ফিরিস্তি ৭.১১: নম্বর হতে বর্ণমান (Letter Grades from Numbers)

```
cout << "gonite nombor koto? ";
int nombor; cin >> nombor;

if (nombor >= 90)
 cout << "bornoman A" << endl;
else if (nombor >= 80)
 cout << "bornoman B" << endl;
else if (nombor >= 70)
 cout << "bornoman C" << endl;
else if (nombor >= 60)
 cout << "bornoman D" << endl;
else if (nombor >= 50)
 cout << "bornoman E" << endl;
else // ৫০ এর ছোট
 cout << "bornoman F" << endl;
```

উপরের ক্রমলেখ পলিট ব্যাপার (switch cases) দিয়ে করা সম্ভব নয়, কারণ এখানে **>=** তুলনা ব্যবহার করতে হবে। পলিট ব্যাপার কেবল সমান **=** তুলনায় ব্যবহার করা যায়।

১৩. একটি দ্বিমাত্রিক (two dimensional) বিন্দুর স্থানাঙ্ক দেওয়া আছে, বিন্দুটি চারটি চতুর্ভাগের (quadrant) ঠিক কোনটিতে পড়বে নির্ণয় করো।

এই ক্রমলেখতে (program) আমরা কেবল চতুর্ভাগ (quadrant) বিবেচনা না করে বরং, বিন্দুটি কোন অক্ষের ওপরে কিনা, হলে ধনাত্মক দিকে না ঋণাত্মক দিকে, অথবা স্থানাঙ্কের মূল বিন্দুতে কিনা তাও বিবেচনা করবো। যে কোন একটি প্রদত্ত বিন্দুর **x** বা **y** দুটোই আলাদা আলাদা ভাবে ধনাত্মক বা ঋণাত্মক বা শূন্য এই তিনি রকম হতে পারে। কাজেই একসাথে বিবেচনা করলে আমরা মোট নয় রকম সমাবেশ (combination) পাবো।

ফিরিস্তি ৭.১২: বিন্দুর চতুর্ভাগ নির্ণয় (Quadrant of a Point)

```
float x, y;
cout << "bhuj x? ";
cin >> x;
cout << "koti y? ";
cin >> y;
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

```

if (x > 0)
 if (y > 0)
 cout << "prothom choturvag" << endl;
 else if (y < 0)
 cout << "choturtho choturvag" << endl;
 else // y শূন্য
 cout << "dhonatok x okkher opor" << endl;
else if (x < 0)
 if (y > 0)
 cout << "ditiyo choturvag" << endl;
 else if (y < 0)
 cout << "tritiyo choturvag" << endl;
 else
 cout << "rinatok x okkher opor" << endl;
else // x শূন্য
 if (y > 0)
 cout << "dhonatok y okkher opor" << endl;
 else if (y < 0)
 cout << "rinatok y okkher opor" << endl;
 else // y শূন্য
 cout << "sthananker mul bindu" << endl;

```

১৪. একটি প্রগমণ ১, ২, ৩, ..., ৯, ১১, ২২, ৩৩, ..., ৯৯ এর ১ম পদ ১, আর ১৮ তম পদ ৯৯।  
কততম পদ দেখাতে হবে তা যোগান (input) নিয়ে পদটি ফলনে (output) দেখাও।

```

cout << "kototom pod: " << endl;
int n; cin << n;

if (n < 0)
 cout << "pallar baire" << endl;
else if (n <= 9) // এক অক্ষের সংখ্যা
 cout << n << endl;
else if (n <= 18) // দুই অক্ষের সংখ্যা
 cout << ((n-9) * 11) << endl;
else
 cout << "pallar baire" << endl;

```

১৫. তোমাকে -১০০ ও ১০০ এর মধ্যে দুটি সংখ্যা যোগান (input) হিসাবে দেওয়া হবে, তুমি  
ওই দুটি সংখ্যা সহ তাদের মাঝের সকল সংখ্যার যোগফল ফলনে (output) দেখাও।  
নীচের সংশ্লিষ্ট ক্রমলেখাংশ (program segment) দেখানো হলো। যে সংখ্যা দুটি যো-  
গান (input) নেয়া হবে, সেগুলো অবশ্যই -১০০ ও ১০০ এর ভিতরে হতে হবে। আমরা  
তাই আগে পরীক্ষা করে দেখবো। যদি n1 বা n2 যে কোনটি -১০০ এর ছেট বা ১০০ এর

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

বড় হয়, তাহলে ত্রুটি বার্তা (error message) দেখিয়ে বিফল হয়ে নিয়ন্ত্রণ ফেরত যাবে।  
খোঘাল করো আমাদের কিন্তু শর্তগুলোকে অথবা || দিয়ে যুক্ত করতে হবে।

```

cout << "sonkhya duti koto? "; // যাচনা
int n1, n2; cin >> n1 >> n2; // যোগান

// -100 ও 100 এর মধ্যে কিনা পরীক্ষা করতে হবে
if (n1 < -100 || n1 > 100 ||
 n2 < -100 || n2 > 100)
{
 cout << "sonkhya pallar baire" << endl;
 return EXIT_FAILURE;
}

int s, n; // (প্রথম পদ + শেষ পদ) আর পদসংখ্যা
s = n1 + n2; // প্রথম পদ + শেষ পদ।

if (n1 > n2) // কোনটা ছোট কোনটা বড়
 n = n1 - n2 + 1; // পদসংখ্যা
else
 n = n2 - n1 + 1; // পদসংখ্যা

cout << "jogfol " << s*n/2; // ফলন

```

এবার আমরা জানি কোন সমান্তর প্রগমণের সংখ্যাগুলোর যোগফল হলো (প্রথম সংখ্যা + শেষ সংখ্যা) \* পদসংখ্যা / 2। সংখ্যা দুটো যোগান নেয়ার সময় ব্যবহারকারী যে কোনটিকে আগে যোগান দিতে পারে, মানে কোনটা বড় কোনটা ছোট আমরা নিশ্চিত থাকবো না। (প্রথম সংখ্যা + শেষ সংখ্যা) এই যোগফল **s** বের করতে এতে কোন সমস্যা হবে না, তবে পদসংখ্যা **n** বের করতে গেলে আমাদের জানতে হবে কোনটা বড় কোনটা ছোট। ধরো ৭ আর ১৩ নিজেদের সহ তাদের মধ্যে কয়টা সংখ্যা আছে সেটা বের করা যায়  $13 - 7 + 1$  হিসাব করে, যেখানে ১৩ হলো বড় আর ৭ হলো ছোট। তো **n1** আর **n2** এর নিজেদের সহ তাদের মাঝে মোট কয়টি সংখ্যা আছে তা বের করতে আমাদের জানতে হবে কোনটি বড়। তো আমরা একটি যদি নাহলে (if else) ব্যবহার করে দেখিবো **n1 > n2** কিনা, যদি হয় তাহলে পদসংখ্যা **n1 - n2 + 1** আর যদি না হয় তাহলে পদসংখ্যা হবে **n2 - n1 + 1**। সবশেষে যোগফল হলো **s \* n / 2** আমরা যেটা ফলনে (output) দেখাবো।

১৬. একটি প্রদত্ত বর্ষ অধিবর্ষ কি না তা নির্ণয়ের ক্রমলেখটি (program) তুমি যদি-নাহলে মই (if else ladder) ব্যবহার করে লিখবে। তবে ক্রমলেখটি রচনা করার সময় তোমাকে মনে রাখতে হবে যে এটি ১ থেকে ২০০০ সাল পর্যন্ত প্রতিটি সালের জন্য চালানো হবে। কাজেই তুমি মইয়ের শর্তগুলো এমন ভাবে সাজাবে যাতে ক্রমলেখ দ্রুততম হয়।  
যদি ১ থেকে ২০০০ সাল পর্যন্ত প্রতিটি সালের জন্য চালানো হয় তাহলে আমরা প্রথমে প্রত্যেক রকমের সালের হিসাব করি। মোটামুটি প্রতি চারটি সালের তিনটি অধিবর্ষ নয়, একটি অধিবর্ষ। কাজেই সবচেয়ে বেশী সংখ্যক  $2000 / 8 * 3 = 1500$  টি সাল আছে যে

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

গুলো ৪ দিয়ে বিভাজ্য হয় না, এগুলোর কোনটিই অধিবর্ষ নয়। বাঁকী ৫০০ টি সাল ৪ দিয়ে বিভাজ্য। এদের মধ্যে যেগুলো ১০০ দিয়ে বিভাজ্য নয় যেমন ১৯৯৬ এমন ২০টি ছাড়া বাঁকী ৪৮০ টি অধিবর্ষ। আর ওই ২০টি সালের মধ্যে যে ১৫টি ৪০০ দিয়ে বিভাজ্য নয় সেগুলো অধিবর্ষ নয়, আর বাঁকী ৪টি সাল যে গুলো ৪০০ দিয়ে বিভাজ্য সেগুলো অধিবর্ষ।

```
if (bosor % 4 != 0) // 4 দিয়ে বিভাজ্য নয়
 cout << "odhiborsho noy" << endl;
else if (bosor % 100 != 0) // 100 দিয়ে বিভাজ্য নয়
 cout << "odhiborsho hoy" << endl;
else if (bosor % 400 != 0) // 400 দিয়ে বিভাজ্য নয়
 cout << "odhiborsho noy" << endl;
else // if (bosor % 400 = 0) 400 দিয়ে বিভাজ্য
 cout << "odhiborsho hoy" << endl;
```

দ্রুততম গতির ক্রমলেখয়ের (program) জন্য যে রকমের সাল সবচেয়ে বেশী সেগুলো নির্ণয় করতে সবচেয়ে কম সংখ্যক শর্ত পরীক্ষণ ব্যবহার করতে হবে। কাজেই আমরা ১৫০০ সাল যেগুলো ৪ দিয়ে বিভাজ্য নয় সেগুলোকে প্রথম শর্ত পরীক্ষা করেই বের করতে চাই-বো। উপরের ক্রমলেখ খোল করো, আমরা তাই করেছি। এরপরে রয়েছে যে ৪৮০টি বছর যেগুলো ৪ দিয়ে বিভাজ্য কিন্তু ১০০ দিয়ে বিভাজ্য নয়। আমরা এগুলোকে দুইবার শর্ত পরীক্ষা করে বের করতে চাই। একটা শর্ত হচ্ছে ৪ দিয়ে বিভাজ্য নাহওয়া কাজেই প্রথম শর্তের **else** হিসাবে থাকবে সেটা, আরেকটি শর্ত হলো ১০০ দিয়ে বিভাজ্য না হওয়া। উপরের ক্রমলেখাংশের যদি নাহলে মইতে (if else ladder) দেখো **else if** দিয়ে এটা করা হয়েছে। এরপর থাকে ১৫ টি সাল যেগুলো ১০০ দিয়ে বিভাজ্য কিন্তু ৪০০ দিয়ে বিভাজ্য নয় এই ১৫ টি সাল, এগুলো নির্ণয় করা হয়েছে আরেকটি **else if** লাগিয়ে অর্থাৎ মোট তিনটি শর্ত পরীক্ষণ শেষে। আর সবশেষে ৪০০ দিয়ে বিভাজ্য সেই সালগুলো এসেছে সবশেষের **else** দিয়ে, এগুলোর জন্য তিনটি শর্ত পরীক্ষণই লেগেছে, কারণ শেষের শর্ত মিথ্যা হলেই তো এগুলো নির্ণীত হবে। তাহলে মোট শর্ত পরীক্ষা লাগলো কতগুলো?  $1500 * 1 + 480 * 2 + 15 * 3 + 5 * 3 = 2520$  টি। তুমি আরো নানান ভাবে চেষ্টা করে দেখতে পারো, এর চেয়ে কম শর্ত পরীক্ষা করে করতে পারো কিনা! পারবে না!

```
if (bosor % 4 != 0 ||
 (bosor % 100 == 0 && bosor % 400 != 0))
 cout << "odhiborsho noy" << endl;
else
 cout << "odhiborsho hoy" << endl;
```

একই ক্রমলেখ আমরা যদি নাহলে মই (if else ladder) ব্যবহার না করে ঠিক উপরের ক্রমলেখাংশের মতো বুলক সংযোজক (boolean connectives) ব্যবহার করে করতে পারি। বুলক সংযোজকের আংশিক মূল্যায়নের (partial evaluation) মনে আছে? অথবা || ক্ষেত্রে যে কোন একটি উপাদান (operand) সত্য হলেই অন্যটি মূল্যায়ন ছাড়াই আমরা ফলাফল সত্য বলে ধরে নিতে পারি। আর && এর ক্ষেত্রে যে কোন একটি উপাদান (operand) মিথ্যা হলেই ফলাফল মিথ্যা বলে ধরে নেয়া যায়। কোন সাল অধিবর্ষ নয় যখন সালটি ৪ দ্বারা বিভাজ্য নয় অথবা ১০০ দ্বারা বিভাজ্য হলেও ৪০০ দ্বারা বিভাজ্য নয় তখন। যদির সাথে শর্ত হিসাবে সেটিই লাগানো হয়েছে দেখো। অন্যদিকে কোন সাল অধিবর্ষ হতে গেলে || এর ফলাফল মিথ্যা হতে হবে, তারমানে বাম ও ডানের উভয় উপাদান

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

(operand) মিথ্যা হতে হবে অর্থাৎ `bosor % 4 == 0` এবং `(bosor % 100 == 0 & & bosor % 400 != 0)` মিথ্যা হতে হবে। এখানে `bosor % 4 == 0` মিথ্যা হওয়া মানে বছরটি 8 দ্বারা বিভাজ্য হওয়া আর `(bosor % 100 == 0 && bosor % 400 != 0)` মিথ্যা হতে গেলে `&&` এর দুপাশের যেকোন একটি মিথ্যা হলেই হবে। তো `(bosor % 100 == 0` মিথ্যা হওয়া মানে বছরটি 100 দ্বারা বিভাজ্য না হওয়া আর `bosor % 400 != 0` মিথ্যা হওয়া মানে 800 দিয়ে বিভাজ্য হওয়া।

১৭. বাংলা বছরের কততম মাস তা যোগান (`input`) নিয়ে সেই মাসের নাম ও ওই মাসে কত দিন তা ফলনে (`output`) দেখাও। একাজে পল্টি ব্যাপার (`switch cases`) ব্যবহার করো।

ফিরিষ্টি ৭.১৩: বাংলা মাসের নাম (Bengali Month Names)

```
int mash; cin >> mash; // চাইলে যাচনা করতে পারো

switch (mash)
{
 case 1: cout << "boishakh 31" << endl; break;
 case 2: cout << "joistho 31" << endl; break;
 case 3: cout << "ashar 31" << endl; break;
 case 4: cout << "shrabon 31" << endl; break;
 case 5: cout << "vadro 31" << endl; break;
 case 6: cout << "arshin 30" << endl; break;
 case 7: cout << "kartik 30" << endl; break;
 case 8: cout << "ogrohayon 30" << endl; break;
 case 9: cout << "poush 30" << endl; break;
 case 10: cout << "magh 30" << endl; break;
 case 11: cout << "falgun 30" << endl; break;
 case 12: cout << "choitro 30" << endl; break;
 default: cout << "ojana mash" << endl; break;
}
```

১৮. কতটা বাজে সেই সময় ঘন্টায় যোগান (`input`) নিয়ে মাঝরাত (০-২), প্রভাত (৩-৬), সকাল (৭-১১), দুপুর (১২-১৪), বিকাল (১৫-১৭), সন্ধ্যা (১৮-১৯), রাত (২০-২৪) ফলনে দেখাও। একাজে পল্টি ব্যাপার (`switch cases`) ব্যবহার করো।

```
int somoy; cin >> somoy; // যাচনা করতে পারো

switch (somoy)
{
 case 0: case 1: case 2:
 cout << "majhrat" << endl; break;
 case 3: case 4: case 5: case 6:
 cout << "provat" << endl; break;
 case 7: case 8: case 9: case 10: case 11:
 cout << "shokal" << endl; break;
```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

```

case 12: case 13: case 14:
 cout << "dupur" << endl; break;
case 15: case 16: case 17:
 cout << "bikal" << endl; break;
case 18: case 19:
 cout << "shondhya" << endl; break;
case 20: case 21: case 22: case 23
 cout << "rat" << endl; break;
default:
 cout << "ojana somoy" << endl;
}

```

১৯. এমন একটি ক্রমলেখ (program) লিখো যেটি ১-৫ পর্যন্ত ক্রম অনুযায়ী পাঁচটা কোমল পানীয়ের (পানি, কোক, স্প্রাইট, ফান্টা, পেপসি) নামের তালিকা দেখাবে, তারপর ক্রমিক নম্বর যোগান (input) নিয়ে কোমল পানীয়টির নাম ফলনে (output) দেখাবে। আর ক্রমিক নম্বরটি যদি ১-৫ এর বাইরে হয়, তাহলে সে সংক্রান্ত একটি ত্রুটি বার্তা (error message) দেখাবে। তুমি এই ক্রমলেখটি একবার পল্টি ব্যাপার (switch cases) ব্যবহার করে আবার যদি নাহলে (if else) ব্যবহার করে করো।

```

cout << "talika" << endl;
cout << "1 pani" << endl;
cout << "2 coke" << endl;
cout << "3 sprite" << endl;
cout << "4 fanta" << endl;
cout << "5 pepsi" << endl;
cout << endl;

cout << "posondo: " << endl;
int posondo;
cin >> posondo;

cout << "posondo ";
switch(posondo)
{
 case 1: cout << "pani" << endl; break;
 case 2: cout << "coke" << endl; break;
 case 3: cout << "sprite" << endl; break;
 case 4: cout << "fanta" << endl; break;
 case 5: cout << "pepsi" << endl; break;
 default: cout << "ojana" << endl; break;
}

```

উপরের ক্রমলেখাংশের (program segment) পল্টি ব্যাপার (switch case) অংশটি যদি নাহলে (if else) ব্যবহার করে লিখলে নীচের মতো হবে।

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

```

if (posondo == 1)
 cout << "pani" << endl;
else if (posondo == 2)
 cout << "coke" << endl;
else if (posondo == 3)
 cout << "sprite" << endl;
else if (posondo == 4)
 cout << "fanta" << endl;
else if (posondo == 5)
 cout << "pepsi" << endl;
else
 cout << "ojana" << endl;

```

২০. একটি সংখ্যার পুরক সংখ্যা নির্ণয় করো। সংখ্যাটি এক অক্ষের হলে তার পুরক সংখ্যা ৯ এর সাথে বিয়োগফল, দুই অক্ষের হলে ৯৯ এর সাথে বিয়োগফল, তিন অক্ষের হলে ৯৯৯ এর সাথে বিয়োগফল। তিনের চেয়ে বেশী অক্ষের সংখ্যা যোগান (input) দেওয়া হবে না।

```

int nombor, purok;
cin >> nombor;

// ক্রটি আগেই সামলানো হলো
if (nombor < 0 || nombor > 1000)
{
 cout << "onakankhito" << endl;
 return EXIT_FAILURE;
}

// এবার কেবল বৈধ ব্যাপারগুলো
if (nombor <= 9) // এক অক্ষ মানে ৯ বা কম
 purok = 9 - nombor;
else if (nombor <= 99) // এক অক্ষ মানে ৯৯ বা কম
 purok = 99 - nombor;
else if (nombor <= 999) // এক অক্ষ মানে ৯৯৯ বা কম
 purok = 999 - nombor;

```

২১. এমন একটি ক্রমলেখ (program) লিখো যেটা ৫ জন লোক যাদের ক্রমিক ১-৫ তাদের কে কতটা করে পরোটা খেয়েছে যোগান (input) নিবে। ক্রমলেখটি তারপর একজনে সর্বোচ্চ কয়টা পরোটা খেয়েছে সেটা ফলনে (output) দেখাবে। আর কোন লোক সর্বোচ্চ সংখ্যক পরোটা খেয়েছে ক্রমলেখটি সেটাও দেখাবে, তবে সর্বোচ্চ পরোটা খাওয়া একাধিক ব্যক্তি থাকলে প্রথমজনের ক্রমিক নম্বর হলেই চলবে, পরের জনদের দরকার নাই।

আমরা পাঁচজন লোকের জন্য সুবিধার্থে পাঁচটি চলক নিবো **p1, p2, p3, p4, p5**। তারপর যথাযথ ভাবে যোগান যাচনা (input prompt) করে কোন লোক কতটি পরোটা খেয়েছে সেটা যোগান (input) নিবো। তারপর আমাদের আরো দুটি চলক লাগবে: একটি

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

হলো **sorboccho** সর্বোচ্চ কতটি পরোটা খেয়েছে আর একটি হলো **kekheyese** কে খেয়েছে সর্বোচ্চটি। তারপর আমরা একজন একজন করে লোক বিবেচনা করবো। শুরুতে মাত্র একজন লোক ধরে নিলে সেই সর্বোচ্চ পরোটা খেয়েছে, কাজেই **sorboccho = p1**, **kekheyese = 1** আদিমান হিসাবে আরপণ করা হয়েছে। এর পরের প্রতিটি ব্যক্তির জন্য আমরা পরীক্ষা করে দেখবো সে এ পর্যন্ত **sorboccho** এর মান যত তার চেয়ে বেশী পরোটা খেয়েছে কিনা। যদি খেয়ে থাকে তাহলে **sorboccho** এর মান বদলে যাবে আর কে খেয়েছে সেটাও বদলে যাবে। এরকম ক্রমলেখাংশ (program segment) নীচে দেখো।

ফিরিস্তি ৭.১৪: পাঁচটি সংখ্যার বৃহত্তম (Largest of Five Numbers)

```

int p1; cout << "p1: " ; cin >> p1;
int p2; cout << "p2: " ; cin >> p2;
int p3; cout << "p3: " ; cin >> p3;
int p4; cout << "p4: " ; cin >> p4;
int p5; cout << "p5: " ; cin >> p5;

int sorboccho = p1, kekheyese = 1;
if (sorboccho < p2)
 { sorboccho = p2; kekheyese = 2; }
if (sorboccho < p3)
 { sorboccho = p3; kekheyese = 3; }
if (sorboccho < p4)
 { sorboccho = p4; kekheyese = 4; }
if (sorboccho < p5)
 { sorboccho = p5; kekheyese = 5; }

cout << "porota " << sorboccho << endl;
cout << "lokta " << kekheyese << endl;

```

খেয়াল করো আমরা > ব্যবহার করেছি >= ব্যবহার করি নাই। এর কারণ এ পর্যন্ত সর্বোচ্চ যতটি খাওয়া হয়েছে তার সমান কেউ যদি পরের কেউ খেয়েও থাকে, আমরা কিন্তু সেই লোকটিকে ফলনে (output) দেখাতে চাইনা, বরং আগের জনকেই দেখাতে চাই। তুমি যদি সর্বোচ্চ পরোটা খেয়েছে এরকম কয়েক জন থাকলে তাদের মধ্যের শেষের জনকে ফলনে (output) দেখাতে চাও, তাহলে < বদলে <= করে দিবে। আর একটি ব্যাপার হলো অনেক সময় **sorboccho** আর **kekheyese** চলক দুটির আদিমান ১মজনের পরোটা খাওয়া বিবেচনা করে না দিয়ে নীচের মতো করে বরং আমরা একটা ছোট সংখ্যা ধরে নেই, তারপর ২য়, ৩য়, ৪র্থ, ৫ম লোকের মতো ১ম জনের জন্যও একই রকম যদি নাহলে ব্যবহার করি। এতে সব লোকের জন্য চিন্তা করাটা একই রকম হয়।

```

// সর্বোচ্চ একটা ছোট মান, কে খেয়েছে সেটা জানিনা
int sorboccho = 0, kekheyese = 0;

if (sorboccho < p1) // ১ম জনের ক্ষেত্রেও একই
 { sorboccho = p1; kekheyese = 1; }
// p2, p3, p4, p5 এর যদি নাহলে ঠিকই থাকবে

```

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

২২. একজন লোক স্বাভাবিক নিয়ম অনুযায়ী সপ্তাহে ৪০ ঘন্টা কাজ করে, ৪০ ঘন্টার বেশী কাজ করলে অতিরিক্ত সময়টুকুর জন্য স্বাভাবিক নিয়মের চেয়ে ১.৫ গুণ মজুরি পায়। কোন এক সপ্তাহে লোকটি কত ঘন্টা কাজ করেছে আর স্বাভাবিক নিয়মে ঘন্টা প্রতি মজুরি কত তা যোগান (input) নিয়ে ওই সপ্তাহে তার মোট মজুরি কত তা ফলনে (output) দেখাও।

**ফিরিস্তি ৭.১৫: সপ্তাহের মজুরি হিসাব (Weekly Wage Calculation)**

```

float const shaShima = 40.0; // স্বাভাবিক সীমা
float const otiHar = 1.5; // অতিরিক্ত হার

float ghontaProti; // ঘন্টাপ্রতি কত হার
float kotoGhonta; // কত ঘন্টা কাজ
float motMojuri; // মোট মজুরি কত

cout << "ghonta proti har: ";
cin >> ghontaProti;
cout << "koto ghonta kaj: ";
cin >> kotoGhonta;

if (kotoGhonta <= shoptahShima)
 motMojuri = kotoGhonta * ghontaProti;
else // অতিরিক্ত সময় কাজ হয়েছে
{
 // স্বাভাবিক মজুরি ৪০ ঘন্টার
 float shaMojuri = shaShima * ghontaProti;

 // অতিরিক্ত ঘন্টা বের করতে হবে
 float otiGhonta = kotoGhonta - shoptahShima;

 // অতিরিক্ত সময়ের মজুরির হার
 float otiGhontaProti = ghontaProti * otiHar;

 // অতিরিক্ত সময়ে মজুরি
 float otiMojuri = otiGhonta * otiGhontaProti;

 // মোট মজুরি দুটোর যোগফল
 motMojuri = shaMojuri + otiMojuri;
}

cout << "mot mojuri " << motMojuri << endl;

```

২৩. ধরো তুমি চার টুকরো কাগজ নিয়েছো। তোমার ১ম টুকরোতে লেখা আছে ১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩, ২য় টুকরোতে আছে ২, ৩, ৬, ৭, ১০, ১১, ১১, ১৪, ১৫, ৩য় টুকরোতে আছে ৪, ৫, ৬, ৭, ১২, ১৩, ১৪, ১৫, ৪র্থ টুকরোতে আছে ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫। তোমার

## ৭.২২. অনুশীলনী সমস্যা (Exercise Problems)

ক্রমলেখ (program) ব্যবহারকারী মনে মনে একটি সংখ্যা ধরবে, আর সেটি ১ম, ২য়, ৩য়, ৪র্থ টুকরোর কোন কোনটিতে আছে যোগান (input) দিবে, তারপর তোমার ক্রমলেখ ব্যবহারকারী মনে মনে যে সংখ্যাটি ধরেছে সেটি ফলনে (output) দেখাবে। এটি খুব সহজ একটি ব্যাপার। যে যে টুকরোতে সংখ্যাটি আছে ওই টুকরোগুলোর প্রথম সংখ্যাগুলো যোগ করলেই ব্যবহারকারীর সংখ্যাটি পাওয়া যাবে। যেমন ব্যবহারকারীর সংখ্যাটি যদি ১, ৩, ৮ নম্বর টুকরোতে থাকে তাহলে সংখ্যাটি  $1 + 8 + 3 = 13$ ।

### সংখ্যা বলার খেলা (Number Finding Game)

```

cout << "ekta sonkhyao 0 theke 15" << endl;

cout << "tash 1: 1 3 5 7 9 11 13 15" << endl;
cout << "tash 2: 2 3 6 7 10 11 14 15" << endl;
cout << "tash 3: 4 5 6 7 12 13 14 15" << endl;
cout << "tash 4: 8 9 10 11 12 13 14 15" << endl;

cout << "nicher prosno gular uttor dao" << endl;
cout << "uttar ha hole 1, na hole 0" << endl;

int tash1, tash2, tash3, tash4;

cout << "tash 1 e tomor sonkhyao ase? ";
cin >> tash1;
cout << "tash 2 e tomor sonkhyao ase? ";
cin >> tash2;
cout << "tash 3 e tomor sonkhyao ase? ";
cin >> tash3;
cout << "tash 4 e tomor sonkhyao ase? ";
cin >> tash4;

int sonkhyao = 0;

if (tash1) sonkhyao += 1;
if (tash2) sonkhyao += 2;
if (tash3) sonkhyao += 3;
if (tash4) sonkhyao += 4;

cout << "tomor sonkhyao " << sonkhyao << endl;

```

উপরের ক্রমলেখাংশ (program segment) দেখো। প্রথমে কাগজের টুকরো বা তাসগুলোতে কী কী সংখ্যা লেখা আছে তা দেখানো হয়েছে। এরপর বলা হয়েছে পরের দেখানোর প্রশ্নগুলোর উত্তর হ্যাঁ হলে ১ আর না হলে ০ দিয়ে দিতে। আমরা চারটি চলক নিয়েছি। আর উত্তরগুলো ওই চলকগুলোতে আছে। প্রশ্নে যেমন বলা হয়েছে যে তাসগুলোতে ব্যবহারকারীর মনে মনে ধরে নেয়া সংখ্যাটি আছে সেই তাসগুলোর প্রথম সংখ্যাগুলো নিয়ে আমাদের যোগ করতে হবে। আমরা শুরুতে সংখ্যাটি ধরে নিয়েছি শুন্য **int sonkhyao = 0;** লিখে।

### ৭.২৩. গণনা পরিভাষা (Computing Terminologies)

এরপর দেখো প্রতিটি **if** পরীক্ষা করছে সংখ্যাটি ওই তাসে আছে কিনা, অর্থাৎ ব্যবহারকা-  
রীর দেয়া উভর সত্য কিনা, সত্য হলে ওই তাসের প্রথম সংখ্যাটি তো আমরা জানিই, সেটা  
**sonkhyā** চলকের সাথে যোগ করে দেয়া হয়েছে। পরিশেষে ফলন (**output**) ব্যবহার-  
কারীর মনে মনে ধরে নেয়া সংখ্যাটি দেখানো হয়েছে।

### ৭.২৩ গণনা পরিভাষা (Computing Terminologies)

- শর্তালি (conditional)
- যদি (if)
- নাহলে (else)
- অন্বয়ী (relational)
- বুলক (boolean)
- মই (ladder)
- অন্তস্তি (nested)
- ঝুলস্ত (dangling)
- শূন্য (empty)
- যৌগিক (compound)
- শনাক্তকরণ (detection)
- সংযোজক (connective)
- এবং, ও (and)
- অথবা, বা (or)
- নয়, না (not)
- সহযোজ্য (associative)
- সরল (simplification)
- অগ্রগণ্যতা (precedence)
- ক্রম (order)
- সমতুল (equivalence)
- বন্টন (distribution)
- বিনিময় (commutative)
- শোষণ (absorption)
- অসঙ্গতি (contradiction)
- নএও মধ্যম (excluded middle)
- সত্যক সারণী (truth table)
- অনুকূলায়ন (optimisation)
- তিনিক (ternary)
- পল্টি (switch)
- ব্যাপার (case)
- নিয়ন্ত্রণ (control)
- ক্ষান্তি (break)
- অগত্যা (default)
- ব্যাপীয় (global)
- স্থানীয় (local)
- মহল্লা (block)
- উপমহল্লা (subblock)
- অধিমহল্লা (superblock)